CENTRAL LIBRARY

সংস্কৃত ব্যাকরণ

[Being a Translation of 'An Elementary Sanskrit Grammar' by Dr. G. Thibaut, Ph.D., D.Sc., C.I.E.]

বহুবল্লভ শাস্ত্রী প্রণীত

শ্রীমুরলীধর বন্দ্যোপাধ্যায়, এম. এ.

এবং

শ্রীপ্রভাতচন্দ্র চক্রবর্ত্তী, কাব্যতীর্থ

এম. এ., পি-এইচ. ডি, পি. আর. এস.

কর্ত্তৃক পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত

CALCUTTA UNIVERSITY LIBRARY
Sec. No. 080
Book No. 359

দ্বিতীয় সংস্করণ

কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্ত্তৃক প্রকাশিত

১৯৩২

CENTRAL LIBRARY

BCU 3610

1st Edition—1929—E.
2nd Edition—1932—D.

G.S 2284

PRINTED AND PUBLISHED BY BHUPENDRALAL BANERJEE
AT THE CALCUTTA UNIVERSITY PRESS, SENATE HOUSE, CALCUTTA.

Reg. No. 625B—March, 1932—D.

CENTRAL LIBRARY
CALCUTTA UNIVERSITY LIBRARY
Sec. No...
Book No.....

বিজ্ঞাপন

ডাঃ থিব প্রণীত ইংরাজীতে লিখিত কলিকাতা ইউনিভার্সিটির সংস্কৃত ব্যাকরণ (An Elementary Sanskrit Grammar) খানি পণ্ডিত বহুবল্লভ শাস্ত্রী মহাশয় ছাত্রদিগের বোধের সুবিধার জন্য কিছু পরিবর্ত্তিত করিয়া বাংলায় অনুবাদ করিয়াছিলেন।

ঐ ব্যাকরণখানিতে ম্যাট্রিকুলেশন পরীক্ষার্থীদের জ্ঞাতব্য অনেক বিষয় না থাকাতে, বিশেষতঃ পাণিনি-ব্যাকরণের পদ্ধতি ও সূত্রাদির কিছু জ্ঞান বিশ্ববিদ্যালয়ের পরবর্ত্তী পরীক্ষার জন্য ছাত্রদিগের নিতান্ত আবশ্যক হওয়াতে, বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষগণ ঐ ব্যাকরণের একটী পরিবর্দ্ধিত সংস্করণ বাহির করা আবশ্যক মনে করিয়াছেন।

তদনুসারে এই পুস্তক লিখিত হইল। ইহাতে নিম্নলিখিত পরিবর্ত্তন করা হইয়াছে :—

(১) প্রথমে কতকগুলি পারিভাষিক শব্দের সংজ্ঞা দেওয়া হইয়াছে।

(২) প্রয়োজনীয় স্থলে নীচে পাদটীকায় পাণিনির সূত্র এবং বার্ত্তিকের সরল বাংলা অর্থ দেওয়া হইয়াছে। অনেক স্থলে সূত্রের দুরূহার্থ ত্যাগ করিয়া কেবলমাত্র তাৎপর্য্যার্থ অল্প কথায় প্রকাশ করা হইয়াছে।

(৩) একটী পরিশিষ্ট সংযুক্ত করা হইয়াছে, তাহাতে লিঙ্গানুশাসন, অব্যয়, সমাস, কৃৎ ও তদ্ধিত-সম্বন্ধে কতকগুলি অবশ্যজ্ঞাতব্য বিষয় সন্নিবেশিত করা হইয়াছে।

CENTRAL LIBRARY

মূল গ্রন্থখানির অনেকাংশই সংস্কৃত-ব্যাকরণের প্রণালী অনুসারে নিবদ্ধ না থাকায়, পাণিনি-ব্যাকরণের সূত্রাদি-সন্নিবেশ ও সামান্য পরিবর্ত্তন বা পরিবর্দ্ধন দ্বারা মূল গ্রন্থের যথোচিত বৈশিষ্ট্য রক্ষিত হইতে পারে নাই।

কলিকাতা,
২রা মার্চ্চ, ১৯২৯।

শ্রীমুরলীধর বন্দ্যোপাধ্যায়
শ্রীপ্রভাতচন্দ্র চক্রবর্ত্তী

সূচীপত্র

বিষয়	সূত্র	পৃষ্ঠা
ব্যাকরণ-শাস্ত্র		১
বর্ণ বা অক্ষর	১	২
স্বরবর্ণ	২	,,
ব্যঞ্জনবর্ণ	৩-৫	৩
ব্যঞ্জনবর্ণের সহিত মিলিত স্বরবর্ণ ...	৩	,,
বর্গ	৪	৪
সংযুক্তাক্ষর	৫	৫
গুণ-স্বর	৬	৬
বৃদ্ধি-স্বর	৬	,,
বাক্য, পদ ও তাহার অংশ ...	৭-১৫	৭
সংজ্ঞা-প্রকরণ		১১
সন্ধি		১৩
সন্ধি কাহাকে বলে ? ...	১৬	,,
বহিঃসন্ধি ও অন্তঃসন্ধি ...	১৭-২০	,,
পাণিনির বর্ণমালা ও প্রত্যাহার ...	ফুটনোট	,,
সন্ধির নিত্যত্ব ও বৈকল্পিকত্ব ...	২১	১৪
স্বর-সন্ধি	২২-৪২	,,
সাধারণ নিয়ম	২২-৩৩	,,
বিশেষ নিয়ম	৩৪-৪২	১৭

CENTRAL LIBRARY

বিষয়			সূত্র	পৃষ্ঠা
ব্যঞ্জন-সন্ধি	...	...	৪৩-৭৫	২০
বিসর্গ-সন্ধি	...	...	৭৬-৮৯	২৭
ণত্ববিধান	...	...	৯০-৯৪	৩২
ষত্ববিধান	...	...	৯৫-১০০	৩৪
সুবন্ত-প্রকরণ	...	...	...	৩৬
বিভক্তির স্বরূপ	...	...	...	৩৮
প্রাতিপদিক	...	...	১০৪	৩৯
স্বরান্ত শব্দ	...	...		৪০
পুংলিঙ্গ	...	...	১০৫-১১	,,
অকারান্ত পুংলিঙ্গ নরশব্দ		...	১০৫	,,
ইকারান্ত পুংলিঙ্গ হরিশব্দ		...	১০৬	,,
,, ,, সখিশব্দ		...	১০৭	৪১
,, ,, পতিশব্দ		...	১০৮	,,
,, ,, ভূপতিশব্দ		...	,, (ক)	,,
উকারান্ত পুংলিঙ্গ গুরুশব্দ		...	১০৯	৪২
ঋকারান্ত পুংলিঙ্গ পিতৃশব্দ		...	১১০	,,
,, ,, দাতৃশব্দ		...	,, (ক)	৪৩
ওকারান্ত পুংলিঙ্গ গোশব্দ		...	১১১	,,
স্ত্রীলিঙ্গ	...	...	১১২-২৩	৪৪
আকারান্ত স্ত্রীলিঙ্গ তারাশব্দ		...	১১২	,,
,, ,, জরাশব্দ		...	১১৩	৪৫
হ্রস্ব ইকারান্ত স্ত্রীলিঙ্গ মতিশব্দ		...	১১৪	,,

CENTRAL LIBRARY

বিষয়	সূত্র	পৃষ্ঠা
দীর্ঘ ঈকারান্ত স্ত্রীলিঙ্গ নদীশব্দ	১১৫	৪৬
,, ,, ,, অসমস্ত ধীশব্দ	১১৬	,,
,, ,, ,, স্ত্রীশব্দ	১১৭	৪৭
হ্রস্ব উকারান্ত স্ত্রীলিঙ্গ ধেনুশব্দ	১১৮	,,
দীর্ঘ উকারান্ত স্ত্রীলিঙ্গ বধূশব্দ	১১৯	৪৮
,, ,, ,, অসমস্ত ভূশব্দ	১২০	,,
ঋকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ	১২১	৪৯
ওকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ ...	১২২	৫০
ঔকারান্ত স্ত্রীলিঙ্গ নৌশব্দ ...	১২৩	,,
নপুংসকলিঙ্গ	১২৪-২৮	,,
অকারান্ত নপুংসকলিঙ্গ শব্দ ...	১২৪	,,
হ্রস্ব ইকারান্ত নপুংসকলিঙ্গ বারিশব্দ	১২৫	৫১
নপুংসকলিঙ্গ বিশেষণ শুচিশব্দ	১২৬	৫২
ইকারান্ত নপুংসকলিঙ্গ অস্থিশব্দ	১২৭	,,
উকারান্ত নপুংসকলিঙ্গ জানুশব্দ	১২৮	৫৩
নপুংসকলিঙ্গ বিশেষণ গুরুশব্দ	,, (ক)	,,
ব্যঞ্জনান্ত শব্দ		৫৪
ব্যঞ্জনান্ত শব্দের শ্রেণীবিভাগ	১২৯ (ক)	,,
(ক) পরিবৃত্ত্যসহ শব্দ (Unchangeable Bases)	১৩০-৩৮	,,
পুংলিঙ্গ এবং স্ত্রীলিঙ্গ সুগণ্‌শব্দ	১৩১	৫৬
,, ,, ,, সুহৃদ্‌শব্দ	১৩২	৫৭

CENTRAL LIBRARY

বিষয়	সূত্র	পৃষ্ঠা
বিভক্তিযোগে কতিপয় শব্দের পরিবর্ত্তন	১৩৩	৫৮
নপুংসকলিঙ্গ মনস্‌শব্দ ...	১৩৬ (ক)	৬০
স্ত্রীলিঙ্গ আশিস্‌শব্দ ...	১৩৬ (খ)	,,
অস্‌-ভাগান্ত শব্দ ...	১৩৭	৬১
ইন্‌, মিন্‌ ও বিন্‌-ভাগান্ত শব্দের বিশেষ নিয়ম ...	১৩৮	,,
(খ) পরিবৃত্তিসহ শব্দ (Changeable Bases) ...		৬২
(ক) যে সকল শব্দ দ্বিবিধ আকার পরিগ্রহ করে ...	১৩৯-৫২	,,
(১) অৎ-প্রত্যয়ান্ত শব্দ...	১৪১-৪৬	,,
(২) বৃহৎশব্দ ...	১৪৬	৬৫
(৩) মহৎশব্দ ...	,,	,,
(৪) মৎ এবং বৎ-ভাগান্ত শব্দ	১৪৭-৪৮	,,
(৫) কিয়ৎ ও ইয়ৎশব্দ ...	১৪৯	৬৬
(৬) উৎকর্ষবোধক ঈয়স্‌-ভাগান্ত শব্দ ...	১৫০	৬৭
(৭) ব্যঞ্জন-যুক্ত মন্‌ এবং বন্‌-ভাগান্ত শব্দ	১৫১-৫২	৬৮
(খ) যে সকল শব্দ ত্রিবিধ আকার গ্রহণ করে	১৫৩-৬২	৬৯

CENTRAL LIBRARY

বিষয়		সূত্র	পৃষ্ঠা
এই শ্রেণীর ত্রিবিধ আকার		১৫৩	৬৯
(১) অসংযুক্ত মন্ ও বন্-ভাগান্ত এবং অন্-ভাগান্ত শব্দ		,,	৭০
রাজন্‌শব্দ	...	১৫৪	,,
নামন্‌শব্দ	...	,,	,,
(২) কতিপয় অন্-ভাগান্ত ও হন্-ভাগান্ত শব্দ		১৫৫	৭১
(৩) পুংলিঙ্গ শ্বন্‌শব্দ	...	১৫৬	,,
(৪) পুংলিঙ্গ যুবন্‌শব্দ	...	১৫৭	৭২
(৫) পুংলিঙ্গ মঘবন্‌শব্দ	...	১৫৮	,,
(৬) নপুংসকলিঙ্গ অহন্‌শব্দ		১৫৯	৭৩
(৭) পুংলিঙ্গ পথিন্‌শব্দ	...	১৬০	৭৪
(৮) বস্-ভাগান্ত শব্দ	...	১৬১	,,
(৯) অচ্-ভাগান্ত শব্দ	...	১৬২	৭৬
সাধারণনিয়ম-বহির্ভূত শব্দ	...	১৬৩	৭৭
স্ত্রীলিঙ্গ অপশব্দ	...	,,	,,
পুংলিঙ্গ পুমস্‌শব্দ	...	,,	৭৮
বিশেষণ শব্দ ...	...	...	,,
তর ও তম-প্রত্যয়ান্ত	...	১৬৪	,,
ঈয়স্ ও ইষ্ঠ-প্রত্যয়ান্ত	...	,, (ক)-৬৬	৭৯
সংখ্যাবাচক শব্দ	...	...	৮১
কতকগুলি সংখ্যাবাচক শব্দের প্রথমা বিভক্তির রূপ	...	১৬৭	,,

CENTRAL LIBRARY

বিষয়	সূত্র	পৃষ্ঠা
একশব্দ	১৬৮	৮৫
দ্বিশব্দ	১৬৯	৮৬
ত্রিশব্দ	১৭০	৮৭
চতুর্‌শব্দ	১৭১	,,
পঞ্চন্ প্রভৃতি শব্দ ...	১৭২-৭৪	৮৮
বিংশতি প্রভৃতি শব্দের বচন-নির্ণয়	১৭৫	,,
পূরণী সংখ্যা	১৭৭	৯০
সংখ্যাবাচক তদ্ধিতান্ত অব্যয় ...	১৭৮	৯২
,, ,, শব্দ ...	১৭৯	,,
সর্ব্বনাম		৯৩
সর্ব্বনাম ও Pronounএর পার্থক্য	১৮০	,,
সর্ব্বাদি, পূর্ব্বাদি ও ত্যদাদি শব্দ...	১৮১	,,
সর্ব্বশব্দের রূপ	,,	৯৫
পূর্ব্বাদি ,, ,, ...	১৮৪-৮৬	৯৬
অস্মদ্ ,, ,, ...	১৮৭	৯৮
যুষ্মদ্ ,, ,, ...	১৮৮	৯৯
ভবৎ ,, ,, ...	১৮৯	,,
তদ্ ,, ,, ...	১৯০	১০০
এতদ্ ,, ,, ...	১৯১	১০১
ইদম্ ,, ,,	১৯২	১০২
ইদম ও এতদ্‌শব্দের স্থানে 'এন'	১৯৩	১০৩

CENTRAL LIBRARY

বিষয়		সূত্র	পৃষ্ঠা
অদস্‌শব্দের রূপ	... ...	১৯৪	১০৪
যদ্ „ „	... ...	১৯৫	১০৫
কিম্ „ „	... ...	১৯৬	„
সর্ব্বনামোৎপন্ন শব্দ	...	১৯৭-২০১	১০৬
Reflexive Pronouns	...	২০২-২০৪	১০৮
স্ত্রীপ্রত্যয়	... ...		১০৯
অজাদি শব্দ	... ...	২০৬	১০৯
জাতিবাচক অকারান্ত শব্দ	...	২০৭	১১০
পূরণবাচক-প্রত্যয়ান্ত শব্দ	...	২০৮	„
স্ত্রী অর্থ বুঝাইলে দীর্ঘ ঈ	...	২০৯	১১১
ইন্দ্র, বরুণ প্রভৃতি শব্দ	...	„ (ক)	„
ময়, চর প্রভৃতি অন্তে থাকিলে	...	২১০	১১২
অ-প্রত্যয়ান্ত শব্দ	... ...	২১১	„
বাল্যাবস্থা ও যৌবনাবস্থাবাচক শব্দ		২১২	১১৩
কারক প্রভৃতি শব্দ	...	২১৩	„
ক্ষিপক প্রভৃতি শব্দ	...	„ (ক)	১১৪
স্থতক প্রভৃতি শব্দে বিকল্পে ই	...	২১৪	„
নকারান্ত ও ঋকারান্ত শব্দ	...	২১৫	„
সংখ্যাবাচক নকারান্ত শব্দ	...	২১৬	১১৫
অৎ, মৎ, বৎ, বস্‌, ঈয়স্‌ এবং অঞ্চ্‌-ভাগান্ত শব্দ	...	২১৭	„

CENTRAL LIBRARY

বিষয়		সূত্র	পৃষ্ঠা
গৌর প্রভৃতি শব্দ ...	...	২১৮	১১৬
পতিশব্দ ...	...	২১৯	„
সখিশব্দ ...	...	„ (ক)	১১৭
হ্রস্ব ই ও দীর্ঘ ঈকারান্ত শব্দ	...	২২০	„
উকারান্ত শব্দ ...	...	২২১	„
শ্বশুরশব্দ ...	...	২২২(ক)	১১৮
সমাসে অকারান্ত শব্দ	...	২২৩	„
বহুস্বরবিশিষ্ট শব্দ বা ক্রোড় প্রভৃতি অন্তে থাকিলে বিশেষ নিয়ম	...	২২৪	„
নাসিকা, উদর প্রভৃতি সমস্ত-পদের অন্তে থাকিলে ...	...	২২৫	„
দিগ্‌বাচক শব্দ পূর্ব্বে থাকিলে	...	২২৬	১১৯
উপমানবাচক শব্দ „ „	...	২২৭	„
ধাতু	...		**১২০**
ধাতুর কাল ও প্রণালী	...	২২৮-২৯	„
সকর্ম্মক ও অকর্ম্মক ধাতু	...	২৩০	১২১
ক্রিয়ার বাচ্য ...	...	২৩১	„
পরস্মৈপদ ও আত্মনেপদ	...	২৩২	১২২
দ্বিবিধ লকার ...	...	২৩৩	১২৩
বিশেষ লকার ...	...	...	„
ধাতুর গণভেদ ...	...	২৩৪	„
ধাতুর শ্রেণীবিভাগ ...	...	২৩৫-৩৭	„

CENTRAL LIBRARY

বিষয়		সূত্র	পৃষ্ঠা
বিশেষ লকারে সাধারণ নিয়ম	...	২৩৮-৩৯	১২৪
প্রথম শ্রেণী	...		১২৫
প্রথম শ্রেণীর তিঙ্-বিভক্তির রূপ	...	২৪০-৪১	"
প্রথম গণ—ভ্বাদি ...	...	২৪২-৪৪	১২৭
চতুর্থ গণ—দিবাদি	...	২৪৫-৪৭	১৩০
ষষ্ঠ গণ—তুদাদি ...	...	২৪৮-৪৯	১৩১
দশম গণ—চুরাদি ...	...	২৫০-৫১	১৩২
দ্বিতীয় শ্রেণী ...	...		১৩৩
দ্বিতীয় শ্রেণীর তিঙ্-বিভক্তির রূপ		২৫৫-৫৬	১৩৪
দ্বিতীয় গণ—অদাদি	...	২৫৭-৭২	১৩৫
তৃতীয় গণ—জুহোত্যাদি	...	২৭৩-৮৩	১৪৩
পঞ্চম গণ—স্বাদি ...	...	২৮৪-৮৯	১৫১
সপ্তম গণ—রুধাদি	...	২৯০-৯৩	১৫৪
অষ্টম গণ—তনাদি	...	২৯৪-৯৭	১৫৬
নবম গণ—ক্র্যাদি	...	২৯৮-৩০৪	১৬০
সাধারণ লকার ...	...		১৬৩
অন্তর্গত ইট (ই) ...	...	৩০৫-৩০৬	"
লিট্ ...	...		১৬৪
(ক) অভ্যস্ত লিট্ ...	...	৩১০-৪০	"
লিটের বিভক্তির রূপ	...	৩১৫	১৬৫
বিভক্তিযোগে পরিবর্ত্তন	...	৩১৬-৪০	১৬৬
(খ) ক্রিয়ান্তর-সহায় লিট্	...	৩৪১-৪৫	১৭৬

CENTRAL LIBRARY

বিষয়		সূত্র	পৃষ্ঠা
লুঙ্	... ...		১৭৮
সাধারণ নিয়ম ও শ্রেণীবিভাগ	...	৩৪৬-৪৮	"
প্রথম শ্রেণী ...	...	৩৪৯-৫৩	"
প্রথম শাখা	...	৩৪৯-৫০	"
দ্বিতীয় শাখা	...	৩৫১-৫২	১৭৯
তৃতীয় শাখা	...	৩৫৩	১৮০
দ্বিতীয় শ্রেণী ...	...	৩৫৪-৬৬	১৮১
প্রথম শাখা	...	৩৫৪-৫৬	"
দ্বিতীয় শাখা	...	৩৫৭-৬২	১৮২
তৃতীয় শাখা	...	৩৬৩-৬৪	১৮৫
চতুর্থ শাখা ...	...	৩৬৫-৬৬	১৮৬
লৃট্	... ...	৩৬৭-৭২	১৮৭
লুট্	... ...	৩৭৩-৭৬	১৮৮
লৃঙ্	... ...	৩৭৭-৭৮	১৯০
আশীর্লিঙ্	... ...	৩৭৯-৮৫	১৯১
ভাব-কর্ম্ম-প্রক্রিয়া	...	৩৮৬-৯৫	১৯৩
প্রযোজিত ক্রিয়া—ণিজন্ত	...	৩৯৬-৪০৫	১৯৫
ইচ্ছার্থ ক্রিয়া—সনন্ত	...	৪০৬-১২	১৯৬
পৌনঃপুন্যার্থ বা ভূশার্থ ক্রিয়া—			
যঙন্ত	... ...	৪১৩-১৫	১৯৮
নামধাতু	... ...	৪১৬-১৭	১৯৯

CENTRAL LIBRARY

বিষয়		সূত্র	পৃষ্ঠা
পরস্মৈপদ ও আত্মনেপদ-বিধান		৪১৮-৩৯	১৯৯
লকারার্থ-প্রক্রিয়া	...	৪৪০-৫৭	২০৫
কৃদন্ত	... ...		**২০৯**
কৃদন্ত বিশেষণ ...	...		"
বর্ত্তমান কাল ...	...	৪৬০-৬২	"
শতৃ, শানচ্ (অৎ, আন)	...	"	"
ভবিষ্যৎ কাল ...	...	৪৬৩-৬৪	২১১
স্যতৃ ও স্যমান	...	"	"
কৃত্যপ্রত্যয়—তব্য, অনীয়, য		৪৬৫-৬৯	"
অতীত কাল ...	...	৪৭০-৭৭	"
ক্বসু, কানচ্, ক্ত, ক্তবতু	...	"	২১৩
কৃদন্ত অব্যয় ...	...		২১৬
ক্ত্বাচ ও ল্যপ্	...	৪৭৮-৮৪	"
তুমুন্ ...	...	৪৮৫	২১৮
কারক ও বিভক্তি	...		**২১৯**
কর্ত্তৃকারক ও প্রথমা বিভক্তি	...	৪৮৮	"
কর্ম্মকারক ও দ্বিতীয়া বিভক্তি	...	৪৯০-৫০০	২২০
করণকারক ও তৃতীয়া বিভক্তি	...	৫০১-৫০৭	২২৫
সম্প্রদানকারক ও চতুর্থী বিভক্তি		৫০৮-১৯	২২৮
অপাদানকারক ও পঞ্চমী বিভক্তি		৫২০-২৯	২৩১

CENTRAL LIBRARY

বিষয়		সূত্র	পৃষ্ঠা
অধিকরণকারক ও সপ্তমী বিভক্তি		৫৩০-৩৬	২৩৪
ষষ্ঠী বিভক্তি ...	...	৫৩৭-৪৯	২৩৭
সমাস ...	...		**২৪১**
সংজ্ঞা ও শ্রেণীবিভাগ	...	৫৫০	"
অব্যয়ীভাব সমাস	...	৫৫১-৫৭	"
তৎপুরুষ সমাস	...	৫৫৮-৮৩	২৪৪
উপপদ-তৎপুরুষ	...	৫৬২	২৪৭
প্রাদি-তৎপুরুষ	...	৫৬৩	"
নঞ্ তৎপুরুষ	...	৫৬৪	২৪৮
কর্ম্মধারয় ...	...	৫৬৫-৭১	"
দ্বিগু ...	...	৫৭২-৭৩	২৫০
সমাসাশ্রয়-বিধি	...	৫৭৪-৭৯	২৫১
ময়ূরব্যংসকাদি সমাস	...	৫৮০	২৫৩
মধ্যপদলোপী সমাস	...	৫৮১	"
সাধারণ নিয়ম	...	৫৮২-৫৮৩	"
বহুব্রীহি সমাস	...	৫৮৪-৯৪	২৫৪
দ্বন্দ্ব সমাস ...	...	৫৯৫-৬০৩	২৫৯
সহসুপা সমাস...	...	৬০৪	২৬৩
একশেষ ...	...	৬০৫-৬০৭	২৪৬
তদ্ধিত ...	...	৬০৮-১৬	২৬৬

CENTRAL LIBRARY

পরিশিষ্ট

বিষয়	সূত্র	পৃষ্ঠা
(ক) লিঙ্গ-প্রকরণ ...		**২৬৯**
স্ত্রীলিঙ্গ	৩-৭	২৭০
পুংলিঙ্গ	৮-১১	২৭১
ক্লীবলিঙ্গ	১২-১৪	২৭৩
উভয়-লিঙ্গ	১৫-১৬	২৭৪
(খ) অব্যয়	**১৭-২৬**	"
অব্যয়ের লক্ষণ	১৭	"
কৃৎ ও তদ্ধিত-প্রত্যয়ান্ত ...	১৮	"
ক্রিয়াবিশেষণরূপে ব্যবহৃত ...	১৯	২৭৫
বিশেষ্যরূপে " ...	২০ (ক)	"
বিশেষণরূপে " ...	" (খ)	"
উপসর্গ	২১	"
কর্ম্মপ্রবচনীয়	২৩	"
সংযোজক (Conjunction) ...	২৪	২৭৬
মনোভাবব্যঞ্জক (Interjection)	২৫	"
(গ) সমাস		"
সমাসের লক্ষণ	২৭	"
সমাসের বিভাগসম্বন্ধে মতভেদ...	২৮	২৭৭
" নিষেধ	২৯	২৭৮

CENTRAL LIBRARY

বিষয়			সূত্র	পৃষ্ঠা
(ঘ) কৃৎপ্রত্যয়				২৭৯
ণমুল্ (ম্)	...	...	৩০	”
ভাববাচ্যে				
ক্তিন্ (তি)	...	...	৩১ (ক)	”
কি (ই)	...	...	” (খ)	”
ল্যুট্ (অন)	...	...	” (গ)	২৮০
ঘঞ্ (অ)	...	...	” (ঘ)	”
অচ্ (অ)	...	...	” (ঙ)	”
অ (অ)	...	...	” (চ)	”
যুচ্ (অন	...	...	” (ছ)	”
নঙ্ (ন)	...	...	” (জ)	”
ক্যপ্ (য)	...	..	” (ঝ)	”
কর্ত্তৃবাচ্যে				
ণ্বুল্ (অক)	...	...	৩২ (ক)	২৮১
তৃচ্ (তৃ)	...	...	” (খ)	”
অণ্ (অ)	...	...	” (গ)	”
ট (অ)	...	...	” (ঘ)	”
অচ্ (অ)	...	...	” (ঙ)	”
ড (অ	...	...	” (চ)	”
ক (অ)		...	” (ছ)	”
ণিন্ (ইন্)	...	...	” (জ)	”
খচ্, খশ্ (অ)	...	...	” (ঝ)	২৮২

CENTRAL LIBRARY

বিষয়	সূত্র	পৃষ্ঠা
ক্বিপ্ (0)	৩২ (ঞ)	২৮২
ইষ্ণুচ্ (ইষ্ণু)	„ (ট)	„
গ্লস্নু (স্নু)	„	„
উকঞ্ (উক)	„	„
আলুচ্ (আলু)	„	„
ঘুরচ্ (উর)	„	„
করপ্ (বর)	„	„
কর্ম্মবাচ্যে		
খল্ (অ)	৩৩ (ক)	„
যুচ্ (অন)	„ (খ)	„
করণবাচ্যে		
ষ্ট্রন্ (ত্র)	৩৪ (ক)	„
ইত্র (ইত্র)	„ (খ	২৮৩
ল্যুট্ (অন)	„ (গ)	„
(ঙ) তদ্ধিত-প্রত্যয়	৩৫-৬৭	„
অপত্যার্থে	৩৮	„
'তাহা জানে অথবা তাহা পড়ে' অর্থে	৩৯	২৮৪
'এই বিষয় অধিকার করিয়া গ্রন্থ করা হইয়াছে' অর্থে ...	৪০	„
'সমূহ' অর্থে	৪১	২৮৫
ভাবার্থক বিশেষ্য শব্দ-গঠনে ...	৪২	„
'তাহার দ্বারা উক্ত হইয়াছে' অর্থে	৪৪	২৮৬

CENTRAL LIBRARY

বিষয়	সূত্র	পৃষ্ঠা
'তাহার সাহায্যে করা হইয়াছে' অর্থে	৪৫	২৮৬
'তাহার দ্বারা রঞ্জিত' অর্থে	৪৬	"
'সে ইহার দেবতা' অর্থে	৪৭	"
'সেখানে ইহার জন্ম বা উদ্ভব' অর্থে	৪৮	২৮৭
'সেখানে সাধু' অর্থে	৪৯	"
'ব্যাপ্তি' অর্থে	৫০	"
'যোগ্য' অর্থে	৫১	২৮৮
'তাহার ইহা' অর্থে	৫২	"
বিকারার্থে	৫৩	"
তাদর্থ্যে	৫৪	"
'উপমা' অর্থে	৫৫	২৮৯
'তাহা ইহার হইয়াছে' অর্থে	৫৬	"
প্রমাণার্থে	৫৭	"
পূরণার্থে	৫৮	"
'তাহা ইহার আছে' অর্থে	৫৯	২৯০
ঈষদূনার্থে	৬০	"
উৎকর্ষার্থে	৬১	২৯১
সংখ্যার্থে	৬৩	"
প্রকারার্থে	৬৪	"
কালার্থে	৬৫	"
স্থানার্থে	৬৬	২৯২
স্বার্থিক	৬৭	"

CENTRAL LIBRARY
CALCUTTA UNIVERSITY LIBRARY
Sec. No.....
Book No.....

সংস্কৃত ব্যাকরণ

ব্যাকরণ-শাস্ত্র

প্রকৃতি ও প্রত্যয়বিভাগপূর্ব্বক শব্দের অর্থাবধারণ করাই ব্যাকরণ-শাস্ত্রের মুখ্য উদ্দেশ্য (ব্যাক্রিয়ন্তে ব্যুৎপাদ্যন্তে শব্দা অনেনেতি ব্যাকরণম্)। প্রাচীন যুগে বেদাধ্যয়নের সৌকর্য্যার্থই প্রথমতঃ ব্যাকরণের চর্চ্চা আরম্ভ হয়।[১] এই জন্য ব্যাকরণ বেদের ষড়ঙ্গ-মধ্যে পরিগণিত হইয়াছে। অসাধু বা অপশব্দ হইতে সাধু সংস্কৃত শব্দের স্বতন্ত্র রূপ রক্ষা করিবার জন্য ভারতবর্ষীয় বৈয়াকরণগণ বিশেষ যত্নের সহিত ব্যাকরণ-শাস্ত্রের সূত্র প্রণয়ন করিয়াছিলেন। শাব্দিকশ্রেষ্ঠ পতঞ্জলি ব্যাকরণ-শাস্ত্রকে "শব্দানুশাসন" নামে অভিহিত করিয়াছেন। ভারতবর্ষে বহুবিধ ব্যাকরণ-শাস্ত্র রচিত হইয়াছে, তন্মধ্যে মহর্ষি পাণিনি-প্রণীত ব্যাকরণ গ্রন্থই (অষ্টাধ্যায়ী) সর্ব্বাপেক্ষা প্রসিদ্ধি লাভ করিয়াছে। এখনও আমাদের দেশে পাণিনি, কাতন্ত্র, মুগ্ধবোধ, সুপদ্ম, সারস্বত প্রভৃতি বহুবিধ ব্যাকরণের অধ্যয়ন প্রচলিত আছে।

ব্যাকরণ-শাস্ত্র সূত্রাত্মক। শাব্দিকগণ ব্যাকরণের সূত্র-গুলিকে অল্পাক্ষর, অসন্দিগ্ধ, বিশ্বতোমুখ ও সারবান্ করিয়া প্রণয়ন

১ রক্ষার্থং বেদানামধ্যেয়ং ব্যাকরণম্।—মহাভাষ্য।

CENTRAL LIBRARY

করিয়াছেন।[১] এই সূত্রগুলিকে সাধারণতঃ ছয় ভাগে বিভক্ত করা হইয়াছে, যথা—সংজ্ঞাসূত্র, পরিভাষাসূত্র, বিধিসূত্র, নিয়মসূত্র, প্রতিষেধসূত্র, অধিকারসূত্র।

বর্ণ বা অক্ষর

১। সংস্কৃত ভাষায় বর্ণ মোটের উপর গণনা করিলে আটচল্লিশটী মাত্র। তন্মধ্যে তেরটী স্বরবর্ণ ও পঁয়ত্রিশটী ব্যঞ্জনবর্ণ। সংস্কৃত ভাষা লিখিতে নানারূপ অক্ষরমালার প্রয়োগ হইয়া থাকে। তন্মধ্যে দেবনাগর অক্ষরমালা অধুনা প্রায় সর্ব্বত্র প্রচলিত।

স্বরবর্ণ[২]

২। অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ঌ
अ आ इ ई उ ऊ ऋ ॠ ऌ
এ ঐ ও ঔ
ए ऐ ओ औ

তেরটী স্বরবর্ণের মধ্যে, অ ই উ ঋ ঌ এই পাঁচটী হ্রস্ব স্বর; এবং আ ঈ ঊ ৠ এ ঐ ও ঔ এই আটটী দীর্ঘ স্বর।

১ স্বল্পাক্ষরমসন্দিগ্ধং সারবদ্ বিশ্বতোমুখম্।
অস্তোভমনবদ্যং চ সূত্রং সূত্রবিদো বিদুঃ॥

২ "স্বয়ং রাজতে ইতি স্বরঃ" অর্থাৎ বর্ণান্তরকে আশ্রয় না করিয়া যে সকল বর্ণ স্বয়ং উচ্চারিত হয়, তাহাদিগকে 'স্বরবর্ণ' বলে। পাণিনীয়

CENTRAL LIBRARY

ব্যঞ্জনবর্ণ

৩।	ক	খ	গ	ঘ	ঙ।	চ	ছ	জ	ঝ	ঞ।
	क	ख	ग	घ	ङ।	च	छ	ज	झ	ञ।
	ট	ঠ	ড	ঢ	ণ।	ত	থ	দ	ধ	ন।
	ट	ठ	ड	ढ	ण।	त	थ	द	ध	न।
	প	ফ	ব	ভ	ম।		য	র	ল	ব।
	प	फ	ब	भ	म।		य	र	ल	व।
	শ	ষ	স	হ।	ং (অনুস্বার)		ঃ (বিসর্গ)।			
	श	ष	स	ह।	ं		ः			

ব্যঞ্জনবর্ণের সহিত স্বরবর্ণ মিলিত হইলে স্বরবর্ণের যে প্রকার আকৃতি হয়, তাহা নিম্নে প্রদর্শিত হইল—

আ া, ই ি, ঈ ী, উ ু, ঊ ূ, ঋ ৃ, ৠ ৄ,
आ ा, इ ि, ई ी, उ ु, ऊ ू, ऋ ृ, ॠ ॄ,
৯ ৢ, এ ে, ঐ ৈ, ও ো, ঔ ৌ
ऌ ॢ, ए े, ऐ ै, ओ ो, औ ौ

ব্যাকরণে 'প্লুত' নামে স্বরবর্ণের একটী স্বতন্ত্র সংজ্ঞা করা হইয়াছে। দূরাহ্বান, গান ও রোদনে প্লুতস্বরের (Protracted vowel) ব্যবহার হয় (উকালোঽজ্ হ্রস্বদীর্ঘপ্লুতঃ —১।২।২৭)। উচ্চারণভেদে স্বরবর্ণের উদাত্ত, অনুদাত্ত ও স্বরিত সংজ্ঞা হইয়া থাকে। "উচ্চৈরুদাত্তঃ", "নীচৈরনুদাত্তঃ", "সমাহারঃ স্বরিতঃ"—উচ্চৈঃস্বরে উচ্চারিত হইলে উদাত্ত, নীচ স্বরে উচ্চারিত হইলে অনুদাত্ত, এবং উচ্চ ও নীচ স্বর সম্মিলিত হইলে স্বরিত হয়। এই তিন প্রকার স্বর সাধারণতঃ বেদেই ব্যবহৃত হইয়া থাকে।

CENTRAL LIBRARY

ক, কা, কি, কী, কু, কূ, কৃ, কৃ, ক৯,
क, का, कि, की, कु, कू, कृ, कॄ, कऌ,
কে, কৈ, কো, কৌ
के, कै, को, कौ
রু, রূ, শু, শূ, শৃ, শৃ, হু, হূ, হৃ
रु, रू, शु, शू, शृ বা শৃ, शॄ, हु, हू, हृ

৪। ব্যঞ্জনবর্ণসকল উচ্চারণ-স্থান-ভেদে নানা ভাগে বিভক্ত, তন্মধ্যে প্রথম পাঁচ ভাগকে বর্গ বলে, যথা—

ক খ গ ঘ ঙ—ক-বর্গ,
চ ছ জ ঝ ঞ—চ-বর্গ,
ট ঠ ড ঢ ণ—ট-বর্গ,
ত থ দ ধ ন—ত-বর্গ,
প ফ ব ভ ম—প-বর্গ।
য র ল ব এই চারিটীকে 'অন্তঃস্থ' বর্ণ বলে।
শ ষ স হ এই চারিটীকে 'উষ্মবর্ণ' বলে।

প্রত্যেক বর্গের পঞ্চম বর্ণের নাম অনুনাসিক বর্ণ,[১] যথা—ঙ ঞ ণ ন ম।

এই চিহ্নটীকেও অনুনাসিক বলে, এবং লিখিবার সময় ইহাকে স্বরবর্ণের মস্তকে লিখিতে হয়, যথা—আঁ।

[১] মুখনাসিকাবচনোঽনুনাসিকঃ—১।১।৮। মুখ ও নাসিকা-দ্বারা উচ্চারিত বর্ণসমূহকে অনুনাসিক বর্ণ বলা হয়।

CENTRAL LIBRARY

৫। মধ্যে স্বরবর্ণ না থাকিয়া পরে পরে ব্যঞ্জনবর্ণ থাকিলে, পরস্পর মিলিত হইয়া সংযুক্তাক্ষর হয়। নিম্নে কতকগুলি সংযুক্তাক্ষরের রূপ প্রদত্ত হইল—

ক্ক, কখ, ক্ত, ক্ত্য, ক্ত্র, ক্ত্ব, ক্ন, ক্ম, ক্য, ক্র,
ক্ল, ক্ব, ক্ষ, ক্ষ্ম, ক্ষ্য, ক্ষ্ব, খ্য, খ্র, গ্য, গ্র,
গ্ল, গ্ব, ঘ্ন, ঘ্ম, ঘ্য, ঘ্ব, ঙ্খ্য, ঙ্খ্র, গ্য, গ্র,
গ্র্য, ঘ্ন, ঘ্ম, ঘ্য, ঘ্র, ঙ্ক, ঙ্ক্ত, ঙ্ক্ষ, ঙ্ক্ষ্ব, ঙ্গ,
ঙ্গ্য, ঙ্ঘ, চ্চ, চ্ছ, চ্ছ্র, চ্ঞ, ছ্য, ছ্র, জ্জ, জ্ঝ,
জ্ঞ্য, জ্ঞ, জ্ঞ, জ্ঞ্য, জ্ঞ্র, জ্ঞ্ব, জ্য, জ্র, জ্য, জ্ঝ,
জ্ঞ, জ্ঞ্য, জ্ঝ, জ্য, জ্র, জ্ব, ঞ্চ, ঞ্ছ, ঞ্জ, ট্ট,
ট্ন, ট্ব, ট্ম, ট্য, ট্র, ট্ব, ট্ন, ট্ব, ট্ল, ট্ব,
ট্য, ট্র, ঠ্য, ঠ্র, ড্য, ড্র, ঢ্য, ঢ্র, ণ্ট, ণ্ঠ,
ণ্ড্য, ণ্ড্র, ণ্ঢ্য, ণ্ঢ্র, ণ্ড্য, ণ্ড্র, ণ্ঢ্য, ণ্ঢ্র, ণ্ট্র, ণ্ঠ্র,
ণ্ড, ণ্ণ, ণ্ম, ত্ক, ত্ত, ত্ত্য, ত্ত্র, ত্ত্ব, ত্থ, ত্ন,
ত্ন্ড, ত্ন্স, ত্ন্ম, ত্ক, ত্ত, ত্ত্য, ত্ন, ত্ত্ব, ত্য, ত্ন,
ত্প, ত্ম, ত্র, ত্র্য, ত্ব, ত্স, থ্য, দ্গ, দ্দ, দ্ধ,
ত্প, ত্ম, ত্ন, বা ত্র, ত্য, ত্ব, ত্স, থ্য, দ্ন, দ্ব, দ্ভ,
দ্ধ, দ্ন, দ্ব, দ্ভ, দ্ভ্য, দ্ম, দ্য, দ্র, দ্র্য, দ্ব,
দ্ভ, দ্ন, দ্ব, দ্ভ, দ্ভ্য, দ্ম, দ্য, দ্র, দ্র্য, দ্ব,

CENTRAL LIBRARY

ঘ্য, ঘ্র, ঘ্ম, ধ্য, ধ্র, ধ্ব্য, ধ্ব, ন্ত, ন্ত্য, ন্ত্র,

ঘ্য, ঘ্ন, ঘ্ম, ধ্য, ধ্র, ধ্ব্য, ধ্ব, ন্ত, ন্ত্য, ন্ত্র,

ন্দ, ন্দ্র, ন্ধ, ন্ধ্র, ন্ন, ন্ন্, প্ত, প্ত্য, প্ন, প্ন্,

ন্দ, ন্দ্র, ন্ধ, ন্ধ্র, ন্ন, ন্ন্, ম্ন, ম্য, প্র, প্ম,

প্য, প্র, প্ল, প্স, ব্জ, ব্দ, ব্ধ, ব্ন, ব্র, ভ্ন,

প্য, প্র, প্ল, প্স, ব্জ, ব্দ, ব্ধ, ব্ন, ব্র, ভ্ন,

ভ্য, ভ্র, ভ্ব, ম্ন, ম্প, ম্ব, ম্ভ, ম্ম, ম্য, ম্র,

ভ্য, ভ্র, ভ্ব, ম্ন, ম্প, ম্ব, ম্ভ, ম্ম, ম্য, ম্র,

ম্ল, য্য, য্ব, র্ক, র্ধ, ল্ক, ল্প, ল্ল, ল্ব, ব্ন,

ম্ল, য্য, য্ব, র্ক, র্ধ, ল্ক, ল্প, ল্ল, ল্ব, ব্ন,

ব্য, ব্র, শ্চ, শ্চ্য, শ্ছ, শ্ন, শ্য, শ্র, শ্র্য, শ্ল,

ব্য, ব্র, স্ব, স্থ্য, স্ক্ষ, স্ন, স্প্য, স্ব, স্য, স্ল,

শ্ব, শ্য, ষ্ট, ষ্ট্য, ষ্ট্র, ষ্ট্ব, ষ্ঠ, ষ্ণ, স্ক, স্ত,

ষ্ব, ষ্ব্য, ষ্ট, ষ্ঠ্য, ষ্ট্র, ষ্ট্ব, ষ্ঠ, ষ্ণ, স্ক, স্ত,

স্ত্য, স্ত্র, স্ত্র্য, স্থ, স্ন, স্ম, স্য, স্র, স্ব, হ্ন,

স্ত্য, স্ত্র, স্ত্র্য, স্থ, স্ন, স্ম, স্য, স্র, স্ব, হ্ন,

হ্ন, হ্ম, হ্য, হ্র, হ্ল, হ্ব

হ্ন, হ্ম, হ্য, হ্র, হ্ল, হ্ব

৬। সংস্কৃত ভাষায় অধিকাংশ শব্দরূপ, ধাতুরূপ অথবা নূতন শব্দ গঠন করিবার সময় কখনও ই কিংবা ঈ একাররূপে, উ কিংবা ঊ ওকাররূপে, ঋ কিংবা ৠ অর্‌রূপে, ঌ অল্‌রূপে পরিবর্ত্তিত হয়; কখনও আবার অকার আকাররূপে, ই এবং ঈ

CENTRAL LIBRARY

ঐকাররূপে, উ এবং ঊ ঔকাররূপে, ঋ এবং ৠ আর্‌রূপে, ঌ আল্‌রূপে পরিবর্ত্তিত হয়। এই সকল পরিবর্ত্তিত এ, ও, অর্‌, অল্‌কে ই, ঈ প্রভৃতির 'গুণ' বলা যায়; এবং আ, ঐ প্রভৃতিকে অ, ই প্রভৃতির 'বৃদ্ধি' বলা যায়।[১]

এইজন্য স্বরবর্ণকে নিম্নলিখিত ভাবে বিভক্ত করা যাইতে পারে—

সাধারণ স্বরবর্ণ—	অ আ,	ই ঈ,	উ ঊ,	ঋ ৠ,	ঌ
গুণ-স্বর—		এ	ও	অ(র্)	অ(ল্)
বৃদ্ধি-স্বর—	আ	ঐ	ঔ	আ(র্)	আ(ল্)

বাক্য, পদ ও তাহার অংশ

৭। কোন ভাষাতে একটী সম্পূর্ণ অর্থ প্রকাশ করিতে যতগুলি শব্দ ব্যবহার করা হয় তাহাকে 'বাক্য' বলে, যথা—(১) বালকশ্চন্দ্রং পশ্যতি, (২) নাস্তি জীবিতাৎ অন্যৎ অভিমততরং কিমপি জগতি সর্ব্বজন্তূনাম্। ইহাদের প্রত্যেকে একটী সম্পূর্ণ অর্থ প্রকাশ করিতেছে, সুতরাং ইহারা এক একটী বাক্য (Sentence)।

১ অদেঙ্ গুণঃ—১।১।২, বৃদ্ধিরাদৈচ্—১।১।১

CENTRAL LIBRARY

এই বাক্যগুলি বিশ্লেষ করিলে আমরা এই সকল অংশ পাই :—(১) বালকঃ, চন্দ্রম্, পশ্যতি। (২) ন, অস্তি, জীবিতাৎ, অন্যৎ, অভিমত-তরম্, কিম্, অপি, জগতি, সর্ব্বজন্তূনাম্। এইরূপ অংশগুলিকে এক একটী 'পদ' বলে।

প্রত্যেক বাক্যেই কোন বিষয়সম্বন্ধে কিছু বলা হয় বা নিষেধ করা হয়। প্রথম বাক্যে "বালকঃ" সম্বন্ধে "চন্দ্রং পশ্যতি" বলা হইতেছে। দ্বিতীয় বাক্যে "কিমপি" সম্বন্ধে "অস্তি অভিমততরম্" ইহা নিষেধ করা হইতেছে। প্রথম বাক্যকে বিধিবাক্য (Affirmative Sentence), এবং দ্বিতীয় বাক্যকে নিষেধবাক্য (Negative Sentence) বলে। এই দুই প্রকার বাক্যেরই প্রথম অংশকে উদ্দেশ্যাংশ (Subject) ও শেষ অংশকে বিধেয়াংশ (Predicate) বলে। উদ্দেশ্য অংশে অন্ততঃ একটী বিশেষ্য বা বিশেষ্যস্থানীয় পদ থাকা চাই, যেমন—"বালকঃ"। বিধেয়াংশে অন্ততঃ একটী বিশেষণ বা ক্রিয়াস্থানীয় পদ থাকা চাই, যেমন—"পশ্যতি"। এই দুই অংশের মধ্যে সম্বন্ধপ্রকাশই বিধিবাক্যের অর্থ। এই দুই অংশের মধ্যে সম্বন্ধের অভাবপ্রকাশই নিষেধ-বাক্যের তাৎপর্য্য।

ভাষায় বাক্যরূপে সম্বদ্ধ পদেরই প্রয়োগ হইয়া থাকে, স্বতন্ত্র পদের প্রয়োগ হয় না। পদকে বিশ্লেষ করিয়া তাহার যে সকল অংশ পাওয়া যায়, তাহারও ভাষায় প্রয়োগ হয় না। সে অংশগুলি সম্পূর্ণ ব্যাকরণকল্পিত। ব্যাকরণে এই কল্পিত অংশসমূহের সংযোগে সাধারণ সূত্রের দ্বারা ভাষায় প্রযোজ্য পদ সিদ্ধ করা হয়। এই কল্পিত অংশের সংজ্ঞাগুলি নিম্নে দেওয়া গেল। ইহাদের সংযোগে সূত্রের দ্বারা পদ সিদ্ধ করা

CENTRAL LIBRARY

ও পদ হইতে বাক্য গঠন করাই ব্যাকরণের প্রতিপাদ্য বিষয়। ইহা পরবর্ত্তী অধ্যায়সমূহে দেখান হইবে।

৮। উপরি উক্ত দুই বাক্যের অন্তর্গত পদগুলিকে আবার বিশ্লেষ করিলে আমরা এই সকল অংশ পাই:—(১) বালকঃ= বালক+(স্)ঃ, চন্দ্রম্=চন্দ্র+অম্, পশ্যতি=পশ্য (দৃশ্)+তি এবং (২) অস্তি=অস্+তি, জীবিতাৎ=জীবিত+আৎ, অন্যৎ= অন্য+(স্)ৎ ইত্যাদি। পদের এই অংশগুলিকে দুই ভাগে ভাগ করা যায়—প্রথম ভাগকে 'মূল' বা 'প্রকৃতি' ও শেষ ভাগকে 'বিভক্তি' (Inflection) বলে।

৯। এই মূল অংশগুলির কতকগুলি ক্রিয়াবাচক। এইরূপ ক্রিয়াবাচক অংশকে 'ধাতু'[১] (Root) বলে, যথা—পশ্য (দৃশ্), অস্। ধাতুর পরস্থিত বিভক্তিকে 'তিঙ্' (Tense suffix) বলে।

১০। প্রকৃতির মধ্যে যেগুলি বিশেষ্য বা বিশেষণ সেইগুলিকে 'শব্দ', 'নাম' বা 'প্রাতিপদিক'[২] (Stem, Base) বলে, যথা— জীবিত, জগৎ, বালক। প্রাতিপদিকের পরস্থিত বিভক্তিকে 'সুপ্' (Case affix) বলে। সুতরাং প্রকৃতি দুই প্রকার—(১) ধাতু ও (২) প্রাতিপদিক। ইহাদের সহিত যথাক্রমে তিঙ্ ও সুপ্ এই দুই প্রকার বিভক্তি যোগ করিয়া তিঙন্ত ও সুবন্ত এই দুই প্রকার পদ হয়।[৩]

এই সকল প্রাতিপদিকের অধিকাংশকেই আবার বিশ্লেষ করা

১ ভূবাদয়ো ধাতবঃ—১।৩।১

২ অর্থবদধাতুরপ্রত্যয়ঃ প্রাতিপদিকম্—১।২।৪৫

৩ সুপ্তিঙন্তং পদম্—১।৪।১৪

CENTRAL LIBRARY

যায়। জীবিত=জীব্+ক্ত ; অভিমততরম্=অভিমত+তর ; সর্ব্বজন্তূনাম্=সর্ব্ব+জন্তূনাম্।

১১। উপরি উক্ত প্রকৃতির পরবর্ত্তী অংশ গুলির মধ্যে কতকগুলি ধাতুর উত্তর হইয়াছে, যথা—ক্ত। এই জাতীয় প্রত্যয়কে 'কৃৎ-প্রত্যয়' বলে (Primary Suffix)।

১২। উহাদের মধ্যে কতকগুলি প্রাতিপদিক বা শব্দের উত্তর হইয়াছে, যথা—তর। এই জাতীয় প্রত্যয়কে 'তদ্ধিত-প্রত্যয়' (Secondary suffix) বলে। বিভক্তি, কৃৎ ও তদ্ধিত এই তিনকেই 'প্রত্যয়' (Suffix) বলে।

১৩। উপরি উক্ত উদাহরণে আমরা দেখি যে সর্ব্বজন্তু এই প্রাতিপদিকটী দুইটী বিভিন্ন শব্দের যোগে উৎপন্ন, যথা—সর্ব্ব+জন্তু। এইরূপে দুই বা বহু প্রাতিপদিক মিলিত হইয়া একপদ হইলে তাহাকে 'সমাস' বলে এবং ঐরূপে গঠিত পদকে 'সমস্তপদ' (Compound word) বলে।

১৪। দ্বিতীয় বাক্যে ন, অপি প্রভৃতি পদে বিভক্তির কোন চিহ্ন নাই। বাক্যের প্রত্যেক অংশকেই বিভক্তিযুক্ত পদ ধরা হয়। সেই জন্য এই স্থলে বিভক্তির লোপ হইয়াছে মনে করিতে হইবে। যে শব্দের উত্তর কোন বিভক্তির চিহ্ন থাকে না অথবা বিভক্তির যোগে কোন পরিবর্ত্তন হয় না, তাহাকে 'অব্যয়' (Indeclinable) বলে। অদ্রব্যবাচক চ প্রভৃতি অব্যয়কে 'নিপাত' বলে।

১৫। ক্রিয়ার পূর্ব্বে অর্থবিশেষে প্রাদি নিপাত যোগ করা হয়। উপরি উক্ত উদাহরণে (অভিমত=অভি+মন্+ক্ত) অভি মন্ ধাতুর পূর্ব্বে আছে। এইরূপ ক্রিয়ার সহিত যুক্ত প্রাদি নিপাতকে

CENTRAL LIBRARY

'উপসর্গ' বলে। প্রাদি যথা :—প্র, পরা, অপ, সম্, অনু, অব, নিস্, নির্, দুস্, দুর্, বি, আঙ, নি, অধি, অপি, অতি, সু, উৎ, অভি, প্রতি, পরি, উপ।

সংজ্ঞা-প্রকরণ

প্রকৃতি (Uninflected word)

যাহার পর প্রত্যয় উৎপন্ন হয় তাহাকে প্রকৃতি বলে। প্রকৃতি দুই প্রকার—প্রাতিপদিক (নাম) ও ধাতু।

প্রাতিপদিক (Base)

ধাতুভিন্ন, প্রত্যয়ভিন্ন, ও প্রত্যয়ান্তভিন্ন অর্থযুক্ত শব্দস্বরূপকে প্রাতিপদিক বলে।[১] প্রাতিপদিকার্থমাত্রে প্রথমা বিভক্তি হয়।

ধাতু (Root)

যে শব্দ ক্রিয়া বা ব্যাপার বুঝায় তাহাকে ধাতু[২] বলে ("ক্রিয়াবচনো ধাতুঃ," "ভাববচনো ধাতুঃ")।

প্রত্যয় (Suffix)

প্রকৃতির (ধাতু ও প্রাতিপদিক) পরে যাহা হয় তাহাকে প্রত্যয়[৩] বলে। কেবল প্রকৃতি বা কেবল প্রত্যয় কখনও শাস্ত্রে

১ অর্থবদধাতুরপ্রত্যয়ঃ প্রাতিপদিকম্—১।২।৪৫

২ ভূবাদয়ো ধাতবঃ—১।৩।১

৩ প্রত্যয়ঃ—৩।১।১, পরঃ—৩।১।২

CENTRAL LIBRARY

প্রয়োগার্হ হয় না। প্রত্যয়যুক্ত হইয়াই প্রকৃতি প্রযুক্ত হইয়া থাকে।[১] প্রত্যয় চতুর্বিধ—বিভক্তি (সুপ্ ও তিঙ্), ধাত্বংশ, তদ্ধিত ও কৃৎ।

পদ (Inflected word)

বিভক্ত্যন্ত প্রকৃতিকে পদ বলে, অর্থাৎ ধাতুর পরে তিপ্, তস্, অন্তি এবং প্রাতিপদিকের পরে সু, ঔ, জস্ প্রভৃতি বিভক্তি যুক্ত হইলে তাহাদের পদসংজ্ঞা[২] হয়।

নিপাত (Indeclinable)

অদ্রব্যবাচী চ, বা প্রভৃতিকে নিপাত[৩] বলে। স্বর্, অন্তর্ প্রভৃতি নিপাতগুলিকে 'অব্যয়' বলা হয়। অব্যয়ের পরে বিভক্তির লোপ হইয়া থাকে।[৪]

উপসর্গ (Prefix to root)

ক্রিয়ার সহিত যুক্ত হইলে প্রাদি নিপাতের উপসর্গ সংজ্ঞা[৫] হয়। বৈয়াকরণগণের মতে উপসর্গসমূহ স্বতন্ত্রভাবে অর্থবাচক হয় না, পরন্তু তাহারা ধাত্বর্থ বা ক্রিয়ার বিশিষ্টার্থদ্যোতক মাত্র।

[১] "প্রত্যয়পরৈব প্রকৃতিঃ প্রয়োক্তব্যা, প্রকৃতেঃ পরএব প্রত্যয়ঃ প্রয়োক্তব্যঃ।"

[২] সুপ্তিঙন্তং পদম্—১।৪।১৪

[৩] চাদয়োঽসত্ত্বে—১।৪।৫৭, প্রাদয়ঃ—১।৪।৫৮। অদ্রব্য-বাচক প্রাদিও নিপাত।

[৪] "সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্ব্বাসু চ বিভক্তিষু।
বচনেষু চ সর্ব্বেষু যন্ন ব্যেতি তদব্যয়ম্ ॥"

[৫] উপসর্গাঃ ক্রিয়াযোগে—১।৪।৫৯

CENTRAL LIBRARY

সন্ধি (Euphonic Combination)

১৬। দুই বর্ণের অত্যন্ত অর্থাৎ অব্যবহিত সন্নিকর্ষ হইলে তাহাদের মিলন হইয়া থাকে। ইহাকে 'সন্ধি' [১] বলে।

১৭। এইরূপ বর্ণদ্বয় যদি পূর্ব্বপদের অন্তে ও পরপদের আদিস্থিত হয় তাহাকে 'বহিঃসন্ধি' বলে। বালকঃ+চন্দ্রঃ= বালকশ্চন্দ্রঃ—ইহা বহিঃসন্ধি (External)।

১৮। এই বর্ণদ্বয় যদি দুইটী ভিন্ন পদের অন্তর্গত না হইয়া পদাংশের অন্তর্গত হয় তাহাকে 'অন্তঃসন্ধি' (Internal) বলে।

১৯। অন্তঃসন্ধি তিন প্রকারের হয়। প্রথমতঃ প্রকৃতি ও বিভক্তির মধ্যে, যথা—রুধ্+তি=রুনদ্ধি। দ্বিতীয়তঃ প্রকৃতি ও কৃৎ বা তদ্ধিত প্রত্যয়ের মধ্যে, যথা—রন্জ্+ক্ত=রক্ত, তারকা+ ইতচ্=তারকিত। তৃতীয়তঃ সমাসের অন্তর্গত বিভিন্ন প্রাতি-পদিকের মধ্যে, যথা—মনঃ+হর=মনোহর।

পাণিনির অষ্টাধ্যায়ীতে নিম্নলিখিতভাবে বর্ণমালার বিন্যাস করা হইয়াছে :—

অ ই উ ণ্। ১। ঋ ৯ ক্। ২। এ ও ঙ্। ৩। ঐ ঔ চ্। ৪। হ য ব র ট্। ৫। ল ণ্। ৬। ঞ ম ঙ ণ ন ম্। ৭। ঝ ভ ঞ্। ৮। ঘ ঢ ধ ষ্। ৯। জ ব গ ড দ শ্। ১০। খ ফ ছ ঠ থ চ ট ত ব্। ১১। ক প য্। ১২। শ ষ স র্। ১৩। হল্। ১৪।—ইহাদের অন্ত্যবর্ণগুলি ইৎ যায় অর্থাৎ লোপ পায়।

ইহাদিগকে "মাহেশ্বর সূত্র" বলে। প্রত্যাহার-নিয়মানুসারে ইহাদের আদি ও অন্ত্যবর্ণ নিয়া অণ্, অচ্ প্রভৃতি সংজ্ঞা করা হইয়া থাকে। পাণিনির সূত্র-গুলি বুঝিতে হইলে এই সংজ্ঞাসমূহ জানা আবশ্যক।

১ পরঃ সন্নিকর্ষঃ সংহিতা—১।৪।১০৯

CENTRAL LIBRARY

২০। বহিঃসন্ধি ও অন্তঃসন্ধি দুইই এক নিয়মে হইয়া থাকে। কেবল অন্তঃসন্ধিতে শব্দ ও বিভক্তি বা ধাতু ও বিভক্তির যোগস্থলে কোন কোন বিশেষ নিয়ম আছে।

২১। সন্ধি কয়েক স্থলে নিত্য, অন্যত্র বৈকল্পিক। এই কারিকাটী মনে রাখা যাইতে পারে :—

সংহিতৈকপদে নিত্যা, নিত্যা ধাতূপসর্গয়োঃ।
নিত্যা সমাসে, বাক্যে তু সা বিবক্ষামপেক্ষতে॥

স্বর-সন্ধি

সাধারণ নিয়ম

২২। যদি অকার কিংবা আকারের পর অকার কিংবা আকার থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া আকার হয়।[১]

দণ্ড + অগ্রম্ = দণ্ডাগ্রম্
তথা + অহম্ = তথাহম্
তত্র + আসীৎ = তত্রাসীৎ
সা + আগতা = সাগতা

২৩। যদি হ্রস্ব ইকার কিংবা দীর্ঘ ঈকারের পর ই কিংবা ঈ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া দীর্ঘ ঈ হয়।

অস্তি + ইতি = অস্তীতি
অধি + ঈশ্বরঃ = অধীশ্বরঃ
মহী + ইন্দ্রঃ = মহীন্দ্রঃ

[১] অকঃ সবর্ণে দীর্ঘঃ—৬।১।১০১। অ ই উ ঋ ঌ কারের পরে সবর্ণ স্বর থাকিলে উভয়ে মিলিয়া দীর্ঘ হয়।

CENTRAL LIBRARY

২৪। যদি হ্রস্ব উকার কিংবা দীর্ঘ ঊকারের পর উ কিংবা ঊ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া দীর্ঘ ঊ হয়।

সাধু + উক্তম্ = সাধূক্তম্
ভূ + ঊর্ধ্বম্ = ভূর্ধ্বম্

২৫। যদি হ্রস্ব ঋকারের পর ঋ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া দীর্ঘ ৠ হয়।

পিতৃ + ঋদ্ধিঃ = পিতৄদ্ধিঃ

২৬। অকার কিংবা আকারের পর ই কিংবা ঈ থাকিলে, উভয়ে মিলিয়া একার হয়; উ কিংবা ঊ থাকিলে, উভয়ে মিলিয়া ওকার হয়; ঋ থাকিলে উভয়ে মিলিয়া অর্ হয়।

তব + ইন্দ্রঃ = তবেন্দ্রঃ
পরম + ঈশ্বরঃ = পরমেশ্বরঃ
হিত + উপদেশঃ = হিতোপদেশঃ
গঙ্গা + উদকম্ = গঙ্গোদকম্
তব + ঋদ্ধিঃ = তবর্দ্ধিঃ
মহা + ঋষিঃ = মহর্ষিঃ

২৭। অকার কিংবা আকারের পর এ কিংবা ঐ থাকিলে, উভয়ে মিলিয়া ঐকার হয়; ও কিংবা ঔ থাকিলে, উভয়ে মিলিয়া ঔকার হয়।

মম + এতৎ = মমৈতৎ
দৃষ্ট্বা + এব = দৃষ্ট্বৈব

CENTRAL LIBRARY

তব + ওষ্ঠঃ = তবৌষ্ঠঃ

তব + ঔষধম্ = তবৌষধম্

২৮। ই ঈ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, হ্রস্ব ই কিংবা দীর্ঘ ঈ স্থানে য্ হয়।[১]

দধি + অত্র = দধ্যত্র

নদী + আসীৎ = নদ্যাসীৎ

ইতি + উবাচ = ইত্যুবাচ

আগচ্ছতি + ঋষিঃ = আগচ্ছত্যৃষিঃ

নিন্দতি + এনম্ = নিন্দত্যেনম্

দ্রষ্টব্য—ব্যঞ্জনবর্ণের পর স্বরবর্ণ অথবা ব্যঞ্জনবর্ণ থাকিলে, সেই ব্যঞ্জনবর্ণ পরস্থিত স্বরবর্ণের এবং ব্যঞ্জনবর্ণের সহিত মিলিত হয়।

২৯। উ ঊ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, হ্রস্ব উ এবং দীর্ঘ ঊ স্থানে ব্ হয়।

খলু + অহম্ = খল্বহম্

সাধু + ইদম্ = সাধ্বিদম্

সুভ্রূ + ওষ্ঠম্ = সুভ্রোষ্ঠম্

৩০। ঋ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, হ্রস্ব ঋ স্থানে র্ হয়।

পিতৃ + অনুমতিঃ = পিত্রনুমতিঃ

মাতৃ + আনন্দঃ = মাত্রানন্দঃ

পিতৃ + উপদেশঃ = পিত্রুপদেশঃ

১ ইকো যণচি—৬।১।৭৭। ই উ ঋ ঌ স্থানে স্বরবর্ণ পরে থাকিলে যথাক্রমে য্ ব্ র্ ল্ হয়।

CENTRAL LIBRARY

৩১। স্বরবর্ণ পরে থাকিলে, একার স্থানে অয্ হয়; ঐকার স্থানে আয্ হয়; ওকার স্থানে অব্ হয়; ঔকার স্থানে আব্ হয়।[১]

শে + অনম্ = শয়নম্

নৈ + অকঃ = নায়কঃ

বিষ্ণো + এহি = বিষ্ণবেহি

পৌ + অকঃ = পাবকঃ

৩২। পদের অন্তস্থিত একার কিংবা ওকারের পর যে অকার থাকে, তাহার লোপ হয়।

তে + অপি = তেঽপি

বিষ্ণো + অব = বিষ্ণোঽব

৩৩। স্বরবর্ণ পরে থাকিলে, পদের অন্তস্থিত এ ঐ ও ঔ স্থানে যথাক্রমে যে অয্ আয্ অব্ আব্ হয় তাহাদের য্ ও ব্ এর বিকল্পে লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না।

হরে + এহি = হরয়েহি, হরএহি

প্রভো + এহি = প্রভবেহি, প্রভএহি

শ্রিয়ৈ + এতি = শ্রিয়ায়েতি, শ্রিয়াএতি

রবৌ + অস্তমিতে = রবাবস্তমিতে, রবাঅস্তমিতে

বিশেষ নিয়ম

৩৪। উপসর্গের অকার কিংবা আকারের পর যদি ধাতুর ঋ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া আর্ হয়।[২]

১ এচোঽয়বায়াবঃ—৬।১।৭৮। এ ও ঐ ঔ স্থানে স্বরবর্ণ পরে থাকিলে যথাক্রমে অয্ অব্ আয্ আব্ হয়।

২ উপসর্গাদৃতি ধাতৌ—৬।১।৯১। অবর্ণান্ত উপসর্গের পর ঋকারাদি ধাতুর ঋ থাকিলে বৃদ্ধি হয়।

CENTRAL LIBRARY

প্র + ঋচ্ছতি = প্রার্চ্ছতি

অকারান্ত এবং আকারান্ত উপসর্গ, যথা—

অপ, অব, উপ, প্র, পরা, আ।

৩৫। উপসর্গের অকার কিংবা আকারের পর যদি ধাতুর এ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া এ হয়; যদি ধাতুর ও থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া ও হয়।

উপ + এজতে = উপেজতে

উপ + ওষতি = উপোষতি

(ক) কিন্তু উপসর্গের অকার কিংবা আকারের পর যদি ইণ্-ধাতুর কিংবা এধ্‌ধাতুর একার থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া ঐকার হয়।

উপ + এতি = উপৈতি

উপ + এধতে = উপৈধতে

(খ) কিন্তু অকার কিংবা আকারের পর যদি 'এহি' এই পদের একার থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া এ হয়।

অব + এহি = অবেহি

উপ + এহি = উপেহি

৩৬। সমাসে অকার কিংবা আকারের পর যদি ওষ্ঠশব্দের ওকার থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া ও বা ঔ হয়।[১]

অধর + ওষ্ঠঃ = অধরোষ্ঠঃ, অধরৌষ্ঠঃ

[১] ওত্বোষ্ঠয়োঃ সমাসে বা।—বার্ত্তিক

CENTRAL LIBRARY

৩৭। তৃতীয়াসমাসে অকার কিংবা আকারের পর যদি ঋত-শব্দের ঋকার থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া আর্ হয়।[১]

দুঃখ + ঋতঃ = দুঃখার্ত্তঃ

ক্ষুধা + ঋতঃ = ক্ষুধার্ত্তঃ

৩৮। স্বর-সন্ধির সাধারণ নিয়ম দ্বারা সিদ্ধ হয় না, অথচ বহুল প্রয়োগ দেখিতে পাওয়া যায়, এরূপ কতকগুলি সমাসযুক্ত শব্দের উদাহরণ এখানে প্রদত্ত হইল :—[২]

গো + অক্ষঃ = গবাক্ষঃ

অক্ষ + উহিনী = অক্ষৌহিণী

স্ব + ঈরঃ = স্বৈরঃ

মৃত + অণ্ডঃ = মৃতণ্ডঃ

কুল + অটা = কুলটা

মনস্ + ঈষা = মনীষা

৩৯। স্বর-সন্ধির সাধারণ নিয়মের অন্যথা-স্থল কতকগুলি অত্যন্ত প্রয়োজনীয় উদাহরণ, নিয়মের সহিত নিম্নে প্রদত্ত হইল:—

৪০। স্বরবর্ণ পরে থাকিলে, দ্বিবচন-নিষ্পন্ন দীর্ঘ ঈকারান্ত দীর্ঘ ঊকারান্ত এবং একারান্ত পদের কোন প্রকার পরিবর্ত্তন হয় না।[৩]

কবী + ইমৌ = কবীইমৌ

সাধূ + ইমৌ = সাধূইমৌ

১ ঋতে চ তৃতীয়াসমাসে।—বার্ত্তিক। তৃতীয়াতৎপুরুষ সমাসে অবর্ণের পর ঋতশব্দের ঋ থাকিলে বৃদ্ধি হয়।

২ স্বাদীরেরিণোঃ, অক্ষাদূহিন্যামুপসংখ্যানম্।—বার্ত্তিক।

৩ ঈদূদেদ্দ্বিবচনং প্রগৃহ্যম্—১।১।১১। দ্বিবচন-নিষ্পন্ন ঈকারান্ত ঊকারান্ত এবং একারান্ত পদ প্রগৃহ্যসংজ্ঞক অর্থাৎ সন্ধিতে পরিবর্ত্তিত হয় না।

CENTRAL LIBRARY

অমূ + অর্ভকৌ = অমূঅর্ভকৌ

লতে + এতে = লতেএতে

যাচেতে + অর্থম্ = যাচেতেঅর্থম্

৪১। স্বরবর্ণ পরে থাকিলে, অদস্‌শব্দের বহুবচন-নিষ্পন্ন 'অমী' এই পদের কোনপ্রকার পরিবর্ত্তন হয় না।

অমী + অশ্বাঃ = অমীঅশ্বাঃ

৪২। স্বরবর্ণ পরে থাকিলে, হে, অহো এবং একস্বরমাত্র অব্যয়শব্দের কোন পরিবর্ত্তন হয় না।

ই + ইন্দ্রঃ = ইইন্দ্রঃ

আ + এবম্ = আএবম্

হে + ইন্দ্র = হেইন্দ্র

অহো + অপূর্বম্ = অহোঅপূর্বম্

(ক) কিন্তু সীমা, ব্যাপ্তি এবং ঈষদর্থ বুঝাইলে, অথবা ক্রিয়ার সহিত যোগ হইলে 'আ' এই অব্যয়ের সহিত সন্ধি হয়।

ব্যঞ্জন-সন্ধি

৪৩। সংস্কৃত ভাষায় ব্যঞ্জনান্ত পদের অন্তে সাধারণতঃ ক্ গ্ চ্ ট্ ড্ ত্ দ্ প্ ব্ ঙ্ ণ্ ন্ ম্ ল্ স্ ঃ (বিসর্গ) এই সকল বর্ণ থাকে। সংস্কৃত ভাষায় ব্যঞ্জনান্ত পদের অন্তে প্রায়ই একটীর অধিক ব্যঞ্জনবর্ণ থাকে না।

৪৪। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বর্ণ অথবা য্, র্, ল্, ব্, হ্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ক্, চ্, ট্, ত্ এবং প স্থানে যথাক্রমে গ্, জ্, ড্, দ্ এবং ব্ হয়।

BCU 3610

CENTRAL LIBRARY

সম্যক্ + উক্তম্ = সম্যগুক্তম্

দিক্ + ভিঃ = দিগ্‌ভিঃ

সম্রাট্ + অয়ম্ = সম্রাডয়ম্

জগৎ + ঈশঃ = জগদীশঃ

চিৎ + রূপম্ = চিদ্রূপম্

৪৫। যদি প্রত্যয়ের বৎ কিংবা মৎ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত তকারের কোন পরিবর্ত্তন হয় না।

বিদ্যুৎ + বৎ = বিদ্যুত্বৎ

গরুৎ + মৎ = গরুত্মৎ

৪৬। যদি ন্ কিংবা ম্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ক্, ট্, ত্ এবং প্ স্থানে যথাক্রমে ঙ্, ণ্, ন্, ম্ অথবা (৪৪।) পূর্ব্ব নিয়মানুসারে গ্, ড্, দ্ এবং ব্ হয়।

দিক্ + নাগঃ = দিঙ্‌নাগঃ, দিগ্‌নাগঃ

তৎ + নূনম্ = তন্নূনম্, তদ্‌নূনম্

এতৎ + মুরারিঃ = এতন্মুরারিঃ, এতদ্‌মুরারিঃ

ষট্ + মুখঃ = ষণ্মুখঃ, ষড়্‌মুখঃ

কিন্তু—ষট্ + নবতিঃ = ষণ্ণবতিঃ

ষট্ + নগর্য্যঃ = ষণ্ণগর্য্যঃ

এই দুই স্থলে নিত্য হইবে।

৪৭। যদি মাত্র কিংবা ময়প্রত্যয় পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত বর্গের প্রথম বর্ণের স্থানে কেবল পঞ্চম বর্ণ হয়।

GS 2284

বাক্ + ময়ম্ = বাঙ্‌ময়ম্

চিৎ + ময়ম্ = চিন্ময়ম্

CENTRAL LIBRARY

তৎ + মাত্রম্ = তন্মাত্রম্

মৃৎ + ময়ম্ = মৃন্ময়ম্

৪৮। যদি ল্ পরে থাকে, তাহা হইলে তকার স্থানে ল্ এবং নকার স্থানে অনুনাসিক ল্ হয়, অনুনাসিকের চিহ্ন পূর্ব্বস্বরে যুক্ত হয়।

তৎ + লভতে = তল্লভতে

মহান্ + লাভঃ = মহাঁল্লাভঃ

৪৯। উৎ উপসর্গের পরস্থিত স্থা ধাতুর স্ এর লোপ হয়।[১]

উৎ + স্থানম্ = উত্থানম্

উৎ + স্থাপয়তি = উত্থাপয়তি

৫০। যদি হকার পরে থাকে, তাহা হইলে (৪৪।) পূর্ব্ব নিয়মানুসারে পদের অন্তস্থিত ক্, ট্, ত্, প্ স্থানে গ্, ড্, দ্, ব্ হয়, এবং হকার স্থানে বিকল্পে যথাক্রমে ঘ্, ঢ্, ধ, ভ্ হয়।

বাক্ + হরিঃ = বাগ্হরিঃ, বাগ্ঘরিঃ

পরিব্রাট্ + হতঃ = পরিব্রাড্হতঃ, পরিব্রাড্ঢতঃ

তৎ + হৃতম্ = তদ্হৃতম্, তদ্ধৃতম্

অপ্ + হরণম্ = অব্হরণম্, অব্ভরণম্

৫১। যদি চ্ কিংবা ছ্ পরে থাকে, তাহা হইলে তকার স্থানে চ্ হয়।

তৎ + চিত্তম্ = তচ্চিত্তম্

তৎ + ছাদয়তি = তচ্ছাদয়তি

[১] উদঃস্থাস্তম্ভোঃ পূর্ব্বস্য—৮।৪।৬১। 'উৎ' এই উপসর্গের পরস্থিত স্থা ও স্তম্ভ্-ধাতুর সএর লোপ হয়।

CENTRAL LIBRARY

৫২। যদি জ্ কিংবা ঝ্ পরে থাকে, তাহা হইলে তকার ও দকার স্থানে জ্ হয়।

তৎ+জায়তে=তজ্জায়তে

৫৩। যদি শ্ পরে থাকে, তাহা হইলে তকার স্থানে চ্ হয়।

তৎ+শৃণোতি=তচ্শৃণোতি

৫৪। এই চকারের পরস্থিত শ্ স্থানে প্রায় ছ্ হয়।

তচ্+শৃণোতি= তচ্ছৃণোতি

৫৫। পদের অন্তস্থিত ক্, ট্ কিংবা পকারের পর যদি শ্ থাকে, তাহা হইলে শ্ স্থানে বিকল্পে ছ্ হয়।

বাক্+শতম্=বাক্শতম, বাক্ছতম্
পরিব্রাট্+শেতে=পরিব্রাট্শেতে, পরিব্রাট্ছেতে
অপ্+শব্দঃ=অপ্শব্দঃ, অপ্ছব্দঃ

৫৬। শকারের পর যদি স্বরবর্ণ কিংবা য্, র্, ল্, ব্ থাকে, তাহা হইলেই পূর্ব্ব পূর্ব্ব নিয়মানুসারে শ্ স্থানে ছ্ হইবে; নতুবা হইবে না।

বাক্+শ্চ্যোততি=বাক্শ্চ্যোততি

এখানে ছ্ হইল না

৫৭। যদি ট্ কিংবা ঠ্ পরে থাকে, তাহা হইলে তকার স্থানে ট্ হয়; ড্ কিংবা ঢ্ পরে থাকিলে ত্ স্থানে ড্ হয়।

তৎ+টীকা=তট্টীকা
তৎ+ডয়তে=তডডয়তে

CENTRAL LIBRARY

৫৮। যদি চ্ কিংবা ছ্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ন্ স্থানে (ংশ্) অনুস্বার ও শ্ হয়।

হসন্+চকার=হসংশ্চকার

৫৯। যদি ট্ কিংবা ঠ্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ন্ স্থানে (ংষ্) অনুস্বার ও ষ্ হয়।

মহান্+ঠক্কুরঃ=মহাংষ্ঠক্কুরঃ

৬০। যদি ত্ কিংবা থ্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ন্ স্থানে (ংস্) অনুস্বার ও স্ হয়।

চক্রিন্+ত্রায়স্ব=চক্রিংস্ত্রায়স্ব

৬১। প্রশান্শব্দের ন্ স্থানে অনুস্বার ও শ্ ষ্ স্ হয় না।

প্রশান্+তনোতি=প্রশান্তনোতি

৬২। চ, ছ, ট, ঠ, ত কিংবা থকারের পর যদি স্বরবর্ণ অথবা য্, র্, ল্, ব্ থাকে, তাহা হইলেই পদের অন্তস্থিত ন্ স্থানে পূর্ব্ব পূর্ব্ব নিয়মানুসারে অনুস্বার ও শ্, ষ্, স্ হইবে; নতুবা হইবে না।

সন্+ত্সরুঃ=সন্ত্সরুঃ, এখানে
অনুস্বার ও স হইল না।

৬৩। যদি জ্, ঝ্ কিংবা শ্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ন্ স্থানে ঞ্ হয়, এবং শ্ স্থানে বিকল্পে ছ্ হয়।

শক্রন্+জয়তি=শক্রঞ্জয়তি
তান্+শশকান্=তাঞ্শশকান্, তাঞ্ছশকান্

৬৪। যদি ড্ কিংবা ঢ্ পরে থাকে, তাহা হইলে নকার স্থানে ণ্ হয়।

CENTRAL LIBRARY

মহান্ + ডামরঃ = মহাণ্ডামরঃ

৬৫। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে, পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বার হয়।[১]

ত্বম্ + করোষি = ত্বংকরোষি
নদীম্ + তরতি = নদীংতরতি
সত্বরম্ + যাতি = সত্বরংযাতি
হরিম্ + বন্দে = হরিংবন্দে

কন্তু—সম্ + রাট্ = সম্রাট্
এখানে ম্ স্থানে অনুস্বার হইল না।[২]

৬৬। যে বর্গের বর্ণ পরে থাকে, পদের অন্তস্থিত অনুস্বার স্থানে বিকল্পে সেই বর্গের পঞ্চম বর্ণ হয়।

ত্বঙ্করোষি বা ত্বংকরোষি
নদীন্তরতি বা নদীংতরতি
মধুরম্ফলম্ বা মধুরংফলম্

৬৭। যে বর্গের বর্ণ পরে থাকে, পদমধ্যস্থিত ন্ এবং ম্ স্থানে সেই বর্গের পঞ্চম বর্ণ হয়।

শাম্ + তঃ = শান্তঃ

৬৮। যদি ক-বর্গ পরে থাকে, তাহা হইলে পুম্‌শব্দের ম্ স্থানে অনুস্বার ও স্ হয়; যদি চ-বর্গ পরে থাকে, অনুস্বার ও শ্ হয়।

১ মোঽনুস্বারঃ—৮।৩।২৩। হল্ পরে থাকিলে পদান্তস্থিত ম্ স্থানে অনুস্বার হয়

২ মো রাজি সমঃ ক্বৌ—৮।৩।২৫

CENTRAL LIBRARY

পুম্+কোকিলঃ=পুংস্কোকিলঃ
পুম্+চলী=পুংশ্চলী

কিন্তু—পুম্+খ্যানম্=পুংখ্যানম্

৬৯। যদি কৃধাতু-নিষ্পন্ন পদ পরে থাকে, তাহা হইলে সম্‌শব্দের ম্ স্থানে অনুস্বার ও স্ হয়।

সম্+কৃতঃ=সংস্কৃতঃ
সম্+কারঃ=সংস্কারঃ

৭০। যদি শ, ষ্, স্ কিংবা হ্ পরে থাকে, তাহা হইলে পদমধ্যস্থিত ন্ এবং ম্ স্থানে অনুস্বার হয়।

আক্রম্+স্যতে=আক্রংস্যতে

৭১। যদি হ্রস্ব স্বরবর্ণের পর অথবা অব্যয় আ কিংবা মা-শব্দের পর ছ থাকে, তাহা হইলে ছ্ স্থানে চ্ছ্ হয়।

স্ব+ছায়া=স্বচ্ছায়া
আ+ছাদয়তি=আচ্ছাদয়তি

৭২। পদের অন্তস্থিত দীর্ঘ স্বরের পর যদি ছ্ থাকে, তাহা হইলে ছ্ স্থানে বিকল্পে চ্ছ্ হয়।

লক্ষ্মী+ছায়া=লক্ষ্মীচ্ছায়া, লক্ষ্মীছায়া

৭৩। যদি পদমধ্যস্থিত স্বরবর্ণের পর ছ্ থাকে, তাহা হইলে ছ্ স্থানে চ্ছ্ হয়।

ঢেচ্ছিষ্যতে (ছিদ্‌ধাতু)

CENTRAL LIBRARY

৭৪। যদি স্বরবর্ণ পরে থাকে, তাহা হইলে হ্রস্ব স্বরবর্ণের পর পদের অন্তস্থিত ঙ, ণ ও নকারের দ্বিত্ব হয়।

প্রত্যঙ্+আস্তে=প্রত্যঙ্ঙাস্তে

সুগণ্+আস্তে=সুগণ্ণাস্তে

এতস্মিন্+অন্তরে=এতস্মিন্নন্তরে

৭৫। স্বরবর্ণের পরস্থিত রেফ কিংবা হকারের পর যদি রেফ (র্) ও হকার ভন্ন ব্যঞ্জনবর্ণ থাকে, তাহা হইলে বিকল্পে দ্বিত্ব হয়।

অর্কঃ বা অর্ক্কঃ

ব্রহ্মন্ বা ব্রহ্ম্মন্

বিসর্গ-সন্ধি

(পদান্ত স্ এবং রেফ (র্) স্থানে বিসর্গ)

৭৬। পদের অন্তস্থিত স্ এবং রেফ (র্) স্থানে বিসর্গ হয়।

রামস্=রামঃ। অগ্নিস্=অগ্নিঃ। প্রাতর্=প্রাতঃ।

৭৭। যদি ক্, খ, প, ফ্ পরে থাকে, তাহা হইলে বিসর্গের কোন পরিবর্ত্তন হয় না।

কঃ+করোতি=কঃকরোতি

কঃ+পচতি=কঃপচতি

(ক) কিন্তু শ, ষ্, স্ পরে থাকিলে বিসর্গ স্থানে বিকল্পে পরবর্ণ হয়।

কঃ+সাধুঃ=কঃ সাধুঃ বা কস্সাধুঃ

কঃশেতে=কঃশেতে বা কশ্শেতে

৭৮। যদি চ্ কিংবা ছ্ পরে থাকে, তাহা হইলে বিসর্গ স্থানে শ্ হয়; যদি ট্ কিংবা ঠ্ পরে থাকে, ষ্ হয়; যদি ত কিংবা থ পরে থাকে, স্ হয়।

CENTRAL LIBRARY

পূর্ণঃ + চন্দ্রঃ = পূর্ণশ্চন্দ্রঃ

ততঃ + ছিন্নে = ততশ্ছিন্নে

ভগ্নঃ + + ঠক্কুরঃ = ভগ্নষ্ঠক্কুরঃ

নমঃ + তুভ্যম্ = নমস্তুভ্যম্

৭৯। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য্, র্, ল্, ব্, হ্ পরে থাকে, তাহা হইলে অ আ ভিন্ন স্বরবর্ণের পরস্থিত বিসর্গ স্থানে র্ হয়।

কবিঃ + অয়ম্ = কবিরয়ম্

নিঃ + ধনঃ = নির্ধনঃ

শিশুঃ + হসতি = শিশুর্হসতি

৮০। যদি অকার ভিন্ন স্বরবর্ণ পরে থাকে, তাহা হইলে অকারের পরস্থিত বিসর্গের লোপ হয়।

বায়সঃ + আহ = বায়সআহ

কঃ + এষঃ = কএষঃ

দ্রষ্টব্য—বিসর্গলোপের পর আর কোন প্রকার সন্ধিকার্য্য হয় না। "ন বিসর্জ্জনীয়লোপে পুনঃ সন্ধিঃ।"

বায়সঃ + আহ = বায়সআহ

৮১। যদি বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য্, র্, ল্, ব্, হ্ পরে থাকে, তাহা হইলে অকার ও অকারের পরস্থিত বিসর্গ উভয়ে মিলিয়া ও হয়।

শোভনঃ + গন্ধঃ = শোভনোগন্ধঃ

নির্বাণঃ + দীপঃ = নির্বাণোদীপঃ

অতীতঃ + মাসঃ = অতীতোমাসঃ

মনঃ + রমঃ = মনোরমঃ

CENTRAL LIBRARY

৮২। যদি অকার পরে থাকে, তাহা হইলে অকার ও অকারের পরস্থিত বিসর্গ উভয়ে মিলিয়া ওকার হয়, এবং পরবর্ত্তী অকারের লোপ হয়।

নরঃ + অয়ম্ = নরোঽয়ম্

বেদঃ + অধীতঃ = বেদোঽধীতঃ

৮৩। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য্, র্, ল্, ব্, হ্ পরে থাকে, তাহা হইলে আকারের পরস্থিত বিসর্গের লোপ হয়।

হতাঃ + অশ্বাঃ = হতাঅশ্বাঃ

দেবাঃ + ইহ = দেবাইহ

দেবাঃ + যান্তি = দেবাযান্তি

৮৪। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্, র্, ল্, ব্, হ্ পরে থাকে, তাহা হইলে ভোঃ এই পদের বিসর্গের লোপ হয়।

ভোঃ + অচ্যুত = ভোঅচ্যুত

৮৫। যদি অকার ভিন্ন স্বরবর্ণ কিংবা ব্যঞ্জনবর্ণ পরে থাকে, তাহা হইলে সঃ এবং এষঃ এই দুই পদের বিসর্গের লোপ হয়।

সঃ + এতি = সএতি

এষঃ + গচ্ছতি = এষগচ্ছতি

সঃ + অস্তি = সোঽস্তি

কিন্তু—অসঃ + শিবঃ = অসঃশিবঃ

অনেষঃ + বিষ্ণুঃ = অনেষোবিষ্ণুঃ (৮১। দেখ)

অর্থাৎ যে স্থলে সঃ এবং এষঃ পদের সহিত নঞ্-সমাস হইবে, সে স্থলে বিসর্গের লোপ হইবে না।

CENTRAL LIBRARY

৮৬। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্, র্, ল্, ব্, হ্ পরে থাকে, তাহা হইলে র্ (রেফ)-জাত বিসর্গ স্থানে র্ (রেফ) হয়।

পুনঃ + অত্র = পুনরত্র

পুনঃ + আগতঃ = পুনরাগতঃ

পুনঃ + গচ্ছতি = পুনর্গচ্ছতি

দ্বাঃ + এষা = দ্বারেষা

৮৭। র্ পরে থাকিলে, (র্) রেফের লোপ হয় এবং পূর্ব্ব স্বর দীর্ঘ হয়। [১]

(পুনর্ + রমতে) পুনঃ + রমতে

= পুনারমতে

শম্ভুঃ + রাজতে = শম্ভূরাজতে

হরিঃ + রম্যঃ = হরীরম্যঃ

৮৮। এরূপ অনেক উদাহরণ আছে, যাহাদের বিসর্গের পরিবর্ত্তন সন্ধির সাধারণ নিয়মানুসারে হয় না ; তন্মধ্যে কতকগুলি বিশেষ উদাহরণ এখানে প্রদত্ত হইল :—

(ক) নিঃ, দুঃ, আবিঃ, চতুঃ প্রভৃতির সহিত মিলিত পদ—

নিঃ + কামঃ = নিষ্কামঃ

নিঃ + ফলঃ = নিষ্ফলঃ

দুঃ + কৃতম্ = দুষ্কৃতম্

আবিঃ + কৃতঃ = আবিষ্কৃতঃ

১ রোরি—৮।৩।১৪। রেফ পরে থাকিলে রেফের লোপ হয়।

র লোপে পূর্ব্বস্য দীর্ঘোঽণঃ :—৬।৩।১১১। র্ এর লোপ হইলে পূর্ব্বস্থিত অণ্ (অ, ই, উ) দীর্ঘ হয়।

CENTRAL LIBRARY

চতুঃ + কোণঃ = চতুষ্কোণঃ

(খ) নমঃ, তিরঃ, পুরঃ ইহাদের সহিত মিলিত কৃধাতুর প্রয়োগ—

নমঃ + কারঃ = নমস্কারঃ

নমঃ + কৃত্য = নমস্কৃত্য

তিরঃ + কারঃ = তিরস্কারঃ

পুরঃ + কৃত্য = পুরস্কৃত্য ইত্যাদি।

(গ) অপর কতকগুলি উদাহরণ—

শ্রেয়ঃ + করঃ = শ্রেয়স্করঃ

অয়ঃ + কান্তঃ = অয়স্কান্তঃ

যশঃ + করঃ = যশস্করঃ

অধঃ + পদম্ = অধস্পদম্

ভাঃ + করঃ = ভাস্করঃ

আয়ুঃ + কামঃ = আয়ুষ্কামঃ

ভ্রাতুঃ + পুত্রঃ = ভ্রাতুষ্পুত্রঃ

ধনুঃ + কঃ = ধনুষ্কঃ

ধনুঃ + কাণ্ডম্ = ধনুষ্কাণ্ডম্

তেজঃ + বিন্ = তেজস্বিন্

জ্যোতিঃ + মৎ = জ্যোতিষ্মৎ

৮৯। অহন্‌শব্দের পদান্ত ন্ স্থানে র্ হয় [১] পতি প্রভৃতি শব্দ পরে থাকিলে, অহন্‌শব্দের র্-জাত বিসর্গ স্থানে কখনও র্ হয়, কখনও হয় না। [২]

[১] রোঽসুপি—৮।২।৬৯। সুপ্ পরে না থাকিলে অহন্‌শব্দের ন্ স্থানে রেফাদেশ হয়।

[২] অহরাদীনাং পত্যাদিষু বা রেফঃ। বার্তিক

CENTRAL LIBRARY

(অহর্ = অহঃ)

অহঃ + পতিঃ = অহঃপতিঃ বা অহর্পতিঃ

অহঃ + রাত্রঃ = অহোরাত্রঃ (৮১ । দেখ)

অহঃ + অহঃ = অহরহঃ

এই প্রকার স্বর্, গির্ প্রভৃতি শব্দেরও জানিবে।

স্বঃ + পতিঃ = স্বঃপতিঃ বা স্বর্পতিঃ

গীঃ + পতিঃ = গীঃপতিঃ, গীষ্পতিঃ বা গীর্পতিঃ

ণত্ববিধান

(দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয়)

৯০। যদি দন্ত্য নকারের পর স্বরবর্ণ কিংবা ন্, ম্, য্, ব্ থাকে, তবে ঋ, ৠ, র্ কিংবা মূর্দ্ধন্য ষকারের পরবর্ত্তী এক-পদস্থিত দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয়। [১] স্বরবর্ণ, ক-বর্গ, প-বর্গ, য, ব, হ কিংবা অনুস্বার দ্বারা ব্যবহিত হইলেও দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয়। [২]

নৃণাম্, অর্কেণ, অর্পণম্, ধর্মেণ, রাবণঃ, কার্য্যেণ, কৃপণঃ, গৃহ্ণাতি, দূষণম্, জিষ্ণুঃ, বৃংহণম্

৯১। কিন্তু—অর্চনম্ (এখানে চ-বর্গ দ্বারা ব্যবধান হইয়াছে, এই জন্য দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হইল না), দশনম্ (এখানে শ দ্বারা

[১] রষাভ্যাং নো ণঃ সমানপদে—৮।৪।১, একপদস্থ রেফ (র ও র্) এবং ষকারের পরস্থিত ন্ ণ্ হয়। [২] অট্‌কুপ্বাঙ্‌নুম্ব্যবায়েঽপি—৮।৪।২। অট্ (স্বরবর্ণ ও য্ ব্ হ্) কুপু (ক-বর্গ ও প-বর্গ), আঙ্, ও (নুম্) অনুস্বার ব্যবধান থাকিলেও সমানপদে ণত্ব হইবে।

CENTRAL LIBRARY

নকারের ব্যবধান হইয়াছে), রমন্তে (এখানে নকারের পরে ত্ আছে)। রামান্, হরীন্, মৃগান্ ইত্যাদি প্রয়োগে নকারের পর স্বরবর্ণ কিংবা ন্, ম্, য্, ব্ নাই, এই জন্য দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হইল না।[১]

৯২। যদি পূর্ব্ব পদে ঋ, ৠ, র্ কিংবা মূর্দ্ধন্য ষ্ থাকে, এবং পরপদে দন্ত্য ন্ থাকে, তাহা হইলে কোন কোন স্থলে দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয়, কোথাও বা হয় না।

অগ্র + নীঃ = অগ্রণীঃ
গ্রাম + নীঃ = গ্রামণীঃ
সর্ব্ব + অহ্নঃ = সর্ব্বাহ্ণঃ
বৃত্র + হনম্ = বৃত্রহণম্
শূর্প + নখা = শূর্পণখা ইত্যাদি।

নিম্নলিখিত প্রয়োগসমূহে ণত্ব হইবে না—

পরা + অহ্নম্ = পরাহ্নম্
সর্ব + নামন্ = সর্বনামন্
বৃত্র + ঘ্নঃ = বৃত্রঘ্নঃ ইত্যাদি।

৯৩। কতকগুলি উদাহরণে দন্ত্য ন্ বিকল্পে মূর্দ্ধন্য ণ্ হয়—

গিরিনদী বা গিরিণদী
ব্রীহিবাপিনঃ বা ব্রীহিবাপিণঃ ইত্যাদি।

৯৪। অনেক স্থলে উপসর্গস্থিত রেফের পরবর্ত্তী ধাতুর কিংবা ধাতুসম্বন্ধি-প্রত্যয়ের ন্ মূর্দ্ধন্য ণ্ হয়।[২]

১ পদান্তস্য—৮।৪।৩৭। পদান্তস্থিত দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না।
২ উপসর্গাদসমাসেঽপি ণোপদেশস্য—৮।৪।১৪

CENTRAL LIBRARY

প্রণমতি (প্র+নমতি), প্রণায়কঃ (প্র+নায়কঃ), অন্তর্ণয়তি (অন্তঃ+নয়তি), প্রাণিতি (প্র+অনিতি), প্রমাণম্ (প্র+মানম্)

আবার, অনেক স্থলে মূর্দ্ধন্য ণ্ হয় না—

পরিনর্ত্তনম্, প্রনষ্টঃ, প্রঘ্নন্তি ইত্যাদি।

ষত্ববিধান

(দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয়)

৯৫। যদি স্বরবর্ণ, কিংবা ক্, ত্, থ্, ন্, ম্, য্, ব্ পরে থাকে, তাহা হইলে অ আ ভিন্ন স্বরবর্ণ, ক-বর্গ অথবা রেফের পরস্থিত অপদান্তস্থ প্রত্যয়ের কিংবা আদেশের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয়।[১]

হরি+সু=হরিষু, গুরু+সু=গুরুষু, বাক্+সু=বাক্ষু, গমি+স্যতি=গমিষ্যতি, সু+স্বাপ=সুষ্বাপ, সর্পিঃ+কঃ (বিসর্গ স্থানে ষ্)=সর্পিষ্কঃ, সর্পিঃ+মৎ=সর্পিষ্মৎ

কিন্তু—রাম+স্য=রামস্য, এখানে অকারের পরস্থিত হইয়াছে, এই জন্য মূর্দ্ধন্য ষ্ হইল না।

৯৬। অনুস্বার (ন্ স্থানে যে অনুস্বার হয়) কিংবা বিসর্গ ব্যবধান থাকিলেও দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয়।

হবীংষি, হবিঃষু

[১] ইণ্‌কোঃ—৮।৩।৫৭, আদেশপ্রত্যয়য়োঃ—৮।৩।৫৯। ইণ্ ও ক-বর্গের পরে অপদান্তস্থিত আদেশ ও প্রত্যয়ের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয়।

CENTRAL LIBRARY

কিন্তু—পুংস্থ, এখানে ম্ স্থানে অনুস্বার হওয়াতে মূর্দ্ধন্য ষ্ হইল না।

৯৭। উপসর্গের ইকার কিংবা উকারের পরস্থিত স্তু প্রভৃতি ধাতুর দন্ত্য স্ প্রায়ই মূর্দ্ধন্য ষ্ হয়।

অভি + স্তৌতি = অভিষ্টৌতি
নি + সীদতি = নিষীদতি

৯৮। অকারের (অট্ আগমের অকার) ব্যবধান থাকিলেও ধাতুর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয়।

অভি + অস্তৌৎ = অভ্যষ্টৌৎ
নি + অসীদৎ = ন্যষীদৎ

৯৯। অনেক স্থলে ধাতুর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় না।
পরি + সোঢ়ুম্ (কৃদন্ত-সহ্ ধাতু) পরিসোঢ়ুম্

১০০। সমাসে অনেক স্থলে পরপদস্থিত দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয়।

বি + সমঃ = বিষমঃ
যুধি + স্থিরঃ = যুধিষ্ঠিরঃ
অগ্নি + স্তোমঃ = অগ্নিষ্টোমঃ
মাতৃ + স্বসা = মাতৃষ্বসা
পিতৃ + স্বসা = পিতৃষ্বসা ইত্যাদি।

CENTRAL LIBRARY

সুবন্ত-প্রকরণ

১০১। সুবন্ত-প্রকরণে বিশেষ্য, বিশেষণ প্রভৃতি শব্দের সহিত সুপ্-বিভক্তির * যোগ হইলে কি প্রকার রূপ হয় তাহা দেখান যাইতেছে।

[ধাতু ও প্রত্যয় ভিন্ন অর্থবান্ শব্দকে 'প্রাতিপদিক' বলে। (অর্থবদধাতুরপ্রত্যয়ঃ প্রাতিপদিকম্—১।২।৪৫)

প্রাতিপদিকের সহিত সুপ্-বিভক্তির যোগ হইলে, 'পদ' এই সংজ্ঞা হয়। (এইরূপ পদকেই সুবন্ত পদ বলে।)

যথা—রাম এবং হরি ইহারা প্রাতিপদিক ; রামঃ, হরিঃ, রামম্, হরিম্ ইত্যাদি পদ (সুবন্ত পদ)।]

সংস্কৃত ভাষায় প্রাতিপদিকের তিন লিঙ্গ।

যথা—পুংলিঙ্গ। ১। স্ত্রীলিঙ্গ। ২। নপুংসকলিঙ্গ। ৩।

পুংলিঙ্গ—রাম, নর, বৃক্ষ, বিধু, পিতৃ, রাজন্।

স্ত্রীলিঙ্গ—লতা, নদী, বধূ, সাধ্বী, মাতৃ, বাচ্।

নপুংসকলিঙ্গ—ধন, বন, বারি, মধু, যশস্।

সংস্কৃত ভাষায় তিনটি বচন।

যথা—একবচন। ১। দ্বিবচন। ২। বহুবচন। ৩।

একবচনান্ত—বৃক্ষঃ, লতা, বনম্।

দ্বিবচনান্ত—বৃক্ষৌ, লতে, বনে।

বহুবচনান্ত—বৃক্ষাঃ, লতাঃ, বনানি।

* বিভক্তি বলিলে সুপ্ এবং তিঙ উভয়ই বুঝিতে হইবে।

CENTRAL LIBRARY

উল্লিখিত উদাহরণে বৃক্ষ, লতা, বন প্রভৃতি প্রাতিপদিকের সহিত প্রথমার একবচন, দ্বিবচন ও বহুচনের বিভক্তির যোগ হইয়াছে।

১০২। সংস্কৃত ব্যাকরণে সুপ্-বিভক্তি সাত ভাগে বিভক্ত। যথাক্রমে তাহাদের সংস্কৃত ও লাটিন নাম নিম্নে প্রদত্ত হইল—

First case		১।	কর্ত্রাদি কারক
	affix ১মা বিভক্তি		(Nominative, &c.)
Second ,,	২য়া ,,	২।	কর্ম্ম কারক (Accusative)
Third ,,	৩য়া ,,	৩।	করণ ও কর্ত্তৃকারক (Instrumental and Nominative)
Fourth ,,	৪র্থী ,,	৪।	সম্প্রদান কারক (Dative)
Fifth ,,	৫মী ,,	৫।	অপাদান কারক (Ablative)
Sixth ,,	৬ষ্ঠী ,,	৬।	সম্বন্ধ (Genitive)
Seventh ,,	৭মী ,,	৭।	অধিকরণ কারক (Locative)

সম্বোধন (Vocative)—সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। কর্ত্তৃ, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান ও অধিকরণ এই ছয়টীকে সংস্কৃত ব্যাকরণে 'কারক' বলে। সম্বন্ধকে কারক বলে না।

দ্রষ্টব্য—অনেকের ধারণা এই যে, কর্ত্তৃকারকেই প্রথমা বিভক্তি হইয়া থাকে; কিন্তু কর্ত্তৃ, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান ও অধিকরণ এই ছয়টী কারকেই প্রথমা বিভক্তি হয়, কারণ যখন যে কারক উক্ত হয়, তখন সে কারকে প্রথমা বিভক্তি ভিন্ন অন্য কোন বিভক্তি হয় না। কর্ত্তা উক্ত হইলেই কর্ত্তৃকারকে প্রথমা বিভক্তি হয়, নতুবা কর্ত্তৃকারকে তৃতীয়া বিভক্তি হয়।[১]

[১] কর্ত্তৃকরণয়োস্তৃতীয়া—২।৩।১৮

CENTRAL LIBRARY

১০৩। সুপ্-বিভক্তির স্বরূপ নিম্নে প্রদত্ত হইল। অজন্ত (স্বরান্ত) শব্দের সহিত সুপ্-বিভক্তি যুক্ত হইলে নানা প্রকারে সুপ্-বিভক্তি পরিবর্ত্তিত হয়, কিন্তু ব্যঞ্জনান্ত শব্দের সহিত সুপ্-বিভক্তি যুক্ত হইলে সুপ্-বিভক্তির আকার প্রায় পরিবর্ত্তিত হয় না। সুপ্-বিভক্তি সাত ভাগে বিভক্ত। প্রত্যেক ভাগ তিন তিন বচনে বিভক্ত। যথা—একবচন, দ্বিবচন, বহুবচন। এক সংখ্যা বুঝাইতে হইলে একবচন হইবে। দুই সংখ্যা বুঝাইতে হইলে দ্বিবচন হইবে। তিন বা তিনের অধিক সংখ্যা বুঝাইতে হইলে বহুবচন হইবে।

বিভক্তির স্বরূপ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	ঃ (স্)	ঔ	অঃ (অস্)
দ্বিতীয়া বিভক্তি	অম্	ঔ	অঃ (অস্)
তৃতীয়া বিভক্তি	আ	ভ্যাম্	ভিঃ (ভিস্)
চতুর্থী বিভক্তি	এ	ভ্যাম্ভ	ভ্যঃ (ভ্যস্)
পঞ্চমী বিভক্তি	অঃ (অস্)	ভ্যাম্	ভ্যঃ (ভ্যস্)
ষষ্ঠী বিভক্তি	অঃ (অস্)	ওঃ (ওস্)	আম্
সপ্তমী বিভক্তি	ই	ওঃ (ওস্)	সু

দ্রষ্টব্য—প্রাচীন বৈয়াকরণেরা সুপ্-বিভক্তির স্বরূপ নিম্নলিখিত রূপে উল্লেখ করিয়া থাকেন—

CENTRAL LIBRARY

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	সু	ঔ	জস্
দ্বিতীয়া বিভক্তি	অম্	ঔ	শস্
তৃতীয়া বিভক্তি	টা	ভ্যাম্	ভিস্
চতুর্থী বিভক্তি	ঙে	ভ্যাম্	ভ্যস্
পঞ্চমী বিভক্তি	ঙসি	ভ্যাম্	ভ্যস্
ষষ্ঠী বিভক্তি	ঙস্	ঙস্	আম্
সপ্তমী বিভক্তি	ঙি	ঙস্	সুপ্

১০৪। সংস্কৃত ভাষায় প্রাতিপদিক সকল দুই ভাগে বিভক্ত—

১। স্বরান্ত অথবা অজন্ত প্রাতিপদিক।

২। ব্যঞ্জনান্ত অথবা হলন্ত প্রাতিপদিক।

(১) প্রথম—যে সকল প্রাতিপদিকের অন্তে স্বরবর্ণ থাকে, তাহাদিগকে স্বরান্ত অথবা অজন্ত প্রাতিপদিক বলে।

(২) দ্বিতীয়—যে সকল প্রাতিপদিকের অন্তে কেবল ব্যঞ্জন-বর্ণ থাকে, তাহাদিগকে ব্যঞ্জনান্ত অথবা হলন্ত প্রাতিপদিক বলে।

CENTRAL LIBRARY

স্বরান্ত শব্দ

পুংলিঙ্গ

১০৫। অকারান্ত পুংলিঙ্গ নরশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নরঃ	নরৌ	নরাঃ
দ্বিতীয়া	নরম্	নরৌ	নরান্
তৃতীয়া	নরেণ	নরাভ্যাম্	নরৈঃ
চতুর্থী	নরায়	নরাভ্যাম্	নরেভ্যঃ
পঞ্চমী	নরাৎ	নরাভ্যাম্	নরেভ্যঃ
ষষ্ঠী	নরস্য	নরয়োঃ	নরাণাম্
সপ্তমী	নরে	নরয়োঃ	নরেষু
সম্বোধন	নর	নরৌ	নরাঃ

প্রায় সমুদয় পুংলিঙ্গ অকারান্ত শব্দের রূপ নরশব্দের ন্যায় হইবে।

১০৬। ইকারান্ত পুংলিঙ্গ হরিশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	হরিঃ	হরী	হরয়ঃ
দ্বিতীয়া	হরিম্	হরী	হরীন্
তৃতীয়া	হরিণা	হরিভ্যাম্	হরিভিঃ
চতুর্থী	হরয়ে	হরিভ্যাম্	হরিভ্যঃ
পঞ্চমী	হরেঃ	হরিভ্যাম্	হরিভ্যঃ
ষষ্ঠী	হরেঃ	হর্য্যোঃ	হরীণাম্
সপ্তমী	হরৌ	হর্য্যোঃ	হরিষু
সম্বোধন	হরে	হরী	হরয়ঃ

CENTRAL LIBRARY

সখি এবং পতিশব্দ ভিন্ন সমুদয় ইকারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ হরিশব্দের ন্যায় হইবে।

১০৭। সখিশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সখা	সখায়ৌ	সখায়ঃ
দ্বিতীয়া	সখায়ম্	সখায়ৌ	সখীন্
তৃতীয়া	সখ্যা	সখিভ্যাম্	সখিভিঃ
চতুর্থী	সখ্যে	সখিভ্যাম্	সখিভ্যঃ
পঞ্চমী	সখ্যুঃ	সখিভ্যাম্	সখিভ্যঃ
ষষ্ঠী	সখ্যুঃ	সখ্যোঃ	সখীনাম্
সপ্তমী	সখ্যৌ	সখ্যোঃ	সখিষু
সম্বোধন	সখে	সখায়ৌ	সখায়ঃ

১০৮। তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী এবং সপ্তমী বিভক্তির একবচনে পতিশব্দের রূপ সখিশব্দের ন্যায় হইবে, এতদ্ভিন্ন বিভক্তিতে হরিশব্দের ন্যায় হইবে।

	একবচন		একবচন
তৃতীয়া	পত্যা	ষষ্ঠী	পত্যুঃ
চতুর্থী	পত্যে	সপ্তমী	পত্যৌ
পঞ্চমী	পত্যুঃ		

(ক) কিন্তু যদি সমস্তপদের অন্তে পতিশব্দ থাকে, তাহা হইলে পতিশব্দের রূপ হরিশব্দের ন্যায় হয়। যথা—ভূপতি, নৃপতি, নরপতি ইত্যাদি।

ভূপতিশব্দ

তৃতীয়া	ভূপতিনা
চতুর্থী	ভূপতয়ে ইত্যাদি।

CENTRAL LIBRARY

১০৯। উকারান্ত পুংলিঙ্গ গুরুশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গুরুঃ	গুরূ	গুরবঃ
দ্বিতীয়া	গুরুম্	গুরূ	গুরূন্
তৃতীয়া	গুরুণা	গুরুভ্যাম্	গুরুভিঃ
চতুর্থী	গুরবে	গুরুভ্যাম্	গুরুভ্যঃ
পঞ্চমী	গুরোঃ	গুরুভ্যাম্	গুরুভ্যঃ
ষষ্ঠী	গুরোঃ	গুর্বোঃ	গুরূণাম্
সপ্তমী	গুরৌ	গুর্বোঃ	গুরুষু
সম্বোধন	গুরো	গুরূ	গুরবঃ

প্রায় সমুদয় হ্রস্ব উকারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ পুংলিঙ্গ গুরুশব্দের ন্যায় হইবে।

১১০। ঋকারান্ত পুংলিঙ্গ পিতৃশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পিতা	পিতরৌ	পিতরঃ
দ্বিতীয়া	পিতরম্	পিতরৌ	পিতৄন্
তৃতীয়া	পিত্রা	পিতৃভ্যাম্	পিতৃভিঃ
চতুর্থী	পিত্রে	পিতৃভ্যাম্	পিতৃভ্যঃ
পঞ্চমী	পিতুঃ	পিতৃভ্যাম্	পিতৃভ্যঃ
ষষ্ঠী	পিতুঃ	পিত্রোঃ	পিতৄণাম্
সপ্তমী	পিতরি	পিত্রোঃ	পিতৃষু
সম্বোধন	পিতঃ	পিতরৌ	পিতরঃ

ভ্রাতৃ, জামাতৃ এবং দেবৃশব্দের রূপ পিতৃশব্দের ন্যায় হইবে।

CENTRAL LIBRARY

নৃশব্দের রূপ পিতৃশব্দের ন্যায়, কেবল ষষ্ঠীর বহুবচনে নৃণাম্ এবং নণাম্ এই দুই প্রকার পদ হইবে।

(ক) দাতৃশব্দ

দাতৃ, নপ্তৃ, ভর্ত্তৃ প্রভৃতি তৃ-প্রত্যয়ান্ত শব্দের রূপ পিতৃশব্দের ন্যায় হইবে, কেবল প্রথমা বিভক্তির দ্বিবচন ও বহুবচনে, এবং দ্বিতীয়া বিভক্তির একবচন ও দ্বিবচনে ঋ স্থানে আর্ হইবে। যথা—

দাতৃশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	...	দাতারৌ	দাতারঃ
দ্বিতীয়া	দাতারম্	দাতারৌ	...

১১১। ওকারান্ত পুংলিঙ্গ গোশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গৌঃ	গাবৌ	গাবঃ
দ্বিতীয়া	গাম্	গাবৌ	গাঃ
তৃতীয়া	গবা	গোভ্যাম্	গোভিঃ
চতুর্থী	গবে	গোভ্যাম্	গোভ্যঃ
পঞ্চমী	গোঃ	গোভ্যাম্	গোভ্যঃ
ষষ্ঠী	গোঃ	গবোঃ	গবাম্
সপ্তমী	গবি	গবোঃ	গোষু
সম্বোধন	গৌঃ	গাবৌ	গাবঃ

CENTRAL LIBRARY

স্ত্রীলিঙ্গ

১১২। আকারান্ত স্ত্রীলিঙ্গ তারাশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	তারা	তারে	তারাঃ
দ্বিতীয়া	তারাম্	তারে	তারাঃ
তৃতীয়া	তারয়া	তারাভ্যাম্	তারাভিঃ
চতুর্থী	তারায়ৈ	তারাভ্যাম্	তারাভ্যঃ
পঞ্চমী	তারায়াঃ	তারাভ্যাম্	তারাভ্যঃ
ষষ্ঠী	তারায়াঃ	তারয়োঃ	তারাণাম্
সপ্তমী	তারায়াম্	তারয়োঃ	তারাসু
সম্বোধন	তারে	তারে	তারাঃ

প্রায় সমস্ত আকারান্ত স্ত্রীলিঙ্গশব্দের রূপ তারাশব্দের ন্যায় হইবে। জননীবাচক অম্বাশব্দের রূপ সম্বোধনের একবচনে কেবল 'অম্ব' এই প্রকার হইবে।

১১৩। পরপৃষ্ঠায় লিখিত আকারান্ত স্ত্রীলিঙ্গশব্দে সাধারণ নিয়মের ব্যতিক্রম হইয়াছে।

CENTRAL LIBRARY

আকারান্ত স্ত্রীলিঙ্গ জরাশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	জরা	জরসৌ, জরে	জরসঃ, জরাঃ
দ্বিতীয়া	জরসম্, জরাম্	জরসৌ, জরে	জরসঃ, জরাঃ
তৃতীয়া	জরসা, জরয়া	জরাভ্যাম্	জরাভিঃ
চতুর্থী	জরসে, জরায়ৈ	জরাভ্যাম্	জরাভ্যঃ
পঞ্চমী	জরসঃ, জরায়াঃ	জরাভ্যাম্	জরাভ্যঃ
ষষ্ঠী	জরসঃ, জরায়াঃ	জরসোঃ, জরয়োঃ	জরসাম্, জরাণাম
সপ্তমী	জরসি, জরায়াম্	জরসোঃ, জরয়োঃ	জরাসু
সম্বোধন	জরে	জরসৌ, জরে	জরসঃ, জরাঃ

১১৪। হ্রস্ব ইকারান্ত মতিশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মতিঃ	মতী	মতয়ঃ
দ্বিতীয়া	মতিম্	মতী	মতীঃ
তৃতীয়া	মত্যা	মতিভ্যাম্	মতিভিঃ
চতুর্থী	মত্যৈ, মতয়ে	মতিভ্যাম্	মতিভ্যঃ
পঞ্চমী	মত্যাঃ, মতেঃ	মতিভ্যাম্	মতিভ্যঃ
ষষ্ঠী	মত্যাঃ, মতেঃ	মত্যোঃ	মতীনাম্
সপ্তমী	মত্যাম্, মতৌ	মত্যোঃ	মতিষু
সম্বোধন	মতে	মতী	মতয়ঃ

সমুদয় হ্রস্ব ইকারান্ত স্ত্রীলিঙ্গশব্দের রূপ মতিশব্দের ন্যায় হইবে।

CENTRAL LIBRARY

১১৫। দীর্ঘ ঈকারান্ত স্ত্রীলিঙ্গ নদীশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নদী	নদ্যৌ	নদ্যঃ
দ্বিতীয়া	নদীম্	নদ্যৌ	নদীঃ
তৃতীয়া	নদ্যা	নদীভ্যাম্	নদীভিঃ
চতুর্থী	নদ্যৈ	নদীভ্যাম্	নদীভ্যঃ
পঞ্চমী	নদ্যাঃ	নদীভ্যাম্	নদীভ্যঃ
ষষ্ঠী	নদ্যাঃ	নদ্যোঃ	নদীনাম্
সপ্তমী	নদ্যাম্	নদ্যোঃ	নদীষু
সম্বোধন	নদি	নদ্যৌ	নদ্যঃ

অসমস্ত যে সকল দীর্ঘ ঈকারান্ত স্ত্রীলিঙ্গশব্দ, তাহাদের অধিকাংশের রূপ নদীশব্দের ন্যায় হইবে।

কিন্তু প্রথমা বিভক্তির একবচনে লক্ষ্মীশব্দের রূপ—লক্ষ্মীঃ। অন্য সকল বিভক্তিতে নদীশব্দের ন্যায়।

১১৬। অসমস্ত ধীশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধীঃ	ধিয়ৌ	ধিয়ঃ
দ্বিতীয়া	ধিয়ম্	ধিয়ৌ	ধিয়ঃ
তৃতীয়া	ধিয়া	ধীভ্যাম্	ধীভিঃ
চতুর্থী	ধিয়ৈ, ধিয়ে	ধীভ্যাম্	ধীভ্যঃ
পঞ্চমী	ধিয়াঃ, ধিয়ঃ	ধীভ্যাম্	ধীভ্যঃ
ষষ্ঠী	ধিয়াঃ, ধিয়ঃ	ধিয়োঃ	ধীনাম্, ধিয়াম্
সপ্তমী	ধিয়াম্, ধিয়ি	ধিয়োঃ	ধীষু
সম্বোধন	ধীঃ	ধিয়ৌ	ধিয়ঃ

CENTRAL LIBRARY

শ্রী, হ্রী, ভী প্রভৃতি শব্দের রূপ ধীশব্দের তুল্য। *

১১৭। স্ত্রীশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	স্ত্রী	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ
দ্বিতীয়া	স্ত্রিয়ম্, স্ত্রীম্	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ, স্ত্রীঃ
তৃতীয়া	স্ত্রিয়া	স্ত্রীভ্যাম্	স্ত্রীভিঃ
চতুর্থী	স্ত্রিয়ৈ	স্ত্রীভ্যাম্	স্ত্রীভ্যঃ
পঞ্চমী	স্ত্রিয়াঃ	স্ত্রীভ্যাম্	স্ত্রীভ্যঃ
ষষ্ঠী	স্ত্রিয়াঃ	স্ত্রিয়োঃ	স্ত্রীণাম্
সপ্তমী	স্ত্রিয়াম্	স্ত্রিয়োঃ	স্ত্রীষু
সম্বোধন	স্ত্রি	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ

১১৮। হ্রস্ব উকারান্ত স্ত্রীলিঙ্গ ধেনুশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধেনুঃ	ধেনূ	ধেনবঃ
দ্বিতীয়া	ধেনুম্	ধেনূ	ধেনূঃ
তৃতীয়া	ধেন্বা	ধেনুভ্যাম্	ধেনুভিঃ
চতুর্থী	ধেন্বৈ, ধেনবে	ধেনুভ্যাম্	ধেনুভ্যঃ
পঞ্চমী	ধেন্বাঃ, ধেনোঃ	ধেনুভ্যাম্	ধেনুভ্যঃ
ষষ্ঠী	ধেন্বাঃ, ধেনোঃ	ধেন্বোঃ	ধেনূনাম্
সপ্তমী	ধেন্বাম্, ধেনৌ	ধেন্বোঃ	ধেনুষু
সম্বোধন	ধেনো	ধেনূ	ধেনবঃ

* এই সকল শব্দ সমাস দ্বারা বিশেষণ হইলে তিন লিঙ্গে হইবে। সুধীশব্দের পুংলিঙ্গে চতুর্থী হইতে সপ্তমী পর্য্যন্ত একবচনে একটী করিয়া পদ হইবে; অর্থাৎ সুধিয়ে, সুধিয়ঃ, সুধিয়ঃ, সুধিয়ি হইবে। সুশ্রী, গতহ্রী, গতভী প্রভৃতি শব্দেরও এই প্রকার রূপ হইবে।

CENTRAL LIBRARY

সমুদয় হ্রস্ব উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ ধেনুশব্দের ন্যায় হইবে।

১১৯। দীর্ঘ উকারান্ত স্ত্রীলিঙ্গ বধূশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বধূঃ	বধ্বৌ	বধ্বঃ
দ্বিতীয়া	বধূম্	বধ্বৌ	বধূঃ
তৃতীয়া	বধ্বা	বধূভ্যাম্	বধূভিঃ
চতুর্থী	বধ্বৈ	বধূভ্যাম্	বধূভ্যঃ
পঞ্চমী	বধ্বাঃ	বধূভ্যাম্	বধূভ্যঃ
ষষ্ঠী	বধ্বাঃ	বধ্বোঃ	বধূনাম্
সপ্তমী	বধ্বাম্	বধ্বোঃ	বধূষু
সম্বোধন	বধু	বধ্বৌ	বধ্বঃ

অধিকাংশ দীর্ঘ উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ বধূশব্দের ন্যায় হইবে।

১২০। দীর্ঘ উকারান্ত স্ত্রীলিঙ্গ অসমস্ত ভূশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ভূঃ	ভুবৌ	ভুবঃ
দ্বিতীয়া	ভুবম্	ভুবৌ	ভুবঃ
তৃতীয়া	ভুবা	ভূভ্যাম্	ভূভিঃ
চতুর্থী	ভুবৈ, ভুবে	ভূভ্যাম্	ভূভ্যঃ
পঞ্চমী	ভুবাঃ, ভুবঃ	ভূভ্যাম্	ভূভ্যঃ
ষষ্ঠী	ভুবাঃ, ভুবঃ	ভুবোঃ	ভূনাম্, ভুবাম্
সপ্তমী	ভুবাম্, ভুবি	ভুবোঃ	ভূষু
সম্বোধন	ভূঃ	ভুবৌ	ভুবঃ

CENTRAL LIBRARY

ভ্রূ, সুভ্রূ প্রভৃতি শব্দের রূপ ভূশব্দের ন্যায় জানিবে; সুভ্রূশব্দের সম্বোধনের একবচনে হে সুভ্রূঃ এই দীর্ঘ উকারান্ত বিসর্গযুক্ত পদ হইবে। কালিদাস-প্রযুক্ত এবং বোপদেবানুমত হে সুভ্রূ এই পদটী কাহারও কাহারও মতে অপাণিনীয়।

১২১। ঋকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

মাতৃ, দুহিতৃ, ননান্দৃ ও যাতৃ এই চারিটী শব্দের রূপ পিতৃশব্দের ন্যায়; কেবল দ্বিতীয়া বিভক্তির বহুবচনে মাতৄঃ, দুহিতৄঃ, ননান্দৄঃ, যাতৄঃ এই প্রকার হইবে।

স্বসৃশব্দের রূপ মাতৃশব্দের ন্যায়; কেবল প্রথমা বিভক্তির দ্বিবচন ও বহুবচনে, এবং দ্বিতীয়া বিভক্তির একবচন ও দ্বিবচনে দাতৃশব্দের ন্যায় হইবে। যথা—

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	...	স্বসারৌ	স্বসারঃ
দ্বিতীয়া	স্বসারম্	স্বসারৌ	...

(ক) উপরি উক্ত ঋকারান্ত শব্দ ভিন্ন অন্য ঋকারান্ত শব্দ স্ত্রীলিঙ্গ করিতে হইলে, অন্তে একটী ঈ যোগ করিতে হইবে;[১] যথা—ধাতৃ+ঈ=ধাত্রী।

ধাত্রীশব্দের রূপ নদীশব্দের ন্যায় হইবে।

[১] ঋন্নেভ্যো ঙীপ্—৪।১।৫। ঋদন্ত ও নকারান্ত শব্দের পর স্ত্রীলিঙ্গে ঙীপ্ হয়।

CENTRAL LIBRARY

১২২। ওকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

স্ত্রীলিঙ্গ গোশব্দের রূপ পুংলিঙ্গ গোশব্দের ন্যায় হইবে, দ্যোশব্দের রূপও গোশব্দের ন্যায় হইবে।

১২৩। ঔকারান্ত স্ত্রীলিঙ্গ নৌশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নৌঃ	নাবৌ	নাবঃ
দ্বিতীয়া	নাবম্	নাবৌ	নাবঃ
তৃতীয়া	নাবা	নৌভ্যাম্	নৌভিঃ
চতুর্থী	নাবে	নৌভ্যাম্	নৌভ্যঃ
পঞ্চমী	নাবঃ	নৌভ্যাম্	নৌভ্যঃ
ষষ্ঠী	নাবঃ	নাবোঃ	নাবাম্
সপ্তমী	নাবি	নাবোঃ	নৌষু
সম্বোধন	নৌঃ	নাবৌ	নাবঃ

স্ত্রীলিঙ্গে নৌশব্দ ভিন্ন আর ঔকারান্ত শব্দ নাই।

নপুংসকলিঙ্গ

১২৪। অকারান্ত নপুংসকলিঙ্গ শব্দ

অকারান্ত নপুংসকলিঙ্গ শব্দের রূপ প্রথমা ও দ্বিতীয়ার একবচন, দ্বিবচন এবং বহুবচন ভিন্ন অপর সমুদয় বিভক্তিতে অকারান্ত পুংলিঙ্গ শব্দের ন্যায় হইবে।

CENTRAL LIBRARY

অকারান্ত নপুংসকলিঙ্গ ফলশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ফলম্	ফলে	ফলানি
দ্বিতীয়া	ফলম্	ফলে	ফলানি

প্রায় সমুদয় অকারান্ত নপুংসকলিঙ্গ শব্দের রূপ ফলশব্দের ন্যায় হইবে।

১২৫। হ্রস্ব ইকারান্ত নপুংসকলিঙ্গ বারিশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বারি	বারিণী	বারীণি
দ্বিতীয়া	বারি	বারিণী	বারীণি
তৃতীয়া	বারিণা	বারিভ্যাম্	বারিভিঃ
চতুর্থী	বারিণে	বারিভ্যাম্	বারিভ্যঃ
পঞ্চমী	বারিণঃ	বারিভ্যাম্	বারিভ্যঃ
ষষ্ঠী	বারিণঃ	বারিণোঃ	বারীণাম্
সপ্তমী	বারিণি	বারিণোঃ	বারিষু
সম্বোধন	বারে, বারি	বারিণী	বারীণি

অস্থি, অক্ষি, দধি এবং সক্থিশব্দ ভিন্ন যাবতীয় হ্রস্ব ইকারান্ত নপুংসকলিঙ্গ বিশেষ্য শব্দের রূপ বারিশব্দের ন্যায় হইবে।

১২৬। ইকারান্ত নপুংসকলিঙ্গ বিশেষণ শব্দের রূপ, চতুর্থী ও পঞ্চমী বিভক্তির একবচনে এবং ষষ্ঠী ও সপ্তমী বিভক্তির একবচন ও দ্বিবচনে, একবার পুংলিঙ্গ হরিশব্দের ন্যায় ও আর একবার

CENTRAL LIBRARY

বারিশব্দের ন্যায় হইবে; অন্যান্য বিভক্তিতে বারিশব্দের মতই হইবে। যথা—

নপুংসকলিঙ্গ বিশেষণ শুচিশব্দ

	একবচন	দ্বিবচন
চতুর্থী	শুচিনে বা শুচয়ে	...
পঞ্চমী	শুচিনঃ „ শুচেঃ	...
ষষ্ঠী	শুচিনঃ „ শুচেঃ	শুচিনোঃ বা শুচ্যোঃ
সপ্তমী	শুচিনি „ শুচৌ	শুচিনোঃ „ শুচ্যোঃ

ইত্যাদি।

অনাদি প্রভৃতি ক্লীবলিঙ্গ বিশেষণ শব্দের রূপ শুচিশব্দের ন্যায় হইবে।

১২৭। ইকারান্ত নপুংসকলিঙ্গ অস্থিশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অস্থি	অস্থিনী	অস্থীনি
দ্বিতীয়া	অস্থি	অস্থিনী	অস্থীনি
তৃতীয়া	অস্থ্না	অস্থিভ্যাম্	অস্থিভিঃ
চতুর্থী	অস্থ্নে	অস্থিভ্যাম্	অস্থিভ্যঃ
পঞ্চমী	অস্থ্নঃ	অস্থিভ্যাম্	অস্থিভ্যঃ
ষষ্ঠী	অস্থ্নঃ	অস্থ্নোঃ	অস্থ্নাম্
সপ্তমী	অস্থ্নি, অস্থনি	অস্থ্নোঃ	অস্থিষু
সম্বোধন	অস্থে, অস্থি	অস্থিনী	অস্থীনি

অক্ষি, দধি ও সক্থিশব্দের রূপ এই প্রকার হইবে।

CENTRAL LIBRARY

১২৮। উকারান্ত নপুংসকলিঙ্গ জানুশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	জানু	জানুনী	জানূনি
দ্বিতীয়া	জানু	জানুনী	জানূনি
তৃতীয়া	জানুনা	জানুভ্যাম্	জানুভিঃ
চতুর্থী	জানুনে	জানুভ্যাম্	জানুভ্যঃ
পঞ্চমী	জানুনঃ	জানুভ্যাম্	জানুভ্যঃ
ষষ্ঠী	জানুনঃ	জানুনোঃ	জানূনাম্
সপ্তমী	জানুনি	জানুনোঃ	জানুষু
সম্বোধন	জানো, জানু	জানুনী	জানূনি

দারু, মধু প্রভৃতি হ্রস্ব উকারান্ত নপুংসকলিঙ্গ বিশেষ্য শব্দের রূপ ক্লীবলিঙ্গ জানুশব্দের ন্যায় হইবে। জানুশব্দের পুংলিঙ্গ রূপ পুংলিঙ্গ গুরুশব্দের ন্যায়।

(ক) হ্রস্ব উকারান্ত নপুংসকলিঙ্গ বিশেষণ শব্দের রূপ, চতুর্থী ও পঞ্চমী বিভক্তির একবচনে এবং ষষ্ঠী ও সপ্তমী বিভক্তির একবচন ও দ্বিবচনে, একবার পুংলিঙ্গ গুরুশব্দের ন্যায় হইবে ও আর একবার ক্লীবলিঙ্গ জানুশব্দের ন্যায় হইবে ; যথা—

নপুংসকলিঙ্গ বিশেষণ গুরুশব্দ

	একবচন
চতুর্থী	গুরুণে বা গুরবে
পঞ্চমী	গুরুণঃ ,, গুরোঃ ইত্যাদি।

স্বাদু প্রভৃতি বিশেষণ শব্দের রূপ গুরুশব্দের ন্যায় হইবে।

CENTRAL LIBRARY

ব্যঞ্জনান্ত শব্দ

১২৯। ব্যঞ্জনান্ত শব্দের সহিত সুপ্-বিভক্তির যোগ হইলে প্রায় কোন প্রকার বিশেষ পরিবর্ত্তন হয় না। পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে ব্যঞ্জনান্ত শব্দে রূপের কোনপ্রকার ভেদ নাই; নপুংসকলিঙ্গেও প্রায় ভেদ নাই, কেবল প্রথমার দ্বিবচন ও দ্বিতীয়ার দ্বিবচন ঔ বিভক্তির স্থানে ঈ, প্রথমা ও দ্বিতীয়ার বহুবচন অস্ (জস্, শস্) বিভক্তির স্থানে ই এবং শব্দের অন্তে বর্গের প্রথম, দ্বিতীয়, তৃতীয় বা চতুর্থ বর্ণ অথবা শ্, ষ্ ও স্ থাকিলে তাহার পূর্ব্বে ন্ হয়।

(ক) কতকগুলি ব্যঞ্জনান্ত শব্দে বিভক্তি যোগ করিলে কোনও প্রকার পরিবর্ত্তন হয় না, কিন্তু কতকগুলির পরিবর্ত্তন ঘটে; এই হেতু ব্যঞ্জনান্ত শব্দ দুইভাগে বিভক্ত করা যাইতে পারে, যথা—পরিবৃত্ত্যসহ ও পরিবৃত্তিসহ।

পরিবৃত্ত্যসহ শব্দ

(Unchangeable Bases)

১৩০। পরিবৃত্ত্যসহ ব্যঞ্জনান্ত শব্দের মধ্যে কতকগুলি শব্দের অন্তস্থিত ব্যঞ্জনবর্ণ বিভক্তির সহিত যুক্ত হইবার সময় কিঞ্চিৎ পরিবর্ত্তিত হয়; সে বিষয়ে কিছু বলা যাইতেছে :—

CENTRAL LIBRARY

ব্যঞ্জনান্ত শব্দের পরস্থিত প্রথমার একবচন স্ (স্থ) বিভক্তির লোপ হয়, কারণ ৪৩ সংখ্যক নিয়মানুসারে শব্দের অন্তে প্রায়ই একটীর অধিক ব্যঞ্জনবর্ণ থাকে না। নিম্নলিখিত প্রকারে অন্তস্থিত ব্যঞ্জনবর্ণসকলের পরিবর্ত্তন হয়—

(ক) প্রথমা বিভক্তির একবচনে ক-বর্গ, ত-বর্গ ও প-বর্গের দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ণ স্থানে, যথাক্রমে ক্, ত্ এবং প্ হয়।

(খ) পদের অন্তস্থিত চ্ স্থানে ক্, ছ্ স্থানে ট্, এবং জ্ স্থানে কখনও ক্ এবং কখনও ট্ হয়।

(গ) পদান্ত র্ (রেফ) এবং স্ স্থানে বিসর্গ হয়।

(ঘ) পদান্ত শ্ এবং ষ্ স্থানে কখনও ট্ এবং কখনও ক্ হয়।

(ঙ) পদান্ত হ্ স্থানে কখনও ট্ এবং কখনও ক্ বা ত্ হয়।

(চ) সপ্তমীর বহুবচনেও এইরূপই পরিবর্ত্তন হয়।

(ছ) ভকারাদি বিভক্তি পরে থাকিলে ক-বর্গ, চ-বর্গ, ট-বর্গ, ত-বর্গ ও প-বর্গ স্থানে যথাক্রমে গ্, জ, ড্, দ্ ও ব্ হয়। ভকারাদি অথবা সকারাদি বিভক্তি পরে থাকিলে অন্তস্থিত স্ এবং র্ (রেফ) স্থানে বিসর্গ হয় এবং তৎপর ৭৯, ৮১, ৮৬ সংখ্যায় উল্লিখিত সন্ধির নিয়মানুসারে কার্য্য হয়।

উপরি লিখিত পরিবর্ত্তন ভিন্ন অন্য কোন প্রকার পরিবর্ত্তন হয় নাই এরূপ কতকগুলি ব্যঞ্জনান্ত শব্দ প্রদর্শিত হইতেছে :—

CENTRAL LIBRARY

১৩১। নিম্নলিখিত শব্দটীতে অন্য কোন প্রকার পরিবর্ত্তন হয় নাই, কেবল সপ্তমীর বহুবচনে বিকল্পে পরিবর্ত্তন হইয়াছে।

পুংলিঙ্গ এবং স্ত্রীলিঙ্গ

সুগণ্‌শব্দ

(সুগণ্‌—যে উত্তম গণনা করে)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সুগণ্‌	সুগণৌ	সুগণঃ
দ্বিতীয়া	সুগণম্‌	সুগণৌ	সুগণঃ
তৃতীয়া	সুগণা	সুগণ্‌ভ্যাম্‌	সুগণ্‌ভিঃ
চতুর্থী	সুগণে	সুগণ্‌ভ্যাম্‌	সুগণ্‌ভ্যঃ
পঞ্চমী	সুগণঃ	সুগণ্‌ভ্যাম্‌	সুগণ্‌ভ্যঃ
ষষ্ঠী	সুগণঃ	সুগণোঃ	সুগণাম্‌
সপ্তমী	সুগণি	সুগণোঃ	সুগণ্‌সু, সুগণ্‌ট্‌সু
সম্বোধন	সুগণ্‌	সুগণৌ	সুগণঃ

নপুংসকলিঙ্গে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গের ন্যায়ই রূপ হইবে, কেবল প্রথমা ও দ্বিতীয়ার দ্বিবচনে সুগণী এবং বহুবচনে সুগণি হইবে।

CENTRAL LIBRARY

১৩২। নিম্নলিখিত ব্যঞ্জনান্ত শব্দে সামান্য পরিবর্ত্তন হয়, কিন্তু অধিকাংশ স্থলেই যে প্রকার শব্দ সেই প্রকারই থাকে।

পুংলিঙ্গ এবং স্ত্রীলিঙ্গ সুহৃদ্‌শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সুহৃৎ	সুহৃদৌ	সুহৃদঃ
দ্বিতীয়া	সুহৃদম্	সুহৃদৌ	সুহৃদঃ
তৃতীয়া	সুহৃদা	সুহৃদ্ভ্যাম্	সুহৃদ্ভিঃ
চতুর্থী	সুহৃদে	সুহৃদ্ভ্যাম্	সুহৃদ্ভ্যঃ
পঞ্চমী	সুহৃদঃ	সুহৃদ্ভ্যাম্	সুহৃদ্ভ্যঃ
ষষ্ঠী	সুহৃদঃ	সুহৃদোঃ	সুহৃদাম্
সপ্তমী	সুহৃদি	সুহৃদোঃ	সুহৃৎসু
সম্বোধন	সুহৃৎ	সুহৃদৌ	সুহৃদঃ

নপুংসকলিঙ্গে প্রথমা ও দ্বিতীয়ার দ্বিবচনে সুহৃদী এবং বহুবচনে সুহৃন্দি হইবে।

১৩৩। পরবর্ত্তী উদাহরণগুলিতে ব্যঞ্জনান্ত শব্দের বিভক্তি-যোগে পরিবর্ত্তন দেখান গেল—

CENTRAL LIBRARY

	১মা	১মা	৩য়া	৭মী
	একবচন	বহুবচন	বহুবচন	বহুবচন
পুম্-স্ত্রী, চিত্রলিখ্—	চিত্রলিক্	চিত্রলিখঃ	চিত্রলিগ্‌ভিঃ	চিত্রলিক্ষু
স্ত্রী, বাচ্—	বাক্	বাচঃ	বাগ্‌ভিঃ	বাক্ষু
স্ত্রী, স্রজ্—	স্রক্	স্রজঃ	স্রগ্‌ভিঃ	স্রক্ষু
পুম্, সম্রাজ্—	সম্রাট্	সম্রাজঃ	সম্রাড্‌ভিঃ	সম্রাট্‌সু
পুম্-স্ত্রী, অগ্নিমথ্—	অগ্নিমৎ	অগ্নিমথঃ	অগ্নিমদ্ভিঃ	অগ্নিমৎসু
স্ত্রী, ককুভ্—	ককুপ্	ককুভঃ	ককুব্‌ভিঃ	ককুপ্সু
স্ত্রী, দ্বার্—	দ্বাঃ	দ্বারঃ	দ্বার্ভিঃ	দ্বার্ষু
স্ত্রী, দিশ্—	দিক্	দিশঃ	দিগ্‌ভিঃ	দিক্ষু
পুম্-স্ত্রী, বিশ্—	বিট্	বিশঃ	বিড্‌ভিঃ	বিট্‌সু
পুম্-স্ত্রী, দুহ্—	ধুক্ [১]	দুহঃ	ধুগ্‌ভিঃ	ধুক্ষু
পুম্-স্ত্রী, মধুলিহ্—	মধুলিট্	মধুলিহঃ	মধুলিড্‌ভিঃ	মধুলিট্‌সু
স্ত্রী, উপানহ্—	উপানৎ	উপানহঃ	উপানদ্ভিঃ	উপানৎসু

[১] দুহ্—ধুক্ ইত্যাদি, নিম্নলিখিত (ক) ও (খ) নিয়ম অনুসারে হইবে—

(ক) পদের অন্তে যদি ধাতুর আদিবর্ণ দকার ও অন্ত্যবর্ণ হকার থাকে, তাহা হইলে অথবা বর্গের প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ বর্ণ বা শ্, ষ্, স্, ও হ্ পরে থাকিলে, দ্ স্থানে ধ্ এবং হ্ স্থানে ক্ এবং গ্ হয়; যথা—প্রথমার একবচনে দুহ্=ধুক্, ধুগ্।

CENTRAL LIBRARY

১৩৪। যে সকল নপুংসকলিঙ্গ শব্দের প্রথমা ও দ্বিতীয়ার বহুবচনে অন্ত্যবর্ণের পূর্ব্বে একটী ন্ যুক্ত হয়, তাহাদের আরও দুই একটী উদাহরণ ; যথা—

হরিৎ—হরিন্তি
সদৃশ্—সদৃংশি

১৩৫। যে সকল শব্দের অন্তে ইর্ অথবা উর্ থাকে, প্রথমার একবচনে এবং ব্যঞ্জনাদি বিভক্তি পরে থাকিলে তাহাদের হ্রস্ব ই এবং হ্রস্ব উ দীর্ঘ হয়।

	১মা একবচন,	১মা বহুবচন,	৩য়া বহুবচন,	৭মী বহুবচন
স্ত্রী, গির্—	গীঃ	গিরঃ	গীর্ভিঃ	গীর্ষু
স্ত্রী, পুর্—	পূঃ	পুরঃ	পূর্ভিঃ	পূর্ষু

(খ) যদি ধাতুর অন্তে ঘ্, ধ্ কিংবা ভ্ থাকে, এবং ইহাদের অব্যবহিত পূর্ব্বে স্বরযুক্ত গ্, দ্ কিংবা ব্ থাকে, তাহা হইলে পদান্তে অথবা সকার, ভকার কিংবা ধ্ব পরে থাকিলে, ঘ্, ধ্ ও ভ্ স্থানে যথাক্রমে গ্, দ্ ও ব্ বা ক্, ৎ ও প্ হয়, এবং পূর্ব্ববর্ত্তী গ্, দ্ ও ব্ স্থানে যথাক্রমে ঘ্, ধ্ ও ভ্ হয়। যথা—

	বুধ্	গর্দভ্
প্রথমা-একবচন	ভুৎ	গর্দপ্
তৃতীয়া-বহুবচন	ভুদ্ভিঃ	গর্দ্ভিঃ
সপ্তমী-বহুবচন	ভুৎসু	গর্দপ্সু

CENTRAL LIBRARY

১৩৬। প্রথমার ও দ্বিতীয়ার বহুবচনে নপুংসকলিঙ্গে অস, ইস্ ও উস্-ভাগান্ত শব্দের অ, ই এবং উ দীর্ঘ হয়, এবং সকারের পূর্ব্বে ং যুক্ত হয় (১২৯)। প্রথমার এবং দ্বিতীয়ার বহুবচনে মনস্ = মনাংসি, হবিস্ = হবীংষি, আয়ুস্ = আয়ূংষি।

(ক) নপুংসকলিঙ্গ মনস্‌শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মনঃ	মনসী	মনাংসি
দ্বিতীয়া	মনঃ	মনসী	মনাংসি
তৃতীয়া	মনসা	মনোভ্যাম্	মনোভিঃ
চতুর্থী	মনসে	মনোভ্যাম্	মনোভ্যঃ
পঞ্চমী	মনসঃ	মনোভ্যাম্	মনোভ্যঃ
ষষ্ঠী	মনসঃ	মনসোঃ	মনসাম্
সপ্তমী	মনসি	মনসোঃ	মনঃসু
সম্বোধন	মনঃ	মনসী	মনাংসি

(খ) প্রথমা বিভক্তির একবচনে কিংবা ব্যঞ্জনাদি বিভক্তি স্থলে আশিস্‌শব্দের হ্রস্ব ই স্থানে দীর্ঘ ঈ হয়।

স্ত্রীলিঙ্গ আশিস্‌শব্দ

১মা একবচন	১মা ও ২য়া বহুবচন	তৃতীয়া বহুবচন	সপ্তমী বহুবচন
আশীঃ	আশিষঃ	আশীর্ভিঃ	আশীঃষু

CENTRAL LIBRARY

১৩৭। প্রথমার একবচনে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ অস্-ভাগান্ত শব্দের অকার স্থানে আ হয়; যথা—

পুম্, চন্দ্রমস্=চন্দ্রমাঃ।

পুম্-স্ত্রী, সুমনস্=সুমনাঃ।

নপুংসক, সুমনস্=সুমনঃ।

১৩৮। ইন্, মিন্ ও বিন্-ভাগান্ত শব্দসকলের বিশেষ নিয়ম নিম্নে প্রদর্শিত হইল—

(ক) পুংলিঙ্গে প্রথমার একবচনে পদের অন্তস্থিত নকারের লোপ হয়, এবং হ্রস্ব ই স্থানে দীর্ঘ ঈ হয়। যথা—

ধনিন্—ধনী।

(খ) নপুংসকলিঙ্গে প্রথমার ও দ্বিতীয়ার একবচনে পদের অন্তস্থিত নকারের লোপ হয়, কিন্তু সম্বোধনের একবচনে বিকল্পে লোপ হয়।

নপুংসকলিঙ্গে প্রথমার ও দ্বিতীয়ার একবচনে

ধনিন্=ধনি,

কিন্তু সম্বোধনের একবচনে

ধনি বা ধনিন্।

(গ) নপুংসকলিঙ্গে প্রথমা, দ্বিতীয়া এবং সম্বোধনের বহুবচনে ইন্এর হ্রস্ব ই স্থানে দীর্ঘ ঈ হয়। যথা—

ধনিন্—ধনীনি।

(ঘ) এইপ্রকার শব্দের স্ত্রীলিঙ্গ করিতে হইলে অন্ত্যবর্ণের সহিত একটী ঈ যোগ করিতে হয়, যথা—

ধনিন্—ধনিনী, নদীশব্দের ন্যায় ইহার রূপ হয়।

CENTRAL LIBRARY

(খ) পরিবৃত্তিসহ শব্দ
(Changeable Bases)

১৩৯। এইরূপ শব্দকে আবার দুইভাগে বিভক্ত করা যাইতে পারে, যথা—

(ক) যে সকল শব্দ দ্বিবিধ আকার পরিগ্রহ করে, এবং (খ) যাহারা ত্রিবিধ আকার গ্রহণ করে।

(ক) যে সকল শব্দ দ্বিবিধ আকার পরিগ্রহ করে

১৪০। এই সকল শব্দের পুংলিঙ্গে প্রথমা, দ্বিতীয়া ও সম্বোধনের একবচনে ও দ্বিবচনে এবং প্রথমা ও সম্বোধনের বহুবচনে, এবং ক্লীবলিঙ্গে প্রথমা, দ্বিতীয়া ও সম্বোধনের বহুবচনে একরূপ আকার হয় এবং অন্যান্য বিভক্তিতে অন্যরূপ আকার হয়। পূর্ব্বোক্ত রূপে সাধারণতঃ কোথায়ও বা উপধা হ্রস্ব স্বর দীর্ঘ হয়, কোথায়ও বা অন্ত্য ব্যঞ্জনের পূর্ব্বে একটী অনুনাসিক বর্ণের আগম হওয়াতে উক্ত স্বরকে গুরু করে; সুতরাং এতাদৃশ আকারে গুরু স্বর লক্ষিত হওয়াতে পাশ্চাত্য ব্যাকরণানুসারে উহাকে পীনাঙ্গ (Strong) বলা হয়, এবং শেষোক্ত আকারে লঘু স্বর লক্ষিত হওয়াতে ক্ষীণাঙ্গ (Weak) বলা হয়।

এইরূপ যে সকল শব্দ দ্বিবিধ আকার পরিগ্রহ করে তাহাদিগের শ্রেণীবিভাগ নিম্নে প্রদর্শিত হইল—

(১) অৎ-প্রত্যয়ান্ত শব্দ

১৪১। অৎ-প্রত্যয়ান্ত অদৎশব্দ। ইহার দ্বিবিধ আকার, যথা—অদন্ত্—এটী গুরুস্বর-বিশিষ্ট (Strong), এবং অদৎ—এটী হ্রস্বস্বর-বিশিষ্ট (Weak)।

CENTRAL LIBRARY

পুংলিঙ্গ এবং নপুংসকলিঙ্গ

অদৎশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা (পুম্)	অদন্	অদন্তৌ	অদন্তঃ
(নপুম্)	অদৎ	অদতী	অদন্তি
দ্বিতীয়া (পুম্)	অদন্তম্	অদন্তৌ	অদতঃ
(নপুম্)	অদৎ	অদতী	অদন্তি
তৃতীয়া	অদতা	অদদ্ভ্যাম্	অদদ্ভিঃ
চতুর্থী	অদতে	অদদ্ভ্যাম্	অদদ্ভ্যঃ
পঞ্চমী	অদতঃ	অদদ্ভ্যাম্	অদদ্ভ্যঃ
ষষ্ঠী	অদতঃ	অদতোঃ	অদতাম্
সপ্তমী	অদতি	অদতোঃ	অদৎসু
সম্বোধন (পুম্)	অদন্	অদন্তৌ	অদন্তঃ
(নপুম্)	অদৎ	অদতী	অদন্তি

১৪২। ভ্বাদি, দিবাদি এবং চুরাদিগণীয় ধাতুর সহিত অৎ এই কৃৎপ্রত্যয়ের যোগ হইলে যে অৎ-ভাগান্ত শব্দ হয়, তাহার নপুংসকলিঙ্গের প্রথমার ও দ্বিতীয়ার দ্বিবচনে এবং সম্বোধনের দ্বিবচনে হলন্ত তকারের পূর্ব্বে ন্ হয়।

বোধৎ—বোধন্তী (ভ্বাদি), দিব্যৎ—দিব্যন্তী (দিবাদি), চোরয়ৎ—চোরয়ন্তী (চুরাদি)।

CENTRAL LIBRARY

১৪৩। তুদাদিগণীয় ধাতুর সহিত বা অদাদিগণীয় আকারান্ত ধাতুর সহিত অৎ যোগ হইলে এবং ভবিষ্যৎকালে স্যৎ যোগ হইলে যে অৎ বা স্যৎ-ভাগান্ত শব্দ হয়, তাহাদের ক্লীবলিঙ্গে প্রথমার ও দ্বিতীয়ার দ্বিবচনে ৎএর পূর্ব্বে বিকল্পে ন্ হয়।

তুদৎ—তুদতী বা তুদন্তী (তুদাদি)।
যাৎ—যাতী বা যান্তী (অদাদি)।
দাস্যৎ—দাস্যতী বা দাস্যন্তী (স্যৎপ্রত্যয়)।

১৪৪। এতদ্‌ভিন্ন অন্যগণীয় এবং আকারান্ত ভিন্ন অদাদিগণীয় ধাতুর সহিত অৎ (কৃৎপ্রত্যয়) যোগ হইলে ঐ স্থানে ন্ হয় না।

অদৎ—অদতী (অদাদি)।
দদৎ—দদতী (জুহোত্যাদি)।

১৪৫। স্ত্রীলিঙ্গে এই শ্রেণীর শব্দ দীর্ঘ ঈকারান্ত হইবে ও ক্লীবলিঙ্গে যে নিয়মে তকারের পূর্ব্বে ন্ যুক্ত হয় সেই নিয়মে ন্ যুক্ত হইবে।

বোধৎ—(স্ত্রী) বোধন্তী।
অদৎ—(স্ত্রী) অদতী।
দাস্যৎ—(স্ত্রী) দাস্যতী বা দাস্যন্তী।
নদীশব্দের ন্যায় ইহাদের রূপ হইবে।

১৪৬। যে সকল কৃদন্ত অৎ-ভাগান্ত শব্দ হ্বাদিগণীয় ধাতু হইতে অথবা জক্ষ্, জাগৃ, দরিদ্রা, চকাস্, শাস্ হইতে উৎপন্ন হইয়াছে, [যেমন দদৎ, জক্ষৎ, জাগ্রৎ, দরিদ্রৎ, চকাসৎ, শাসৎ ইত্যাদি] তাহাদের ৎএর পূর্ব্বে ন্ হয় না।

CENTRAL LIBRARY

পুংলিঙ্গ দদৎশব্দ

প্রথমা—দদৎ	দদতৌ	দদতঃ
দ্বিতীয়া—দদতম্	দদতৌ	দদতঃ ইত্যাদি।

(২) বৃহৎশব্দ (বিশেষণ)—অদৎশব্দের ন্যায় হইবে।

বৃহন্ (পুম্, প্রথমা এক), বৃহন্তম্ (পুম্, দ্বিতীয়া এক)। প্রথমার দ্বিবচনে নপুংসকলিঙ্গে—বৃহতী। (১৪৩। দ্রষ্টব্য)

স্ত্রীলিঙ্গে বৃহৎ=বৃহতী।

(৩) মহৎশব্দ (বিশেষণ)

মহৎশব্দের (বিশেষণ) পুংলিঙ্গ ও নপুংসকলিঙ্গের রূপ নিম্নে প্রদত্ত হইল—

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা (পুম্)	মহান্	মহান্তৌ	মহান্তঃ
(নপুম্)	মহৎ	মহতী	মহান্তি
দ্বিতীয়া (পুম্)	মহান্তম্	মহান্তৌ	মহতঃ
(নপুম্)	মহৎ	মহতী	মহান্তি
তৃতীয়া	মহতা	মহদ্ভ্যাম্	মহদ্ভিঃ
চতুর্থী	মহতে	মহদ্ভ্যাম্	মহদ্ভ্যঃ

ইত্যাদি।

স্ত্রীলিঙ্গে মহৎ=মহতী, নদীশব্দের ন্যায় রূপ হইবে।

(৪) মৎ এবং বৎ-ভাগান্ত শব্দ

১৪৭। ইহাদের রূপ কৃৎ-প্রত্যয়ান্ত অৎ-ভাগান্ত শব্দের ন্যায় হইবে, কেবল পুংলিঙ্গে সম্বোধন ভিন্ন প্রথমার একবচনে অকার স্থানে আকার হইবে; অর্থাৎ ধীমন্ না হইয়া ধীমান্ হইবে।

CENTRAL LIBRARY

ধীমৎ ও বিদ্যাবৎশব্দ

পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধীমান্	ধীমন্তৌ	ধীমন্তঃ
	বিদ্যাবান্	বিদ্যাবন্তৌ	বিদ্যাবন্তঃ
দ্বিতীয়া	ধীমন্তম্	ধীমন্তৌ	ধীমতঃ
	বিদ্যাবন্তম্	বিদ্যাবন্তৌ	বিদ্যাবতঃ
তৃতীয়া	ধীমতা	ধীমদ্ভ্যাম্	ধীমদ্ভিঃ
	বিদ্যাবতা	বিদ্যাবদ্ভ্যাম্	বিদ্যাবদ্ভিঃ

ইত্যাদি।

নপুংসকলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধীমৎ	ধীমতী	ধীমন্তি
	বিদ্যাবৎ	বিদ্যাবতী	বিদ্যাবন্তি

স্ত্রীলিঙ্গ

প্রথমা	ধীমতী	ধীমত্যৌ	ধীমত্যঃ
	বিদ্যাবতী	বিদ্যাবত্যৌ	বিদ্যাবত্যঃ

১৪৮। ভবৎ (হওয়া)—অদৎশব্দের ন্যায় হইবে।

ভবৎ (মহাশয়, আপনি)—সর্ব্বনাম, পুংলিঙ্গে প্রথমার একবচনে ভবান্ (যেমন বিদ্যাবান্)। স্ত্রীলিঙ্গে ভবৎ (মহাশয়া)= ভবতী; কিন্তু ভবৎ (হওয়া অর্থে) স্ত্রীলিঙ্গে=ভবন্তী।

(৫) কিয়ৎ ও ইয়ৎশব্দ

১৪৯। কিয়ৎ (কত) এবং ইয়ৎ (এত)—ইহাদের রূপ বিদ্যাবৎশব্দের ন্যায় হইবে।

CENTRAL LIBRARY

পুংলিঙ্গ কিয়ৎশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কিয়ান্	কিয়ন্তৌ	কিয়ন্তঃ
দ্বিতীয়া	কিয়ন্তম্	কিয়ন্তৌ	কিয়তঃ

ইত্যাদি।

(৬) উৎকর্ষ-বোধক ঈয়স্-ভাগান্ত শব্দ

১৫০। গরীয়স্‌শব্দ

(গুরুশব্দের উত্তর উৎকর্ষার্থে ঈয়স্)

পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গরীয়ান্	গরীয়াংসৌ	গরীয়াংসঃ
দ্বিতীয়া	গরীয়াংসম্	গরীয়াংসৌ	গরীয়সঃ
তৃতীয়া	গরীয়সা	গরীয়োভ্যাম্	গরীয়োভিঃ
চতুর্থী	গরীয়সে	গরীয়োভ্যাম্	গরীয়োভ্যঃ
পঞ্চমী	গরীয়সঃ	গরীয়োভ্যাম্	গরীয়োভ্যঃ
ষষ্ঠী	গরীয়সঃ	গরীয়সোঃ	গরীয়সাম্
সপ্তমী	গরীয়সি	গরীয়সোঃ	গরীয়ঃসু
সম্বোধন	গরীয়ন্	গরীয়াংসৌ	গরীয়াংসঃ

নপুংসকলিঙ্গে অধিকাংশ স্থলেই পুংলিঙ্গের ন্যায় হইবে, কেবল প্রথমা, দ্বিতীয়া এবং সম্বোধনে অন্য প্রকার হইবে—

	একবচন	দ্বিবচন	বহুবচন
১মা, ২য়া ও সম্বোধন	গরীয়ঃ	গরীয়সী	গরীয়াংসি

স্ত্রীলিঙ্গে গরীয়স্=গরীয়সী ; নদীশব্দের ন্যায় রূপ হইবে।

CENTRAL LIBRARY

(৭) ব্যঞ্জনযুক্ত মন্ এবং বন্-ভাগান্ত শব্দ [যথা—আত্মন্ (পুম্), যজ্বন্ (পুম্), ব্রহ্মন্ (পুম্ ও নপুম্), পর্বন্ (নপুম্)]

১৫১। উপরি উক্ত পুংলিঙ্গ শব্দগুলির প্রথমার সমস্ত বচনে ও দ্বিতীয়ার একবচন ও দ্বিবচনে নকারের পূর্ব্বস্থিত অকার আকার হয়; এবং সম্বোধন ভিন্ন প্রথমার একবচনে ও অন্য ব্যঞ্জনাদি বিভক্তি পরে থাকিলে নকারের লোপ হয়।

পুংলিঙ্গ আত্মন্‌শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	আত্মা	আত্মানৌ	আত্মানঃ
দ্বিতীয়া	আত্মানম্	আত্মানৌ	আত্মনঃ
তৃতীয়া	আত্মনা	আত্মভ্যাম্	আত্মভিঃ
চতুর্থী	আত্মনে	আত্মভ্যাম্	আত্মভ্যঃ
পঞ্চমী	আত্মনঃ	আত্মভ্যাম্	আত্মভ্যঃ
ষষ্ঠী	আত্মনঃ	আত্মনোঃ	আত্মনাম্
সপ্তমী	আত্মনি	আত্মনোঃ	আত্মসু
সম্বোধন	আত্মন্	আত্মানৌ	আত্মানঃ

১৫২। প্রথমা, দ্বিতীয়া এবং সম্বোধনে ক্লীবলিঙ্গ ব্রহ্মন্‌শব্দের রূপ—

ব্রহ্ম ব্রহ্মণী ব্রহ্মাণি

অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের ন্যায় রূপ হইবে।

CENTRAL LIBRARY

(খ) যে সকল শব্দ ত্রিবিধ আকার গ্রহণ করে

১৫৩। এই শ্রেণীর শব্দের তিনটী বিভিন্ন আকার হয়। সেই ত্রিবিধ আকারকে পাশ্চাত্ত্য-ব্যাকরণানুসারে যথাক্রমে পীনাঙ্গ (strong), মধ্যমাঙ্গ (middle) ও ক্ষীণাঙ্গ (weak) বলা হয়।

১৪০ সংখ্যায় বর্ণিত দ্বিবিধ আকারের শব্দরূপে যে যে আকার যে যে বিভক্তির পূর্ব্বে পীনাঙ্গ, ত্রিবিধ আকারের শব্দরূপেও সেই সেই বিভক্তির পূর্ব্বে পীনাঙ্গ। ব্যঞ্জনাদি বিভক্তির পূর্ব্ববর্ত্তী শব্দের আকার মধ্যমাঙ্গ। অবশিষ্ট স্থলে ক্ষীণাঙ্গ। এই শ্রেণীর শব্দের নপুংসকলিঙ্গে প্রথমা, দ্বিতীয়া ও সম্বোধনের একবচনে মধ্যমাঙ্গ ; দ্বিবচনে ক্ষীণাঙ্গ। (বিদ্বস্‌শব্দের রূপ দ্রষ্টব্য)।

(১) অসংযুক্ত মন্ ও বন্-ভাগান্ত, এবং অন্-ভাগান্ত শব্দ ; যথা—

সীমন্ (স্ত্রী), নামন্ (নপুম্), গ্রাবন্ (পুম্), রাজন্ (পুম্), তক্ষন্ (পুম্)। (১৫১।)

১৫৪। রাজন্ প্রভৃতি শব্দের ত্রিবিধ অঙ্গ, যথা—

পীনাঙ্গ—যখন পুংলিঙ্গে প্রথমার সকল বচনে, দ্বিতীয়ার একবচন ও দ্বিবচনে এবং সম্বোধনের দ্বিবচন ও বহুবচনে উপধা অকার স্থানে আকার হয়।

মধ্যমাঙ্গ—যখন ব্যঞ্জনাদি বিভক্তি পরে থাকাতে নকারের লোপ হয়।

CENTRAL LIBRARY

ক্ষীণাঙ্গ—যখন দ্বিতীয়ার বহুবচন, তৃতীয়ার একবচন, চতুর্থীর একবচন, পঞ্চমীর একবচন, ষষ্ঠীর একবচন, দ্বিবচন ও বহুবচন, এবং সপ্তমীর একবচন ও দ্বিবচনে নকারের পূর্ব্ববর্ত্তী অকারের লোপ হয়। (সপ্তমীর একবচনে উক্ত পরিবর্ত্তন বিকল্পে হয়)।

রাজন্ প্রভৃতি পুংলিঙ্গ অন্-ভাগান্ত শব্দের প্রথমার একবচনে নকারের লোপ হয়।

রাজন্‌শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	রাজা	রাজানৌ	রাজানঃ
দ্বিতীয়া	রাজানম্	রাজানৌ	রাজ্ঞঃ
তৃতীয়া	রাজ্ঞা	রাজভ্যাম্	রাজভিঃ
চতুর্থী	রাজ্ঞে	রাজভ্যাম্	রাজভ্যঃ
পঞ্চমী	রাজ্ঞঃ	রাজভ্যাম্	রাজভ্যঃ
ষষ্ঠী	রাজ্ঞঃ	রাজ্ঞোঃ	রাজ্ঞাম্
সপ্তমী	রাজ্ঞি, রাজনি	রাজ্ঞোঃ	রাজসু
সম্বোধন	রাজন্	রাজানৌ	রাজানঃ

স্ত্রীলিঙ্গে রাজন্‌শব্দ—রাজ্ঞী, নদীশব্দের ন্যায় রূপ হইবে।

নামন্‌শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নাম	নাম্নী, নামনী	নামানি
দ্বিতীয়া	নাম	নাম্নী, নামনী	নামানি
সম্বোধন	নাম, নামন্	নাম্নী, নামনী	নামানি

CENTRAL LIBRARY

(২) কতিপয় অন্-ভাগান্ত ও হন্-ভাগান্ত শব্দ

১৫৫। পূষন্, অর্যমন্ এবং হন্-ভাগান্ত শব্দের পুংলিঙ্গে প্রথমার একবচনে ও নপুংসকলিঙ্গে প্রথমা ও দ্বিতীয়ার বহুবচনে নকারের পূর্ব্ববর্ত্তী অকার আকার হয়। হন্-ভাগান্ত শব্দের নকারের পূর্ব্ববর্ত্তী অকারের লোপ হইলে (১৫৪।) হকার স্থানে ঘ হইয়া যে ঘ্ন হয় তাহাতে দন্ত্য ন মূর্দ্ধন্য হয় না।

পুংলিঙ্গ বৃত্রহন্‌শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বৃত্রহা	বৃত্রহণৌ	বৃত্রহণঃ
দ্বিতীয়া	বৃত্রহণম্	"	বৃত্রঘ্নঃ
তৃতীয়া	বৃত্রঘ্না	বৃত্রহভ্যাম্	বৃত্রহভিঃ
চতুর্থী	বৃত্রঘ্নে	"	বৃত্রহভ্যঃ
পঞ্চমী	বৃত্রঘ্নঃ	"	বৃত্রহভ্যঃ
ষষ্ঠী	বৃত্রঘ্নঃ	বৃত্রঘ্নোঃ	বৃত্রঘ্নাম্
সপ্তমী	বৃত্রঘ্নি, বৃত্রহণি	"	বৃত্রহসু
সম্বোধন	হে বৃত্রহন্	হে বৃত্রহণৌ	হে বৃত্রহণঃ

(৩) পুংলিঙ্গ শ্বন্‌শব্দ

১৫৬। পুংলিঙ্গে শ্বন্‌শব্দ রাজন্‌শব্দের ন্যায় হইবে। দ্বিতীয়ার বহুবচনে, তৃতীয়া, চতুর্থী ও পঞ্চমীর একবচনে, ষষ্ঠীর সকল বচনে, সপ্তমীর একবচন ও দ্বিবচনে (অর্থাৎ ক্ষীণাঙ্গ স্থলে) শুন্ এইরূপ হইবে।

CENTRAL LIBRARY

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	শ্বা	শ্বানৌ	শ্বানঃ
দ্বিতীয়া	শ্বানম্	শ্বানৌ	শুনঃ
তৃতীয়া	শুনা	শ্বভ্যাম্	শ্বভিঃ
	ইত্যাদি।		
সম্বোধন	শ্বন্		

(৪) পুংলিঙ্গ যুবন্‌শব্দ

১৫৭। পুংলিঙ্গে যুবন্‌শব্দ দ্বিতীয়ার বহুবচন হইতে স্বরাদি বিভক্তিতে (অর্থাৎ ক্ষীণাঙ্গ স্থলে) যূন্ হইবে (১৫৬। দ্রষ্টব্য)।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	যুবা	যুবানৌ	যুবানঃ
দ্বিতীয়া	যুবানম্	যুবানৌ	যূনঃ
তৃতীয়া	যূনা	যুবভ্যাম্	যুবভিঃ
	ইত্যাদি।		
সম্বোধন	যুবন্		

(৫) পুংলিঙ্গ মঘবন্‌শব্দ

১৫৮। পুংলিঙ্গে মঘবন্‌শব্দ দ্বিতীয়ার বহুবচন হইতে স্বরাদি বিভক্তিতে (অর্থাৎ ক্ষীণাঙ্গ স্থলে) মঘোন্ হইবে। (১৫৬।)

CENTRAL LIBRARY

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মঘবা	মঘবানৌ	মঘবানঃ
দ্বিতীয়া	মঘবানম্	মঘবানৌ	মঘোনঃ
তৃতীয়া	মঘোনা	মঘবভ্যাম্	মঘবভিঃ
	ইত্যাদি।		
সম্বোধন	মঘবন্		

(৬) নপুংসকলিঙ্গ অহন্‌শব্দ

১৫৯। নপুংসকলিঙ্গ অহন্‌শব্দ প্রথমা, দ্বিতীয়া ও সম্বোধনের একবচনে এবং বিভক্তির স্ ও ভ্ পরে থাকিলে (অর্থাৎ মধ্যমাঙ্গ স্থলে) অহঃ হইবে এবং ভ পরে থাকিলে সন্ধি দ্বারা 'ও' হইবে।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অহঃ	অহ্নী, অহনী	অহানি
দ্বিতীয়া	অহঃ	অহ্নী, অহনী	অহানি
তৃতীয়া	অহ্না	অহোভ্যাম্	অহোভিঃ
চতুর্থী	অহ্নে	অহোভ্যাম্	অহোভ্যঃ
পঞ্চমী	অহ্নঃ	অহোভ্যাম্	অহোভ্যঃ
ষষ্ঠী	অহ্নঃ	অহ্নোঃ	অহ্নাম্
সপ্তমী	অহ্নি, অহনি	অহ্নোঃ	অহঃসু
সম্বোধন	অহঃ	অহ্নী, অহনী	অহানি

CENTRAL LIBRARY

(৭) পুংলিঙ্গ পথিন্‌শব্দ

১৬০। পথিন্ পুংলিঙ্গে প্রথমার সমস্ত বিভক্তিতে এবং দ্বিতীয়ার একবচন ও দ্বিবচনে (অর্থাৎ পীনাঙ্গ স্থলে) পন্থান্ হইবে, দ্বিতীয়ার বহুবচনে, তৃতীয়া চতুর্থী ও পঞ্চমীর একবচনে, ষষ্ঠীর সমস্ত বচনে ও সপ্তমীর একবচন এবং দ্বিবচনে (অর্থাৎ ক্ষীণাঙ্গ স্থলে) পথ্ হইবে; এবং ব্যঞ্জনাদি বিভক্তি পরে থাকিলে (অর্থাৎ মধ্যমাঙ্গ স্থলে) পথি হইবে। প্রথমার একবচনে নকারের লোপ, ও স্ স্থানে বিসর্গ হইবে।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পন্থাঃ	পন্থানৌ	পন্থানঃ
দ্বিতীয়া	পন্থানম্	পন্থানৌ	পথঃ
তৃতীয়া	পথা	পথিভ্যাম্	পথিভিঃ
চতুর্থী	পথে	পথিভ্যাম্	পথিভ্যঃ
পঞ্চমী	পথঃ	পথিভ্যাম্	পথিভ্যঃ
ষষ্ঠী	পথঃ	পথোঃ	পথাম্
সপ্তমী	পথি	পথোঃ	পথিষু
সম্বোধন	পন্থাঃ	পন্থানৌ	পন্থানঃ

(৮) বস্-ভাগান্ত শব্দ

১৬১। প্রথমার সমস্ত বচনে ও দ্বিতীয়ার একবচন ও দ্বিবচনে (অর্থাৎ পীনাঙ্গ স্থলে) পুংলিঙ্গে বস্-ভাগান্ত শব্দের বস্ স্থানে বাংস্ হয় ও প্রথমার একবচনে বান্ হয়। দ্বিতীয়ার

CENTRAL LIBRARY

বহুবচনে, তৃতীয়া চতুর্থী ও পঞ্চমীর একবচনে, ষষ্ঠীর সমস্ত বচনে এবং সপ্তমীর একবচন ও দ্বিবচনে (অর্থাৎ ক্ষীণাঙ্গ স্থলে) বস্=উষ্ ; ব্যঞ্জনাদি বিভক্তিতে (অর্থাৎ মধ্যমাঙ্গ স্থলে) বস্= বৎ ; এবং সম্বোধনের একবচনে বস্=বন্ হইবে।

পুংলিঙ্গ বিদ্বস্‌শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বিদ্বান্	বিদ্বাংসৌ	বিদ্বাংসঃ
দ্বিতীয়া	বিদ্বাংসম্	বিদ্বাংসৌ	বিদুষঃ
তৃতীয়া	বিদুষা	বিদ্বদ্‌ভ্যাম্	বিদ্বদ্ভিঃ
চতুর্থী	বিদুষে	বিদ্বদ্‌ভ্যাম্	বিদ্বদ্ভ্যঃ
পঞ্চমী	বিদুষঃ	বিদ্বদ্‌ভ্যাম্	বিদ্বদ্ভ্যঃ
ষষ্ঠী	বিদুষঃ	বিদুষোঃ	বিদুষাম্
সপ্তমী	বিদুষি	বিদুষোঃ	বিদ্বৎসু
সম্বোধন	বিদ্বন্	বিদ্বাংসৌ	বিদ্বাংসঃ

নপুংসকলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা, দ্বিতীয়া ও সম্বোধন	বিদ্বৎ	বিদুষী	বিদ্বাংসি

স্ত্রীলিঙ্গে বস্-ভাগান্ত শব্দের অন্তে ঈ যুক্ত হয়, এবং বস্ স্থানে উষ্ হয়। অতএব বিদ্বস্‌শব্দের স্ত্রীলিঙ্গে বিদুষী হইবে ও নদীশব্দের মত রূপ হইবে।

CENTRAL LIBRARY

ইকারের পর বস্ স্থানে উষ্ হয়, এবং ইকারের লোপ হয়; যেমন—জগ্মিবস্ = জগ্মুষী, চক্রীবস্ = চক্রুষী।

(৯) অচ্-ভাগান্ত শব্দ

১৬২। অচ্-ভাগান্ত শব্দ অর্থাৎ গমনার্থ অঞ্চ্ ধাতু-নিষ্পন্ন শব্দ পুংলিঙ্গে প্রথমার একবচনে অঙ্ হয়, প্রথমার দ্বিবচন ও বহুবচনে এবং দ্বিতীয়ার একবচন ও দ্বিবচনে অঞ্চ্ হয়; ব্যঞ্জনাদি বিভক্তিতে অক্ হয়; শস্ প্রভৃতি অজাদি বিভক্তি পরে থাকিলে, অচ্-ভাগান্ত শব্দের চকারের পূর্ব্ববর্ত্তী য স্থানে ঈ হয়, এবং ব স্থানে উ হয়, এবং উদচ্ ও তির্য্যচ্ শব্দের স্থানে যথাক্রমে উদীচ্ ও তিরশ্চ্ হয়।

পুংলিঙ্গ

প্রত্যচ্, অন্বচ্, উদচ্, প্রাচ্, তির্য্যচ্

একবচন

প্রথমা	প্রত্যঙ্	অন্বঙ্	উদঙ্	প্রাঙ্	তির্য্যঙ্
দ্বিতীয়া	প্রত্যঞ্চম্	অন্বঞ্চম্	উদঞ্চম্	প্রাঞ্চম্	তির্য্যঞ্চম্
তৃতীয়া	প্রতীচা	অনূচা	উদীচা	প্রাচা	তিরশ্চা

ইত্যাদি।

দ্বিবচন

প্রথমা, দ্বিতীয়া } প্রত্যঞ্চৌ অন্বঞ্চৌ উদঞ্চৌ প্রাঞ্চৌ তির্য্যঞ্চৌ

ইত্যাদি।

CENTRAL LIBRARY

	প্রত্যচ্	অন্বচ্	উদচ্	প্রাচ্	তির্য্যচ্

বহুবচন

প্রথমা	প্রত্যঞ্চঃ	অন্বঞ্চঃ	উদঞ্চঃ	প্রাঞ্চঃ	তির্য্যঞ্চঃ
দ্বিতীয়া	প্রতীচঃ	অনূচঃ	উদীচঃ	প্রাচঃ	তিরশ্চঃ
তৃতীয়া	প্রত্যগ্‌ভিঃ	অন্বগ্‌ভিঃ	উদগ্‌ভিঃ	প্রাগ্‌ভিঃ	তির্য্যগ্‌ভিঃ
ষষ্ঠী	প্রতীচাম্	অনূচাম্	উদীচাম্	প্রাচাম্	তিরশ্চাম্
সপ্তমী	প্রত্যক্ষু	অন্বক্ষু	উদক্ষু	প্রাক্ষু	তির্য্যক্ষু

নপুংসকলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা, দ্বিতীয়া ও সম্বোধন	প্রত্যক্	প্রতীচী	প্রত্যঞ্চি

স্ত্রীলিঙ্গে ইহারা প্রতীচী, অনূচী, উদীচী, প্রাচী ও তিরশ্চী হইবে ও নদীশব্দের ন্যায় রূপ হইবে।

সাধারণনিয়ম-বহির্ভূত শব্দ

১৬৩। অপ্ (জল)-শব্দের কেবল বহুবচনেই প্রয়োগ হইবে।

স্ত্রীলিঙ্গ অপ্‌শব্দ

প্রথমা	আপঃ	পঞ্চমী	অদ্ভ্যঃ
দ্বিতীয়া	অপঃ	ষষ্ঠী	অপাম্
তৃতীয়া	অদ্ভিঃ	সপ্তমী	অপসু
চতুর্থী	অদ্ভ্যঃ	সম্বোধন	আপঃ

CENTRAL LIBRARY

পুংলিঙ্গ পুমস্‌শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পুমান্	পুমাংসৌ	পুমাংসঃ
দ্বিতীয়া	পুমাংসম্	পুমাংসৌ	পুংসঃ
তৃতীয়া	পুংসা	পুম্ভ্যাম্	পুম্ভিঃ
চতুর্থী	পুংসে	পুম্ভ্যাম্	পুম্ভ্যঃ
পঞ্চমী	পুংসঃ	পুম্ভ্যাম্	পুম্ভ্যঃ
ষষ্ঠী	পুংসঃ	পুংসোঃ	পুংসাম
সপ্তমী	পুংসি	পুংসোঃ	পুংসু
সম্বোধন	পুমন্	পুমাংসৌ	পুমাংসঃ

বিশেষণ শব্দ

১৬৪। দুইয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে বিশেষণ শব্দের উত্তর 'তর' হয়[১] এবং অনেকের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে 'তম' হয়।[২]

পুণ্য	...	পুণ্যতর	...	পুণ্যতম
শুচি	...	শুচিতর	...	শুচিতম
বলিন্	...	বলিতর	...	বলিতম
মহৎ	...	মহত্তর	...	মহত্তম
বিদ্বৎ	...	বিদ্বত্তর	...	বিদ্বত্তম

[১] দ্বিবচন-বিভজ্যোপপদে তরবীয়সুনৌ—৫।৩।৫৭। দুইয়ের মধ্যে একের আতিশয্য বুঝাইলে তরপ্ ও ঈয়সুন্ প্রত্যয় হয়।

[২] অতিশায়নে তমবিষ্ঠনৌ—৫।৩।৫৫। অতিশয় অর্থে তমপ্ ও ইষ্ঠন্ প্রত্যয় হয়।

CENTRAL LIBRARY

(ক) অথবা উৎকর্ষবোধক তর ও তম স্থলে ঈয়স্ ও ইষ্ঠ যোগ করিলেও হয়।

ঈয়স্ এবং ইষ্ঠপ্রত্যয় পরে থাকিলে শব্দের অন্তস্থিত স্বরবর্ণের লোপ হয়—

পাপ ... পাপীয়স্ ... পাপিষ্ঠ
স্বাদু ... স্বাদীয়স্ ... স্বাদিষ্ঠ

১৬৫। তৃ, মৎ, বৎ বিন্ প্রভৃতি-প্রত্যয়ান্ত বিশেষণ শব্দের উত্তর ঈয়স্ কিংবা ইষ্ঠপ্রত্যয় হইলে ঐ সকল প্রত্যয়ের ও অব্যবহিত পূর্ব্ববর্ত্তী স্বরের লোপ হয়—[১]

বলবৎ ... বলীয়স্ ... বলিষ্ঠ
মতিমৎ ... মতীয়স্ ... মতিষ্ঠ

১৬৬। উৎকর্ষবাচক উক্ত-প্রত্যয়ান্ত এমন অনেক শব্দ আছে, যাহাদের আকারে সাধারণনিয়ম-বহির্ভূত পরিবর্ত্তন ঘটিয়া থাকে। তাহাদিগের মধ্যে অতি প্রয়োজনীয় কয়েকটী শব্দ পরপৃষ্ঠায় প্রদত্ত হইল।

১ বিন্মতোলুক্—৫।৩।৬৫। ইষ্ঠ ও ঈয়সুন্প্রত্যয় হইলে বিন্ ও মতুপের লোপ হয়।

CENTRAL LIBRARY

উরু	...	বরীয়স্	...	বরিষ্ঠ
ক্ষিপ্র	...	ক্ষেপীয়স্	...	ক্ষেপিষ্ঠ
গুরু	...	গরীয়স্	...	গরিষ্ঠ
দীর্ঘ	...	দ্রাঘীয়স্	...	দ্রাঘিষ্ঠ
পৃথু	...	প্রথীয়স্	...	প্রথিষ্ঠ
প্রিয়	...	প্রেয়স্	...	প্রেষ্ঠ
বহু	...	ভূয়স্	...	ভূয়িষ্ঠ
মৃদু	...	ম্রদীয়স্	...	ম্রদিষ্ঠ
যুবন্	...	যবীয়স্	...	যবিষ্ঠ
স্থির	...	স্থেয়স্	...	স্থেষ্ঠ

অনেক সময়ে ঈয়স্ ও ইষ্ঠ-প্রত্যয়ান্ত উৎকর্ষ-বোধক বিশেষণ শব্দ মূল-বিশেষণ হইতে আকারে সম্পূর্ণ পৃথক্ দৃষ্ট হয়, যথা—

প্রশস্য	...	শ্রেয়স্	...	শ্রেষ্ঠ
বৃদ্ধ	...	জ্যায়স্ (বা বর্ষীয়স্)		জ্যেষ্ঠ (বা বর্ষিষ্ঠ)
অন্তিক	...	নেদীয়স্	...	নেদিষ্ঠ
যুবা, অল্প	...	কনীয়স্ (বা যবীয়স্ ও অল্পীয়স্)		কনিষ্ঠ (বা যবিষ্ঠ ও অল্পিষ্ঠ)

ঈয়স্-ভাগান্ত শব্দের রূপ ১৫০ সূত্রে দ্রষ্টব্য।

CENTRAL LIBRARY

সংখ্যাবাচক শব্দ

১৬৭। কতকগুলি সংখ্যাবাচক শব্দ ও তাহাদের প্রথমা বিভক্তির রূপ :—

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ	
১	একঃ	একা	একম্	(একশব্দ)
২	দ্বৌ	দ্বে	দ্বে	(দ্বিশব্দ)
৩	ত্রয়ঃ	তিস্রঃ	ত্রীণি	(ত্রিশব্দ)
৪	চত্বারঃ	চতস্রঃ	চত্বারি	(চতুর্‌শব্দ)
৫	পঞ্চ	পঞ্চ	পঞ্চ	(পঞ্চন্‌শব্দ)
৬	ষট্	ষট্	ষট্	(ষষ্‌শব্দ)
৭	সপ্ত	সপ্ত	সপ্ত	(সপ্তন্‌শব্দ)
৮	অষ্টৌ, অষ্ট	অষ্টৌ, অষ্ট	অষ্টৌ, অষ্ট	(অষ্টন্‌শব্দ)
৯	নব	নব	নব	(নবন্‌শব্দ)
১০	দশ	দশ	দশ	(দশন্‌শব্দ)
১১	একাদশ	একাদশ	একাদশ	(একাদশন্‌শব্দ)

১২ দ্বাদশ
১৩ ত্রয়োদশ
১৪ চতুর্দ্দশ
১৫ পঞ্চদশ
১৬ ষোড়শ
১৭ সপ্তদশ
১৮ অষ্টাদশ
১৯ ঊনবিংশতিঃ (একোনবিংশতিঃ)
২০ বিংশতিঃ
২১ একবিংশতিঃ
২২ দ্বাবিংশতিঃ
২৩ ত্রয়োবিংশতিঃ
২৪ চতুর্বিংশতিঃ

CENTRAL LIBRARY

২৫ পঞ্চবিংশতিঃ
২৬ ষড়্‌বিংশতিঃ
২৭ সপ্তবিংশতিঃ
২৮ অষ্টাবিংশতিঃ
২৯ নববিংশতিঃ
(ঊনত্রিংশৎ)
(একোনত্রিংশৎ)
৩০ ত্রিংশৎ
৩১ একত্রিংশৎ
৩২ দ্বাত্রিংশৎ
৩৩ ত্রয়স্ত্রিংশৎ
৩৪ চতুস্ত্রিংশৎ
৩৫ পঞ্চত্রিংশৎ
৩৬ ষট্‌ত্রিংশৎ
৩৭ সপ্তত্রিংশৎ
৩৮ অষ্টাত্রিংশৎ
৩৯ নবত্রিংশৎ
(ঊনচত্বারিংশৎ)
(একোনচত্বারিংশৎ)
৪০ চত্বারিংশৎ
৪১ একচত্বারিংশৎ
৪২ দ্বাচত্বারিংশৎ
(দ্বিচত্বারিংশৎ)
৪৩ ত্রয়শ্চত্বারিংশৎ
(ত্রিচত্বারিংশৎ)
৪৪ চতুশ্চত্বারিংশৎ
৪৫ পঞ্চচত্বারিংশৎ
৪৬ ষট্‌চত্বারিংশৎ
৪৭ সপ্তচত্বারিংশৎ
৪৮ অষ্টাচত্বারিংশৎ
(অষ্টচত্বারিংশৎ)
৪৯ নবচত্বারিংশৎ
(ঊনপঞ্চাশৎ)
(একোনপঞ্চাশৎ)
৫০ পঞ্চাশৎ
৫১ একপঞ্চাশৎ
৫২ দ্বাপঞ্চাশৎ
(দ্বিপঞ্চাশৎ)
৫৩ ত্রয়ঃপঞ্চাশৎ
(ত্রিপঞ্চাশৎ)
৫৪ চতুঃপঞ্চাশৎ
৫৫ পঞ্চপঞ্চাশৎ
৫৬ ষট্‌পঞ্চাশৎ
৫৭ সপ্তপঞ্চাশৎ
৫৮ অষ্টাপঞ্চাশৎ
(অষ্টপঞ্চাশৎ)

CENTRAL LIBRARY

৫৯ নবপঞ্চাশৎ
(ঊনষষ্টিঃ)
(একোনষষ্টিঃ)

৬০ ষষ্টিঃ

৬১ একষষ্টিঃ

৬২ দ্বাষষ্টিঃ
(দ্বিষষ্টিঃ)

৬৩ ত্রয়ঃষষ্টিঃ
(ত্রিষষ্টিঃ)

৬৪ চতুঃষষ্টিঃ

৬৫ পঞ্চষষ্টিঃ

৬৬ ষট্‌ষষ্টিঃ

৬৭ সপ্তষষ্টিঃ

৬৮ অষ্টাষষ্টিঃ
(অষ্টষষ্টিঃ)

৬৯ নবষষ্টিঃ
(ঊনসপ্ততিঃ)
(একোনসপ্ততিঃ)

৭০ সপ্ততিঃ

৭১ একসপ্ততিঃ

৭২ দ্বাসপ্ততিঃ
(দ্বিসপ্ততিঃ)

৭৩ ত্রয়ঃসপ্ততিঃ
(ত্রিসপ্ততিঃ)

৭৪ চতুঃসপ্ততিঃ

৭৫ পঞ্চসপ্ততিঃ

৭৬ ষট্‌সপ্ততিঃ

৭৭ সপ্তসপ্ততিঃ

৭৮ অষ্টাসপ্ততিঃ
(অষ্টসপ্ততিঃ)

৭৯ নবসপ্ততিঃ
(ঊনাশীতিঃ)
(একোনাশীতিঃ)

৮০ অশীতিঃ

৮১ একাশীতিঃ

৮২ দ্ব্যশীতিঃ

৮৩ ত্র্যশীতিঃ

৮৪ চতুরশীতিঃ

৮৫ পঞ্চাশীতিঃ

৮৬ ষড়শীতিঃ

৮৭ সপ্তাশীতিঃ

৮৮ অষ্টাশীতিঃ

৮৯ নবাশীতিঃ
(ঊননবতিঃ)
(একোননবতিঃ)

CENTRAL LIBRARY

৯০ নবতিঃ
৯১ একনবতিঃ
৯২ দ্বানবতিঃ
(দ্বিনবতিঃ)
৯৩ ত্রয়োনবতিঃ
(ত্রিনবতিঃ)
৯৪ চতুর্নবতিঃ
৯৫ পঞ্চনবতিঃ
৯৬ ষণ্ণবতিঃ
৯৭ সপ্তনবতিঃ
৯৮ অষ্টানবতিঃ
(অষ্টনবতিঃ)
৯৯ নবনবতিঃ
(ঊনশতম্)
(একোনশতম্)
১০০ শতম্
(একশতম্)
১০১ একাধিকং শতম্
(একাধিকশতম্)
১০২ দ্ব্যধিকং শতম্
১০৩ ত্র্যধিকং শতম্
১০৪ চতুরধিকং শতম্
১০৫ পঞ্চাধিকং শতম্
১০৬ ষড়ধিকং শতম্
১০৭ সপ্তাধিকং শতম্
১০৮ অষ্টাধিকং শতম্
১০৯ নবাধিকং শতম্
১১০ দশাধিকং শতম্
১১১ একাদশাধিকং শতম্
১২০ বিংশত্যধিকং শতম্
১৩০ ত্রিংশদধিকং শতম্
১৪০ চত্বারিংশদধিকং শতম্
১৫০ পঞ্চাশদধিকং শতম্
১৬০ ষষ্ট্যধিকং শতম্
১৭০ সপ্তত্যধিকং শতম্
১৮০ অশীত্যধিকং শতম্
১৯০ নবত্যধিকং শতম্
২০০ দ্বিশতম্, দ্বে শতে
৩০০ ত্রিশতম্, ত্রীণি শতানি
৪০০ চতুঃশতম্,
চত্বারি শতানি
৫০০ পঞ্চশতম্, পঞ্চ শতানি
৬০০ ষট্শতম্, ষট্ শতানি
৭০০ সপ্তশতম্, সপ্ত শতানি
৮০০ অষ্টশতম্, অষ্ট শতানি
৯০০ নবশতম্, নব শতানি

CENTRAL LIBRARY

১০০০ দশ শতানি, সহস্রম্	১০০০০ অযুতম্
২০০০ দ্বে সহস্রে	১০০০০০ লক্ষম্
৩০০০ ত্রীণি সহস্রাণি	১০০০০০০০ কোটিঃ

১৬৮। সংখ্যাবাচক 'এক'শব্দ কেবল একবচনে প্রযুক্ত হয়, কিন্তু 'কেহ কেহ' প্রভৃতি অর্থ বুঝাইলে বহুবচন হয়। 'এক'-শব্দের রূপ 'সর্ব্ব'শব্দের ন্যায় হইবে (১৮১ দ্রষ্টব্য)।

একশব্দ

একবচন

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
প্রথমা	একঃ	একা	একম্
দ্বিতীয়া	একম্	একাম্	একম্
তৃতীয়া	একেন	একয়া	একেন
চতুর্থী	একস্মৈ	একস্যৈ	একস্মৈ
পঞ্চমী	একস্মাৎ	একস্যাঃ	একস্মাৎ
ষষ্ঠী	একস্য	একস্যাঃ	একস্য
সপ্তমী	একস্মিন্	একস্যাম্	একস্মিন্
সম্বোধন	এক	একে	এক

CENTRAL LIBRARY

বহুবচন

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
প্রথমা	একে	একাঃ	একানি
দ্বিতীয়া	একান্	একাঃ	একানি
তৃতীয়া	একৈঃ	একাভিঃ	একৈঃ
চতুর্থী	একেভ্যঃ	একাভ্যঃ	একেভ্যঃ
পঞ্চমী	একেভ্যঃ	একাভ্যঃ	একেভ্যঃ
ষষ্ঠী	একেষাম্	একাসাম্	একেষাম্
সপ্তমী	একেষু	একাসু	একেষু
সম্বোধন	একে	একাঃ	একানি

১৬৯। দ্বিশব্দ নিত্য দ্বিবচনান্ত

দ্বিশব্দ

দ্বিবচন

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
প্রথমা	দ্বৌ	দ্বে	দ্বে
দ্বিতীয়া	দ্বৌ	দ্বে	দ্বে
তৃতীয়া, চতুর্থী ও পঞ্চমী	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্
ষষ্ঠী ও সপ্তমী	দ্বয়োঃ	দ্বয়োঃ	দ্বয়োঃ
সম্বোধন	দ্বৌ	দ্বে	দ্বে

CENTRAL LIBRARY

১৭০। ত্রিশব্দ নিত্য বহুবচনান্ত

ত্রিশব্দ

বহুবচন

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
প্রথমা	ত্রয়ঃ	তিস্রঃ	ত্রীণি
দ্বিতীয়া	ত্রীন্	তিস্রঃ	ত্রীণি
তৃতীয়া	ত্রিভিঃ	তিসৃভিঃ	ত্রিভিঃ
চতুর্থী ও পঞ্চমী	ত্রিভ্যঃ	তিসৃভ্যঃ	ত্রিভ্যঃ
ষষ্ঠী	ত্রয়াণাম্	তিসৃণাম্	ত্রয়াণাম্
সপ্তমী	ত্রিষু	তিসৃষু	ত্রিষু
সম্বোধন	ত্রয়ঃ	তিস্রঃ	ত্রীণি

১৭১। চতুর্‌শব্দ নিত্য বহুবচনান্ত

চতুর্‌শব্দ

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
প্রথমা	চত্বারঃ	চতস্রঃ	চত্বারি
দ্বিতীয়া	চতুরঃ	চতস্রঃ	চত্বারি
তৃতীয়া	চতুর্ভিঃ	চতসৃভিঃ	চতুর্ভিঃ
চতুর্থী ও পঞ্চমী	চতুর্ভ্যঃ	চতসৃভ্যঃ	চতুর্ভ্যঃ
ষষ্ঠী	চতুর্ণাম্	চতসৃণাম্	চতুর্ণাম্
সপ্তমী	চতুর্ষু	চতসৃষু	চতুর্ষু
সম্বোধন	চত্বারঃ	চতস্রঃ	চত্বারি

১৭২। পঞ্চন্, ষষ্ এবং অষ্টন্ প্রভৃতি শব্দের তিন লিঙ্গেই সমান রূপ হইবে।

CENTRAL LIBRARY

বহুবচন

	পঞ্চন্‌শব্দ	ষষ্‌শব্দ	অষ্টন্‌শব্দ
প্রথমা	পঞ্চ	ষট্	অষ্টৌ, অষ্ট
দ্বিতীয়া	পঞ্চ	ষট্	অষ্টৌ, অষ্ট
তৃতীয়া	পঞ্চভিঃ	ষড়্‌ভিঃ	অষ্টাভিঃ, অষ্টভিঃ
চতুর্থী ও পঞ্চমী	পঞ্চভ্যঃ	ষড়্‌ভ্যঃ	অষ্টাভ্যঃ, অষ্টভ্যঃ
ষষ্ঠী	পঞ্চানাম্	ষণ্ণাম্	অষ্টানাম্
সপ্তমী	পঞ্চসু	ষট্‌সু	অষ্টাসু, অষ্টসু
সম্বোধন	পঞ্চ	ষট্	অষ্টৌ, অষ্ট

১৭৩। সপ্তন্, নবন্, দশন্ এবং সমস্ত সংখ্যাপূর্ব্ব-দশন্‌শব্দের রূপ পঞ্চন্‌শব্দের ন্যায় হইবে।

১৭৪। বিংশতি, ষষ্টি, সপ্ততি, অশীতি, নবতি এবং কোটি-শব্দের রূপ হ্রস্ব ইকারান্ত স্ত্রীলিঙ্গ মতিশব্দের ন্যায় হইবে। ত্রিংশৎ প্রভৃতি তকারান্ত শব্দের রূপ স্ত্রীলিঙ্গ তকারান্ত শব্দের ন্যায় হইবে।

১৭৫। বিংশতি হইতে নবনবতি পর্য্যন্ত সংখ্যেয়বাচক বিশেষণ শব্দের উত্তর কেবল একবচন হইবে। নিম্নে উদাহরণ দেওয়া হইল—

বিংশতিরশ্বাঃ	Twenty horses.
বিংশতেঃ অশ্বানাম্	Of twenty horses.
ষষ্টিঃ শিশবঃ	Sixty children.
ষষ্টেঃ শিশূনাম্	Of sixty children.

CENTRAL LIBRARY

(ক) কিন্তু যখন সংখ্যাবাচক শব্দে সংখ্যামাত্র বুঝাইবে তখন অর্থানুসারে দ্বিবচন ও বহুবচনও হইতে পারিবে।

নব নবতয়ঃ	নয়বার নব্বই=৮১০
ত্রিংশতৌ	দুইবার ত্রিশ=৬০

(খ) এই সকল সংখ্যাবাচক শব্দ বিশেষ্য হইলে, যে বিশেষ্য পদের সংখ্যা বুঝাইবে তাহার উত্তর ষষ্ঠী বিভক্তি হইবে।

বিংশতিরশ্বানাম্	Twenty horses.
বিংশত্যা অশ্বানাম্	With twenty horses.
ষষ্টিঃ শিশূনাম্	Sixty children.

১৭৬। শত, সহস্র এবং ইহাদের পূর্ব্বে অন্য সংখ্যাবাচক শব্দ যোগ করিলে (যথা—দ্বিশত ইত্যাদি), ইহাদের রূপ নপুংসক-লিঙ্গ অকারান্ত শব্দের ন্যায় হইবে এবং একবচন হইবে।

শতং দাসীঃ
শতং দাসীনাম্ [১৭৫ (খ) দ্রষ্টব্য] } একশত দাসীকে

শতেন দাসীভিঃ
শতেন দাসীনাম্ [১৭৫ (খ) দ্রষ্টব্য] } একশত দাসীর সহিত

কিন্তু যখন ঐ সকল শব্দেও কেবল সংখ্যা বুঝাইবে তখন তাহার দ্বিগুণ ধরিলে দ্বিবচন, বহুগুণ ধরিলে বহুবচন হইবে। [১৭৫ (ক) দ্রষ্টব্য]

CENTRAL LIBRARY

১৭৭। পূরণী সংখ্যা

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
প্রথমঃ	প্রথমা	প্রথমম্
দ্বিতীয়ঃ	দ্বিতীয়া	দ্বিতীয়ম্
তৃতীয়ঃ	তৃতীয়া	তৃতীয়ম্
চতুর্থঃ	চতুর্থী	চতুর্থম্
তুরীয়ঃ	তুরীয়া	তুরীয়ম্
তুর্য্যঃ	তুর্য্যা	তুর্য্যম্
পঞ্চমঃ	পঞ্চমী	পঞ্চমম্
ষষ্ঠঃ	ষষ্ঠী	ষষ্ঠম্
সপ্তমঃ	সপ্তমী	সপ্তমম্
অষ্টমঃ	অষ্টমী	অষ্টমম্
নবমঃ	নবমী	নবমম্
দশমঃ	দশমী	দশমম্
একাদশঃ	একাদশী	একাদশম্
দ্বাদশঃ	দ্বাদশী	দ্বাদশম্
ত্রয়োদশঃ	ত্রয়োদশী	ত্রয়োদশম্
চতুর্দ্দশঃ	চতুর্দ্দশী	চতুর্দ্দশম্
পঞ্চদশঃ	পঞ্চদশী	পঞ্চদশম্
ষোড়শঃ	ষোড়শী	ষোড়শম্
সপ্তদশঃ	সপ্তদশী	সপ্তদশম্
অষ্টাদশঃ	অষ্টাদশী	অষ্টাদশম্
ঊনবিংশঃ	ঊনবিংশী	ঊনবিংশম্
ঊনবিংশতিতমঃ	ঊনবিংশতিতমী	ঊনবিংশতিতমম্

CENTRAL LIBRARY

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
বিংশঃ	বিংশী	বিংশম্
বিংশতিতমঃ	বিংশতিতমী	বিংশতিতমম্
ত্রিংশঃ	ত্রিংশী	ত্রিংশম্
ত্রিংশত্তমঃ	—ত্তমী	—ত্তমম্
চত্বারিংশঃ	—শী	—শম্
চত্বারিংশত্তমঃ	—ত্তমী	—ত্তমম্
পঞ্চাশত্তমঃ	”	”
ষষ্টিতমঃ	—তমী	—তমম্
একষষ্টিতমঃ	”	”
একষষ্টঃ		
সপ্ততিতমঃ	”	”
একসপ্ততিতমঃ	”	”
একসপ্তঃ		
অশীতিতমঃ	”	”
একাশীতিতমঃ	”	”
নবতিতমঃ	”	”
একনবতিতমঃ	”	”
শততমঃ	”	”
একশততমঃ	”	”
সহস্রতমঃ	”	”

CENTRAL LIBRARY

১৭৮। সংখ্যাবাচক তদ্ধিতান্ত অব্যয়

সকৃৎ	once	একধা	in one way
দ্বিঃ	twice	দ্বিধা	in two ways
ত্রিঃ	thrice	ত্রিধা	in three ways
চতুঃ	four times	চতুর্ধা	in four ways
পঞ্চকৃত্বঃ	five times	পঞ্চধা	in five ways
ষট্‌কৃত্বঃ	six times	ষোঢ়া / ষড়্‌ধা	in six ways

ইত্যাদি।

১৭৯। সংখ্যাবাচক তদ্ধিতান্ত শব্দ

দ্বয়ম্	a pair	চতুষ্টয়ম্ / চতুষ্টয়ী	a tetrad
ত্রয়ম্ / ত্রয়ী	a triad	পঞ্চতয়ম্ / পঞ্চতয়ী	a pentad

CENTRAL LIBRARY

সর্ব্বনাম

১৮০। সর্ব্বনামকে সাধারণতঃ ইংরাজীতে Pronoun বলে, কিন্তু সর্ব্বনাম ও Pronoun এক নহে। ইংরাজীতে Pronoun নয় এরূপ অনেক শব্দ সংস্কৃতে সর্ব্বনাম বলিয়া ব্যবহৃত হয়; যথা—Pronominal Adjectives—all, other ইত্যাদি। আবার ইংরাজীতে Pronoun বলিয়া পরিগণিত কয়েকটী শব্দ সংস্কৃতে সর্ব্বনাম বলিয়া গণনীয় নহে; যথা—Reflexive Pronouns—স্বয়ম্, আত্মন্[১] ইত্যাদি। ইংরাজীতে সর্ব্ব প্রভৃতি শব্দ কোনও পদের বিশেষণ হইলে তাহাকে Pronoun না বলিয়া Pronominal Adjective বলা হয়, কিন্তু সংস্কৃতে বিশেষ্যই হউক আর বিশেষণই হউক যে যে শব্দ সর্ব্বাদিগণে[২] পঠিত তাহাদিগকে সর্ব্বনামই বলে।

১৮১। সাধারণতঃ সর্ব্ব, বিশ্ব প্রভৃতি পঁয়ত্রিশটী সর্ব্বাদি শব্দের নাম সর্ব্বনাম; যথা—

সর্ব্ব	অন্যতর
বিশ্ব	ইতর
উভ	ত্বৎ
উভয়	ত্ব
—ডতর (প্রত্যয়ান্ত শব্দ)	নেম
—ডতম " "	সম
অন্য	সিম

১ স্বয়ম্ একটী মকারান্ত অব্যয়, আত্মন্ শব্দের রূপ ১৫১ নিয়মে দ্রষ্টব্য।

২ সর্ব্বাদীনি সর্ব্বনামানি—১।১।২৭। সর্ব্ব প্রভৃতি সর্ব্বনাম।

CENTRAL LIBRARY

পূর্ব্ব	ত্যদ্	অস্মদ্
পর	তদ্	ভবৎ
অবর	যদ্	কিম্
দক্ষিণ	এতদ্	
উত্তর	ইদম্	
অপর	অদস্	
অধর	এক	
স্ব	দ্বি	
অন্তর	যুষ্মদ্	

(ক) এই পঁয়ত্রিশটী শব্দের আদিতে 'সর্ব্ব'শব্দ আছে বলিয়াই ইহাদের নাম সর্ব্বাদি হইয়াছে। সর্ব্বাদির মধ্যে আরও দুইটী ভাগ আছে; তন্মধ্যে একটীর নাম পূর্ব্বাদি, অপরটীর নাম ত্যদাদি।

(খ) পূর্ব্বশব্দ হইতে অন্তরশব্দ পর্য্যন্ত শব্দ-সমুদয়ের নাম পূর্ব্বাদি।

(গ) ত্যদ্‌শব্দ হইতে কিম্‌শব্দ পর্য্যন্ত শব্দ-সমুদয়ের নাম ত্যদাদি।

সর্ব্বনাম শব্দের সহিত বিভক্তি যোগ হইলে কি প্রকার রূপ হইবে তাহা পরে যথাক্রমে প্রদর্শিত হইল :—

CENTRAL LIBRARY

সর্ব্ব (All)

পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সর্ব্বঃ	সর্ব্বৌ	সর্ব্বে
দ্বিতীয়া	সর্ব্বম্	সর্ব্বৌ	সর্ব্বান্
তৃতীয়া	সর্ব্বেণ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বৈঃ
চতুর্থী	সর্ব্বস্মৈ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বেভ্যঃ
পঞ্চমী	সর্ব্বস্মাৎ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বেভ্যঃ
ষষ্ঠী	সর্ব্বস্য	সর্ব্বয়োঃ	সর্ব্বেষাম্
সপ্তমী	সর্ব্বস্মিন্	সর্ব্বয়োঃ	সর্ব্বেষু

স্ত্রীলিঙ্গ

প্রথমা	সর্ব্বা	সর্ব্বে	সর্ব্বাঃ
দ্বিতীয়া	সর্ব্বাম্	সর্ব্বে	সর্ব্বাঃ
তৃতীয়া	সর্ব্বয়া	সর্ব্বাভ্যাম্	সর্ব্বাভিঃ
চতুর্থী	সর্ব্বস্যৈ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বাভ্যঃ
পঞ্চমী	সর্ব্বস্যাঃ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বাভ্যঃ
ষষ্ঠী	সর্ব্বস্যাঃ	সর্ব্বয়োঃ	সর্ব্বাসাম্
সপ্তমী	সর্ব্বস্যাম্	সর্ব্বয়োঃ	সর্ব্বাসু

CENTRAL LIBRARY

নপুংসকলিঙ্গ

প্রথমা	সর্ব্বম্	সর্ব্বে	সর্ব্বাণি
দ্বিতীয়া	সর্ব্বম্	সর্ব্বে	সর্ব্বাণি
সম্বোধন	সর্ব্ব	সর্ব্বে	সর্ব্বাণি

অবশিষ্ট সমস্ত পুংলিঙ্গের ন্যায়।

১৮২। নপুংসকলিঙ্গে প্রথমা, দ্বিতীয়া এবং সম্বোধনের একবচনে অন্য, অন্যতর, ইতর, কতর এবং কতমশব্দের অন্তে একটী ৎ হয়—অন্যৎ, অন্যতরৎ ইত্যাদি। একতরশব্দের হয় না—একতরম্।

১৮৩। উভশব্দের কেবল দ্বিবচনেই প্রয়োগ হইবে, পুম্—উভৌ, স্ত্রী—উভে, নপুম্—উভে।

(ক) উভয়শব্দের একবচন ও বহুবচনেই প্রয়োগ হইবে, পুম্—উভয়ঃ, উভয়ে। স্ত্রীলিঙ্গে—উভয়ীশব্দ হইবে।

(খ) সর্ব্বার্থক সমশব্দের রূপ সর্ব্বশব্দের ন্যায় হইবে, কিন্তু তুল্যার্থক সমশব্দের রূপ নরশব্দের ন্যায় হইবে।

১৮৪। পূর্ব্বাদিগণ

পূর্ব্ব	অপর
পর	অধর
অবর	স্ব
দক্ষিণ	অন্তর
উত্তর	

CENTRAL LIBRARY

(ক) পুংলিঙ্গে ইহাদের রূপ—

প্রথমা-বহুবচন	পূর্ব্বে, পূর্ব্বাঃ
পঞ্চমী-একবচন	পূর্ব্বস্মাৎ, পূর্ব্বাৎ
সপ্তমী- „	পূর্ব্বস্মিন্, পূর্ব্বে

আর সমস্ত বিভক্তিতে সর্ব্বশব্দের ন্যায়।

(খ) দক্ষিণশব্দে যখন দক্ষিণ দিক্ ইত্যাদি বুঝাইবে তখন সর্ব্বশব্দের ন্যায় হইবে; কিন্তু যখন দক্ষ, সরল প্রভৃতি অর্থ বুঝাইবে তখন নরশব্দের ন্যায় হইবে।

(গ) সর্ব্বনাম স্বশব্দের রূপ সর্ব্বশব্দের ন্যায়; প্রথমার বহুবচনে—স্বে, স্বাঃ। কিন্তু জ্ঞাতিবাচক স্বশব্দের রূপ নরশব্দের ন্যায় এবং ধনবাচক স্বশব্দের রূপ নর ও ফলশব্দের ন্যায়।

(ঘ) বাহ্য অথবা পরিধানীয় অর্থে অন্তরশব্দের রূপ সর্ব্বশব্দের ন্যায়; প্রথমার বহুবচনে—অন্তরে, অন্তরাঃ।

১৮৫। পূর্ব্বাদি শব্দে যখন কোন স্থানের কিংবা সময়ের অবধি বুঝাইবে তখন পূর্ব্বোক্ত রূপ হইবে। কিন্তু কাহারও নাম বুঝাইলে নরশব্দের ন্যায় হইবে।

(ক) পশ্চিমশব্দ দিগ্বাচক হইলেও সর্ব্বাদির মধ্যে পরিগণিত না হওয়াতে ইহার সর্ব্বনাম সংজ্ঞা হয় না। উহার রূপ পুংলিঙ্গে নরশব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে লতাশব্দের ন্যায় ও ক্লীবলিঙ্গে বনশব্দের ন্যায় হইবে।

১৮৬। প্রথম, চরম, তয়প্-প্রত্যয়ান্ত, অল্প, অর্দ্ধ, কতিপয় এবং নেমশব্দের প্রথমার বহুবচনে দুই প্রকার রূপ হয়; যথা—প্রথমে, প্রথমাঃ; নেমে, নেমাঃ ইত্যাদি। অন্যান্য বিভক্তিতে নরশব্দের ন্যায় হইবে। নেমশব্দের রূপ অন্যান্য বিভক্তিতে সর্ব্বশব্দের ন্যায় হইবে।

CENTRAL LIBRARY

(ক) দ্বিতীয় এবং তৃতীয়শব্দের চতুর্থী, পঞ্চমী ও সপ্তমীর একবচনে বিকল্পে সর্ব্বশব্দের ন্যায় রূপ হয়; যথা—

পুংলিঙ্গে

চতুর্থী	দ্বিতীয়স্মৈ,	দ্বিতীয়ায়
পঞ্চমী	দ্বিতীয়স্মাৎ,	দ্বিতীয়াৎ
সপ্তমী	দ্বিতীয়স্মিন্,	দ্বিতীয়ে

(খ) কাহারও নাম বুঝাইলে সর্ব্বাদি শব্দের রূপ নরশব্দের ন্যায় হইবে।

৩০২। এই গণে ধূ, পূ, লূ, প্রভৃতি কতিপয় ধাতু ও স্তৃ প্রভৃতি ঋকারান্ত ধাতুর দীর্ঘস্বর হ্রস্ব হয়, যথা—

ধুনাতি, পুনাতি, লুনাতি, স্তৃণাতি।

৩০৩। গ্রহ্ ধাতু স্থানে গৃহ্ আদেশ হয়; যথা—গৃহ্ণাতি; গৃহ্ণাতু, গৃহাণ, গৃহ্ণানি; অগৃহ্ণাৎ; গৃহ্ণীয়াৎ।

৩০৪। জ্ঞাধাতু স্থানে জা আদেশ হয়; যথা—জানাতি, জানাতু, অজানাৎ, জানীয়াৎ ইত্যাদি।

———

CENTRAL LIBRARY

সাধারণ-লকার

অন্তর্গত ইট্ (ই)

৩০৫। সাধারণ-লকারের ব্যঞ্জনাদি বিভক্তি ও তুম্ প্রভৃতি কতিপয় কৃৎপ্রত্যয় পরে থাকিলে, অধিকাংশ স্থলে ধাতু ও প্রত্যয়ের মধ্যে একটী ইকারাগম হয়। যথা—বিদ্‌ধাতু লিট্ উত্তম পুরুষের বহুবচনে বিবিদি-ম হয়, লৃট্ প্রথম পুরুষের একবচনে বেদি-ষ্যতি হয়, তুমুন্ (তুম্) প্রত্যয় করিলে বেদি-তুম্ হয়। যে সকল ধাতুতে এই ইকারাগম নিয়ত হয় তাহাদিগকে **সেট্**, আর যে গুলিতে ইকারাগম হয় না তাহাদিগকে **অনিট্** বলে। ইকারাগম বিকল্পে হইলে তাহাদিগকে **বেট্** ধাতু বলে।

অধিকাংশ ধাতুই সেট্। স্বরান্ত ধাতুর মধ্যে এক-স্বরবিশিষ্ট অধিকাংশ ধাতুই অনিট্, কেবল যু, রু, নু, স্নু, ক্ষু, ক্ষ্ণু, শ্বি, শ্রি, ডী, শী, বৃ এবং সমুদয় দীর্ঘ-উকারান্ত ও দীর্ঘ-ঋকারান্ত ধাতু সেট্। ব্যঞ্জনান্ত ধাতুর মধ্যে একস্বরবিশিষ্ট অল্পাধিক শতসংখ্যক ধাতু অনিট্; যথা—শক্, পচ্, মুচ্, রিচ, বচ্, বিচ্, সিচ্, প্রচ্ছ্ ইত্যাদি। স্যন্দ্, মৃজ্, বৃহ্ প্রভৃতি কয়েকটী মাত্র ধাতু বেট্। অবশিষ্ট সেট্।

৩০৭। সাধারণ-লকারে ধাতুরূপের নিয়মগুলি সকল-গণীয় ধাতুতে সমভাবে প্রযুক্ত হয়। বিশেষ-লকারে ভিন্ন ভিন্ন গণীয় ধাতুর বা বিশেষ অঙ্গের যে ভেদ লক্ষিত হয় এখানে সে ভেদ লক্ষিত হয় না। কেবল চুরাদিগণীয় ধাতুর পরে (লুঙ্ ও আশীর্ব্বাদার্থক লিঙ্ ভিন্ন) সাধারণ-লকারেও অয় আগম হইয়া থাকে।

CENTRAL LIBRARY

লিট্

(পরোক্ষানদ্যতন-অতীত)

৩০৮। এই লকারে (ক) অভ্যস্ত করিয়া অথবা (খ) ক্রিয়ান্তর যোগ করিয়া (৩৪১ সূত্র দ্রষ্টব্য) ধাতুরূপ হয়।

৩০৯। যে সকল একস্বরবিশিষ্ট ধাতুর আদিতে ব্যঞ্জনবর্ণ থাকে অথবা অ, আ, ই, উ কিংবা ঋ থাকে, তাহারা লিটে অভ্যস্ত হয় ও অভ্যাসের সমস্ত নিয়ম প্রাপ্ত হয়; কিন্তু অ, আ, ই, উ কিংবা ঋবর্ণের পর সংযুক্ত বর্ণ থাকিলে হয় না। অয়্, দয়্, আস্ ও কাস্ প্রভৃতি ধাতুর লিটে ক্রিয়ান্তরসাহায্যে রূপ করা হয়।

(ক) এতদ্ভিন্ন যে সকল একস্বরবিশিষ্ট ধাতুর আদিতে আ ভিন্ন দীর্ঘস্বর থাকে বা যে সকল (অ ভিন্ন) হ্রস্বস্বরাদি একস্বরবিশিষ্ট ধাতুর আদ্যস্বরের পর সংযুক্তবর্ণ থাকে, তাহাদের অথবা একাধিক স্বরবিশিষ্ট ধাতুর, চুরাদিগণীয় ধাতুর এবং যৌগিক ধাতুরও (যথা —ণিজন্ত ধাতু) লিটে রূপ ক্রিয়ান্তরসাহায্যে হয়।

(খ) উষ্, বিদ্, জাগৃ, ভী, হ্রী, ভৃ, হু ও দরিদ্রাধাতু লিটের উভয়বিধ রূপই গ্রহণ করে।

(ক) অভ্যস্ত লিট্

৩১০। সাধারণতঃ ২৭৫ সূত্রে নিবদ্ধ নিয়মানুসারে অভ্যাস কার্য্য হইয়া থাকে। কিন্তু নিম্নলিখিত অতিরিক্ত নিয়মগুলিও জ্ঞাতব্য—

৩১১। অভ্যাসে আদ্য আকারের কোন পরিবর্ত্তন হয় না। আদ্য অকারের পর একটীমাত্র ব্যঞ্জন থাকিলে অকার স্থানে আকার হয়।

CENTRAL LIBRARY

যথা—আপ্‌ধাতুর লিটের অঙ্গ আপ্ এবং অস্‌ধাতুর আস্।

৩১২। যে সকল অকারাদি ধাতুর অকারের পর সংযুক্ত-বর্ণ থাকে এবং যে সকল ধাতুর আদিতে ঋকার থাকে তাহাদের পূর্ব্বে আন্ আসিয়া অভ্যাস হয়।

যথা—অঞ্জ্ ধাতুর লিটের অঙ্গ আনঞ্জ্ এবং ঋজ্‌ধাতুর আনৃজ্।

৩১৩। ধাতুর আদিতে ই থাকিলে ঐ 'ই' অভ্যাসের ইকারের সহিত মিলিত হইয়া দীর্ঘ হয়। কিন্তু যদি ধাতুর ইকারের গুণ বা বৃদ্ধি হয় তাহা হইলে অভ্যাসের ই স্থানে ইয়্ হয়। যথা—ইষ্‌ধাতুর লিট্ প্রথম পুরুষের বহুবচনে ঈষুঃ; কিন্তু একবচনে ইয়েষ।

৩১৪। বচ্, বদ্, বপ্, বস্, বহ্ এবং স্বপ্‌ধাতুর অভ্যাসের ব স্থানে উ হয় এবং যজ্ এবং ব্যধ্‌ধাতুর য স্থানে ই হয়। এই ধাতুগুলির লিট্ প্রথম পুরুষ একবচনে—উবাচ, উবাদ, উবাপ, উবাস, উবাহ, সুষ্বাপ, ইয়াজ ও বিব্যাধ হইয়া থাকে।

৩১৫। লিটের বিভক্তির রূপ

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অ	অতুস্ (অতুঃ)	উস্ (উঃ)
মধ্যম পুরুষ	থ	অথুস্ (অথুঃ)	অ
উত্তম পুরুষ	অ	ব	ম

CENTRAL LIBRARY

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	এ	আতে	ইরে
মধ্যম পুরুষ	সে	আথে	ধ্বে
উত্তম পুরুষ	এ	বহে	মহে

বিভক্তিযোগে পরিবর্ত্তন

৩১৬। লিট্ পরস্মৈপদের একবচনের বিভক্তি পরে থাকিলে ধাত্বঙ্গে নিম্নলিখিত পরিবর্ত্তন ঘটিয়া থাকে—

(ক) ধাতুর অন্তস্থিত ই, ঈ, উ, ঊ, ঋ এবং ঌবর্ণের প্রথম পুরুষে বৃদ্ধি হয়, মধ্যম পুরুষে গুণ হয় এবং উত্তম পুরুষে বিকল্পে গুণ ও বৃদ্ধি হয়।

	প্রথম পুরুষ একবচন	মধ্যম পুরুষ একবচন	উত্তম পুরুষ একবচন
নীধাতু হইতে—	নিনায়	নিনেথ	নিনায় বা নিনয়
স্তুধাতু হইতে—	তুষ্টাব	তুষ্টোথ	তুষ্টাব বা তুষ্টব
কৃধাতু হইতে—	চকার	চকর্থ	চকার বা চকর

CENTRAL LIBRARY

(খ) একবচনে উপধা ই, উ এবং ঋকারের সকল পুরুষেই গুণ হয়।

	প্রথম পুরুষ একবচন	মধ্যম পুরুষ একবচন	উত্তম পুরুষ একবচন
ভিদ্ হইতে—	বিভেদ	বিভেদিথ	বিভেদ
তুদ্ হইতে—	তুতোদ	তুতোদিথ	তুতোদ
কৃষ্ হইতে—	চকর্ষ	চকর্ষিথ	চকর্ষ

(গ) প্রথম পুরুষে উপধা অকার দীর্ঘ হয় ও উত্তম পুরুষে বিকল্পে দীর্ঘ হয়। মধ্যম পুরুষে উহার পরিবর্ত্তন হয় না।

পচ্—পপাচ, পপক্থ, পপাচ বা পপচ।

৩১৭। লিটের ব্যঞ্জনাদি বিভক্তির থ, ব, ম, সে, ধ্বে, বহে, মহে পরে থাকিলে সেট্ ও অনিট্-নির্ব্বিশেষে প্রায় সকল ধাতুতেই ইকার সন্নিবিষ্ট হয়। যথা—

ভিদ্ ও তুদ্ধাতুর মধ্যম পুরুষ একবচনে—বিভেদিথ, তুতোদিথ হয়। উত্তম পুরুষ বহুবচনে—বিভিদিম, তুতুদিম।

(ক) কৃ, ভৃ, বৃ, স্থ, দ্রু, শ্রু, স্তু ও স্রুধাতুর পরে লিটের বিভক্তিতে ইকারাগম হয় না। সুতরাং চকর্থ, চকৃম ; দুদ্রোথ, দুদ্রুম ইত্যাদি।

(খ) লিটের থ বিভক্তি পরে থাকিলে ঋকারান্ত ধাতুর পরে ইকারাগম হয় না। যথা, স্মৃ—সস্মর্থ।

(গ) লিটে বেট্ ধাতুর বিকল্পে ইকারাগম হয়। যথা—সস্তন্‌ৎসে বা সস্তন্দিষে।

CENTRAL LIBRARY

(ঘ) ঋভিন্ন স্বরান্ত অনিট্ ধাতু অথবা অকারবান্ অনিট্ ধাতুর পরে লিটের থ বিভক্তিতে বিকল্পে ইকারাগম হয়। যথা, নী—নিনেথ বা নিনয়িথ ; হন্—জঘন্থ বা জঘনিথ।

৩১৮। লিটের বিভক্তি যোগ করিতে গেলে কতকগুলি বিশেষ নিয়মে আভ্যন্তর-সন্ধি হয়। তাহাদিগের প্রধান কয়েকটী নিম্নে উদ্ধৃত হইল—

(ক) স্বরাদি বিভক্তি পরে থাকিলে অসংযুক্ত বর্ণে যুক্ত ই বা ঈ স্থানে য্ হয় ; সংযুক্ত বর্ণে যুক্ত ই ও ঈ স্থানে ইয়্ হয়। নীধাতুর প্রথম পুরুষের বহুবচনে নিন্যুঃ, প্রীধাতুর পিপ্রিয়ুঃ। কিন্তু উক্তবিধ স্থলে উ, ঊ স্থানে উব্ হয়—পূ হইতে পুপুবুঃ।

(খ) উক্তবিধ স্থলে অসংযুক্ত বর্ণে যুক্ত ঋ স্থানে র্ হয়, সংযুক্ত বর্ণে যুক্ত ঋ স্থানে অর্ হয়। দৃ—দদ্রুঃ, কিন্তু স্মৃ—সস্মরুঃ। দীর্ঘ ৠকার স্থলে প্রায়ই অর্ হয় ; যথা, কৄ—চকরুঃ।

(গ) ই এবং ঈকারের গুণ ও বৃদ্ধি যথাক্রমে এ এবং ঐ ; উ এবং ঊকারের গুণ ও বৃদ্ধি যথাক্রমে ও এবং ঔ ; সন্ধিদ্বারা এ, ঐ, ও এবং ঔ স্থানে যথাক্রমে অয়্, আয়্, অব্ এবং আব্ হয়। সুতরাং নিনৈ ও নিনে (নীধাতুর লিটের পীন অঙ্গ) হইতে যথাক্রমে নিনায় ও নিনয় হয়, তুষ্টৌ ও তুষ্টো (স্তু) হইতে তুষ্টাব ও তুষ্টব হয়।

৩১৯। ব্যঞ্জনাদি বিভক্তি পরে থাকিলে লিটে ধাতুর অন্তস্থিত ব্যঞ্জনের সন্ধিজন্য কিছু কিছু পরিবর্ত্তন ঘটিয়া থাকে। সেগুলি প্রয়োগ দেখিতে দেখিতে শিক্ষা করাই ভাল।

৩২০। লিট্—ভিদ্, তুদ্, নী, কৃ।

CENTRAL LIBRARY

লিট্—ভিদ্

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	বিভেদ	বিভিদতুঃ	বিভিদুঃ
মধ্যম পুরুষ	বিভেদিথ	বিভিদথুঃ	বিভিদ
উত্তম পুরুষ	বিভেদ	বিভিদিব	বিভিদিম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	বিভিদে	বিভিদাতে	বিভিদিরে
মধ্যম পুরুষ	বিভিদিষে	বিভিদাথে	বিভিদিধ্বে
উত্তম পুরুষ	বিভিদে	বিভিদিবহে	বিভিদিমহে

লিট্—তুদ্

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তুতোদ	তুতুদতুঃ	তুতুদুঃ
মধ্যম পুরুষ	তুতোদিথ	তুতুদথুঃ	তুতুদ
উত্তম পুরুষ	তুতোদ	তুতুদিব	তুতুদিম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তুতুদে	তুতুদাতে	তুতুদিরে
মধ্যম পুরুষ	তুতুদিষে	তুতুদাথে	তুতুদিধ্বে
উত্তম পুরুষ	তুতুদে	তুতুদিবহে	তুতুদিমহে

CENTRAL LIBRARY

লিট্—নী

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	নিনায়	নিন্যতুঃ	নিন্যুঃ
মধ্যম পুরুষ	নিনয়িথ বা নিনেথ	নিন্যথুঃ	নিন্য
উত্তম পুরুষ	নিনায় বা নিনয়	নিন্যিব	নিন্যিম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	নিন্যে	নিন্যাতে	নিন্যিরে
মধ্যম পুরুষ	নিন্যিষে	নিন্যাথে	নিন্যিধ্বে
উত্তম পুরুষ	নিন্যে	নিন্যিবহে	নিন্যিমহে

লিট্—কৃ

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	চকার	চক্রতুঃ	চক্রুঃ
মধ্যম পুরুষ	চকর্থ	চক্রথুঃ	চক্র
উত্তম পুরুষ	চকার বা চকর	চকৃব	চকৃম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	চক্রে	চক্রাতে	চক্রিরে
মধ্যম পুরুষ	চকৃষে	চক্রাথে	চকৃঢ্বে
উত্তম পুরুষ	চক্রে	চকৃবহে	চকৃমহে

CENTRAL LIBRARY

৩২১। লিটের পিৎ-ভিন্ন বিভক্তিতে কতকগুলি ধাতুর অঙ্গ বিশেষ-ভাবে বিকৃত হয়।

৩২২। ধাতুর অন্তে আ, এ, ঐ এবং ও থাকিলে লিটের পিৎ-ভিন্ন বিভক্তিতে উহাদের লোপ হয় এবং থ-বিভক্তিতে ইকারাগম হইলেই লোপ হয়, নতুবা হয় না। পরস্মৈপদের প্রথম ও উত্তম পুরুষের একবচনের বিভক্তির সহিত মিলিত হইয়া উক্ত স্বরের স্থানে ঔ হয়। যথা—

লিট্—দা

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দদৌ	দদতুঃ	দদুঃ
মধ্যম পুরুষ	দদিথ বা দদাথ	দদথুঃ	দদ
উত্তম পুরুষ	দদৌ	দদিব	দদিম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দদে	দদাতে	দদিরে
মধ্যম পুরুষ	দদিষে	দদাথে	দদিধ্বে
উত্তম পুরুষ	দদে	দদিবহে	দদিমহে

গৈ—জগৌ, জগিথ বা জগাথ, জগৌ ইত্যাদি।

CENTRAL LIBRARY

৩২৩। যে সকল ধাতুতে সংযুক্ত বর্ণ নাই, এবং অভ্যাসে বর্ণের পরিবর্ত্তন হয় না, অথচ মধ্যে অকার থাকে লিটের পিৎ-ভিন্ন বিভক্তিতে সেই সকল ধাতুর অকার স্থানে একার হয় এবং অভ্যাসের লোপ হয়; থ-বিভক্তিতেও ইকারাগম হইলে ঐরূপ হয়।

লিট্—তন্

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ততান	তেনতুঃ	তেনুঃ
মধ্যম পুরুষ	তেনিথ বা ততন্থ	তেনথুঃ	তেন
উত্তম পুরুষ	ততান বা ততন	তেনিব	তেনিম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তেনে	তেনাতে	তেনিরে
মধ্যম পুরুষ	তেনিষে	তেনাথে	তেনিধ্বে
উত্তম পুরুষ	তেনে	তেনিবহে	তেনিমহে

পৎধাতু—পপাত, পেতিথ ইত্যাদি।

৩২৪। ভজ্ ও তৃ প্রভৃতি কয়েকটী ধাতু লিটে ঐরূপ বিকৃত হয়। ভজ্—পরস্মৈপদ প্রথম পুরুষ—বভাজ, ভেজতুঃ, ভেজুঃ; আত্মনেপদ—ভেজে, ভেজিরে।

CENTRAL LIBRARY

তৃ—পরস্মৈপদ প্রথম পুরুষ—ততার, তেরতুঃ, তেরুঃ।

৩২৫। কতকগুলি ধাতুতে আবার উক্তরূপ একার বিকল্পে হয়। যথা, রাজ্—ররাজ, ররাজতুঃ বা রেজতুঃ, ররাজুঃ বা রেজুঃ।

৩২৬। লিটের পিৎ-ভিন্ন বিভক্তিতে গম্, হন্, জন্ ও খন্-ধাতুর উপধা স্বরের লোপ হয় এবং হন্‌ধাতুর হ্ স্থানে ঘ্ হয়।

লিট্—গম্

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	জগাম	জগ্মতুঃ	জগ্মুঃ
মধ্যম পুরুষ	জগমিথ বা জগন্থ	জগ্মথুঃ	জগ্ম
উত্তম পুরুষ	জগাম বা জগম	জগ্মিব	জগ্মিম

আত্মনেপদে (কতিপয় উপসর্গযোগে) -জগ্মে, (প্রথম পুরুষ বহুবচন) -জগ্মিরে।

হন্—জঘান, জঘন্থ বা জঘনিথ, জঘান বা জঘন; (উত্তম পুরুষ দ্বিবচন) জঘ্নিব ইত্যাদি।

জন্—জজ্ঞে।

৩২৭। জঘাস (অদ্‌ধাতুর লিটের রূপ)। পিৎ-ভিন্ন বিভক্তিতে উহার উক্তরূপ উপধা অকারের লোপ হয়। যথা, বহুবচনে—জক্ষুঃ, জক্ষ, জক্ষিম।

CENTRAL LIBRARY

৩২৮। লিটের পিৎ-ভিন্ন বিভক্তিতে বচ্, বদ্, বপ্, বশ, বস্ ও বহ্‌ধাতুর ব স্থানেও উ হয়; এবং অভ্যাসের ব স্থানে যে উ হয় তাহার সহিত মিলিত হইয়া দীর্ঘ হয়।

লিট্—বচ্

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	উবাচ	উচতুঃ	উচুঃ
মধ্যম পুরুষ	উবচিথ বা উবক্থ	উচথুঃ	উচ
উত্তম পুরুষ	উবাচ বা উবচ	উচিব	উচিম

৩২৯। স্বপ্‌ধাতু হইতেও উহাদের অনুকরণে সুষ্বাপ, সুষুপতুঃ এবং সুষুপুঃ হয়।

৩৩০। লিটের পিৎ বিভক্তিতে যজ্‌ধাতুর অঙ্গ ইয়াজ্ বা ইয়জ্; অন্যত্র ঈজ্। পরস্মৈপদ—ইয়াজ, ঈজতুঃ, ঈজুঃ। আত্মনেপদ—ঈজিরে (প্রথম পুরুষ বহুবচন)।

৩৩১। ব্যধ্‌ধাতু হইতে বিব্যাধ, বিবিধতুঃ, বিবিধুঃ।

৩৩২। লিটের পিৎ-ভিন্ন বিভক্তিতে গ্রহ্‌ধাতুর রস্থানে ঋ হয়—জগ্রাহ, জগৃহতুঃ, জগৃহুঃ।

CENTRAL LIBRARY

৩৩৩। লিট্—ভূ

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	বভূব	বভূবতুঃ	বভূবুঃ
মধ্যম পুরুষ	বভূবিথ	বভূবথুঃ	বভূব
উত্তম পুরুষ	বভূব	বভূবিব	বভূবিম

৩৩৪। অশ্ (স্বাদি) ধাতুর লিটের অঙ্গ আনশ্। আত্মনেপদ প্রথম পুরুষ একবচনে—আনশে।

৩৩৫। জিধাতু হইতে জিগায় হয়; আত্মনেপদে (কতিপয় উপসর্গের পরে) -জিগ্যে। চিধাতু হইতে চিকায় বা চিচায় হয়; আত্মনেপদে চিক্যে বা চিচ্যে।

৩৩৬। দৃশ্ ও সৃজ্ ধাতু লিট্ থ-বিভক্তিতে যথাক্রমে দদর্শিথ বা দদ্রষ্ঠ ও সসর্জিথ বা সস্রষ্ঠ হয়।

৩৩৭। হ্বেধাতু হইতে জুহাব, আত্মনেপদে জুহুবে।

৩৩৮। বেধাতু হইতে ববৌ, (প্রথম পুরুষ বহুবচনে) ববুঃ ইত্যাদি হয়; অথবা পিৎ বিভক্তিতে উহার অঙ্গ উবয্ ও অন্যত্র উয্ বা উব্ হয়; সুতরাং পরস্মৈপদে প্রথম পুরুষে উবায়, উবতুঃ বা উয়তুঃ, উবুঃ বা উয়ুঃ এইরূপও হয়।

৩৩৯। ব্রূধাতুর লটে তি, তস্, অন্তি, সি ও থস্ এই পাঁচ বিভক্তির স্থানে অ, অতুস্, উস্, থ ও অথুস্ এই পাঁচ বিভক্তি যুক্ত হয় ও ব্রূ স্থানে আহ আদেশ হয়। অর্থাৎ লটে—ব্রবীতি, ব্রূতঃ

CENTRAL LIBRARY

ইত্যাদির মত আহ, আহতুঃ, আহুঃ, আথ ও আহথুঃ এই পাঁচটী পদও বর্ত্তমান কালে প্রযুক্ত হয়। লিটে (পরোক্ষানদ্যতন অতীতে) ব্রূধাতুর স্থলে বচ্ আদেশ হয় এবং উবাচ, উচতুঃ, উচুঃ ইত্যাদি পদ হয়।

৩৪০। বিদ্ (অদাদি) লিটে বিবেদ ইত্যাদি হয়। এই ধাতুর নিম্নলিখিত অনভ্যস্ত রূপগুলি আকারে লিটের অনুরূপ হইলেও লটের (বর্ত্তমানের) অর্থ প্রকাশ করে—

লিট্—বিদ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	বেদ	বিদতুঃ	বিদুঃ
মধ্যম পুরুষ	বেত্থ	বিদথুঃ	বিদ
উত্তম পুরুষ	বেদ	বিদ্ব	বিদ্ম

(খ) ক্রিয়ান্তরসহায় লিট্

সাধারণ নিয়ম

৩৪১। ধাতুর পরে আম্ যোগ করিয়া অস্, ভূ ও কৃ-ধাতুর অভ্যস্ত লিটের পদ-যোগে এই লিটের রূপ হইয়া থাকে।

৩৪২। কোন্ কোন্ ধাতুর এইরূপ লিট্ হইবে তাহা পূর্ব্বে (৩০৯ সূত্রে) উক্ত হইয়াছে। অস্ ও ভূধাতু পরস্মৈপদী বলিয়া উহাদের পরস্মৈপদ লিটের রূপ উভয়পদী ধাতুতেই যুক্ত হয়। কৃধাতুর পরস্মৈপদ লিটের রূপ পরস্মৈপদী ধাতুতে, ও আত্মনেপদ লিটের রূপ আত্মনেপদী ধাতুতে যুক্ত হয়। যথা—

CENTRAL LIBRARY

উন্দ্ (পরস্মৈপদ)—উন্দামাস বা উন্দাংবভূব বা উন্দাংচকার।

ঈড্ (আত্মনেপদ)—ঈড়ামাস বা ঈড়াংবভূব বা ঈড়াংচক্রে।

৩৪৩। আম্ পরে থাকিলে ধাতুর অন্ত্যস্বর বা উপধা-লঘু-স্বরের গুণ হয়। যথা, উষ্—ওষামাস ইত্যাদি। বিদ্‌ধাতুর হয় না—বিদাঞ্চকার।

৩৪৪। লিট্—আস্ (আত্মনেপদ)

	অস্‌ধাতু-যোগে	ভূধাতু-যোগে	কৃধাতু-যোগে
	একবচন	একবচন	একবচন
প্রথম পুরুষ	আসামাস	আসাংবভূব	আসাংচক্রে
মধ্যম পুরুষ	আসামাসিথ	আসাংবভূবিথ	আসাংচকৃষে
উত্তম পুরুষ	আসামাস	আসাংবভূব	আসাংচক্রে
	দ্বিবচন	দ্বিবচন	দ্বিবচন
প্রথম পুরুষ	আসামাসতুঃ	আসাংবভূবতুঃ	আসাংচক্রাতে
মধ্যম পুরুষ	আসামাসথুঃ	আসাংবভূবথুঃ	আসাংচক্রাথে
উত্তম পুরুষ	আসামাসিব	আসাংবভূবিব	আসাংচকৃবহে
	বহুবচন	বহুবচন	বহুবচন
প্রথম পুরুষ	আসামাসুঃ	আসাংবভূবুঃ	আসাংচক্রিরে
মধ্যম পুরুষ	আসামাস	আসাংবভূব	আসাংচকৃঢ্বে
উত্তম পুরুষ	আসামাসিম	আসাংবভূবিম	আসাংচকৃমহে

৩৪৫। আম্ পরে থাকিলে ভী, হ্রী, ভৃ ও হুধাতু অভ্যস্ত হয়—

বিভয়াংচকার, বিভরাংচকার ইত্যাদি।

CENTRAL LIBRARY

লুঙ্

(অতীত)

সাধারণ নিয়ম ও শ্রেণীবিভাগ

৩৪৬। লঙের মত লুঙেও ধাতুর পূর্ব্বে অকারাগম হয়।

৩৪৭। লুঙের বিভক্তির রূপও লঙের মত। কয়েক প্রকারের লুঙে প্রথম পুরুষ বহুবচনে অন্ এর স্থানে উস্ হয়।

৩৪৮। রূপ করিবার প্রণালী লক্ষ্য করিয়া লুঙ্‌কে প্রধানতঃ দুই শ্রেণীতে বিভক্ত করা যায়—**প্রথম শ্রেণীতে** ধাতুর সহিত বিভক্তিগুলি অব্যবহিতভাবে বা অকারমাত্র-ব্যবহিত হইয়া যুক্ত হয়; **দ্বিতীয় শ্রেণীতে** ধাতু ও বিভক্তির মধ্যে একটী উষ্মবর্ণের সমাবেশ হয়। **প্রথম শ্রেণীকে তিনটী ও দ্বিতীয় শ্রেণীকে চারিটী শাখায় বিভক্ত করা যায়।** কতকগুলি ধাতুর লুঙে রূপ এক প্রকারে হয়, কতকগুলির আবার বহু প্রকারে হয়।

প্রথম শ্রেণী

(লুঙ্—যাহাতে সিচ্ [স্] আগম হয় না।)

প্রথম শাখা

৩৪৯। লুঙের এই রূপে, বিভক্তিগুলি ধাতুর সহিত অব্যবহিতভাবে যুক্ত হয় এবং অন্‌বিভক্তির স্থানে উস্ হয়; এই উস্ পরে থাকিলে ধাতুর অন্তস্থিত স্বরের লোপ হয়। এই রূপে কেবল পরস্মৈপদের বিভক্তিই প্রযুক্ত হয়।

CENTRAL LIBRARY

পরস্মৈপদ—দা

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অদাৎ	অদাতাম্	অদুঃ
মধ্যম পুরুষ	অদাঃ	অদাতম্	অদাত
উত্তম পুরুষ	অদাম্	অদাব	অদাম

৩৫০। ভূধাতুর পরে প্রথম পুরুষের বহুবচনে (উস্ না হইয়া) অন্‌বিভক্তি হয়। স্বরাদি বিভক্তি পরে থাকিলে (লিটের মত) লুঙেও ভূধাতুর উ স্থানে উব্ হয়।

পরস্মৈপদ—ভূ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অভূৎ	অভূতাম্	অভূবন্
মধ্যম পুরুষ	অভূঃ	অভূতম্	অভূত
উত্তম পুরুষ	অভূবম্	অভূব	অভূম

দ্বিতীয় শাখা

৩৫১। লুঙের এই রূপে বিভক্তির পূর্ব্বে ও ধাতুর পরে একটী অকারাগম হয়। অকারাদি বিভক্তি পরে থাকিলে এই অকারের লোপ হয়। বিভক্তির ব বা ম পরে থাকিলে উহার বৃদ্ধি হয়।

৩৫২। এই অ পরে থাকিলে ধাতুর অন্তস্থিত ঋ ও ঌ বর্ণের গুণ হয়। যথা, সৃ—অসরৎ। দৃশ্‌ধাতুর রূপেও হয়, যথা—অদর্শৎ।

লুঙের এই শাখার রূপ সাধারণতঃ পরস্মৈপদে হয়।

CENTRAL LIBRARY

পরস্মৈপদ—সিচ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অসিচৎ	অসিচতাম্	অসিচন্
মধ্যম পুরুষ	অসিচঃ	অসিচতম্	অসিচত
উত্তম পুরুষ	অসিচম্	অসিচাব	অসিচাম

তৃতীয় শাখা

৩৫৩। লুঙের এই রূপে বিভক্তির পূর্ব্বে ও ধাতুর পরে একটী অকারাগম হয় এবং ধাতুটীও এক বিশিষ্টভাবে অভ্যস্ত হয়। এই অভ্যাস বহু জটিল সূত্রের দ্বারা নিয়ন্ত্রিত। বহু স্থলে অভ্যাসের স্বর দীর্ঘ হয়। চুরাদিগণীয় ও ণিজন্ত ধাতু এবং অন্য কতিপয় ধাতুও লুঙের এই প্রকার রূপ গ্রহণ করিয়া থাকে।

মুচ্‌ধাতুর ণিজন্ত অঙ্গ "মোচয়"কে উদাহরণস্বরূপ নিম্নে রূপ করিয়া দেখান গেল—

উভয়পদী—মুচ্ (ণিজন্ত)

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অমূমুচৎ	অমূমুচতাম্	অমূমুচন্
মধ্যম পুরুষ	অমূমুচঃ	অমূমুচতম্	অমূমুচত
উত্তম পুরুষ	অমূমুচম্	অমূমুচাব	অমূমুচাম

CENTRAL LIBRARY

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অমূমুচত	অমূমুচেতাম্	অমূমুচন্ত
মধ্যম পুরুষ	অমূমুচথাঃ	অমূমুচেথাম্	অমূমুচধ্বম্
উত্তম পুরুষ	অমূমুচে	অমূমুচাবহি	অমূমুচামহি

দ্বিতীয় শ্রেণী

(লুঙ্—যাহাতে সিচ্ [স্] আগম হয়।)

প্রথম শাখা

৩৫৪। এই শাখার লুঙের বিভক্তি নিম্নরূপ বলা যাইতে পারে—

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সৎ	সতাম্	সন্
মধ্যম পুরুষ	সঃ	সতম্	সত
উত্তম পুরুষ	সম্	সাব	সাম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সত	সাতাম্	সন্ত
মধ্যম পুরুষ	সথাঃ	সাথাম্	সধ্বম্
উত্তম পুরুষ	সি	সাবহি	সামহি

৩৫৫। উল্লিখিত বিভক্তি পরে থাকিলে, ধাতুর স্বর অবিকৃত থাকে।

CENTRAL LIBRARY

৩৫৬। অল্পসংখ্যক ধাতুই লুঙের এই রূপ গ্রহণ করে।

উভয়পদী—দিশ্

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অদিক্ষৎ	অদিক্ষতাম্	অদিক্ষন্
মধ্যম পুরুষ	অদিক্ষঃ	অদিক্ষতম্	অদিক্ষত
উত্তম পুরুষ	অদিক্ষম্	অদিক্ষাব	অদিক্ষাম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অদিক্ষত	অদিক্ষাতাম্	অদিক্ষন্ত
মধ্যম পুরুষ	অদিক্ষথাঃ	অদিক্ষাথাম্	অদিক্ষধ্বম্
উত্তম পুরুষ	অদিক্ষি	অদিক্ষাবহি	অদিক্ষামহি

দুহ্‌ধাতু—অধুক্ষৎ, অধুক্ষম্। আত্মনেপদে—অধুক্ষত, অধুক্ষি।

দ্বিতীয় শাখা

৩৫৭। লুঙের এই শাখার বিভক্তির রূপ, যথা—

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সীৎ	স্তাম্	সুঃ
মধ্যম পুরুষ	সীঃ	স্তম্	স্ত
উত্তম পুরুষ	সম	স্ব	স্ম

CENTRAL LIBRARY

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	স্ত	সাতাম্	সত
মধ্যম পুরুষ	স্থাঃ	সাথাম্	ধ্বম্
উত্তম পুরুষ	সি	স্বহি	স্মহি

৩৫৮। সন্ধির নিয়মানুসারে ধাতুর অন্তস্থিত ব্যঞ্জনবর্ণ বিভক্তির আদিবর্ণের সহিত নানারূপে মিলিত হয়। যথা, পচ্—অপাক্ষীৎ; প্রচ্ছ্—অপ্রাক্ষীৎ; মৃজ্—অমার্ক্ষীৎ; রুধ্—অরৌৎসীৎ; কৃষ্—অকার্ক্ষীৎ; বস্—অবাৎসীৎ; বহ্—অবাক্ষীৎ; দহ্—অধাক্ষীৎ (মধ্যম পুরুষ বহুবচনে অদাগ্ধ); মন্ (আত্মনেপদী)—অমংস্ত।

৩৫৯। অ আ ভিন্ন স্বর অথবা র পূর্ব্বে থাকিলে ধ্বম্ এর স্থানে ঢ্বম্ হয়। যথা, নী—অনেঢ্বম্; কৃ—অকৃঢ্বম্।

৩৬০। এই রূপে লুঙের পরস্মৈপদে ধাতুর স্বরের বৃদ্ধি হয়। যথা, জি—অজৈষীৎ; নী—অনৈষীৎ; শ্রু—অশ্রৌষীৎ; ভঞ্জ্—অভাঙ্ক্ষীৎ।

(ক) আত্মনেপদে ধাতুর অন্তস্থিত ই, ঈ, উ, ঊকারের গুণ হয়। যথা, নী—অনেষ্ট, সূ—অসোষ্ট।

উভয়পদী—নী

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অনৈষীৎ	অনৈষ্টাম্	অনৈষুঃ
মধ্যম পুরুষ	অনৈষীঃ	অনৈষ্টম্	অনৈষ্ট
উত্তম পুরুষ	অনৈষম্	অনৈষ্ব	অনৈষ্ম

CENTRAL LIBRARY

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অনেষ্ট	অনেষাতাম্	অনেষত
মধ্যম পুরুষ	অনেষ্ঠাঃ	অনেষাথাম্	অনেঢ্বম্
উত্তম পুরুষ	অনেষি	অনেষ্বহি	অনেষ্মহি

উভয়পদী—কৃ

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অকার্ষীৎ	অকার্ষ্টাম্	অকার্ষুঃ
মধ্যম পুরুষ	অকার্ষীঃ	অকার্ষ্টম্	অকার্ষ্ট
উত্তম পুরুষ	অকার্ষম্	অকার্ষ্ব	অকার্ষ্ম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অকৃত	অকৃষাতাম্	অকৃষত
মধ্যম পুরুষ	অকৃথাঃ	অকৃষাথাম্	অকৃঢ্বম্
উত্তম পুরুষ	অকৃষি	অকৃষ্বহি	অকৃষ্মহি

৩৬১। দৃশ্, সৃজ্ ও স্পৃশ্‌ধাতুর ঋকার স্থানে আর্ না হইয়া রা হয়। যথা—অদ্রাক্ষীৎ, অস্রাক্ষীৎ, অস্প্রাক্ষীৎ।

৩৬২। আত্মনেপদ বিভক্তি পরে থাকিলে দা, ধা ও স্থাধাতুর আকার স্থানে ই হয়। ধাতুর অঙ্গের হ্রস্ব স্বরের পরে আত্মনেপদ প্রথম ও মধ্যম পুরুষের একবচনের বিভক্তির পূর্ব্বস্থিত স্ (সিচ্) এর লোপ হয়। যথা—অদিত, অদিথাঃ ; অকৃত, অকৃথাঃ।

CENTRAL LIBRARY

তৃতীয় শাখা

৩৬৩। এই শাখার লুঙের বিভক্তি দ্বিতীয় শ্রেণীর দ্বিতীয় শাখার বিভক্তির অনুরূপ, কেবল এই শাখায় ঐ বিভক্তির পূর্ব্বে একটি ই আইসে। পরস্মৈপদ প্রথম ও মধ্যম পুরুষ একবচনে বিভক্তির স্ এর লোপ হয়। তাহা হইলে বিভক্তির আকৃতি নিম্নরূপ দাঁড়ায়—

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ঈৎ	ইষ্টাম্	ইষুঃ
মধ্যম পুরুষ	ঈঃ	ইষ্টম্	ইষ্ট
উত্তম পুরুষ	ইষম্	ইষ্ব	ইষ্ম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ইষ্ট	ইষাতাম্	ইষত
মধ্যম পুরুষ	ইষ্ঠাঃ	ইষাথাম্	ইঢ্বম্
উত্তম পুরুষ	ইষি	ইষ্বহি	ইষ্মহি

৩৬৪। লুঙের এই রূপে দ্বিতীয় শ্রেণীর দ্বিতীয় শাখার অনুরূপ ধাতুর স্বরের বৃদ্ধি বা গুণ হইয়া থাকে। যথা, লু—অলাবীৎ, অলাবীঃ, অলাবিষম্; আত্মনেপদে—অলবিষ্ট। বুধ্—অবোধীৎ।

CENTRAL LIBRARY

উভয়পদী—বুধ্

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অবোধীৎ	অবোধিষ্টাম্	অবোধিষুঃ
মধ্যম পুরুষ	অবোধীঃ	অবোধিষ্টম্	অবোধিষ্ট
উত্তম পুরুষ	অবোধিষম্	অবোধিষ্ব	অবোধিষ্ম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অবোধিষ্ট	অবোধিষাতাম্	অবোধিষত
মধ্যম পুরুষ	অবোধিষ্ঠাঃ	অবোধিষাথাম্	অবোধিঢ্বম্
উত্তম পুরুষ	অবোধিষি	অবোধিষ্বহি	অবোধিষ্মহি

চতুর্থ শাখা

৩৬৫। এই শাখার লুঙের বিভক্তির রূপ দ্বিতীয় শ্রেণীর তৃতীয় শাখার বিভক্তির পূর্ব্বে স্ যোগ করিলে হইবে ; যথা—

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সীৎ	সিষ্টাম্	সিষুঃ
মধ্যম পুরুষ	সীঃ	সিষ্টম্	সিষ্ট
উত্তম পুরুষ	সিষম্	সিষ্ব	সিষ্ম

এই শাখায় কেবল পরস্মৈপদ প্রযুক্ত হইয়া থাকে।

৩৬৬। আকারান্ত কতিপয় ধাতু ও নম্, যম্ এবং রম্ধাতু এই শাখার অন্তর্গত।

CENTRAL LIBRARY

পরস্মৈপদ—নম্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অনংসীৎ	অনংসিষ্টাম্	অনংসিষুঃ
মধ্যম পুরুষ	অনংসীঃ	অনংসিষ্টম্	অনংসিষ্ট
উত্তম পুরুষ	অনংসিষম্	অনংসিষ্ব	অনংসিষ্ম

লৃট্

(সাধারণ ভবিষ্যৎ)

৩৬৭। ভবিষ্যৎ লৃটে ধাতুর উত্তর স্য এবং সেট্ হইলে ইষ্য যোগ করিতে হয়। অতঃপর এই প্রকার ধাতুর অঙ্গের পরে বর্ত্তমানের বিভক্তি যোগ করিতে হয়। অ পরে থাকিলে স্য বা ইষ্যর অকারের লোপ হয় এবং ব্ ও ম্ পরে থাকিলে উহার বৃদ্ধি হয়।

৩৬৮। লৃটে ধাতুর অন্ত্য স্বর ও উপধা লঘুস্বরের গুণ হয়। যথা, ই—এষ্যতি, ভূ—ভবিষ্যতি ; কৃ—করিষ্যামি, বুধ্—ভোৎস্যে।

৩৬৯। লৃটে কতকগুলি ধাতুর বিকল্পে ইকারাগম হয়। যথা, কৃৎ—কর্ৎস্যামি বা কর্ত্তিষ্যামি।

৩৭০। চুরাদিগণীয় বা ণিজন্ত ধাতুর অয় আগম লৃটেও থাকে ; তবে উহার অন্ত্য অকারের লোপ হয়। যথা, চুর্ (চোরয়)—চোরয়িষ্যামি।

CENTRAL LIBRARY

৩৭১। পরস্মৈপদ—ভূ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ভবিষ্যতি	ভবিষ্যতঃ	ভবিষ্যন্তি
মধ্যম পুরুষ	ভবিষ্যসি	ভবিষ্যথঃ	ভবিষ্যথ
উত্তম পুরুষ	ভবিষ্যামি	ভবিষ্যাবঃ	ভবিষ্যামঃ

আত্মনেপদ—লভ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	লপ্স্যতে	লপ্স্যেতে	লপ্স্যন্তে
মধ্যম পুরুষ	লপ্স্যসে	লপ্স্যেথে	লপ্স্যধ্বে
উত্তম পুরুষ	লপ্স্যে	লপ্স্যাবহে	লপ্স্যামহে

৩৭২। দৃশ্, সৃজ্ ও স্পৃশ্‌ধাতুর দ্রক্ষ্যতি, স্রক্ষ্যতি, স্প্রক্ষ্যতি ইত্যাদি রূপ হয়। বস্—বৎস্যতি; গ্রহ্—গ্রহীষ্যতি; নশ্—নঙ্ক্ষ্যতি প্রভৃতিও লক্ষ্য করা উচিত।

লুট্

(অনদ্যতন ভবিষ্যৎ)

ক্রিয়ান্তরসহায়ে উদ্ভূত

৩৭৩। ধাতুর উত্তর তৃপ্রত্যয় যোগ করিয়া যে কর্ত্তৃবাচক বিশেষ্য শব্দ উদ্ভূত হয়, সেই বিশেষ্যের পরে উত্তম ও মধ্যম পুরুষে, অস্‌ধাতুর বর্ত্তমানের পদ প্রয়োগ করিয়া ভবিষ্যতের এই অভিনব

CENTRAL LIBRARY

রূপের উৎপত্তি হয়; প্রথম পুরুষে অস্‌ধাতুর প্রয়োগ হয় না, সেই বিশেষ্যের কর্ত্তৃকারকের (একবচন, দ্বিবচন ও বহুবচনের) পদগুলি ব্যবহৃত হয় মাত্র।

৩৭৪। তৃ পরে থাকিলে ধাতুর অন্ত্যস্বর ও উপধা লঘুস্বরের গুণ হয়। যথা, কৃ (উত্তমপুরুষ)—কর্ত্তাস্মি, (কৃধাতুর উত্তর তৃ প্রত্যয় করিয়া তাহার পুংলিঙ্গ প্রথমার একবচন 'কর্ত্তা', তাহার উত্তর অস্‌ধাতুর উত্তম পুরুষের 'অস্মি' পদ যুক্ত হইয়াছে); নী—নেতাস্মি; ভূ—ভবিতাস্মি।

৩৭৫। কয়েকটী ক্রিয়ার ভবিষ্যতে লৃটের রূপ ভিন্ন এইরূপ রূপও হইয়া থাকে।

৩৭৬। উভয়পদী—দা

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দাতা	দাতারৌ	দাতারঃ
মধ্যম পুরুষ	দাতাসি	দাতাস্থঃ	দাতাস্থ
উত্তম পুরুষ	দাতাস্মি	দাতাস্বঃ	দাতাস্মঃ

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দাতা	দাতারৌ	দাতারঃ
মধ্যম পুরুষ	দাতাসে	দাতাসাথে	দাতাধ্বে
উত্তম পুরুষ	দাতাহে	দাতাস্বহে	দাতাস্মহে

CENTRAL LIBRARY

লৃঙ্

(হেতুহেতুমদ্ভাবে)

৩৭৭। এই লকারে ধাতুর উত্তর লৃটের মত স্য (বা ইষ্য) হয়, ধাতুর পূর্ব্বে (লঙ্ ও লুঙের মত) অকারাগম হয়, স্য (বা ইষ্য)-যুক্ত অঙ্গের পর লঙের বিভক্তি যুক্ত হয় এবং স্য (বা ইষ্য)র অন্তস্থিত অকারের লোপ বা বৃদ্ধি অথবা ধাতুর গুণ লৃটের অনুরূপ হইয়া থাকে। যথা, ভূ (উত্তম পুরুষ)—অভবিষ্যম্ ; পচ্—অপক্ষ্যম্ ; বস্—অবৎস্যম্ ; দৃশ্—অদ্রক্ষ্যম্।

৩৭৮। পরস্মৈপদ—ভূ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অভবিষ্যৎ	অভবিষ্যতাম্	অভবিষ্যন্
মধ্যম পুরুষ	অভবিষ্যঃ	অভবিষ্যতম্	অভবিষ্যত
উত্তম পুরুষ	অভবিষ্যম্	অভবিষ্যাব	অভবিষ্যাম

আত্মনেপদ—লভ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অলপ্স্যত	অলপ্স্যেতাম্	অলপ্স্যন্ত
মধ্যম পুরুষ	অলপ্স্যথাঃ	অলপ্স্যেথাম্	অলপ্স্যধ্বম্
উত্তম পুরুষ	অলপ্স্যে	অলপ্স্যাবহি	অলপ্স্যামহি

CENTRAL LIBRARY

আশীর্লিঙ্

৩৭৯। আশীর্ব্বাদ অর্থে ধাতুর উত্তর আশীর্লিঙের প্রয়োগ হয়। এই লকারে নিম্নলিখিত বিভক্তিগুলি ধাতুর সহিত যোগ করিতে হয়—

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	যাৎ	যাস্তাম্	যাসুঃ
মধ্যম পুরুষ	যাঃ	যাস্তম্	যাস্ত
উত্তম পুরুষ	যাসম্	যাস্ব	যাস্ম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সীষ্ট	সীয়াস্তাম্	সীরন্
মধ্যম পুরুষ	সীষ্ঠাঃ	সীয়াস্থাম্	সীধ্বম্
উত্তম পুরুষ	সীয়	সীবহি	সীমহি

৩৮০। আশীর্লিঙে পরস্মৈপদে গুণ বা বৃদ্ধি হয় না। যথা, ভূ—ভূয়াৎ, ভূয়াঃ, ভূয়াসম্।

৩৮১। ধাতুর অন্তস্থিত ই, উ দীর্ঘ হয়। যথা, জি—জীয়াৎ, জীয়াঃ, জীয়াসম্।

৩৮২। ধাতুর অন্তস্থিত ঋ স্থানে রি হয়; যথা, কৃ (উত্তম পুরুষ)—ক্রিয়াসম্। কিন্তু সংযুক্তবর্ণে যুক্ত থাকিলে ঋকারের গুণ হয়; যথা, স্মৃ (উত্তম পুরুষ)—স্মর্য্যাসম্।

CENTRAL LIBRARY

৩৮৩। দা, ধা, মা, স্থা, পা (পানে), হা এবং গৈধাতুর অন্তস্থিত স্বরের স্থানে এ হয়। যথা—দেয়াসম্, ধেয়াসম্ ইত্যাদি।

৩৮৪। আত্মনেপদে সেট্ ধাতুর পরে নিত্য এবং বেট্ ধাতুর পরে বিকল্পে ইকারাগম হয়। ধাতুর অন্ত্যস্বর ও উপধা লঘুস্বরের গুণ হয়। ই (ইট্) পরে না থাকিলে অন্ত্য ঋকারের গুণ হয় না। যথা, পূ (উত্তম পুরুষ)—পবিষীয়; কৃ—কৃষীয়।

৩৮৫। পরস্মৈপদ—ভূ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ভূয়াৎ	ভূয়াস্তাম্	ভূয়াসুঃ
মধ্যম পুরুষ	ভূয়াঃ	ভূয়াস্তম্	ভূয়াস্ত
উত্তম পুরুষ	ভূয়াসম্	ভূয়াস্ব	ভূয়াস্ম

আত্মনেপদ—কৃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	কৃষীষ্ট	কৃষীয়াস্তাম্	কৃষীরন্
মধ্যম পুরুষ	কৃষীষ্ঠাঃ	কৃষীয়াস্থাম্	কৃষীঢ্বম্
উত্তম পুরুষ	কৃষীয়	কৃষীবহি	কৃষীমহি

CENTRAL LIBRARY

ভাব-কর্ম্ম-প্রক্রিয়া

৩৮৬। সকলগণীয় ধাতুর সকল লকারেই ভাব বা কর্ম্মবাচ্যে প্রয়োগ হইতে পারে। সকর্ম্মক ক্রিয়ার রূপ সকল পুরুষ এবং সকল বচনেই হইতে পারে, কিন্তু অকর্ম্মক ক্রিয়ার রূপ (ভাববাচ্যে) কেবল প্রথম পুরুষের একবচনে হয়। বিশেষ লকারে ভাব বা কর্ম্মবাচ্যে ধাতুর উত্তর য-যোগ করিতে হয়। এই য-যোগে ধাতুর গুণ বা বৃদ্ধি কিছুই হয় না। অতঃপর ধাতুর এই অঙ্গের উত্তর প্রথম শ্রেণীর ক্রিয়ার আত্মনেপদের বিভক্তিগুলি যুক্ত হয়। যথা—অনু-ভূ (লট্)—অনুভূয়তে, অনুভূয়সে, অনুভূয়ে ইত্যাদি; লোট্—অনুভূয়তাম্; লঙ্—অনুভূয়ত; বিধি-লিঙ্—অনুভূয়েত।

বুধ্—লট্—বুধ্যতে, লোট্—বুধ্যতাম্, লঙ্—অবুধ্যত, বিধি-লিঙ্—বুধ্যেত।

৩৮৭। এই য পরে থাকিলে ধাতুর অন্তস্থিত ই এবং উ দীর্ঘ হয়, ঋ স্থানে রি হয়, ৠ স্থানে ঈর্ অথবা ওষ্ঠ্যবর্ণে যুক্ত হইলে ঊর্ হয়। যথা—

জি—জীয়তে, কৃ—ক্রিয়তে, কৄ—কীর্য্যতে, পৄ—পূর্য্যতে।

৩৮৮। য পরে থাকিলে সংযুক্তবর্ণে যুক্ত ঋকারের ও ঋ-ধাতুর গুণ হয়। যথা, স্মৃ—স্মর্য্যতে, ঋ—অর্য্যতে।

৩৮৯। য পরে থাকিলে দা (দানে), ধা, মা, স্থা, পা (পানে), হা (ত্যাগে), দে, ধে, গৈ এবং সোধাতুর অন্ত্যস্বরের স্থানে ঈ হয়। যথা, দা—দীয়তে, পা—পীয়তে, গৈ—গীয়তে, সো—সীয়তে।

CENTRAL LIBRARY

৩৯০। য পরে থাকিলে ইকারানুবন্ধ ধাতুর উপধা নকার ভিন্ন অনুনাসিকের লোপ হয়। যথা, বন্ধ্—বধ্যতে, গ্রন্থ্—গ্রথ্যতে।

৩৯১। যজ্—ইজ্যতে, বচ্—উচ্যতে (ব্রূধাতুর স্থলেও কর্ম্মবাচ্যে বচ্ হয়), বপ্—উপ্যতে, বহ্—উহ্যতে, স্বপ্—সুপ্যতে, বা—উয়তে, হ্বে—হূয়তে, গ্রহ্—গৃহ্যতে।

৩৯২। জন্—জন্যতে বা জায়তে, খন্—খন্যতে বা খায়তে, শাস্—শাস্যতে বা শিষ্যতে।

৩৯৩। লিট্, লুট্, লৃট্, লৃঙ্ ও আশীর্লিঙে কর্ম্ম ও ভাববাচ্যের রূপ কর্ত্তৃবাচ্যের আত্মনেপদ বিভক্তিযুক্ত পদের মত। যথা, কৃ [লিট্—কর্ম্মবাচ্যে]—চক্রে, ঈক্ষ্—ঈক্ষাঞ্চক্রে, ঈক্ষামাসে। বুধ্ [লৃট্ উত্তম পুরুষ] বোধিষ্যে, লুট্—বোধিতাহে, লৃঙ্—অবোধিষ্যে; আশীর্লিঙ্—বোধিষীয়।

৩৯৪। লুঙেও ভাব বা কর্ম্মবাচ্যে ধাতুর উত্তর আত্মনেপদের বিভক্তি যোগ করিলেই হয়। যথা, অনুভূ [লুঙ্, উত্তম পুরুষ একবচন, কর্ম্মবাচ্যে]—অন্বভাবিষি। কেবল প্রথম পুরুষের একবচনে কিছু বিশেষ আছে; প্রথম পুরুষের একবচনে বিভক্তির রূপ 'ই' হয়, এই ই পরে থাকিলে ধাতুর অন্ত্য স্বরের ও উপধা অকারের বৃদ্ধি হয়, এবং অকারভিন্ন উপধা লঘুস্বরের গুণ হয়, ও ধাতুর অন্তস্থিত আকারের পর য্ আইসে। যথা, নী—অনায়ি, শ্রু—অশ্রাবি, কৃ বা কৄ—অকারি, ভিদ্—অভেদি, মুচ্—অমোচি, কৃষ্—অকর্ষি, নিন্দ্—অনিন্দি, বদ্—অবাদি, জ্ঞা—অজ্ঞায়ি, দা—অদায়ি।

(ক) কিন্তু রভ্ধাতু হইতে অরম্ভি এবং লভ্ধাতু হইতে অলম্ভি বা অলাভি হয়।

CENTRAL LIBRARY

৩৯৫। অয়-যোগে যে সকল ধাতুর অঙ্গ উৎপন্ন হয়, কর্ম্ম বা ভাববাচ্যে লিট্ ভিন্ন সাধারণ লকারে তাহাদের অয়্ভাগের বিকল্পে লোপ হয়। যথা, লৃট্—চোরয়িষ্যে বা চোরিষ্যে, লুঙ্—অচোরয়িষি বা অচোরিষি। লুঙের প্রথম পুরুষ একবচনে এই লোপ নিত্য হয়—অচোরি; রোপয় (রুহ্+ণিচ্) হইতে অরোপি।

প্রযোজিত ক্রিয়া—ণিজন্ত

৩৯৬। সকল ধাতুই প্রযোজিত ক্রিয়ার আকার ধারণ করিতে পারে। প্রযোজিত ক্রিয়ার অঙ্গ চুরাদিগণীয় ধাতুর অনুরূপ গুণবৃদ্ধ্যাদি দ্বারা নিষ্পন্ন হয়। যথা, বুধ্ (জ্ঞানে) [বোধয়—অঙ্গ]—বোধয়তি (তিনি জানাইতেছেন), অবোধয়ৎ (তিনি জানাইয়াছিলেন) ইত্যাদি। এইরূপ ভূ—ভাবয়তি, কৃ—কারয়তি, নী—নায়য়তি।

৩৯৭। লুঙ্ ও আশীর্লিঙ্ ভিন্ন সাধারণ লকারে প্রযোজিতার্থ প্রত্যয় 'অয়ে'র (চুরাদিগণীয় ধাতুর মত) অন্তস্থিত অকারের লোপ হয়, সমুদয়ের লোপ হয় না। যথা, বোধয় লৃট্—বোধয়িষ্যতি, লিট্—বোধয়াংচকার। কিন্তু লুঙ্ (অভ্যস্ত—৩৫৩ সূত্র দ্রষ্টব্য) অবুবুধৎ; আশীর্লিঙ্—বোধ্যাসম্।

৩৯৮। অম্-ভাগান্ত কতিপয় ধাতুর উপধা অকারের বৃদ্ধি হয়। যথা, কম্—কাময়তি।

CENTRAL LIBRARY

৩৯৯। ণিজন্ত করিলে আকারান্ত ধাতুর পরে প্ আইসে। যথা, দা—দাপয়তি।

৪০০। ণিজন্ত করিলে ধাতুর অন্তস্থিত এ ঐ এবং ও স্থানে আ হয় এবং উহার পরে প্ আইসে। যথা, গৈ—গাপয়তি।

৪০১। কতিপয় ই বা ঈকারান্ত ধাতুরও ঐরূপ হয়। যথা, ক্রী—ক্রাপয়তি।

৪০২। জ্ঞা—জ্ঞপয়তি বা জ্ঞাপয়তি, স্মা—স্মপয়তি বা স্মাপয়তি। পা (পানে)—পায়য়তি, কিন্তু পা (রক্ষণে)—পালয়তি।

৪০৩। প্রী—প্রীণয়তি, হন্—ঘাতয়তি, ঋ—অর্পয়তি, রুহ্—রোপয়তি বা রোহয়তি।

৪০৪। ই (গমনে) ণিজন্ত করিলে গময়তি হয়, কিন্তু অধি-পূর্ব্বক ইধাতু হইতে অধ্যাপয়তি হইয়া থাকে ও বোধনার্থে প্রতি+ই হইতে প্রত্যায়য়তি হয়।

৪০৫। বিপূর্ব্বক স্মি হইতে বিস্মাপয়তে (He astonishes) বা বিস্মায়য়তি।

ইচ্ছার্থ ক্রিয়া—সনন্ত

৪০৬। ইচ্ছার্থ ক্রিয়া সকল ধাতু হইতেই উৎপন্ন হয় এবং সকল লকারেই প্রযুক্ত হইতে পারে।

৪০৭। ধাতুকে অভ্যস্ত করিয়া তদুত্তর স্-যোগে ইচ্ছার্থ ক্রিয়ার অঙ্গ উৎপন্ন হয়। এ অভ্যাসের নিয়ম ২৭৫ সূত্রে যে সাধারণ নিয়ম উক্ত হইয়াছে প্রায় তদনুযায়ী হয়। কেবল এস্থলে অভ্যাসে অ, আ এবং ঋ স্থানে ই হয়। (ঋ ওষ্ঠ্য বর্ণে যুক্ত হইলে

CENTRAL LIBRARY

উ হয়)। সাধারণতঃ এই স্ আগমের পূর্ব্বে সেট্ ধাতুর পরে ইকারাগম হয়, বেট্ ধাতুর পরে বিকল্পে হয়, এবং অনিট্ ধাতুর পরে হয় না। যথা, ভূ—বুভূষতি, স্থা—তিষ্ঠাসতি, পঠ্—পিপঠিষতি।

৪০৮। সাধারণতঃ ইষ্ পরে থাকিলে ধাতুর অন্ত্যস্বর ও উপধা লঘুস্বরের গুণ হয় কিন্তু স্ পরে থাকিলে হয় না। যথা, শীধাতু—শিশয়িষতে, নৃৎধাতু—নিনর্ত্তিষতি। উপধা ইকারের গুণ হয় না, বিদ্—বিবিদিষতি। স্ পরে থাকিলে ধাতুর অন্তস্থিত ই, উ দীর্ঘ হয়। যথা, জিধাতু—(ব্যঞ্জনের অনিয়মিত পরিবর্ত্তন করিয়া) জিগীষতি, দ্রু—দুদ্রুষতি।

৪০৯। স্ পরে থাকিলে ধাতুর অন্তস্থিত ঋ ও ৠ স্থানে ঈর্ হয়, কিন্তু ঋ ৠ ওষ্ঠ্যবর্ণে যুক্ত হইলে ঊর্ হয়। যথা, কৃ—চিকীর্ষতি, তৃ—তিতীর্ষতি, মৃ—মুমূর্ষতি।

৪১০। গম্‌ধাতু হইতে এবং বোধন ভিন্ন অর্থে ইধাতু হইতে জিগমিষতি। মন্—মীমাংসতে, হন্—জিঘাংসতি, অধি-পূর্ব্বক ই—অধিজিগাংসতে, সম্‌পূর্ব্বক গম্—সঞ্জিগাসতে, বোধন অর্থে প্রতিপূর্ব্বক ই—প্রতীষিষতি (৪০৪ দেখ)।

৪১১। দা—দিৎসতি, ধা—ধিৎসতি, মা—মিৎসতি, পদ্—পিৎসতে, রভ্—রিপ্সতে, লভ্—লিপ্সতে, শক্—শিক্ষতি।

৪১২। গ্রহ্—জিঘৃক্ষতি, প্রচ্ছ্—পিপৃচ্ছিষতি, স্বপ্—সুষুপ্সতি।

CENTRAL LIBRARY

পৌনঃপুন্যার্থ বা ভৃশার্থ ক্রিয়া—যঙন্ত

৪১৩। পৌনঃপুন্যার্থ অথবা ভৃশার্থ ক্রিয়া, মৌলিক ধাতু দ্বারা সূচিত কার্য্যের পুনঃ পুনঃ সংঘটন অথবা আতিশয্য দ্যোতিত করে। প্রথম নয় গণের মধ্যে যে সকল ধাতু একস্বরবিশিষ্ট, ও যাহাদের আদিতে ব্যঞ্জনবর্ণ আছে, সেই সকল ধাতু হইতেই যঙন্তক্রিয়া উদ্ভূত হয়।

৪১৪। পৌনঃপুন্যার্থ অথবা ভৃশার্থ ক্রিয়ার অঙ্গে একপ্রকার বিশেষ অভ্যাস লক্ষিত হয়। এই অভ্যাসের স্বরের গুণ হয় এবং অকার স্থানে আকার হয়।

(ক) যখন এই অভ্যস্ত অঙ্গে পরস্মৈপদের বিভক্তি যুক্ত হয় এবং উহার জুহোত্যাদিগণীয়ের মত রূপ হয়, তখন ইহাকে সংস্কৃত ব্যাকরণে **যঙ্‌লুগন্ত-প্রক্রিয়া** বলে, অর্থাৎ এ স্থলে পৌনঃপুন্যার্থ অথবা ভৃশার্থদ্যোতক য (যঙ্) প্রত্যয়ের লোপ হইয়াছে এইরূপ বিবেচনা করিতে হইবে।

(খ) কিন্তু পৌনঃপুন্যার্থ অথবা ভৃশার্থ প্রকাশ করিতে অভ্যস্ত অঙ্গের পরে য (যঙ্) যোগ করিতে হয়; এই যকারের পরে আত্মনেপদের বিভক্তি হয়, এবং এস্থলেও কর্ম্মবাচ্যের অনুরূপ অঙ্গের বিকার ঘটে (৩৮৭ সূত্র দ্রষ্টব্য)। ইহাই **যঙন্ত-প্রক্রিয়া**।

ভূধাতু পৌনঃপুন্যার্থে অথবা ভৃশার্থে—বোভোতি (যঙ্-লুগন্ত); বোভূয়তে (যঙন্ত)। নীধাতু—নেনীয়তে (যঙন্ত); তপ্—তাতপ্যতে (যঙন্ত); লিহ্—লেলিহীতি (যঙ্‌লুগন্ত); লেলিহ্যতে (যঙন্ত)।

CENTRAL LIBRARY

৪১৫। যঙন্ত রূপের বিষয়ে অনেক বিশেষ সূত্র আছে, তদনুসারে ক্রম্—চঙ্ক্রম্যতে; বৃৎ—বরীবৃত্যতে; গ্রহ্—জরীগৃহ্যতে; নৃৎ—নরীনৃত্যতে ইত্যাদি।

নামধাতু

৪১৬। বিশেষ্য শব্দের উত্তর য (ক্যচ্ বা ক্যঙ্)-প্রত্যয় করিয়া বহু ধাতু উৎপন্ন হয়; ইহাদিগকে নামধাতু বলে। এইরূপ ক্রিয়ার অর্থ—তদ্বৎ আচরণ করা, তদ্বৎ দেখা, তাহা কামনা করা, তাহা করা ইত্যাদি।

৪১৭। এই য পরে থাকিলে অন্ত্য স্বর দীর্ঘ হয়, অন্ত্য অ এবং আ স্থলে অনেক সময়ে ঈ হয় এবং অন্ত্য ন্ স্থানে আ হয়। যথা, কৃষ্ণ—কৃষ্ণায়তে=কৃষ্ণের মত আচরণ করিতেছে। রাজন্—রাজায়তে=রাজার মত আচরণ করিতেছে। পুত্র—পুত্রীয়তি (ছাত্রম্)=তিনি (ছাত্রকে) পুত্রের মত দেখিতেছেন; অথবা পুত্রীয়তি=আপনার পুত্র কামনা করিতেছেন। শব্দ—শব্দায়তে=শব্দ করিতেছেন। নমস্—নমস্যতি=নমস্কার করিতেছেন।

পরস্মৈপদ ও আত্মনেপদ-বিধান

৪১৮। পরস্মৈপদ ও আত্মনেপদের অর্থগত সাধারণ ভেদ ২৩২ সূত্রে উক্ত হইয়াছে।

CENTRAL LIBRARY

৪১৯। উপসর্গযোগে অনেক পরস্মৈপদী ধাতু আত্মনেপদী বা আত্মনেপদী ধাতু পরস্মৈপদী হইয়া যায়; তদ্বিষয়ে কতিপয় প্রধান প্রধান সূত্র নিম্নে প্রদর্শিত হইল :—

৪২০। দিবাদিগণীয় অস্‌ধাতু উপসর্গযোগে উভয়পদী হয়—নিরস্যতি বা নিরস্যতে।

৪২১। উপসর্গ না থাকিলে কৃধাতু উভয়পদী; কিন্তু বিশেষ উপসর্গযোগে বিশেষ বিশেষ অর্থে আত্মনেপদী। যথা—হরিমুপকুরুতে=হরির সেবা করিতেছে।

৪২২। অনুপসর্গ ক্রম্‌ধাতু সাধারণতঃ উভয়পদী; কিন্তু বৃত্তি (অপ্রতিবন্ধ), উৎসাহ ও স্ফীতি অর্থে আত্মনেপদী[১]। যথা—ব্যাকরণে বুদ্ধিঃ ক্রমতে (=অপ্রতিহত হইতেছে), অধ্যয়নায় ক্রমতে (=উৎসহতে)। অস্মিন্ শাস্ত্রাণি ক্রমন্তে (=স্ফীতানি ভবন্তি)।

(ক) উক্ত অর্থে কেবল উপ ও পরাপূর্ব্বক ক্রম্‌ধাতু আত্মনেপদী হয়,[২] অন্য উপসর্গ যুক্ত হইলে হয় না। যথা, উপক্রমতে=অগ্রসর হইতে উদ্যত হইতেছে; পরাক্রমতে=আক্রমণ করিতে যাইতেছে। কিন্তু সংক্রামতি, এখানে আত্মনেপদ হইল না।

(খ) জ্যোতিঃপদার্থের ঊর্দ্ধগমন বুঝাইলে আপূর্ব্বক ক্রম্‌ধাতু আত্মনেপদী হয়।[৩] যথা—সূর্য্যঃ আক্রমতে=সূর্য্য উঠিতেছে,

১ বৃত্তি-সর্গ-তায়নেষু ক্রমঃ—১।৩।৩৮। বৃত্তি, সর্গ ও তায়ন অর্থে ক্রম্‌-ধাতু আত্মনেপদী।

২ উপপরাভ্যাম্—১।৩।৩৯। উপ ও পরাপূর্ব্বক ক্রম্‌ধাতু আত্মনেপদী।

৩ আঙ উদ্গমনে—১।৩।৪০। আপূর্ব্বক ক্রম্‌ধাতু উদ্গমন অর্থে আত্মনেপদী।

CENTRAL LIBRARY

কিন্তু আক্রামতি ধূমো হর্ম্ম্যতলাৎ=হর্ম্ম্যতল হইতে ধূম উঠিতেছে।

(গ) প্র বা উপপূর্ব্বক ক্রম্‌ধাতু আরম্ভার্থে আত্মনেপদী।[১] যথা—প্রক্রমতে উপক্রমতে বা ভোক্তুম্=খাইতে আরম্ভ করিতেছে।

৪২৩। অব, পরি ও বিপূর্ব্বক ক্রীধাতু আত্মনেপদী।[২] যথা—বিক্রীণীতে=বিক্রয় করিতেছে।

৪২৪। অনু, আ, পরি ও সম্‌পূর্ব্বক ক্রীড়্‌ধাতু আত্মনেপদী।[৩] অনুক্রীড়তে=ক্রীড়া করিতেছে।

(ক) কিন্তু সম্‌পূর্ব্বক ক্রীড়্‌ধাতু কূজনার্থে পরস্মৈপদী—সংক্রীড়তি চক্রম্=চক্র মধুর শব্দ করিতেছে।

৪২৫। সম্‌পূর্ব্বক গম্‌ধাতু অকর্ম্মক হইলে আত্মনেপদী।[৪] যথা—বাক্যং সঙ্গচ্ছতে=বাক্য সঙ্গত হইতেছে।

৪২৬। সকর্ম্মক উৎপূর্ব্বক চর্‌ধাতু আত্মনেপদী। যথা—গুরুবচনমুচ্চরতে=গুরুবাক্য লঙ্ঘন করিতেছে।

১ প্রোপাভ্যাং সমর্থাভ্যাম্—১।৩।৪২। প্র ও উপপূর্ব্বক ক্রম্‌ধাতু আরম্ভার্থে আত্মনেপদী।

২ পরিব্যবেভ্যঃ ক্রিয়ঃ—১।৩।১৮। পরি, বি ও অবপূর্ব্বক ক্রীধাতু আত্মনেপদী।

৩ ক্রীড়োঽনুসংপরিভ্যশ্চ—১।৩।২১। অনু, সম্ ও পরিপূর্ব্বক ক্রীড়্‌ধাতু আত্মনেপদী।

৪ সমো গম্যৃচ্ছিভ্যাম্—১।৩।২৯। সম্‌পূর্ব্বক গম্ ও ঋচ্ছ ধাতু আত্মনেপদী।

CENTRAL LIBRARY

(ক) অকর্ম্মক হইলেও তৃতীয়াযুক্ত সম্‌পূর্ব্বক চর্‌ধাতু আত্মনেপদী।[১] যথা—রথেন সঞ্চরতে=রথে গমন করিতেছে।

৪২৭। বি ও পরাপূর্ব্বক জিধাতু আত্মনেপদী।[২] যথা—শত্রূন্ বিজয়তে, পরাজয়তে বা=শত্রুকে জয় করিতেছে।

৪২৮। স্মরণ-ভিন্ন অর্থে সম্ ও প্রতিপূর্ব্বক জ্ঞাধাতু আত্মনেপদী।[৩] যথা—শতং সংজানীতে=শত মুদ্রা প্রত্যবেক্ষণ করিতেছে; শতং প্রতিজানীতে=শত মুদ্রা দিতে অঙ্গীকার করিতেছে। কিন্তু স্মরণার্থে—মাতরং সংজানাতি।

(ক) অপলাপার্থে অপপূর্ব্বক জ্ঞাধাতু আত্মনেপদী। যথা—শতমপজানীতে=শতমুদ্রার ঋণ অস্বীকার করিতেছে।

৪২৯। দাধাতু উভয়পদী, কিন্তু আপূর্ব্বক দাধাতু মুখবিস্তার ভিন্ন অর্থে আত্মনেপদী।[৪] যথা—বিদ্যামাদত্তে=বিদ্যা লাভ করিতেছে। কিন্তু মুখং ব্যাদদাতি=মুখ ব্যাদান করিতেছে।

৪৩০। উৎ, উপ ও বিপূর্ব্বক নীধাতু কোনও কোনও অর্থে আত্মনেপদী। যথা—দণ্ডমুন্নয়তে=দণ্ড তুলিতেছে;

১ সমস্তৃতীয়াযুক্তাৎ—১।৩।৫৪। তৃতীয়াযুক্ত সম্‌পূর্ব্বক চর্‌ধাতু আত্মনেপদী।

২ বি-পরাভ্যাং জেঃ—১।৩।১৯। বি ও পরাপূর্ব্বক জিধাতু আত্মনেপদী।

৩ সংপ্রতিভ্যামনাধ্যানে—১।৩।৪৬। স্মরণ-ভিন্ন অন্য অর্থে সম্ ও প্রতি-পূর্ব্বক জ্ঞাধাতু আত্মনেপদী।

৪ আঙো দোঽনাস্যবিহরণে—১।৩।২০। আস্যবিহরণ-ভিন্ন অন্য অর্থে আঙ্‌পূর্ব্বক দাধাতু আত্মনেপদী।

CENTRAL LIBRARY

মাণবকমুপনয়তে = বালকের উপনয়ন দিতেছে ; করং বিনয়তে = প্রাপ্য কর দিতেছে।

(ক) উপসর্গ না থাকিলেও কোন কোন স্থলে নীধাতু আত্মনেপদী হয়। যথা—শাস্ত্রে নয়তে = শাস্ত্র বিষয়ে শিক্ষা দিতেছে।

৪৩১। অকর্ম্মক বা স্বাঙ্গকর্ম্মক আপূর্ব্বক যম্‌ধাতু আত্মনেপদী।[১] যথা—আযচ্ছতে তমঃ = অন্ধকার বিস্তৃত হইতেছে ; পাণিমাযচ্ছতে = হস্ত বিস্তার করিতেছে।

(ক) আ, উৎ ও সম্‌পূর্ব্বক যম্‌ধাতু গ্রন্থকর্ম্ম না হইলে আত্মনেপদী।[২] যথা—ভারমুদ্যচ্ছতে = ভার তুলিতেছে ; বস্ত্রমাযচ্ছতে = বস্ত্র টানিয়া বাহির করিতেছে ; ব্রীহীন্ সংযচ্ছতে = ব্রীহি (ধান্যবিশেষ) সংগ্রহ করিতেছে। কিন্তু বেদমুদ্যচ্ছতি = বেদ শিক্ষা করিতে উদ্যত হইতেছে।

(খ) স্বীকার বা বিবাহ অর্থে উপপূর্ব্বক যম্‌ধাতু আত্মনেপদী।[৩] যথা—কন্যামুপযচ্ছতে = কন্যাকে বিবাহ করিতেছে।

৪৩২। সাধারণতঃ উৎ, নি ও প্রপূর্ব্বক যুজ্‌ধাতু আত্মনেপদী। যথা—উদ্‌যুঙ্‌ক্তে, প্রযুঙ্‌ক্তে।

১ আঙো যমহনঃ—১।৩।২৮। (অকর্ম্মকাৎ স্বাঙ্গকর্ম্মকাদিত্যেব)।

২ সমুদাঙ্‌ভ্যো যমোঽগ্রন্থে—১।৩।৭৫। সম্‌, উৎ ও আঙ্‌পূর্ব্বক যম্‌ধাতুর গ্রন্থকর্ম্ম না থাকিলে আত্মনেপদ হয়।

৩ উপাদ্‌যমঃ স্বকরণে—১।৩।৫৬। উপপূর্ব্বক যম্‌ধাতু স্বকরণ অর্থে আত্মনেপদী।

CENTRAL LIBRARY

৪৩৩। আ, পরি ও বিপূর্ব্বক রম্‌ধাতু পরস্মৈপদী।[১] যথা—বিরমতি=বিরত হইতেছে ; পরিরমতি=ক্রীড়া করিতেছে।

(ক) উপপূর্ব্বক রম্‌ধাতু অকর্ম্মক হইলে উভয়পদী। যথা—উপরমতি বা উপরমতে=স্থির হইতেছে।

৪৩৪। বদ্‌ধাতু বিমতি প্রভৃতি অর্থে আত্মনেপদী। যথা—বিবদন্তে বা বিপ্রবদন্তে বৈদ্যাঃ=বৈদ্যগণ ভিন্নমত হইতেছেন।

(ক) উপদেশ অর্থে সকর্ম্মক উপপূর্ব্বক বদ্‌ধাতু আত্মনেপদী। যথা—শিষ্যমুপবদতে=শিষ্যকে উপদেশ দিতেছেন।

৪৩৫। নিপূর্ব্বক বিশ্‌ধাতু আত্মনেপদী।[২] যথা—নিবিশতে।

৪৩৬। অব, প্র, বি ও সম্‌পূর্ব্বক স্থাধাতু আত্মনেপদী।[৩] যথা—অবতিষ্ঠতে=অবস্থান করিতেছে, প্রতিষ্ঠতে=প্রস্থান করিতেছে।

(ক) উত্থান ভিন্ন অর্থে উৎপূর্ব্বক স্থাধাতু আত্মনেপদী।[৪] যথা—মুক্তাবুত্তিষ্ঠতে=মুক্তি কামনা করিতেছে, কিন্তু পীঠাদুত্তিষ্ঠতি=আসন হইতে উঠিতেছে।

(খ) দেবপূজা, মিত্রকরণ, সঙ্গতিকরণার্থে বা পথবাচক শব্দ কর্ত্তা হইলে উপপূর্ব্বক স্থাধাতু আত্মনেপদী হয়। যথা—আদিত্যমুপতিষ্ঠতে (পূজা করিতেছে); রথিকানুপতিষ্ঠতে (মিত্রতা

[১] বাঙ্‌পরিভ্যো রমঃ—১।৩।৮৩। বি, আঙ্‌ ও পরিপূর্ব্বক রম্‌ধাতু পরস্মৈপদী।

[২] নের্বিশঃ—১।৩।১৭। নিপূর্ব্বক বিশ্‌ধাতু আত্মনেপদী।

[৩] সমবপ্রবিভ্যঃ স্থঃ—১।৩।২২। সম্‌, অব, প্র ও বিপূর্ব্বক স্থাধাতু আত্মনেপদী।

[৪] উদোঽনূর্দ্ধকর্ম্মণি—১।৩।২৪

CENTRAL LIBRARY

করিতেছে); গঙ্গা যমুনামুপতিষ্ঠতে (আলিঙ্গন করিতেছে); পন্থাঃ সাকেতমুপতিষ্ঠতে (সাকেত দেশে যাইতেছে)।

(গ) অকর্ম্মক হইলেও হয়—ভোজনকাল উপতিষ্ঠতে= ভোজনকালে আসিতেছে।

৪৩৭। অকর্ম্মক বা স্বাঙ্গকর্ম্মক আপূর্ব্বক হন্‌ধাতু আত্মনেপদী।[১] যথা—স্বশির আহতে=নিজের মাথায় আঘাত করিতেছে; কিন্তু পরস্য শির আহন্তি।

৪৩৮। উপ, নি, বি ও সম্‌পূর্ব্বক অকর্ম্মক হ্বেধাতু আত্মনেপদী।[২] যথা—উপহ্বয়তে।

(ক) স্পর্দ্ধা (challenge) বুঝাইলে আপূর্ব্বক হ্বেধাতু আত্মনেপদী।[৩] যথা—চাণূরমাহ্বয়তে কৃষ্ণঃ।

৪৩৯। সনন্ত জ্ঞা, দৃশ্‌ ও শ্রুধাতু আত্মনেপদী।[৪] যথা—জিজ্ঞাসতে, দিদৃক্ষতে, শুশ্রূষতে।

লকারার্থ-প্রক্রিয়া

৪৪০। বর্ত্তমান ঘটনা বুঝাইতে লট্‌ লকারের প্রয়োগ হয়। যথা—আগচ্ছতি দেবদত্তঃ (বর্ত্তমানে)।

১ আঙো যমহনঃ—১।৩।২৮

২ নি-সমুপ-বিভ্যো হ্বঃ—১।৩।৩০। নি, সম্‌, উপ ও বিপূর্ব্বক হ্বেধাতু আত্মনেপদী।

৩ স্পর্দ্ধায়ামাঙঃ—১।৩।৩১। আপূর্ব্বক হ্বেধাতু স্পর্দ্ধা অর্থে আত্মনেপদী।

৪ জ্ঞা-শ্রু-স্মৃ-দৃশাং সনঃ—১।৩।৫৭। সনন্ত জ্ঞা, শ্রু, স্মৃ ও দৃশ্‌ধাতু আত্মনেপদী।

CENTRAL LIBRARY

৪৪১। নিত্য ঘটনা (যাহা সকল কালেই বর্ত্তমান বলা যাইতে পারে) বুঝাইলেও লট্ ব্যবহৃত হয়। যথা—পর্ব্বতাস্তিষ্ঠন্তি=পর্ব্বতসকল স্থির থাকে; নদ্যঃ স্রবন্তি=নদীগুলি বহে (এখন এবং সকল কালে)।

(ক) উপাখ্যানে অতীত ঘটনা বুঝাইতেও লট্ প্রযুক্ত হয়। যথা—রামঃ ব্রবীতি=রাম বলিতে লাগিলেন।

৪৪২। লটে স্ম এই অব্যয় যোগ করিলে কেবল অতীত ঘটনাই বুঝায়—যজতি স্ম যুধিষ্ঠিরঃ=যুধিষ্ঠির যাগ করিয়াছিলেন।

৪৪৩। বর্ত্তমান-সামীপ্য বুঝাইলে ভবিষ্যতে এবং অতীতেও লট্ প্রযুক্ত হয়। যথা—অয়মহমাগচ্ছামি=আমি এই আসিয়াছি (অতীত) বা আসিতেছি (ভবিষ্যৎ)। প্রশ্ন বুঝাইলেই ইহা সাধারণতঃ হইয়া থাকে; যথা—কিং করোমি=কি করিব? (কি করি?); ক্ব গচ্ছামি=কোথায় যাইব? (কোথায় যাই?)।

৪৪৪। অতীত ঘটনা বুঝাইতে সাধারণতঃ **লঙ্, লিট্ ও লুঙ্** নির্ব্বিশেষে ব্যবহৃত হয়, কিন্তু প্রাচীন বৈয়াকরণগণ ইহাদিগের যে প্রভেদ করেন, তাহা নিম্নে লিখিত হইল—

৪৪৫। যে অতীত কালের ঘটনা অদ্য ঘটে নাই তাহা বুঝাইতে লঙের প্রয়োগ হয়।

৪৪৬। যে অতীত ঘটনা অদ্য ঘটে নাই এবং বক্তার প্রত্যক্ষ হয় নাই তাহা বুঝাইতে লিটের প্রয়োগ হয়; পুরাতন অতীত ঘটনা বুঝাইতে এই লকারের প্রয়োগই প্রকৃষ্ট।

CENTRAL LIBRARY

৪৪৭। অতীত ঘটনামাত্র বুঝাইতে লুঙের প্রয়োগ হয়। কিন্তু অদ্যতন অতীত ঘটনা বুঝাইতে ইহার প্রয়োগই সমীচীন। যথা—অভূদ্বৃষ্টিরদ্য=আজ বৃষ্টি হইয়াছে।

৪৪৮। মা-যোগে (এতদুত্তরে স্ম থাকিলেও) লোটের অর্থে লুঙ্ হয়; এক্ষেত্রে লুঙের অকারাগম হয় না। যথা—মা শুচঃ=দুঃখ করিও না; মা ভৈষীঃ=ভয় পাইও না।

৪৪৯। মাস্ম যোগে ঐ অর্থে লঙ্ও হইতে পারে। লঙেরও অকারাগম হয় না।

৪৫০। সাধারণ ভবিষ্যদর্থে **লৃট্** প্রযুক্ত হয়। **লুট্** অনদ্যতন-ভবিষ্যতের অর্থ প্রকাশ করে।

৪৫১। হেতুহেতুমদ্ভাবে ক্রিয়ার অনিষ্পত্তি বুঝাইলে অর্থাৎ যে স্থলে হেতু (condition, কারণ) ঘটে নাই বা ঘটিবে না, ও হেতুমান্ও (consequence, কার্য্য) ঘটে নাই বা ঘটিবে না, এই-রূপ বুঝায় সেই স্থলে **লৃঙ্** হয়। যথা—সুবৃষ্টিশ্চেদভবিষ্যৎ তদা সুভিক্ষমপ্যভবিষ্যৎ=যদি বৃষ্টি হইত সুভিক্ষও হইত (বৃষ্টিও হয় নাই সুভিক্ষও হয় নাই), অথবা যদি বৃষ্টি হয় (যাহার কোনও আশা নাই) তাহা হইলে সুভিক্ষও হয়। (কিন্তু বৃষ্টিও হইবে না সুভিক্ষও হইবে না)।

৪৫২। **লিঙে** (১) বিধি, (২) নিমন্ত্রণ, (৩) অনুমতি, (৪) সনির্ব্বন্ধ অনুরোধ, (৫) প্রশ্ন ও (৬) প্রার্থনা সূচিত করে। যথা—(১) যজেত (যাগ করা বিধেয়); (২) ইহ ভুঞ্জীত ভবান্ (আপনাকে এখানে আহারের নিমন্ত্রণ করিতেছি); (৩) ইহাসীত ভবান্ (আপনি এখানে বসিতে পারেন); (৪) পুত্রমধ্যাপয়েদ্ ভবান্ (পুত্রটীকে অনুগ্রহপূর্ব্বক পড়াইবেন); (৫) কিং বেদমধীয়ীয়

CENTRAL LIBRARY

উত তর্কম্? (বেদ পড়িব, না তর্কশাস্ত্র পড়িব?); (৬) ভো ভোজনং লভেয়? (কিছু খাইতে পাই গো?)।[১]

৪৫৩। যোগ্যতা বুঝাইতেও লিঙের প্রয়োগ হয়[২]। যথা—ত্বং কন্যাং বহেঃ=তুমি কন্যাকে বিবাহ করিবার যোগ্য।

৪৫৪। হেতু-হেতুমদ্ভাবমাত্র বুঝাইতেও এই লকারের প্রয়োগ হয়। যথা—কৃষ্ণং নমেচ্চেৎ, সুখং যায়াৎ=কৃষ্ণকে যদি নমস্কার কর, সুখ পাইবে। এইরূপ বাক্যে লৃটেরও প্রয়োগ হইতে পারে।

৪৫৫। লিঙে আশীর্ব্বাদ অর্থ প্রকাশ করিলে উহা সাধারণ লকারের অন্তর্ভুক্ত হয়, অর্থাৎ **আশীর্লিঙ্** হয়। যথা—চিরং জীব্যাৎ ভবান্=আপনি চিরজীবী হউন।

৪৫৬। **লোটের** অর্থ লিঙেরই অনুরূপ। যথা—গচ্ছ কুসুমপুরম্ (বিধি); চিরং জীব=চিরজীবী হও (আশীর্ব্বাদ)। কিং করবাম?=আমরা কি করিব? (প্রশ্ন) ইত্যাদি।

৪৫৭। সনির্ব্বন্ধ অনুরোধ বুঝাইতে লোট্ কর্ম্মবাচ্য বা ভাববাচ্যের প্রথম পুরুষ একবচনের প্রয়োগ সংস্কৃত ভাষার বিশেষত্ব। যথা—শ্রূয়তাং ভোঃ পণ্ডিতাঃ! কর্ত্তৃবাচ্যে প্রয়োগ অপেক্ষা এইরূপ প্রয়োগে অধিক বিনয় প্রকাশ পায়।

---

[১] বিধিনিমন্ত্রণামন্ত্রণাধীষ্ট-সংপ্রশ্ন-প্রার্থনেষু লিঙ্—৩।৩।১৬১। বিধি, নিমন্ত্রণ, আমন্ত্রণ, সৎকার, সংপ্রশ্ন ও প্রার্থনা অর্থে লিঙ্ হয়।

[২] শকি লিঙ্ চ—৩।৩।১৭২। যোগ্যতা অর্থেও লিঙ্ হয়।

CENTRAL LIBRARY

কৃদন্ত

৪৫৮। ধাতুরূপ বলিয়া পূর্ব্বভাগে যাহা কথিত হইল, ধাতু হইতে উদ্ভূত তদতিরিক্ত আরও কতকগুলি ক্রিয়াত্মক শব্দকে (The Participles, the Infinitive, the Gerund) পাশ্চাত্ত্য ব্যাকরণে ক্রিয়া বলিয়া গ্রহণ করা হয় এবং তাহাদের উৎপত্তি-বিষয়ক নিয়মগুলিকে ধাতুরূপের নিয়মের অন্তর্ভুক্ত করা হয়; কিন্তু সংস্কৃত ব্যাকরণে ইহারা কৃদন্ত নামে অভিহিত। কৃদন্ত বলিলে বুঝিতে হইবে যে কতকগুলি ধাতু কৃত্য, নিষ্ঠা, ণমুল্ প্রভৃতি কৃৎপ্রত্যয়-যোগে শব্দে পরিণত হইয়াছে।

৪৫৯। অতএব পাশ্চাত্ত্য ব্যাকরণে বিশেষ্য-শব্দ-রূপে পরিচিত কৃতি, কর্ত্তৃ, কারক প্রভৃতি শব্দ, এবং ক্রিয়ারূপে পরিচিত কুর্ব্বৎ, কৃত, কর্ত্তুম্, কৃত্বা প্রভৃতি শব্দ সমস্তই সংস্কৃত ব্যাকরণে কৃদন্ত বলিয়া গৃহীত।

পাশ্চাত্ত্য ব্যাকরণে যে সকল কৃদন্তকে ক্রিয়া বলিয়া গ্রহণ করা হয়, এখানে কেবল তাহাদেরই সংক্ষেপে আলোচনা করা যাইবে।

কৃদন্ত বিশেষণ

বর্ত্তমান কাল

শতৃ, শানচ্ (অৎ, আন)

৪৬০। বর্ত্তমান কালের ক্রিয়াকে বিশেষণ (The Present Participle) করিতে হইলে তাহা কৃদন্ত শতৃ বা শানচ্‌প্রত্যয়

CENTRAL LIBRARY

দ্বারা সিদ্ধ হয়। পরস্মৈপদী ধাতুর লটে প্রথম পুরুষের বহুবচনের বিভক্তির পূর্ব্বে ধাতুর যে আকার থাকে তাহাতে 'অৎ' যুক্ত করিলেই কৃদন্ত শতৃ-প্রত্যয়ান্ত শব্দ প্রস্তুত হয়। যথা, ভূ—লট্ পরস্মৈপদ প্রথম পুরুষ বহুবচনে—ভবন্তি=ভব্+অন্তি; অতএব শতৃ-প্রত্যয়ান্ত অর্থাৎ বর্ত্তমান-কৃদন্ত-বিশেষণ=ভবৎ।

দ্বিষ্—(দ্বিষ্+অন্তি)=দ্বিষৎ।
হু—(জুহ্ব্+অতি)=জুহ্বৎ।
তন্—(তন্ব্+অন্তি)=তন্বৎ।
কৃ—(কুর্ব্ব্+অন্তি)=কুর্ব্বৎ।
আপ্—(আপ্নুব্+অন্তি)=আপ্নুবৎ।
চুর্—(চোরয়্+অন্তি)=চোরয়ৎ।
ণিজন্ত বুধ্—(বোধয়্+অন্তি)=বোধয়ৎ।
সনন্ত বুধ্—(বুবোধিষ্+অন্তি)=বুবোধিষৎ।

(এই সকল শব্দের রূপের জন্য ১৪০-১৪৬ সূত্র দ্রষ্টব্য।)

৪৬১। আত্মনেপদী ধাতুর লট্ প্রথম পুরুষের বহুবচনে বিভক্তির পূর্ব্বে ধাতুর যে আকার থাকে তাহাতে আন বা মান যোগ করিলেই কৃদন্ত শানচ্-প্রত্যয়ান্ত শব্দ প্রস্তুত হয়। লটে যে সকল ধাতুর অঙ্গ অকারান্ত তাহাদের উত্তরই মান হয়। যথা, দ্বিষ্—দ্বিষাণ, হু—জুহ্বান, তন্—তন্বান, ক্রী—ক্রীণান, পূ—পবমান, দিব্—দীব্যমান, চুর্—চোরয়মাণ।

(ক) কিন্তু আস্ হইতে আসীন হয়।

৪৬২। কর্ম্মবাচ্যে বর্ত্তমান-কৃদন্ত-বিশেষণ, কর্ম্মবাচ্যের যকারান্ত অঙ্গের উত্তর মান যোগ করিয়া হয়। যথা, ভিদ্—

CENTRAL LIBRARY

ভিদ্যমান, শ্রু—শ্রূয়মাণ, কৃ—ক্রিয়মাণ, দা—দীয়মান, চুর্—চোর্য্যমাণ।

ভবিষ্যৎ কাল

স্যতৃ ও স্যমান

৪৬৩। ভবিষ্যৎ কালে পরস্মৈপদী ধাতুর উত্তর স্য এবং সেট্ ধাতুর উত্তর ইষ্য হয়। পরস্মৈপদে লৃট্-লকার স্থানে অৎ করিয়া পূর্ব্ববর্ত্তী অন্তস্থিত অকারের লোপ করিলে স্যৎ-ভাগান্ত ভবিষ্যৎ-কৃদন্ত-বিশেষণ শব্দ উৎপন্ন হয়। যথা, দা-ধাতু—দাস্যৎ, ভূ—ভবিষ্যৎ, কৃ—করিষ্যৎ, শ্রু—শ্রোষ্যৎ, নী—নেষ্যৎ, চুর্—চোরয়িষ্যৎ। (স্যৎ-ভাগান্ত শব্দের রূপের জন্য ১৪০-১৪৬ সূত্র দ্রষ্টব্য।)

৪৬৪। আত্মনেপদে এবং কর্ম্মবাচ্যে লৃট্-লকার স্থানে মান হয়। যথা—দাস্যমান, করিষ্যমাণ, শ্রোষ্যমাণ ইত্যাদি।

কৃত্যপ্রত্যয়—তব্য, অনীয়, য

৪৬৫। তব্য, অনীয় এবং য-যোগে যে কৃদন্ত-বিশেষণ শব্দ উৎপন্ন হয় তাহাকেও ভবিষ্যৎ-কৃদন্ত-বিশেষণ বলা হয়। যেমন এগুলির দ্বারা—কোনও কার্য্য করা উচিত, আবশ্যক বা করিবার যোগ্য এইরূপ অর্থ প্রকাশ পায়, সেইরূপ আবার কর্ম্ম বা ভাববাচ্যে সমাপিকা ক্রিয়ার অর্থও প্রকাশিত হয়।

৪৬৬। তব্য ও অনীয় পরে থাকিলে ধাতুর অন্ত্যস্বর ও উপধা লঘুস্বরের গুণ হয়। তব্য পরে থাকিলে সেট্ ধাতুর পরে

CENTRAL LIBRARY

ইকারাগম হয়, অনিট্ ধাতুর পরে হয় না। যথা, দা—দাতব্য বা দানীয়, নী—নেতব্য বা নয়নীয়, শ্রু—শ্রোতব্য বা শ্রবণীয়, ভূ—ভবিতব্য বা ভবনীয়, কৃ—কর্ত্তব্য বা করণীয়, ভিদ্—ভেত্তব্য বা ভেদনীয়, বুধ্—বোধিতব্য, বোদ্ধব্য বা বোধনীয়।

৪৬৭। য (যৎ বা ণ্যৎ) পরে থাকিলে ধাতুর অন্তস্থিত আ স্থানে এ, ই এবং ঈ স্থানে গুণ, উ এবং ঊ স্থানে গুণ বা বৃদ্ধি এবং ঋ ও ৠ স্থানে বৃদ্ধি হয়। যথা, দা—দেয়, জি—জেয়, নী—নেয়, লূ—লব্য (যাহা কাটা উচিত) বা লাব্য (যাহা কাটা আবশ্যক), কৃ—কার্য্য, তৃ—তার্য্য।

৪৬৮। য পরে থাকিলে উপধার হ্রস্ব ই বা হ্রস্ব উ স্থানে গুণ হয়, উপধা ঋকারের গুণ হয় না; পবর্গান্ত না হইলে উপধা অকারের বৃদ্ধি হয়। যথা, ভিদ্—ভেদ্য, বুধ্—বোধ্য, তৃদ্—তৃদ্য, বচ্—বাচ্য, পঠ্—পাঠ্য, ক্ষম্—ক্ষম্য।

(ক) ধাতুর অন্তস্থিত চ্ ও জ্ স্থানে কখন কখন কবর্গ হয়; যথা, ভুজ্—ভোগ্য (ভক্ষ্য বুঝাইলে—ভোজ্য), বঞ্চ্—বঞ্চ্য (গত্যর্থে বঞ্চ্য); কিন্তু ত্যজ্—ত্যাজ্য, গর্জ্জ্—গর্জ্জ্য এবং মৃজ্ হইতে মার্গ্য ও মৃগ্য হয়।

(খ) উপধা দীর্ঘ স্বরের অথবা যে স্বরের পর একাধিক ব্যঞ্জন আছে তাহার কোনও পরিবর্ত্তন হয় না। যথা, পূজ্—পূজ্য, নিন্দ্—নিন্দ্য।

৪৬৯। ই হইতে ইত্য, কৃ—কৃত্য (বা কার্য্য), খন্—খেয়, দৃ—দৃত্য, লভ্—লভ্য (কিন্তু উপসর্গ থাকিলে আ-লভ্য), শাস্—শিষ্য, স্তু—স্তুত্য; হন্—বধ্য বা ঘাত্য।

CENTRAL LIBRARY

অতীত কাল

ক্বসু, কানচ্, ক্ত, ক্তবতু

৪৭০। অভ্যস্ত লিটের পরস্মৈপদে প্রথম পুরুষের বহুবচনে উস্ বিভক্তির পূর্ব্বে যে ধাত্বঙ্গ থাকে, তাহার উত্তর বস্ (ক্বসু) যুক্ত করিয়া ক্বসন্ত অতীত-কৃদন্ত-বিশেষণ শব্দ প্রস্তুত হয়। এই অঙ্গ একস্বর-বিশিষ্ট হইলে ইহার পরে ইকারাগম হয়, এতদ্ভিন্ন অন্য ধাত্বঙ্গের উত্তরও ইকারাগম দেখা যায়। যথা, ভিদ্ হইতে (বিভিদুঃ) বিভিদ্বস্; কৃ (চক্রুঃ) চক্রিবস্; দৃশ্ (দদৃশুঃ) দদৃশ্বস্; বচ্ (ঊচুঃ) ঊচিবস্; গম্ (জগ্মুঃ) জগ্মিবস্।

৪৭১। এই কৃদন্ত বিশেষণের অধিক প্রয়োগ হয় না। ইহার রূপের জন্য ১৬১ সূত্র দ্রষ্টব্য।

৪৭২। লিট্ আত্মনেপদে প্রথম পুরুষের বহুবচনে ধাত্বঙ্গের উত্তর আন (কানচ্) যোগ করিলে কানজন্ত অতীত-কৃদন্ত-বিশেষণ শব্দ প্রস্তুত হয়। যথা, কৃ (চক্রিরে) চক্রাণ, যজ্ (ঈজিরে) ঈজান।

৪৭৩। কর্ত্তৃবাচ্যে ও কর্ম্মবাচ্যে অতীত-কৃদন্ত-বিশেষণ শব্দ ত এবং ন (ক্তপ্রত্যয়ের অন্য রূপ) যোগে উদ্ভূত হয়। অধিকাংশস্থলেই ত হয়। ধাতুর উত্তর ইহা কোথাও অব্যবহিত ভাবে কোথাও বা ইকারের দ্বারা ব্যবহিত হইয়া যুক্ত হয়; কোথায় ইকার-ব্যবহিত হইবে তাহা প্রয়োগ দেখিয়া শিখিতে হইবে। ত-প্রত্যয় পরে ধাতু সাধারণতঃ অবিকৃত থাকে; কোন কোনও ধাতুর বর্ণলোপ বা বর্ণবিকৃতি হয়; অর্থাৎ অন্ত্য অনুনাসিকবর্ণ প্রায়ই লুপ্ত হয়, ধাতুর য বা ব স্থানে যথাক্রমে

CENTRAL LIBRARY

ই বা উ হয়, অকার স্থানে ই বা ঈ হয়, ইত্যাদি। কোথাও কোথাও ধাতুর স্বর দীর্ঘ হয়। যথা—

স্না—স্নাত	বৃত্—বৃত্ত	লিহ্—লীঢ়	বচ্—উক্ত
নী—নীত	সিধ্—সিদ্ধ	পত্—পতিত	বদ্—উদিত
শ্রু—শ্রুত	বুধ্—বুদ্ধ	লিখ্—লিখিত	বহ্—উঢ়
ভূ—ভূত	লভ্—লব্ধ	দংশ্—দষ্ট	যজ্—ইষ্ট
কৃ—কৃত	দ্বিষ্—দ্বিষ্ট	জন্—জাত	গ্রহ্—গৃহীত
মুচ্—মুক্ত	নশ্—নষ্ট	খন্—খাত	প্রচ্ছ্—পৃষ্ট
যুজ্—যুক্ত	দৃশ্—দৃষ্ট	শম্—শান্ত	স্পৃশ্—স্পৃষ্ট
তৃপ্—তৃপ্ত	দহ্—দগ্ধ	হন্—হত	ধৃ —ধৃত

স্থা—স্থিত, দা—দত্ত (আ-দত্ত সঙ্কুচিত হইয়া আত্ত হয়), ধা—হিত।

৪৭৪। অনেক ধাতুতে আবার ত যুক্ত না হইয়া ন যুক্ত হয়, দীর্ঘ-স্বরান্ত ধাতু, রেফ ও দকারান্ত ধাতুতেই ন লক্ষিত হয়। যথা—

লী—লীন	হা—হীন	
লূ—লূন	পূর্—পূর্ণ (পূরিতও হয়)	
স্তৃ—স্তীর্ণ	ভিদ্—ভিন্ন	
জৃ—জীর্ণ	নুদ্—নুন্ন (নুত্তও হয়)	
ভঞ্জ্—ভগ্ন	মস্জ্—মগ্ন	বিজ্—বিগ্ন।

৪৭৫। প্রায় সমস্ত **সকর্ম্মক** ধাতুর উত্তর **কর্ম্ম-বাচ্যে** ত হয় ও উক্ত ত-প্রত্যয়ান্ত শব্দ কর্ম্মের বিশেষণ হয়। যথা, নীত—যাহা লওয়া হইয়াছে, ভগ্ন—যাহা ভগ্ন করা হইয়াছে,

CENTRAL LIBRARY

শ্রুত—যাহা শোনা গিয়াছে; হত—যাহাকে মারা হইয়াছে। কিন্তু গম্, রুহ্ প্রভৃতি সকর্ম্মক ধাতু, অধি-আস্, অধি-স্থা, অধি-বস্ প্রভৃতি সকর্ম্মক ধাতু এবং অকর্ম্মক ধাতুর উত্তর **কর্ত্তৃবাচ্যে** ত হয় ও উক্ত ত-প্রত্যয়ান্ত শব্দ কর্ত্তার বিশেষণ হয়। যথা—গতোঽহং গ্রামম্—আমি গ্রামে গিয়াছিলাম। বৈকুণ্ঠমধিষ্ঠিতঃ—তিনি বৈকুণ্ঠে ছিলেন।

৪৭৬। এই ক্ত-প্রত্যয়ান্ত কৃদন্ত শব্দ অনেক সময়েই সমাপিকা ক্রিয়ারূপে প্রযুক্ত হয়। উল্লিখিত উদাহরণদ্বয়ে ইহার কর্ত্তরি প্রয়োগ দেখান গিয়াছে; কর্ম্মণি প্রয়োগ যথা—তেন বন্ধনানি ছিন্নানি—তৎকর্ত্তৃক বন্ধন ছিন্ন হইয়াছে। অকর্ম্মক ধাতুর উত্তর **ভাববাচ্যে** ক্ত হয়; ইহা অকারান্ত নপুংসক-লিঙ্গের প্রথমার একবচনান্ত পদের ন্যায় প্রযুক্ত হয়, যথা—তেন ভূতম্—তিনি ছিলেন। কর্ম্মের উল্লেখ না করিয়া অনেক সময়েই সকর্ম্মক ধাতুর উত্তর ভাববাচ্যে ক্ত প্রযুক্ত হয়, যথা—তেন শ্রুতম্—তিনি শুনিয়াছেন।

৪৭৭। এই ক্ত-প্রত্যয়ান্ত শব্দের উত্তর বৎ যোগ করিয়া কর্ত্তৃবাচ্যের একটী অতীত-কৃদন্ত-বিশেষণ শব্দের উদ্ভব হয়, যথা—কৃত হইতে কৃতবৎ (কৃতবান্, কৃতবতী, কৃতবৎ)। সাধারণতঃ ইহা সমাপিকা ক্রিয়ার মত প্রযুক্ত হয়, যথা—স তৎ কৃতবান্ (=করিয়াছিলেন)। ক্ত ও ক্তবৎ প্রত্যয়কে সংস্কৃত ব্যাকরণে **নিষ্ঠাপ্রত্যয়** বলে।

CENTRAL LIBRARY

কৃদন্ত অব্যয়

ক্ত্বাচ্ ও ল্যপ্

(অতীত কালে)

৪৭৮। অতীতকালে অসমাপিকা-ক্রিয়ার্থে ধাতুর উত্তর ত্বা (ক্ত্বাচ্) প্রযুক্ত হয়[১]। ক্তপ্রত্যয় করিলে ধাতুর যে পরিবর্ত্তনাদি হয়, ত্বা প্রত্যয়েও সে সকল হইয়া থাকে, যথা—

(জ্ঞা+ত=জ্ঞাত), জ্ঞা+ত্বা=জ্ঞাত্বা
(গম্+ত=গত), গম্+ত্বা=গত্বা
(বন্ধ্+ত=বদ্ধ), বন্ধ্+ত্বা=বদ্ধা
(ধা+ত=হিত), ধা+ত্বা=হিত্বা

গম্—গত্বা	বচ্—উক্ত্বা	বহ্—ঊঢ্বা	যজ্—ইষ্ট্বা
তৃ—তীর্ত্ত্বা	মুচ্—মুক্ত্বা	ছিদ্—ছিত্বা	বন্ধ্—বদ্ধা
খন্—খাত্বা	দা—দত্ত্বা	স্থা—স্থিত্বা	ধা—হিত্বা
জি—জিত্বা	ভূ—ভূত্বা	কৃ—কৃত্বা	

৪৭৯। 'ত্বা'র পূর্ব্বে ইকারাগম হইলে ধাতুর অন্ত্যস্বর ও উপধা লঘু স্বরের সাধারণতঃ গুণ হয়। যথা, শী—শয়িত্বা, পূ—পবিত্বা, বৃৎ—বর্ত্তিত্বা; কিন্তু বিদ্—বিদিত্বা, ক্লিশ্—ক্লিশিত্বা, মুষ্—মুষিত্বা।

১ সমানকর্ত্তৃকয়োঃ পূর্ব্বকালে—৩।৪।২১। এক কর্ত্তা হইলে দুইটী ক্রিয়ার মধ্যে পূর্ব্বকালীন-ক্রিয়াবোধক ধাতুর উত্তর ক্ত্বাচ্ হয়।

CENTRAL LIBRARY

(ক) কোন কোন ধাতুর বিকল্পে গুণ হয়। যথা, লিখ্—লিখিত্বা বা লেখিত্বা।

(খ) বদ্—উদিত্বা, বস্—উষিত্বা, গ্রহ্—গৃহীত্বা।

৪৮০। ধাতুর পূর্ব্বে উপসর্গ থাকিলে বা নঞ্-ভিন্ন সমাস স্থলে উক্ত ত্বা স্থানে য (ল্যপ্) হয়। যথা, আ-দা—আদায়; বি-নী—বিনীয়; অনু-ভূ—অনুভূয়; বি-ছিদ্—বিচ্ছিদ্য; সজ্জীভূ—সজ্জীভূয়। কিন্তু অদত্বা, অনীত্বা ইত্যাদি।

৪৮১। ধাতুর হ্রস্ব স্বরের পর উক্ত য স্থানে ত্য হয়। যথা, বি-জি—বিজিত্য, প্র-কৃ—প্রকৃত্য, অধী (অধি+ই)—অধীত্য।

৪৮২। য পরে আসিলে মকারান্ত কতিপয় ধাতুর অন্তস্থিত ম্ এর বিকল্পে লোপ হয় এবং লোপপক্ষে য স্থানে ত্য হয়। যথা—আ-গম্—আগম্য বা আগত্য, প্র-নম্—প্রণম্য বা প্রণত্য।

(ক) হন্, মন্ ও তন্ধাতুর ন্ এর নিত্য লোপ হয়। যথা—প্রহত্য, অনুমত্য, বিতত্য।

৪৮৩। কতিপয় ধাতুর উত্তর য (ল্যপ্) প্রত্যয় করিলে যে রূপ হয় তাহা নিম্নে প্রদর্শিত হইল—

নি-বন্ধ্—নিবধ্য	প্র-কৃ—প্রকীর্য্য
প্র-বচ্—প্রোচ্য	প্র-বস্—প্রোষ্য
প্র-পা—প্রপায়	নি-গ্রহ্—নিগৃহ্য
আ-প্রচ্ছ্—আপৃচ্ছ্য	আ-হ্বে—আহূয়
নি-খন্—নিখন্য বা নিখায়	প্র-ক্ষি—প্রক্ষীয়

CENTRAL LIBRARY

৪৮৪। ক্ত্বাচ্ ও ল্যপ্-প্রত্যয়ান্ত পদ ও পরবর্ত্তী ক্রিয়ার **এক কর্ত্তা** হইবে, নতুবা ক্ত্বাচ্ বা ল্যপ্ অসিদ্ধ। যথা—হরিঃ স্নাত্বা মাধবঃ চলিতঃ—এইরূপ প্রয়োগ অশুদ্ধ।

তুমুন্

(তাদর্থ্য-কৃদন্ত)

৪৮৫। তাদর্থ্য প্রকাশ করিতে ধাতুর উত্তর তুম্ (তুমুন্) প্রত্যয় করিতে হয়। লুট্ তা বিভক্তির পূর্ব্বে ধাতুর যে রূপ হয়, এই প্রত্যয় পরে থাকিলেও সেই আকার হয়। যথা—

দা—দাতুম্	স্থা—স্থাতুম্
ই—এতুম্	নী—নেতুম্
শ্রু—শ্রোতুম্	ভূ—ভবিতুম্
কৃ—কর্ত্তুম্	ভুজ্—ভোক্তুম্
দৃশ্—দ্রষ্টুম্	পচ্—পক্তুম্
পত্—পতিতুম্	চুর্—চোরয়িতুম্
বুধ্+ণিচ্—বোধয়িতুম্	গম্—গন্তুম্
বহ্—বোঢ়ুম্	সহ্—সোঢ়ুম্

কারক ও বিভক্তি

৪৮৬। বাক্যমধ্যে ক্রিয়ার সহিত মুখ্যভাবে যাহার অন্বয় থাকে তাহাকে কারক বলে। সংস্কৃত ব্যাকরণে **ছয়টী কারক** ;

CENTRAL LIBRARY

যথা, **কর্ত্তৃকারক**—যে কার্য্য করে ; **কর্ম্মকারক**—যাহা ক্রিয়ার মুখ্য ঈপ্সিত ; **করণকারক**—যাহা ক্রিয়া-সাধক ; **সম্প্রদানকারক**—যাহার উদ্দেশে দান করা হয় ; **অপাদানকারক**—যাহা হইতে প্রাপ্তি বা বিশ্লেষ হয় ; **অধিকরণকারক**—যাহা ক্রিয়ার আধার, স্থান, কাল বা বিষয় সূচিত করে।

৪৮৭। প্রত্যেক কারক-সম্বন্ধ প্রকাশ করিতে এক একটী বিভক্তি আছে, যথা—করণকারক তৃতীয়া বিভক্তির দ্বারা সূচিত হয় ; কিন্তু সময়ে সময়ে একই কারক নানা বিভক্তি দ্বারা সূচিত হইয়া থাকে ; অতএব কারক ও বিভক্তি সমানার্থক পদ নহে।

(ক) সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হয়, কিন্তু **যে পদে সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হইয়াছে তাহা কারক বলিয়া গণ্য নহে।** সংস্কৃত ব্যাকরণে কারক-প্রকরণে যে সকল কথার আলোচনা হইয়াছে, পাশ্চাত্ত্য ব্যাকরণে অবশ্য সেগুলি বিভক্তির অনুশাসনেই আলোচিত হইয়াছে, তথাপি কারক ও বিভক্তির এই ভেদটুকু স্মরণ করিয়া রাখা আবশ্যক।

নিম্নে কোন্ কারকে কি বিভক্তি হয় তাহা নির্দ্দেশ করিয়া কারক-ভিন্ন স্থলেও বিভক্তি-নিরূপণ প্রদর্শিত হইল।

কর্ত্তৃকারক ও প্রথমা বিভক্তি

৪৮৮। তিঙ্, কৃৎ, তদ্ধিত এবং সমাস দ্বারা যখন যে কারক উক্ত হইবে, তখন সেই কারকে প্রথমা বিভক্তি হইবে।

CENTRAL LIBRARY

৪৮৯। যে ক্রিয়া নিষ্পন্ন করে তাহাকে কর্ত্তা বলে।[১] অনুক্ত কর্ত্তৃকারকে তৃতীয়া বিভক্তি হয়;[২] কিন্তু কর্ত্তৃবাচ্যে কর্ত্তৃকারকে প্রথমা বিভক্তি হয়, কারণ—কর্ত্তৃবাচ্যে কর্ত্তা তিঙ্ প্রভৃতি দ্বারা উক্ত হয়। যথা—রামো গ্রামং গচ্ছতি; দেবদত্ত ওদনং পচতি; যজ্ঞদত্তো গতঃ। কর্ম্মবাচ্যে বা ভাববাচ্যে কর্ত্তা অনুক্ত থাকে, সুতরাং তৃতীয়া বিভক্তি হয়। যথা—ওদনঃ পচ্যতে দেবদত্তেন; আস্যতে যজ্ঞদত্তেন; রামেণ হতো বালী (কর্ম্মণি নিষ্ঠাপ্রত্যয়, ৪৭৩ সূত্র দ্রষ্টব্য)।

কর্ম্মকারক ও দ্বিতীয়া বিভক্তি

৪৯০। কর্ত্তা যাহা করে, দেখে বা শুনে তাহাকে কর্ম্ম বলে।[৩] অনুক্ত কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়।[৪] যথা—দেবদত্তোঽন্নং ভুঙ্‌ক্তে; যজ্ঞদত্তোঽশ্বং বধ্নাতি; রামো গ্রামং গচ্ছতি (৪৮৯ সূত্রের উদাহরণ দ্রষ্টব্য)।

[১] স্বতন্ত্রঃ কর্ত্তা—১।৪।৫৪। ক্রিয়াব্যাপারে যে স্বতন্ত্র তাহাকে কর্ত্তা বলে।

[২] কর্ত্তৃকরণয়োস্তৃতীয়া—২।৩।১৮। কর্ত্তায় ও করণে তৃতীয়া বিভক্তি হয়।

[৩] কর্ত্তুরীপ্সিততমং কর্ম্ম—১।৪।৪৯। কর্ত্তার ঈপ্সিততম কারক কর্ম্ম-সংজ্ঞক হয়।

[৪] কর্ম্মণি দ্বিতীয়া—২।৩।২। কর্ম্মকারকে দ্বিতীয়া হয়।

CENTRAL LIBRARY

৪৯১। কর্ম্মবাচ্যে কর্ম্মকারকে প্রথমা বিভক্তি হয়; কারণ কর্ম্মবাচ্যে কর্ম্ম তিঙ্ প্রভৃতি দ্বারা উক্ত হয়। যথা—অন্নং ভুজ্যতে দেবদত্তেন; অশ্বো বধ্যতে যজ্ঞদত্তেন; দেবদত্তেন ব্যাঘ্রো হতঃ। (৪৮৮ সূত্র দ্রষ্টব্য।)

৪৯২। অত্যন্ত-সংযোগ বুঝাইলে কালবাচক ও অধ্ববাচক শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়।[১] যথা—ক্রোশং কুটিলা নদী=ক্রোশ ব্যাপিয়া নদী ঘুরিয়া গিয়াছে। মাসমধীতে=মাস ব্যাপিয়া অধ্যয়ন করিতেছে।

(ক) অত্যন্ত-সংযোগ না বুঝাইলে দ্বিতীয়া হয় না, যথা—মাসস্য দ্বিরধীতে=মাসে দুইবার অধ্যয়ন করে।

৪৯৩। অধিপূর্ব্বক আস্, শী ও স্থাধাতুর আধারের কর্ম্মসংজ্ঞা হয় ও তাহাতে দ্বিতীয়া বিভক্তি হয়।[২] যথা—অযোধ্যামধ্যাস্তে=অযোধ্যায় বাস করেন।

(ক) অধি, অনু, আ এবং উপপূর্ব্বক বস্ ধাতুরও ঐরূপ হয়; যথা—বনমন্ববসৎ=বনে বাস করিতেন। কিন্তু অনাহার অর্থে উপপূর্ব্বক বস্ধাতুর ঐরূপ হয় না, যথা—বনে উপবসতি=বনে উপবাস করিয়া আছেন।

(খ) অভি+নি-পূর্ব্বক বিশ্ধাতুর যোগে কর্ম্মসংজ্ঞা হয়। যথা—সন্মার্গমভিনিবিশতে।

১ কালাধ্বনোরত্যন্ত-সংযোগে—২।৩।৫। অত্যন্ত-সংযোগ (ব্যাপ্তি) বুঝাইলে কাল ও অধ্ব-বাচক শব্দের উত্তর দ্বিতীয়া হয়।

২ অধি-শীঙ্স্থাসাং কর্ম্ম—১।৪।৪৬। অধিপূর্ব্বক শীঙ্, স্থা ও আস্ ধাতুর অধিকরণের কর্ম্মসংজ্ঞা হয়।

CENTRAL LIBRARY

৪৯৪। দুহ্, যাচ্, পচ্, দণ্ড্, রুধ্, প্রচ্ছ্, চি, ব্রূ, শাস্, জি, মন্থ্, মুষ্, নী, হৃ, কৃষ্ ও বহ্ধাতু এবং তত্তদর্থক ধাতু **দ্বিকর্ম্মক**। ইহাদিগের অপাদানাদি কারকের স্থানে কর্ম্মকারক বিবক্ষিত হয়; এই অপাদানাদি কারকের স্থানে যে কর্ম্মকারক বিবক্ষিত হয় তাহাকেই **গৌণ কর্ম্ম** বলে। যথা—'গোঃ দোগ্ধি পয়ঃ' না বলিয়া 'গাং দোগ্ধি পয়ঃ' (গরুর দুগ্ধ দোহন করিতেছে) বলা হয়; 'তণ্ডুলৈঃ ওদনং পচতি' না বলিয়া 'তণ্ডুলান্ ওদনং পচতি' (চাউলের দ্বারা অন্ন প্রস্তুত করিতেছে) বলিতে হয়; এইরূপ বৃক্ষমবচিনোতি পুষ্পম্ (বৃক্ষ হইতে পুষ্প চয়ন করিতেছে); মাণবকং ধর্ম্মং ব্রূতে বা শাস্তি (ছাত্রকে ধর্ম্ম শিক্ষা বা উপদেশ দিতেছেন); মাণবকং পন্থানং পৃচ্ছতি (ছাত্রকে পথ জিজ্ঞাসা করিতেছেন); বলিং বসুধাং যাচতে (বলির নিকটে বসুধা প্রার্থনা করিতেছেন); অজাং গ্রামং নয়তি (হরতি বা বহতি) (অজাকে গ্রামে লইয়া যাইতেছে)।

৪৯৫। ণিজন্ত করিলে গত্যর্থক, বুদ্ধ্যর্থক, ভোজনার্থক, শব্দকর্ম্মক ও অকর্ম্মক ধাতু ও দৃশ্ধাতুর অণিজন্ত অবস্থায় যে পদ কর্ত্তা ছিল তাহার কর্ম্মসংজ্ঞা হয়;[১] যথা—শ্রীহরিঃ শত্রূন্ স্বর্গমগময়ৎ (শ্রীহরি শত্রুগণকে স্বর্গে পাঠাইয়াছিলেন) [অণিজন্ত অবস্থায় 'শত্রবঃ স্বর্গমগচ্ছন্' এইরূপ ছিল]; বেদার্থং স্বানবেদয়ৎ (আত্মীয়দিগকে বেদার্থ জানাইয়াছিলেন; আশয়দমৃতং দেবান্

১ গতি-বুদ্ধি-প্রত্যবসানার্থ-শব্দকর্ম্মাকর্ম্মকাণামণি কর্ত্তা স ণৌ—১।৪।৫২। গত্যর্থ, বুদ্ধ্যর্থ, ভক্ষণার্থ, শব্দকর্ম্মক ও অকর্ম্মক ধাতুর অণিজন্ত অবস্থার কর্ত্তার ণিজন্ত করিলে কর্ম্মসংজ্ঞা হয়।

CENTRAL LIBRARY

(দেবগণকে অমৃত খাওয়াইয়াছিলেন) ; বেদানধ্যাপয়দ্বিধিম্ (বিধিকে বেদ পড়াইয়াছিলেন) ; মাসমাসয়ৎ দেবদত্তম্ (দেবদত্তকে একমাস রাখিয়াছিলেন) ; দর্শয়তি হরিং ভক্তান্ (ভক্তগণকে হরি আপনাকে দেখান) ।

৪৯৬ । কিন্তু নায়য়তি, বাহয়তি, খাদয়তি, ভক্ষয়তি (অহিংসার্থক) প্রভৃতির অণিজন্ত অবস্থার কর্ত্তার ণিজন্তাবস্থায় কর্ম্মসংজ্ঞা হয় না । যথা—বাহয়তি ভারং ভৃত্যেন (ভৃত্যকে ভার বহাইতেছে) ; খাদয়ত্যন্নং বটুনা (ছেলেকে অন্ন খাওয়াইতেছে) ।

৪৯৭ । হৃ ও কৃধাতুর অণিজন্ত অবস্থার কর্ত্তায় ণিজন্তাবস্থায় দ্বিতীয়া ও তৃতীয়া উভয় বিভক্তিই হইতে পারে ।[১] যথা—ভৃত্যং (ভৃত্যেন বা) কটং কারয়তি (ভৃত্যকে দিয়া মাদুর প্রস্তুত করাইতেছে) ।

৪৯৮ । ৪৯৪ সূত্রে উদ্ধৃত দ্বিকর্ম্মক ধাতুর মধ্যে দুহ্ হইতে মুষ্ অবধি ধাতুর কর্ম্মবাচ্যে **গৌণ কর্ম্ম** উক্ত হয় ও তাহাতে প্রথমা বিভক্তি হয় ; মুখ্য কর্ম্ম দ্বিতীয়ান্তই থাকিয়া যায় ।[২] যথা—গাং দোগ্ধি পয়ঃ এই বাক্যে 'গাম্' ('গোঃ'র পরিবর্ত্তে ব্যবহৃত গৌণ কর্ম্মে) কর্ম্মবাচ্যে প্রথমা হইবে, মুখ্য কর্ম্ম 'পয়ঃ' দ্বিতীয়া-বিভক্তিযুক্ত থাকিয়া যাইবে ; অতএব কর্ম্মবাচ্যে গৌর্দুহ্যতে পয়ঃ হইবে ।

১ হৃক্রোরন্যতরস্যাম্—১।৪।৫৩। হৃ ও কৃধাতুর অণিজন্ত অবস্থার কর্ত্তার বিকল্পে কর্ম্মসংজ্ঞা হয় ।

২ গৌণে কর্ম্মণি দুহাদেঃ প্রধানে নী-হৃ-কৃষ্-বহাম্ ।
বুদ্ধি-ভক্ষার্থয়োঃ শব্দকর্ম্মণাং চ নিজেচ্ছয়া ।
প্রযোজ্য-কর্ম্মণ্যন্যেষাং ণ্যন্তানাং লাদয়ো মতাঃ ॥ (কারিকা).

CENTRAL LIBRARY

(ক) কিন্তু নী, হৃ, কৃষ্ ও বহ্ ধাতুর **মুখ্য কর্ম্মে** প্রথমা হয়; গৌণ কর্ম্ম দ্বিতীয়ান্ত থাকিয়া যায়; অতএব অজাং গ্রামং নয়তি—(কর্ম্মবাচ্যে) অজা গ্রামং নীয়তে হইবে।

(খ) জ্ঞানার্থক ও ভোজনার্থক ণিজন্ত ধাতুর **উভয়-বিধই** হইতে পারে। যথা—'মাণবকং ধর্ম্মং বোধয়তি' স্থানে (কর্ম্মবাচ্যে) মাণবকো ধর্ম্মং বোধ্যতে বা মাণবকং ধর্ম্মো বোধ্যতে।

(গ) অন্য ণিজন্তধাতু স্থলে প্রযোজ্য কর্ম্মে প্রথমা হয় ও অন্য কর্ম্মে দ্বিতীয়া হয়। যথা—দেবদত্তঃ গ্রামং গম্যতে (দেবদত্তকে গ্রামে পাঠান হইতেছে)।

৪৯৯। উভয়তঃ (দুই দিকে), সর্ব্বতঃ (সকল পার্শ্বে), উপর্য্যুপরি ও অধ্যধি (উপরে), অধোঽধঃ (নিম্নে), অভিতঃ[১] (উভয় পার্শ্বে), পরিতঃ (চতুঃপার্শ্বে), সময়া ও নিকষা (নিকটে), প্রতি, অন্তরা (মধ্যে), অন্তরেণ (বিনা), ধিক্ ও হা (নিন্দার্থ), এই সকল অব্যয়যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—উভয়তঃ কৃষ্ণং গোপাঃ (কৃষ্ণের উভয় পার্শ্বে গোপগণ রহিয়াছে); উপর্য্যুপরি লোকং হরিঃ (হরি জগতের ঊর্দ্ধে অবস্থিত); পরিতঃ কৃষ্ণম্ (কৃষ্ণের চারিদিকে); গ্রামং সময়া (গ্রামের নিকটে); অন্তরা[২] মাং ত্বাং চ হরিঃ (তোমার আমার মধ্যে হরি আছেন); অন্তরেণ হরিং (হরি বিনা) ন সুখম্; ধিক্ কৃষ্ণাভক্তম্, হা কৃষ্ণাভক্তম্ (যে কৃষ্ণের ভক্ত নহে তাহাকে ধিক্—সে শোচনীয়)।

১ অভিতঃ-পরিতঃ-সময়া-নিকষা-হা-প্রতিযোগেঽপি (বা ১৪৪৩)।

২ অন্তরান্তরেণ-যুক্তে—২ ৩।৪। অন্তরা ও অন্তরেণ শব্দযোগে দ্বিতীয়া বিভক্তি হয়।

CENTRAL LIBRARY

৫০০। যে সকল অব্যয় সাধারণতঃ ক্রিয়ার পূর্ব্বে বসিয়া উপসর্গসংজ্ঞক হয় তাহারা যখন স্বতন্ত্রভাবে প্রযুক্ত হয়, অর্থাৎ ক্রিয়ার সহিত যুক্ত না হইয়া প্রযুক্ত হয়, তখন আর তাহাদিগের উপসর্গসংজ্ঞা হয় না; তখন **কর্ম্মপ্রবচনীয়** এই নাম হয়। কয়েকটী অর্থে ইহাদের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়।[১] যথা—অতি দেবান্ কৃষ্ণঃ (কৃষ্ণ দেবগণকে অতিক্রম করেন); অনু হরিং সুরাঃ (হরির পরে অর্থাৎ নিম্নে সুরগণের স্থান); জপমনু প্রাবর্ষৎ (জপের পরেই বৃষ্টি হইয়াছিল); উপ হরিং সুরাঃ (দেবগণ হরির নিম্নে); গিরিমভি বিদ্যোততে বিদ্যুৎ (গিরির দিকে [উপলক্ষণ] বিদ্যুৎ চমকাইতেছে); বৃক্ষং বৃক্ষং প্রতি সিঞ্চতি (প্রতি বৃক্ষে [বীপ্সা] জল দিতেছে); ভক্তো বিষ্ণুং প্রতি (বিষ্ণুর প্রতি [ইত্থম্ভূতাখ্যান] ভক্ত); লক্ষ্মীর্হরিং প্রতি (লক্ষ্মী হরির ভাগ)।

করণকারক ও তৃতীয়া বিভক্তি

৫০১। যাহা ক্রিয়াসাধনে কর্ত্তার প্রধান সহায় তাহাই করণ;[২] অনুক্ত করণে তৃতীয়া বিভক্তি হয়।[৩] যথা—রামেণ

১ কর্ম্মপ্রবচনীয়যুক্তে দ্বিতীয়া—২।৩।৮। কর্ম্মপ্রবচনীয়-যোগে দ্বিতীয়া বিভক্তি হয়।

২ সাধকতমং করণম্—১।৪।৪২। ক্রিয়াসিদ্ধির অত্যন্তোপকারকের করণ-সংজ্ঞা হয়। যদ্ব্যাপারাদনন্তরং ক্রিয়ানিষ্পত্তিস্তত্তস্য করণম্।

৩ কর্ত্তৃকরণয়োস্তৃতীয়া—২।৩।১৮।

CENTRAL LIBRARY

বাণেন হতো বালী (রাম কর্ত্তৃক বাণ দ্বারা বালী হত হইয়াছিল); এ স্থলে 'রামেণ' অনুক্তে কর্ত্তরি তৃতীয়া (৪৮৯ সূত্রানুসারে) এবং 'বাণেন' করণে তৃতীয়া।

৫০২। অনেক সময়ে তৃতীয়া বিভক্তি দ্বারা হেতু সূচিত হয়।[১] যথা—পুণ্যেন দৃষ্টো হরিঃ (পুণ্যহেতু হরিকে দেখা গেল); তেন অপরাধেন দণ্ড্যোঽসি (সেই অপরাধের জন্য তুমি দণ্ডার্হ); অধ্যয়নেন বসতি (অধ্যয়নের জন্য বাস করিতেছে)।

৫০৩। সহার্থ-শব্দযোগে তৃতীয়া হয়;[২] যথা—পুত্রেণ সহাগতঃ পিতা। সহার্থ-শব্দ (সহ, সাকম্, সার্দ্ধম্, সমম্ ইত্যাদি) উহ্য থাকিলেও হয়।

৫০৪। যুক্তার্থ বা বিযুক্তার্থ-শব্দযোগে তৃতীয়া বিভক্তি হয়; যথা—ত্বয়া সহিতঃ (তোমার সহিত মিলিত); সমাযুক্তোঽর্থৈঃ (অর্থের দ্বারা সংযুক্ত); অর্থেন হীনঃ।

৫০৫। তুল্যার্থ শব্দযোগে তৃতীয়া বিভক্তি হয়,[৩] যথা—শক্রেণ সমঃ, সদৃশঃ, তুল্যঃ ইত্যাদি (ইন্দ্রের মত)।

৫০৬। প্রয়োজনার্থে বা প্রয়োজনার্থক শব্দযোগে তৃতীয়া বিভক্তি হয়; যথা—তেন কিং প্রয়োজনম্? (তাহার কি প্রয়োজন?); কোঽর্থঃ পুত্রেণ জাতেন যো ন বিদ্বান্? (বিদ্বান্ নহে এরূপ পুত্র জন্মাইবার কি প্রয়োজন?); তেন কিম্? (তাহাতে কি প্রয়োজন?); অলং রুদিতেন (কাঁদিয়া কি হইবে?); কৃতমভ্যুত্থানেন (উঠিবার প্রয়োজন নাই)।

১ হেতৌ—২।৩।২৩। হেত্বর্থে তৃতীয়া হয়।

২ সহযুক্তেঽপ্রধানে—২।৩।১৯। সহার্থ-শব্দযোগে অপ্রধানে তৃতীয়া হয়।

৩ তুল্যার্থৈরতুলোপমাভ্যাং তৃতীয়াঽন্যতরস্যাম্—২।৩।৭২

CENTRAL LIBRARY

দ্রষ্টব্য—৫০৬ সূত্রানুসারে যে সমস্ত তৃতীয়া বিভক্তির দৃষ্টান্ত প্রদর্শিত হইল, সে সমস্ত স্থলেই করণে তৃতীয়া বুঝিতে হইবে। প্রত্যেক উদাহরণেই ক্রিয়া উহ্য করিয়া করণে তৃতীয়া হইবে। পাণিনিতে প্রয়োজনার্থে অথবা প্রয়োজনার্থক-শব্দযোগে তৃতীয়া হইবার কোন বিধান নাই। বালকদিগকে সহজে বুঝাইবার জন্য এখানে এইরূপ সূত্র করা হইয়াছে, বাস্তবিক এখানে সমস্তই করণে তৃতীয়া হইয়াছে।

৫০৭। নিম্নের উদাহরণগুলিতে তৃতীয়া বিভক্তির[১] প্রয়োগগুলি লক্ষ্য করা উচিত। যথা—প্রকৃত্যা দর্শনীয়ঃ (স্বভাবতঃ সুন্দর); গোত্রেণ গার্গ্যঃ (গোত্রে গার্গ্য); সুখেন যাতি (সুখে যাইতেছে)।

(ক) যে অঙ্গে অঙ্গীর বিকার লক্ষিত হয় তাহাতেও তৃতীয়া হয়;[২] যথা—অক্ষ্ণা কাণঃ।

(খ) অপবর্গ (ফলপ্রাপ্তি) বুঝাইলে কালবাচক ও পথবাচক শব্দের পরে তৃতীয়া হয়।[৩] যথা—অহ্না ক্রোশেন বানুবাকোঽধীতঃ।

---

[১] প্রকৃত্যাদিভ্য উপসংখ্যানম্ (বা ১৪৩৬)—প্রকৃতি প্রভৃতি শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়।

[২] যেনাঙ্গবিকারঃ—২।৩।২০। যে অঙ্গে বিকৃতির দ্বারা অঙ্গীর বিকার লক্ষিত হয় সেই অঙ্গবাচক শব্দের উত্তর তৃতীয়া হয়।

[৩] অপবর্গে তৃতীয়া—২।৩।৬

CENTRAL LIBRARY

সম্প্রদানকারক ও চতুর্থী বিভক্তি

৫০৮। যাহাকে উদ্দেশ করিয়া কিছু দেওয়া যায়, তদ্বোধক পদকে সম্প্রদান বলে ;[১] অনুক্ত সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়।[২] বিপ্রায় গাং দদাতি (বিপ্রকে গরু দান করিতেছে)।

(ক) দাধাতুর যোগে কোন কোন স্থলে সম্বন্ধসামান্য বিবক্ষা করিয়া ষষ্ঠী বিভক্তি প্রযুক্ত হইয়া থাকে। যথা—রজকস্য বস্ত্রং দদাতি।

৫০৯। তাদর্থ্যে চতুর্থী বিভক্তি হয়। যথা—মুক্তয়ে হরিং ভজতি (মুক্তির নিমিত্ত হরিকে ভজনা করিতেছে)।

(ক) কৢপ্, সম্+পদ্, জন্ প্রভৃতি ধাতুর যোগে চতুর্থী বিভক্তি হয় ;[৩] যথা—ভক্তির্জ্ঞানায় কল্পতে (ভক্তি হইতে জ্ঞান হয়, ভক্তি জ্ঞানের নিমিত্ত হয়)।

৫১০। যে তুমর্থক ক্রিয়া উহ্য থাকে তাহার কর্ম্মে চতুর্থী হয়।[৪] যথা—ফলেভ্যো যাতি ; এখানে 'আহর্ত্তুম্' এই একটী তুমর্থক ক্রিয়া উহ্য আছে ; উহার অর্থ—ফলানি আহর্ত্তুং যাতি (ফল আনিতে যাইতেছে)।

৫১১। কথনার্থ ধাতুর যোগে যাহাকে কিছু বলা যায় তাহাতে চতুর্থী বিভক্তি হয়।[৫] যথা—তস্মৈ কথয়তি, খ্যাপয়তি, আচষ্টে,

১ কর্ম্মণা যমভিপ্রৈতি স সম্প্রদানম্—১।৪।৩২। কর্ম্মের দ্বারা যাহাকে অভিপ্রেত করা হয় তাহাকে সম্প্রদান বলে। ২ চতুর্থী সম্প্রদানে—২।৩।১৩

৩ কৢপি সম্পদ্যমানে চ (বা ১৪৫৯)—সম্পদ্যমানের উত্তর কৢপি প্রভৃতি ধাতুর প্রয়োগে চতুর্থী হয়।

৪ ক্রিয়ার্থোপপদস্য চ কর্ম্মণি স্থানিনঃ—২.৩.১৪

৫ ক্রিয়া যমভিপ্রৈতি সোঽপি সম্প্রদানম্ (বা ১.৮৫)।

CENTRAL LIBRARY

নিবেদয়তি (তাঁহাকে বলিতেছে, জানাইতেছে ইত্যাদি)। (ব্রূধাতু দ্বিকর্ম্মক, ৪৯৪ সূত্র দ্রষ্টব্য।)

৫১২। প্রতি ও আপূর্ব্বক শ্রুধাতুর প্রয়োগে যাহার প্রার্থনায় প্রতিশ্রুতি দেওয়া হয় তদ্বোধক পদে চতুর্থী বিভক্তি হয়।[১] যথা—বিপ্রায় গাং প্রতিশৃণোতি (বিপ্রের প্রার্থনায় বিপ্রকে গরু দিতে প্রতিশ্রুত হইতেছে)।

৫১৩। প্রেরণ করা বুঝাইলে যাহাকে উদ্দেশ করিয়া প্রেরণ করা যায় তদ্বোধক পদে চতুর্থী বিভক্তি হয়। যথা—ভোজেন দূতো রঘবে বিসৃষ্টঃ (ভোজ রঘুর উদ্দেশে দূত প্রেরণ করিয়াছিলেন)।

৫১৪। গত্যর্থ ক্রিয়ার কর্ম্মে শারীরিক চেষ্টা বুঝাইলে চতুর্থী বিভক্তিও হইতে পারে, দ্বিতীয়াও হয়।[২] (৪৯০ সূত্র দ্রষ্টব্য); যথা—গ্রামায় (গ্রামং বা) গচ্ছতি, কিন্তু মনসা মেরুং গচ্ছতি (মনে মনে মেরুতে যাইতেছে, শারীরিক চেষ্টা নাই)।

৫১৫। রুচ্যর্থক ধাতু, স্পৃহ্‌ধাতু[৪], ক্রোধার্থক, দ্রোহার্থক, ঈর্ষ্যার্থক ও অসূয়ার্থক ধাতুর যোগে চতুর্থী বিভক্তি হয়।[৫] যথা—হরয়ে রোচতে ভক্তিঃ (ভক্তি হরির রুচিকর), পুষ্পেভ্যঃ

১ প্রত্যাঙ্ভ্যাং শ্রুবঃ পূর্ব্বস্য কর্ত্তা—১।৪।৪০। প্রতি ও আপূর্ব্বক শ্রুধাতুর প্রয়োগে প্রবর্ত্তনারূপ ব্যাপারের কর্ত্তার সম্প্রদানসংজ্ঞা হয়।

২ গত্যর্থকর্ম্মণি দ্বিতীয়াচতুর্থ্যৌ চেষ্টায়ামনধ্বনি—২।৩।১২। শারীর চেষ্টা বুঝাইলে গত্যর্থক ধাতুর অধ্বাভিন্ন কর্ম্মে দ্বিতীয়া ও চতুর্থী হয়।

৩ রুচ্যর্থানাং প্রীয়মাণঃ—১।৪।৩৩

৪ স্পৃহেরীপ্সিতঃ—১।৪।৩৬

৫ ক্রুধ-দ্রুহের্ষ্যাসূয়ার্থানাং যং প্রতি কোপঃ—১।৪।৩৭

CENTRAL LIBRARY

স্পৃহয়তি (সে পুষ্প চাহে), হরয়ে ক্রুধ্যতি (হরির প্রতি ক্রোধ করিতেছে)।

৫১৬। ক্রুধ্ ও দ্রুহ্ ধাতু উপসর্গপূর্ব্বক হইলে তাহাদের যোগে দ্বিতীয়া হয় (চতুর্থী হয় না)।[১] যথা—ক্রূরমভিক্রুধ্যতি।

৫১৭। নমঃ, স্বস্তি, স্বাহা, স্বধা, বষট্ ও অলম্‌শব্দ-যোগে চতুর্থী বিভক্তি হয়।[২] যথা—গণেশায় নমঃ, প্রজাভ্যঃ স্বস্তি (প্রজাগণের মঙ্গল হউক), অগ্নয়ে স্বাহা, দৈত্যেভ্যো হরিরলম্ (হরি দৈত্যগণের সহিত [দ্বন্দ্বে] সমর্থ)।

৫১৮। নমঃশব্দ কৃধাতুর সহিত যুক্ত হইলে, যিনি পূজ্য তদ্বোধক পদে দ্বিতীয়া হয় (চতুর্থী হয় না)। যথা—নমস্করোতি দেবান্। তবে যে 'নমস্কুর্ম্মো নৃসিংহায়' এইরূপ প্রয়োগ দৃষ্ট হয়, তাহার কারণ—এইরূপ স্থলে নৃসিংহমনুকূলয়িতুম্ (নৃসিংহকে অনুকূল করিতে) এইরূপ একটী তুমর্থক ক্রিয়া উহ্য আছে। (৫১০ সূত্র দ্রষ্টব্য।)

৫১৯। প্রণামার্থ ধাতুর যোগে যদুদ্দেশে প্রণাম করা যায় তদ্বোধক পদে দ্বিতীয়া ও চতুর্থী উভয় বিভক্তিরই প্রয়োগ দেখা যায়। যথা—প্রণমন্তি দেবতাভ্যঃ; বাগীশং প্রণিপত্য।

---

১ ক্রুধ-দ্রুহোরুপসৃষ্টয়োঃ কর্ম্ম—১।৪।৩৮। ক্রুধ্ ও দ্রুহ্ ধাতু উপসর্গপূর্ব্বক হইলে যাহার প্রতি কোপ বুঝায় তাহার কর্ম্মসংজ্ঞা হয়।

২ নমঃ-স্বস্তি-স্বাহা-স্বধালং-বষড়্-যোগাচ্চ—২।৩।১৬। নমস্, স্বস্তি, স্বাহা, স্বধা, অলং ও বষট্-শব্দযোগে চতুর্থী হয়।

CENTRAL LIBRARY

অপাদানকারক ও পঞ্চমী বিভক্তি

৫২০। যাহা হইতে অপায় অর্থাৎ বিশ্লেষ-ক্রিয়া আরব্ধ হয় তাহাকে অবধি বলে; অপায়ে যাহা অবধি তাহাকে অপাদান-কারক কহে[১]—অর্থাৎ যাহা হইতে আগত, গৃহীত, পতিত বা সঞ্চালিত হয় তাহাকে অপাদানকারক বলে। অপাদানে পঞ্চমী বিভক্তি হয়।[২] যথা—গ্রামাদায়াতি (গ্রাম হইতে আসিতেছে)।

৫২১। যাহা হইতে উৎপত্তি ও আবির্ভাব হয় তাহাও অপাদান।[৩] যথা—ব্রহ্মণঃ প্রজাঃ প্রজায়ন্তে (ব্রহ্ম হইতে জীবগণ উৎপন্ন হয়), হিমবতো গঙ্গা প্রভবতি (হিমালয় হইতে গঙ্গা আবির্ভূত হন), পাপান্নাশ উদ্ভবতি (পাপ হইতে নাশ উদ্ভূত হয়)। পঞ্চমী বিভক্তির অর্থ অনেক স্থলে হেতু, বশতঃ, জন্য ইত্যাদি। যথা—মৌনান্মূর্খো গণ্যতে (মৌনবশতঃ মূর্খ বলিয়া গণ্য হয়), লৌল্যান্মাংসং ভক্ষয়তি (লৌল্যহেতু মাংস ভোজন করিতেছে।

৫২২। নিম্নলিখিত অর্থের ক্রিয়াগুলি পঞ্চমী বিভক্ত্যন্তের সহিত অন্বিত হয়—

১ ধ্রুবমপায়েঽপাদানম্—১।৪।২৪। বিশ্লেষব্যাপারে ধ্রুব বা অবধিভূত কারকের অপাদান-সংজ্ঞা হয়।

২ অপাদানে পঞ্চমী—২।৩।২৮। অপাদানে পঞ্চমী হয়।

৩ জনকর্তুঃ প্রকৃতিঃ—১।৪।৩০। জন্‌ধাতুর কর্তার প্রকৃতি বা উৎপত্তি-হেতু অপাদান হয়।

ভুবঃ প্রভবঃ—১।৪।৩১। ভূধাতুর প্রয়োগে (ভবনের) প্রথম প্রকাশস্থান অপাদান হয়।

CENTRAL LIBRARY

(ক) ভয়ার্থ [১]—ব্যাঘ্রাদ্বিভেতি (ব্যাঘ্র হইতে ভয় পাইতেছে)।

(খ) ত্রাণার্থ—পাহি মাং নরকাৎ (নরক হইতে আমাকে ত্রাণ করুন)।

(গ) অন্তর্দ্ধানার্থ [২]—মাতুর্নিলীয়তে কৃষ্ণঃ (কৃষ্ণ মাতার নিকট হইতে লুকাইতেছেন)।

(ঘ) বিরামার্থ [৩]—পাপাদ্বিরমতি (পাপ হইতে বিরত হইতেছে)।

(ঙ) প্রমাদার্থ—ধর্ম্মাৎ প্রমাদ্যতি (ধর্ম্ম হইতে বিচ্যুত হইতেছে)।

(চ) অধ্যয়নার্থ [৪]—উপাধ্যায়াদধীতে (শিক্ষকের নিকট পড়িতেছে)।

৫২৩। অন্যার্থ-শব্দ-যোগে, দিক্‌শব্দ-যোগে (দিগ্বাচক ও কালবাচক পূর্ব্বাদিশব্দ-যোগে) ও ঋতেশব্দ-যোগে পঞ্চমী বিভক্তি হয়।[৫] যথা—অন্য ইতরো বা কৃষ্ণাৎ (কৃষ্ণ হইতে ভিন্ন); গ্রামাৎ পূর্ব্বঃ বা প্রাক্ (গ্রামের পূর্ব্ব দিকে); উত্তরা সমুদ্রাৎ (সমুদ্রের উত্তর দিকে); চৈত্রাৎ পূর্ব্বঃ ফাল্গুনঃ (চৈত্রের পূর্ব্বে ফাল্গুন); ঋতে কৃষ্ণাৎ (কৃষ্ণ ভিন্ন)।

[১] ভীত্রার্থানাং ভয়হেতুঃ—১।৪।২৫। ভয়ার্থক ও ত্রাণার্থক ধাতুর প্রয়োগে ভয়-হেতু অপাদান হয়।

[২] অন্তর্দ্ধৌ যেনাদর্শনমিচ্ছতি—১।৪।২৮। অন্তর্দ্ধানে যাহার অদর্শন ইচ্ছা করা হয়, তাহা অপাদান হয়।

[৩] জুগুপ্সা-বিরাম-প্রমাদার্থানামুপসংখ্যানম্ (বা ১০৭৯)—যাহা হইতে ঘৃণা, বিরাম ও প্রমাদ হয় তাহাও অপাদান।

[৪] আখ্যাতোপযোগে—১।৪।২৯

[৫] অন্যারাদিতরর্ত্তে-দিক্‌শব্দাঞ্চূত্তরপদাজাহিযুক্তে—২.৩।২৯

CENTRAL LIBRARY

৫২৪। যে স্থান বা ক্ষণ হইতে অধ্ব (পথ) বা কালের পরিমাণ করা হয়, তদ্বোধক পদে পঞ্চমী বিভক্তি হয়, এবং অধ্ব ও কালবাচক শব্দে সপ্তমী হয়;[১] অধ্ববাচক শব্দে প্রথমাও হইতে পারে। যথা—বনাদ্ গ্রামো যোজনে [বা যোজনম্] (বন হইতে গ্রাম এক যোজন দূরে); কার্ত্তিক্যা আগ্রহায়ণী মাসে (কার্ত্তিকী পূর্ণিমা হইতে আগ্রহায়ণী এক মাস পরে)।

৫২৫। পৃথক্ ও বিনাশব্দের যোগে পঞ্চমী (দ্বিতীয়া এবং তৃতীয়াও) হয়।[২] যথা—বিনা রামাৎ (রামং রামেণ বা)।

৫২৬। দূর ও অন্তিকার্থ (নিকটার্থ) শব্দে পঞ্চমী (দ্বিতীয়া, তৃতীয়া এবং সপ্তমীও) হয়। যথা—গ্রামস্য দূরাৎ (দূরম্, দূরেণ বা দূরে)।

৫২৭। যাহা অপেক্ষা উৎকৃষ্ট বা নিকৃষ্ট বুঝায় তাহাতে পঞ্চমী বিভক্তি হয়; ইংরাজীতে এইরূপ স্থলে than এর প্রয়োগ হয়। যথা—ভক্তিমার্গাদ্ জ্ঞানমার্গঃ শ্রেয়ান্ (The way of knowledge is better *than* the way of devotion)।

৫২৮। প্রভৃতি, আরভ্য, বহিঃ, আরাৎ, অনন্তরম্, ঊর্দ্ধম্ ও পরম্ এইরূপ শব্দযোগে পঞ্চমী বিভক্তি হয়।[৩] যথা—তস্মাৎ

[১] যতশ্চাধ্বকালনির্ব্বাণং তত্র পঞ্চমী (বা ১৪৭৭)—যাহা হইতে পথ ও কালের পরিমাণ বুঝায় তাহার উত্তর পঞ্চমী বিভক্তি হয়।

[২] পৃথগ্ বিনা-নানাভিস্তৃতীয়ান্যতরস্যাম্—২।৩।৩২। পৃথক, বিনা ও নানাশব্দ যোগে বিকল্পে তৃতীয়া হয়।

[৩] অপাদানে পঞ্চমীতি সূত্রে 'কার্ত্তিক্যাঃ প্রভৃতী'তি ভাষ্যপ্রয়োগাৎ প্রভৃত্যর্থযোগে পঞ্চমী—ভট্টোজিঃ।

CENTRAL LIBRARY

দিনাৎ প্রভৃতি বা আরভ্য (সেই দিন হইতে আরম্ভ করিয়া); গ্রামাদ্বহিঃ (গ্রামের বাহিরে); বনাদারাৎ (বনের নিকটে); সংবৎসরাদনন্তরম্ (এক বৎসর পরে); অস্মাৎ ঊর্দ্ধম্ (ইহার পরে)।

৫২৯। মর্য্যাদা (সীমা) বা অভিবিধি (ব্যাপ্তি) অর্থে আ এই অব্যয়ের যোগে পঞ্চমী হয়।[১] যথা—আ মুক্তেঃ সংসারঃ (মুক্তি পর্য্যন্ত সংসার, অর্থাৎ সংসারের সীমা মুক্তি); আ সকলাৎ ব্রহ্ম (সমস্ত ব্যাপিয়া ব্রহ্ম, অর্থাৎ সকল পদার্থে ব্যাপ্ত)।

অধিকরণকারক ও সপ্তমী বিভক্তি

৫৩০। ক্রিয়ার যে আধার তাহাকে অধিকরণকারক বলে;[২] অধিকরণে সপ্তমী বিভক্তি হয়।[৩] যথা—কটে আস্তে (মাদুরে বসিয়া আছে), স্থাল্যামোদনং পচতি (স্থালীতে অন্ন পাক করিতেছে)। আধার বলাতে যে কালে ক্রিয়া হয় তাহাও অধিকরণ বুঝিতে হইবে। যথা—মাসস্য প্রথমে দিবসে আজগাম (মাসের প্রথম দিনে আসিয়াছিল)।

১ পঞ্চম্যপাঙ্-পরিভিঃ—২।৩।১০। অপ, আ (ঙ) ও পরি-যোগে পঞ্চমী হয়।

২ আধারোঽধিকরণম্—১।৪।৪৫। ক্রিয়ার আধারকে অধিকরণ বলে।

৩ সপ্তম্যধিকরণে চ—২।৩।৩৬। অধিকরণে সপ্তমী হয়।

CENTRAL LIBRARY

৫৩১। নিম্নলিখিত ক্রিয়াগুলি সপ্তমী-বিভক্ত্যন্তের সহিত অন্বিত হয়; এই সকল স্থলে সপ্তম্যন্ত পদ ক্রিয়ার আধার বলিয়া গৃহীত হয়—

(ক) ক্ষেপার্থ ক্রিয়া। যথা—তে তস্মিন্ শরান্ মুমুচুঃ (তাহার প্রতি তাহারা শর ত্যাগ করিয়াছিল)।

(খ) আচরণার্থ ক্রিয়া (বৃৎ, ব্যব-হৃ প্রভৃতি)। যথা—গুরুষু বিনয়েন বর্ত্ততে (গুরুর প্রতি বিনয়ের সহিত আচরণ করিতেছে)।

(গ) অনুরাগার্থ ক্রিয়া (স্নেহ্, অনু-রঞ্জ্, রম্ প্রভৃতি)। যথা—পিতা পুত্রে স্নেহয়তি।

(ঘ) বিশ্বাসার্থ ক্রিয়া। যথা—দুর্জ্জনে বিশ্বসিতি কুত্র পুরুষঃ? (লোকে দুর্জ্জনকে কোথায় বিশ্বাস করিয়া থাকে?)

(ঙ) দান, কথন, প্রতিশ্রুতি প্রভৃতি ক্রিয়ার উদ্দিষ্ট বিষয় অনেক সময়ে চতুর্থী স্থলে সপ্তমী বিভক্তিতে প্রযুক্ত হয়। যথা—বিতরতি গুরুঃ প্রাজ্ঞে বিদ্যাং যথৈব তথা জড়ে (গুরু প্রাজ্ঞ ও জড় উভয়বিধ ছাত্রকেই সমভাবে বিদ্যা বিতরণ করেন)।

৫৩২। নিযুক্তার্থ (ব্যাপৃত, ব্যগ্র, তৎপর ইত্যাদি) ও নিপুণার্থ (কুশল, নিপুণ, সাধু ইত্যাদি) শব্দের যোগে সপ্তমী বিভক্তি হয়।[১] যথা—গৃহকর্ম্মণি ব্যাপৃতা (গৃহ কর্ম্মে ব্যাপৃতা), রামোঽক্ষদ্যূতে নিপুণঃ (রাম অক্ষক্রীড়ায় নিপুণ)।

১ সাধু-নিপুণাভ্যামর্চ্চায়াং সপ্তম্যপ্রতেঃ—২।৩।৪৩। অর্চ্চা বুঝাইলে সাধু ও নিপুণ-শব্দযোগে সপ্তমী হয়, কিন্তু প্রতি প্রভৃতি যোগে হয় না।

CENTRAL LIBRARY

৫৩৩। যখন এক সমষ্টির মধ্য হইতে এক ব্যষ্টি (ব্যক্তি বা বস্তু) কোন গুণের (বা দোষের) জন্য পৃথগ্‌ভাবে নির্দ্দিষ্ট হয়, তখন সেই সমষ্টিবাচক পদে সপ্তমী (বা ষষ্ঠী) বিভক্তি হয়।[১] এইরূপ পৃথক্ নির্দ্দেশের নাম নির্দ্ধারণ। যথা নৃষু (নৃণাম্ বা) দ্বিজঃ শ্রেষ্ঠঃ (নরের মধ্যে দ্বিজ শ্রেষ্ঠ), গোষু (গবাং বা) কৃষ্ণা বহুক্ষীরা (গরুর মধ্যে কাল গরু বেশী দুধ দেয়)।

৫৩৪। স্বামিন্, ঈশ্বর, অধিপতি, দায়াদ ও সাক্ষিন্‌শব্দের যোগে সপ্তমী (বা ষষ্ঠী) হয়। যথা—গ্রামেষু (গ্রামাণাং বা) অধিপতিঃ (গ্রামের অধিপতি)।

৫৩৫। যখন এক ক্রিয়ার উল্লেখের দ্বারা অন্য ক্রিয়া যে কালে বা যে অবস্থায় সংঘটিত হইয়াছে তাহা লক্ষিত হয়, তখন পূর্ব্বোক্ত ক্রিয়া ও তাহার বিশেষ্য পদে সপ্তমী বিভক্তি হয়। সাধারণতঃ এই সপ্তম্যন্ত পদসমষ্টির মধ্যে একটী কৃদন্ত ক্রিয়া থাকে; এইরূপ সপ্তমীকে **ভাবে সপ্তমী** বলে।[২] যথা—গোষু দুহ্যমানাসু স গতঃ (যখন গরু দোহন করা হইতেছিল তখন তিনি গিয়াছিলেন), এবমুক্তে (এইরূপ কথিত হইলে), এবং সতি (এইরূপ হইলে)।

৫৩৬। অনাদর বুঝাইলে এরূপ স্থলে ষষ্ঠীও হইতে পারে।[৩] যথা—ক্রোশতঃ (ক্রোশতি বা) প্রাব্রাজীৎ (আত্মীয় কাঁদিতে

১ যতশ্চ নির্দ্ধারণম্—২।৩।৪১। যাহা হইতে নির্দ্ধারণ (সমুদায় হইতে একদেশের পৃথক্‌করণ) বুঝায় তাহার উত্তর ষষ্ঠী ও সপ্তমী হয়।

২ যস্য চ ভাবেন ভাবলক্ষণম্—২।৩।৩৭। যাহার ক্রিয়ার দ্বারা ক্রিয়ান্তর লক্ষিত হয়, তাহার উত্তর সপ্তমী হয়।

৩ ষষ্ঠী চানাদরে—২।৩।৩৮। অনাদর বুঝাইলে ষষ্ঠীও হয়।

CENTRAL LIBRARY

থাকিলেও তিনি বনে গিয়াছিলেন, আত্মীয়ের রোদন গ্রাহ্য করেন নাই), পশ্যতোঽপি মে শিশুরপহৃতঃ (আমি দেখিতে থাকিলেও শিশু অপহৃত হইল)।

পাশ্চাত্ত্য ব্যাকরণে এইরূপ স্থলে Absolute construction বলা হয়। সুতরাং এই সপ্তমী বা ষষ্ঠীকে Locative Absolute বা Genitive Absolute বলা যাইতে পারে।

ষষ্ঠী বিভক্তি

৫৩৭। **সংস্কৃত ব্যাকরণে কোন ক্রিয়ার সহিত সম্বন্ধশূন্য ষষ্ঠী বিভক্তিকে কারক-বিভক্তি বলিয়া গ্রহণ করা হয় না;** কারণ ষষ্ঠ্যন্ত বিশেষ্যের সহিত ক্রিয়ার অন্বয় হয় না, ষষ্ঠ্যন্ত বিশেষ্যের সহিত বিশেষ্যান্তরের অন্বয় (সম্বন্ধ-নির্দ্দেশ) হয়। সম্বন্ধমাত্র বুঝাইলে প্রাতিপদিকের উত্তর ষষ্ঠী বিভক্তি হয়।[১] যথা—রাজ্ঞঃ পুরুষঃ, দশরথস্য পুত্রঃ।

৫৩৮। ষষ্ঠী বিভক্তি কোন কোন স্থলে কারক-বিভক্তির পরিবর্ত্তে প্রযুক্ত হইয়া থাকে। যথা—ঈশ্, দয়্, প্রভুর্থ ও স্মরণার্থ (স্থ, অধি-ই [পরস্মৈপদী], সম্-জ্ঞা ইত্যাদি) ধাতুর কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়।[২] পৃথিব্যা ঈষ্টে (পৃথিবীর উপর প্রভুত্ব করিতেছেন, অর্থাৎ পৃথিবীকে শাসন করিতেছেন);

১ ষষ্ঠী শেষে—২।৩।৫০

২ অধীগর্থদয়েশাং কর্ম্মণি—২।৩।৫২। স্মরণার্থক ধাতু, দয়্ ও ঈশ্ ধাতুর কর্ম্মে ষষ্ঠী হয়।

CENTRAL LIBRARY

প্রভবিষ্যাম্যাত্মনঃ (নিজের উপর প্রভুত্ব করিব, অর্থাৎ আপনাকে শাসন করিব—এস্থলে চতুর্থীও হয়) ; রামস্য দয়মানোঽসাবধ্যেতি তব লক্ষ্মণঃ (রামের দুঃখে দুঃখিত হইয়া, অর্থাৎ রামকে দয়া করিয়া, লক্ষ্মণ তোমাকে স্মরণ করেন)।

৫৩৯। কৃদন্ত-শব্দ-যোগে কর্ত্তায় বা কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়।[১] যথা—কৃষ্ণস্য কৃতিঃ (কৃষ্ণ যাহা করেন), জগতঃ কর্ত্তা কৃষ্ণঃ (কৃষ্ণ জগৎ করেন)।

(ক) কিন্তু ৪৫৮ সূত্রে বর্ণিত ক্রিয়াত্মক কৃদন্ত শব্দগুলি তিঙন্ত ক্রিয়ার ন্যায় কর্ম্মকারকের সহিত অন্বিত হয়, তাহাদের যোগে ষষ্ঠী হয় না।[২] যথা—জগৎ স্রষ্ট্বা (জগৎ সৃষ্টি করিয়া), জগৎ স্রষ্টুম্ (জগৎ সৃষ্টি করিতে), কুর্ব্বন্ সৃষ্টিং হরিঃ (হরি সৃষ্টি করিতে করিতে), দৈত্যান্ হতবান্ বিষ্ণুঃ (বিষ্ণু দৈত্যগণকে বধ করিয়াছিলেন), বিষ্ণুনা হতা দৈত্যাঃ (দৈত্যগণ বিষ্ণুকর্ত্তৃক হত হইয়াছিল)।

৫৪০। বর্ত্তমানে ক্ত (ত বা ন) প্রত্যয় হইলে কর্ত্তায় ষষ্ঠী হয়।[৩] ইচ্ছার্থক, জ্ঞানার্থক ও পূজার্থক ধাতুর উত্তর বর্ত্তমানে

[১] কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতি—২।৩।৬৫। কৃদ্‌যোগে কর্ত্তায় ও কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়।

[২] ন লোকাব্যয়-নিষ্ঠা-খলর্থ-তৃণাম্—২।৩।৬৯। ল (শতৃ ও শানচ্), উ (উকারান্ত কৃৎ), উক, অব্যয় (ক্ত্বাচ্, তুমুন্, ণমুল্), নিষ্ঠা (ক্ত ও ক্তবতু), খলর্থ ও তৃন্‌প্রত্যয়-যোগে ষষ্ঠী হয় না।

[৩] ক্তস্য চ বর্ত্তমানে—২।৩।৬৭। বর্ত্তমান কালে ক্তপ্রত্যয় হইলে তদ্‌যোগে কর্ত্তায় ষষ্ঠী হয়।

CENTRAL LIBRARY

ক্তপ্রত্যয় হয়। যথা—মম বিদিতম্ (মৎকর্ত্তৃক বিদিত), অহমেব মতো মহীপতেঃ (আমিই মহীপতি-কর্ত্তৃক সম্মানিত)।

৫৪১। তব্য, অনীয় ও যপ্রত্যয়ান্ত পদের কর্ত্তায় ষষ্ঠী বা তৃতীয়া বিভক্তি হয়।[১] যথা—মম (ময়া বা) সেব্যো হরিঃ (হরি মৎকর্ত্তৃক সেব্য)।

৫৪২। কৃৎ-প্রত্যয়ান্ত পদের কর্ত্তা ও কর্ম্ম উভয়ত্র ষষ্ঠীর সম্ভাবনা থাকিলে কর্ম্মে ষষ্ঠী ও কর্ত্তায় তৃতীয়া হওয়াই নিয়ম,[২] কিন্তু অনেক স্থলে কর্ত্তায়ও ষষ্ঠী হয়। যথা—আশ্চর্য্যো গবাং দোহোঽগোপালকেন (যে গোয়ালা নহে তাহার গরু দোহা আশ্চর্য্য), বিচিত্রা জগতঃ কৃতির্হরেঃ হরিণা বা (হরিকর্ত্তৃক জগতের সৃষ্টি বিচিত্র)।

৫৪৩। সনন্ত অঙ্গে উপ্রত্যয় করিয়া যে শব্দ হয় তাহার কর্ম্মে দ্বিতীয়া হয়। যথা—মিত্রং দিদৃক্ষুঃ (মিত্র দেখিতে ইচ্ছুক)।

৫৪৪। তুল্যার্থ-শব্দ-যোগে ষষ্ঠী বা তৃতীয়া হয়।[৩] যথা—তুল্যঃ কৃষ্ণস্য কৃষ্ণেন বা।

৫৪৫। দিগ্বাচক শব্দের উত্তর তস্‌প্রত্যয় করিয়া যে অব্যয় শব্দ উৎপন্ন হয় তাহার যোগে, অথবা উপরি, অধঃ, পুরঃ, পশ্চাৎ, অগ্রে এই সকল অব্যয়ের যোগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—গ্রামস্য দক্ষিণতঃ (গ্রামের দক্ষিণে), তরূণামধঃ (গাছগুলির নীচে)।

১ কৃত্যানাং কর্ত্তরি বা—২।৩।৭১ কৃত্যপ্রত্যয় হইলে কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী হয়।

২ উভয়প্রাপ্তৌ কর্ম্মণি—২।৩।৬৬

৩ তুল্যার্থৈরতুলোপমাভ্যাং তৃতীয়াঽন্যতরস্যাম্—২।৩।৭২

CENTRAL LIBRARY

৫৪৬। দিগ্বাচক শব্দের উত্তর এনপ্রত্যয় করিয়া যে অব্যয় শব্দ উৎপন্ন হয়, তদ্‌যোগে ষষ্ঠী বা দ্বিতীয়া বিভক্তি হয়।[১] গ্রামস্য গ্রামং বা দক্ষিণেন (গ্রামের দক্ষিণে)।

৫৪৭। আয়ুষ্য (দীর্ঘজীবন), মদ্র, ভদ্র (সম্পৎ), কুশল, সুখ, হিত বা তদর্থক শব্দের যোগে ষষ্ঠী বা চতুর্থী হয়।[২] যথা—আয়ুষ্যং দেবদত্তস্য দেবদত্তায় বা ভূয়াৎ (দেবদত্তের দীর্ঘজীবন হউক)।

৫৪৮। দুইবার তিনবার ইত্যাদি রূপ বারার্থ বুঝাইলে তদর্থক-প্রত্যয়ান্তের যোগে কালবাচক শব্দে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—দ্বিরহ্নো ভুঙ্‌ক্তে (দিনে দুইবার খায়)।

৫৪৯। হেতুশব্দ-যোগে অথবা নিমিত্তশব্দ বা নিমিত্তার্থক-শব্দ-যোগে সর্ব্বনাম শব্দের উত্তর সমস্ত বিভক্তি হয়। কিন্তু সর্ব্বনাম ভিন্ন অন্য শব্দের উত্তর প্রথমা ও দ্বিতীয়া ভিন্ন সমস্ত বিভক্তি হয়। যথা—কস্য হেতোঃ, কেন হেতুনা, কস্মাৎ হেতোঃ; কিং নিমিত্তম্, কেন নিমিত্তেন; জ্ঞানেন নিমিত্তেন হরিঃ সেব্যঃ।

---

১ এনপা দ্বিতীয়া চ—২।৩।৩১। এনপ্-প্রত্যয়ান্ত-শব্দযোগে দ্বিতীয়াও হয়।

২ চতুর্থী চাশিষ্যায়ুষ্য-মদ্র-ভদ্র-কুশল-সুখার্থ-হিতৈঃ—২।৩।৭৩

CENTRAL LIBRARY

সমাস

সংজ্ঞা ও শ্রেণীবিভাগ

৫৫০। সংস্কৃত ভাষায় সমাসের যথেষ্ট প্রয়োগ দেখা যায়। দুই বা তদধিক পদ একত্র মিলিত হইয়া এক অর্থ প্রকাশ করিলে তাহাকে সমাস বলে। বিশেষ্য, বিশেষণ ও কতিপয় অব্যয় শব্দেরই সাধারণতঃ সমাস হইয়া থাকে। সমাস হইলে সমুদায় পদের 'প্রাতিপদিক' এই নাম হয় ও মিলিত পদসমূহের বিভক্তির লোপ হয়, পরে সমস্ত-পদের উত্তর পুনরায় বিভক্তির যোগ হয়।

সমাস পাঁচ প্রকার—অব্যয়ীভাব, তৎপুরুষ, বহুব্রীহি, দ্বন্দ্ব ও সুপ্‌সুপা।

অব্যয়ীভাব সমাস

৫৫১। অব্যয়ীভাব সমাসের পূর্ব্বপদ অব্যয় (উপসর্গ বা অন্য অব্যয়) এবং উত্তরপদ বিশেষ্য। অধিকাংশ স্থলে এই সমাসে পূর্ব্বপদার্থের প্রাধান্য প্রতীত হয়। বিভক্তি, সমীপ, সমৃদ্ধি, যথার্থাদি অর্থে বর্ত্তমান অব্যয় পদের সহিত অন্য পদের যে সমাস হয় তাহার নাম **অব্যয়ীভাব** সমাস। সাধারণতঃ এই সমস্ত-পদের উত্তর পুনরায় বিভক্তি যোগ করিলে তাহার লোপ হয়। অব্যয়ীভাব সমাসে সমাসনিষ্পন্ন পদটী ক্লীবলিঙ্গ হয়। যথা—যথা ও শক্তি হইতে যথাশক্তি (শক্তি অতিক্রম না করিয়া, অর্থাৎ

CENTRAL LIBRARY

যেরূপ শক্তি আছে সেইরূপ)। প্রতি ও অগ্নি হইতে প্রত্যগ্নি (অগ্নির দিকে)।

৫৫২। অধিকাংশ স্থলে এই সমাসে উত্তরপদ প্রাতিপদিকের আকৃতিতেই থাকে। কোথাও কোথাও কিছু পরিবর্ত্তন ঘটিয়া থাকে, যথা—

(ক) উত্তরপদের অন্তস্থিত দীর্ঘস্বর হ্রস্ব হয়, অন্ত্য ঐ স্থানে ই হয়, এবং ও বা ঔ স্থানে উ হয়। যথা—উপ ও গো হইতে উপগু (গরুর কাছে)।

(খ) অন্ত্য অকার (মৌলিক বা আকার-স্থানজ) অম্ হয়। যথা—অধি ও গোপা হইতে—অধিগোপম্ (গোপার বিষয়ে), অনু ও গঙ্গা হইতে অনুগঙ্গম্ (গঙ্গার ধারে ধারে)।

(গ) ব্যঞ্জনান্ত কতিপয় শব্দের (শরৎ, মনস্, দিব্, দিশ্ ইত্যাদির) পরে নিত্য অম্ হয়।[১] শরৎ ভিন্ন যে সকল ব্যঞ্জনান্ত শব্দের অন্তে বর্গের প্রথম, দ্বিতীয়, তৃতীয় বা চতুর্থ বর্ণ থাকে তাহাদিগের পরে বিকল্পে অম্ হয়। যথা—উপ ও শরৎ হইতে উপশরদম্ (শরতের কাছাকাছি), উপ ও সমিধ্ হইতে উপসমিৎ বা উপসমিধম্ (সমিধের কাছে)।

(ঘ) পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ অন্-ভাগান্ত শব্দের অন্ স্থানে অম্ হয়। ক্লীবলিঙ্গ অন্-ভাগান্ত শব্দের অন্ স্থানে অম্ বা অ হয়। যথা—উপ ও রাজন্ হইতে উপরাজম্ (রাজার নিকটে), অধি ও আত্মন্ হইতে অধ্যাত্মম্ (আত্মার বিষয়ে), উপচর্ম্মম্ বা উপচর্ম্ম (চর্ম্মের সমীপে)।

১ অব্যয়ীভাবে শরৎপ্রভৃতিভ্যঃ—৫।৪।১০৭। অব্যয়ীভাব সমাসে শরৎ প্রভৃতির উত্তর অম্ (টচ্) হয়।

CENTRAL LIBRARY

৫৫৩। বহিঃ, প্রাক্ প্রভৃতি অব্যয় ও কতিপয় উপসর্গের সহিত পঞ্চম্যন্ত পদের অব্যয়ীভাব সমাস হয় এবং এই পঞ্চমী বিভক্তির বিকল্পে লোপ হয়।[১] লোপপক্ষে ৫৫২ সূত্রের নিয়মানুসারে কার্য্য হয়। যথা—প্রাগ্‌বনম্ বা প্রাগ্‌বনাৎ (বনের পূর্ব্বদিকে), বহির্বনম্ বা বহির্বনাৎ (বনের বাহিরে)।

৫৫৪। নদী, পৌর্ণমাসী[২] ও গিরিশব্দের[৩] অন্ত্যস্বরের স্থানে অব্যয়ীভাব সমাসে বিকল্পে অ হয়। যথা—উপ ও নদী হইতে উপনদি বা উপনদম্ (নদীর নিকটে)।

৫৫৫। প্রতি, পর, সম্ ও অনু ইহাদের সহিত অক্ষিশব্দের অব্যয়ীভাব সমাস হইয়া যথাক্রমে প্রত্যক্ষম্ (চক্ষুর সম্মুখে), পরোক্ষম্ (দৃষ্টির বাহিরে), সমক্ষম্ (চক্ষুর সমীপে) ও অন্বক্ষম্ (দেখিতে দেখিতে বা পশ্চাৎ পশ্চাৎ) হয়।

৫৫৬। সীমার্থক আ, তদ্‌যোগে যে পঞ্চম্যন্ত পদ (৫২৯ সূত্র) হয়, তাহার সহিত অব্যয়ীভাব সমাসে যুক্ত হইতেও পারে;[৪] অর্থাৎ আ মুক্তেঃ বা আমুক্তি (মুক্তি পর্য্যন্ত) এ উভয় রূপই হয়।

১ অপ-পরি-বহিরঞ্চবঃ পঞ্চম্যা—২।১।১২। অপ, পরি, বহিঃ প্রভৃতির সহিত পঞ্চম্যন্ত পদের সমাস হয়।

২ নদী-পৌর্ণমাস্যাগ্রহায়ণীভ্যঃ—৫।৪।১১০। নদী, পৌর্ণমাসী ও অগ্রহায়ণী-শব্দের উত্তর বিকল্পে টচ্ হয়।

৩ গিরেশ্চ সেনকস্য—৫।৪।১১২। উপগিরম্ বা উপগিরি।

৪ আঙ্ মর্য্যাদাভিবিধ্যোঃ—২।১।১৩। মর্য্যাদা ও অভিবিধি অর্থে আঙ্ এই অব্যয়ের পঞ্চম্যন্ত পদের সহিত বিকল্পে সমাস হয়।

CENTRAL LIBRARY

৫৫৭। অব্যয়ীভাব সমাসে নানা অর্থ প্রকাশিত হয় (উপরি-লিখিত দৃষ্টান্তে তাহার কতকগুলি উদাহৃত হইয়াছে)। প্রধান প্রধানগুলি নিম্নে প্রদর্শিত হইল—

(ক) সামীপ্য—উপকৃষ্ণম্ (কৃষ্ণের সমীপে)।

(খ) অভাব—নির্জ্জনম্ (যে স্থানে জন-মানব নাই)।

(গ) অত্যয়—অতিহিমম্ (শীত অতীত হইবার পরে)। অতিমাত্রম্ (মাত্রা অতিক্রম করিয়া, খুব বেশী)।

(ঘ) পশ্চাৎ—অনুবিষ্ণু (বিষ্ণুর পশ্চাৎ)।

(ঙ) যোগ্যতা—অনুরূপম্ (যোগ্যরূপে)।

(চ) বীপ্সা—প্রত্যহম্ (দিন দিন)।

(ছ) অনতিবৃত্তি—যথাশক্তি (শক্তি অতিক্রম না করিয়া)।

(জ) আনুপূর্ব্ব্য—অনুক্রমম্ (ক্রম অনুসারে, পরে পরে)।

(ঝ) যৌগপদ্য—সচক্রম্ (চক্রের সঙ্গে সঙ্গে)।

তৎপুরুষ সমাস

৫৫৮। তৎপুরুষ সমাসে একপদ (সাধারণতঃ পূর্ব্বপদ) দ্বারা অন্যপদ (সাধারণতঃ উত্তরপদ নির্ণীত বা বিশিষ্ট হয় বলিয়া পাশ্চাত্ত্য ব্যাকরণে উহা কোথাও কোথাও "নির্ণায়ক" (Determinative) সমাস নামে অভিহিত হইয়াছে। কিন্তু ঐ নামে সমুদায় তৎপুরুষকে বুঝান যায় না।

৫৫৯। তৎপুরুষের প্রথম শাখা—এই শাখার তৎপুরুষের বিগ্রহবাক্য করিলে উহার পূর্ব্বপদ উত্তরপদ হইতে ভিন্নবিভক্তিক

CENTRAL LIBRARY

হয়, এবং পূর্ব্বপদের বিভক্ত্যনুসারে এই সমাসের নামকরণ হয়, যথা—

(ক) দ্বিতীয়া-তৎপুরুষ—কৃষ্ণশ্রিতঃ = কৃষ্ণং শ্রিতঃ (কৃষ্ণের আশ্রিত), দুঃখাতীতঃ = দুঃখমতীতঃ (দুঃখের অতীত), গ্রামগমী = গ্রামং গমী (যে গ্রামে যাইতেছে), অন্নবুভুক্ষুঃ = অন্নং বুভুক্ষুঃ (যে অন্ন ভোজন করিতে ইচ্ছা করে) [গম্যাদীনামুপসংখ্যানম্], গৃহাগতঃ = গৃহমাগতঃ (যে গৃহে আসিয়াছে), মুহূর্ত্তসুখম্ = মুহূর্ত্তং সুখম্ (মুহূর্ত্তব্যাপী সুখ)।[১]

(খ) তৃতীয়া-তৎপুরুষ—হরিত্রাতঃ = হরিণা ত্রাতঃ (হরিকর্ত্তৃক রক্ষিত), নখভিন্নঃ = নখৈর্ভিন্নঃ (নখগুলি দ্বারা বিদীর্ণ),[২] ধান্যার্থঃ = ধান্যেন অর্থঃ (ধান্যবিনিময়ে অর্থ), মাতৃসদৃশঃ = মাত্রা সদৃশঃ (মাতার তুল্য, এ স্থলে মাতুঃ সদৃশঃ [৬ষ্ঠী-তৎপুরুষ] ও বলা যায়), মাসপূর্ব্বঃ = মাসেন পূর্ব্বঃ (একমাস পূর্ব্ব), মাষোনম্ = মাষেণ ঊনম (এক মাষা কম), দধ্যোদনঃ = দধ্না ওদনঃ (দধিমিশ্রিত অন্ন)। কিন্তু 'অক্ষ্ণা কাণঃ' এখানে সমাস হইবে না।

(গ) চতুর্থী-তৎপুরুষ—যূপদারু = যূপায় দারু (যূপের জন্য কাষ্ঠ),[৩] গোহিতম্ = গবে হিতম্ (গরুর পক্ষে হিত)। "তাহার যোগ্য" বা "তাহার উদ্দেশ্যে" এই অর্থে অর্থশব্দের সহিত (নিত্য)

[১] দ্বিতীয়া শ্রিতাতীত-পতিত-গতাত্যস্ত-প্রাপ্তাপন্নৈঃ—২।১।২৪। শ্রিত, অতীত, পতিত, গত, অত্যস্ত, প্রাপ্ত ও আপন্ন প্রভৃতি সুবন্ত পদের সহিত দ্বিতীয়ান্ত পদের সমাস হয়।

[২] কর্ত্তৃকরণে কৃতা বহুলম্—২।১।৩২

[৩] চতুর্থী তদর্থার্থ-বলি-হিত-সুখ-রক্ষিতৈঃ—২।১।৩৬

CENTRAL LIBRARY

চতুর্থী-তৎপুরুষ সমাস হয়, যথা—দ্বিজায় অয়ম্=দ্বিজার্থঃ [সূপঃ] (দ্বিজের উদ্দেশ্যে সূপ)।

(ঘ) পঞ্চমী-তৎপুরুষ—চৌরভয়ম্=চৌরাৎ ভয়ম্ [১] (চোর হইতে ভয়), স্বর্গপতিতঃ=স্বর্গাৎ পতিতঃ (স্বর্গ হইতে পতিত)।

(ঙ) ষষ্ঠী-তৎপুরুষ (এই তৎপুরুষই অধিক প্রযুক্ত হয়)—রাজপুরুষঃ=রাজ্ঞঃ পুরুষঃ (রাজার লোক), তৎপুরুষঃ=তস্য পুরুষঃ (তাহার লোক), গিরিনদী=গিরের্নদী (পার্ব্বত্য নদী), অশ্বঘাসঃ=অশ্বস্য ঘাসঃ (ঘোড়ার ঘাস)।

(চ) সপ্তমী-তৎপুরুষ—অক্ষশৌণ্ডঃ=অক্ষেষু শৌণ্ডঃ [২] (অক্ষ-ক্রীড়ার নিপুণ), ঈশ্বরাধীনঃ=ঈশ্বরে অধীনঃ (ঈশ্বরে কৃতনির্ভর), তত্রভুক্তম্ [৩] [তত্র=সপ্তম্যন্ত অব্যয়] (সেখানে খাওয়া হইয়াছে)।

৫৬০। সাধারণতঃ তৎপুরুষে পূর্ব্বপদের বিভক্তির লোপ হয়, কিন্তু অনেক স্থলে আবার হয় না, এমনও দেখা যায়। যথা—ওজসাকৃতম্=বলের দ্বারা কৃত (ওজসা=ওজস্‌শব্দের তৃতীয়ার একবচন), পরস্মৈপদম্=পরের জন্য পদ (পরস্মৈ=পরশব্দের চতুর্থী), আত্মনেপদম্ [বৈয়াকরণাখ্যায়াং চতুর্থ্যাঃ]=নিজের জন্য পদ (আত্মনে=আত্মন্‌শব্দের চতুর্থী), দূরাদাগতঃ=দূর হইতে আগত (দূরাৎ=দূরশব্দের পঞ্চমী), দাস্যাঃ পুত্রঃ=দাসীর পুত্র [৪] (নিন্দার্থে প্রযুক্ত), যুধিষ্ঠিরঃ [৫]=যুদ্ধে স্থির (যুধি=যুধ্‌শব্দের সপ্তমী), হৃদি-স্পৃক্=হৃদয়স্পর্শী (হৃদি—

[১] পঞ্চমী ভয়েন—২।১।৩৭ [২] সপ্তমী শৌণ্ডৈঃ—২।১।৪০

[৩] তত্র—২।১।৪৬। ক্ত-প্রত্যয়ান্তের সহিত 'তত্র' এই সপ্তম্যন্ত অব্যয়ের সমাস হয়।

[৪] পুত্রেঽন্যতরস্যাম্—৬।৩।২২ [৫] গবি-যুধিভ্যাং স্থিরঃ—৮।৩।৯৫

CENTRAL LIBRARY

হৃদ্‌শব্দের সপ্তমী); ইহাকে **অলুক্ সমাস** বলে। (অলুক্ অর্থাৎ যেখানে বিভক্তির লুক্ [=লোপ] হয় নাই)।

৫৬১। কতকগুলি তৎপুরুষ আবার সাধারণ নিয়ম লঙ্ঘন করিয়া পূর্ব্বপদপ্রধান হয়।[১] যথা—পূর্ব্বকায়ঃ=পূর্ব্বং কায়স্য ; মধ্যাহ্নঃ=মধ্যম্ অহ্নঃ ; প্রাপ্তজীবিকঃ=প্রাপ্তো জীবিকাম্ (জীবিকাপ্রাপ্তঃও হয়)।

উপপদ-তৎপুরুষ

৫৬২। পূর্ব্বে উপপদ না থাকিলে প্রযুক্ত হয় না—এইরূপ কৃদন্ত ধাতুর সহিত (বিভক্ত্যুৎপত্তির পূর্ব্বেই) উপপদের সমাস হয়।[২] যথা—কুম্ভকারঃ (কুম্ভং করোতীতি কুম্ভকারঃ ; কুম্ভস্য কারঃ এইরূপ অবস্থায় সমাস হইবে না, কুম্ভকারশব্দ সিদ্ধ হইবার পর প্রথমা বিভক্তির যোগ হইয়াছে)। এইরূপ বৃত্রং হন্তীতি বৃত্রহা ; সর্ব্বান্ জয়তীতি সর্ব্বজিৎ। এই প্রকার সমাসকে **উপপদ-সমাস** বা **উপপদ-তৎপুরুষ** বলে।

প্রাদি-তৎপুরুষ

৫৬৩। প্র প্রভৃতির প্রকৃষ্টাদি অর্থে প্রথমান্তের সহিত, অতি প্রভৃতির ক্রান্তাদি অর্থে দ্বিতীয়ান্তের সহিত, নির্ প্রভৃতির নির্গতাদি অর্থে পঞ্চম্যন্তের সহিত সমাস হয়। যথা—প্রজ্ঞানম্

১ পূর্ব্বাপরাধরোত্তরমেকদেশিনৈকাধিকরণে—২।২।১। একত্বসংখ্যাবিশিষ্ট অবয়বীর সহিত পূর্ব্ব, অপর, অধর ও উত্তরশব্দের সমাস হয়।

২ উপপদমতিঙ্—২।২।১৯। অতিঙন্ত পদের সহিত সুবন্ত উপপদের সমাস হয়।

CENTRAL LIBRARY

(প্রকৃষ্টং জ্ঞানম্); অতিমালঃ (অতিক্রান্তো মালাম্); নিষ্কৌশাম্বিঃ—নির্গতঃ কৌশাম্ব্যাঃ (কৌশাম্বী হইতে নিষ্ক্রান্ত)।

নঞ্-তৎপুরুষ

৫৬৪। তৎপুরুষ সমাসে পরপদ হলাদি হইলে নঞের নকার স্থানে 'অ' হয়,[১] অজাদি হইলে 'অন্'[২] হয়। যথা—অব্রাহ্মণঃ—ন ব্রাহ্মণঃ (ব্রাহ্মণ নহে); অনশ্বঃ—ন অশ্বঃ (অশ্ব নহে)।

কর্ম্মধারয়

৫৬৫। তৎপুরুষের দ্বিতীয় শাখায়, তাহার অঙ্গীভূত উভয়পদে একই বিভক্তি থাকে এবং তাহাদিগের মধ্যে বিশেষ্য-বিশেষণ ভাবের ন্যায় সামানাধিকরণ্য থাকে।[৩] এই শাখার তৎপুরুষকে **কর্ম্মধারয়** বলে। যথা—নীলোৎপলম্=নীলম্ উৎপলম্ (নীল পদ্ম); স্নাতানুলিপ্তঃ=পূর্ব্বং স্নাতঃ পশ্চাদনুলিপ্তঃ (স্নাত ও চন্দনাদি দ্বারা অনুলিপ্ত); কৃতাকৃতম্=অংশতঃ কৃতং তদকৃতং চ (কিয়দংশ কৃত ও কিয়দংশ অকৃত)।

৫৬৬। অনেক সময়ে কর্ম্মধারয় সমাসে উপমা বুঝায়।[৪] তখন বিগ্রহবাক্যে একটী ইব বসাইতে হয়। যথা—ঘনশ্যামঃ

১ নলোপো নঞঃ—৬।৩।৭৩। সমাস হইলে নঞএর ন্‌এর লোপ হয়।

২ তস্মান্নুডচি—৬।৩।৭৪

৩ বিশেষণং বিশেষ্যেণ বহুলম্—২।১।৫৭। বিশেষ্যের সহিত সমানাধিকরণ বিশেষণের বহুল সমাস হয়।

৪ উপমানানি সামান্যবচনৈঃ—২।১।৫৫। উপমানোপমেয়গত সামান্যধর্ম্ম-বাচক পদের সহিত উপমানবাচক পদের সমাস হয়।

CENTRAL LIBRARY

=ঘন ইব শ্যামঃ। অনেক উপমা স্থলে উপমান উত্তরপদে বসে। এইরূপ সমাসকে সাধারণতঃ **উপমিত সমাস**[১] বলে। যথা—পুরুষব্যাঘ্রঃ=পুরুষঃ ব্যাঘ্র ইব (ব্যাঘ্রের মত পুরুষ)।

(ক) সামান্য ধর্ম্মের প্রয়োগ থাকিলে সমাস হয় না। যথা—পুরুষো ব্যাঘ্র ইব শূরঃ। এস্থলে শূরঃ এই পদটী সামান্যধর্ম্ম প্রকাশ করাতে তাহার প্রয়োগে সমাস হইল না।

৫৬৭। আরও কতিপয় কর্ম্মধারয় সমাসে বিশেষণ উত্তরপদরূপে বসে। যথা—ইভযুবতিঃ=যুবতি করিণী।

৫৬৮। ক্ষেপ (নিন্দা বা তিরস্কার) বুঝাইলে কিম্‌শব্দ (বা তৎস্থানীয় কু, কা কিংবা কৎ) কর্ম্মধারয় সমাসে পূর্ব্বপদ হয়। যথা—কিংরাজা=কুৎসিতো রাজা; কুপুরুষঃ (মন্দ লোক); কাপুরুষঃ (পুরুষ নামের অযোগ্য, ভীরু); কদশ্বঃ[২] (কুৎসিত অশ্ব)।

৫৬৯। সংজ্ঞা না বুঝাইলে দিগ্বাচক ও সংখ্যাবাচক শব্দের সহিত কর্ম্মধারয় সমাস হয় না। অতএব, উত্তরাঃ বৃক্ষাঃ=উত্তরদিকের বৃক্ষসকল (উত্তরবৃক্ষাঃ হইবে না); পঞ্চ ব্রাহ্মণাঃ। কিন্তু 'সপ্তর্ষয়ঃ' নক্ষত্রমণ্ডলের সংজ্ঞা বলিয়া হইতে পারিবে।

৫৭০। (১) তদ্ধিতপ্রত্যয়ের সম্ভাবনা থাকিলে অথবা (২) উত্তরপদ পরে থাকিলে দিগ্বাচক ও সংখ্যাবাচক শব্দের তৎপুরুষ

১ উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সামান্যাপ্রয়োগে—২।১।৫৬। সামান্যধর্ম্মের প্রয়োগ না হইলে ব্যাঘ্র প্রভৃতি পদের সহিত উপমেয় পদের সমাস হয়।

২ কোঃ কত্তৎপুরুষেঽচি—৬।৩।১০১। অচ্ পরে থাকিলে তৎপুরুষ সমাসে কু স্থানে কৎ হয়।

CENTRAL LIBRARY

সমাস হয়। যথা—পৌর্ব্বশালঃ (পূর্ব্বদিকের শালায় স্থিত) [পূর্ব্বশালা হইতে অপ্রত্যয় করিয়া উৎপন্ন; অপ্রত্যয় পরে থাকাতে পূর্ব্বশব্দের 'উ'র বৃদ্ধি হইয়াছে]; ষাণ্মাতুরঃ (যাহার ছয় মাতা, অর্থাৎ কার্ত্তিকেয়), [ষণ্মাতুর্ হইতে অপ্রত্যয়ের দ্বারা নিষ্পন্ন]; দ্বিগু (দুইটী গরুর বিনিময়ে প্রাপ্ত) [দ্বিগো হইতে হইয়াছে]; পঞ্চগবধনঃ (পাঁচটী গরুই যাহার ধন) [পঞ্চ গাবঃ ও ধনম্ হইতে হইয়াছে; প্রথম দুইটীতে তৎপুরুষ সমাস ও শেষ পদটীর সহিত বহুব্রীহি]।

৫৭১। তৎপুরুষ সমাসের পূর্ব্বপদ স্ত্রীপ্রত্যয়ান্ত সর্ব্বনাম শব্দ হইলে উহার পুংবদ্ভাব হয়। যথা—পূর্ব্বা শালা=পূর্ব্বশালা।

দ্বিগু

৫৭২। সমাহার বুঝাইলে সংখ্যাবাচক শব্দ পূর্ব্বপদে থাকিয়া তৎপুরুষ সমাস হয়। এই সমাসান্ত পদ সাধারণতঃ ক্লীবলিঙ্গ, কিন্তু এই সমস্ত-পদের অন্তে অ থাকিলে তাহার স্থানে সাধারণতঃ ঈ হয়, ও এই নবোদ্ভূত পদ স্ত্রীলিঙ্গ হয়।[১] যথা—ত্রি ও লোক হইতে ত্রিলোকী।

(ক) কিন্তু ইহার ব্যতিক্রমও দৃষ্ট হয়, যথা—ত্রিভুবনম্, চতুর্যুগম্।

৫৭৩। তৎপুরুষ সমাসের পূর্ব্বপদ সংখ্যাবাচক হইলে তাহাকে দ্বিগু সমাস[২] বলে।

[১] অকারান্তোত্তরপদো দ্বিগুঃ স্ত্রিয়ামিষ্টঃ। (বার্ত্তিক)

[২] সংখ্যাপূর্ব্বো দ্বিগুঃ—২।১।৫২

CENTRAL LIBRARY

সমাসাশ্রয়-বিধি

৫৭৪। সাধারণতঃ তৎপুরুষ সমাসে উহার উত্তরপদের অনুরূপই লিঙ্গ হইয়া থাকে,[১] কিন্তু কোন কোন স্থলে এই সমাসে যে প্রকার বিশেষ্যের অর্থ প্রকাশ করে তদনুরূপ লিঙ্গ হয়। যথা—অতিমালঃ[২] (পুরুষকে বুঝায়)। ঐরূপ নিষ্কৌশাম্বিঃ, প্রাপ্তজীবিকঃ ইত্যাদি (৫৬৩ ও ৫৬১ সূত্র দ্রষ্টব্য)। এ সকল স্থলে (মালা, জীবিকা ও কৌশাম্বীর) দীর্ঘ স্বরের (আ এবং ঈ) স্থানে হ্রস্ব স্বর (অ এবং ই) হইতেছে। অন্য কতিপয় বিশেষ ব্যতিক্রমের উদাহরণ, যথা—ইক্ষুচ্ছায়ম্ = বহু ইক্ষুর ছায়া (ইক্ষু + ছায়া); ঈশ্বরসভম্ = প্রভুর সভা (ঈশ্বর + সভা); স্ত্রীসভম্ = স্ত্রীলোকের সভা।

৫৭৫। সমাসের অন্তে রাত্র (রাত্রি-স্থানীয়) এবং অহ্ন বা অহ (অহন্-স্থানীয়) থাকিলে ঐ সমস্ত-পদ সাধারণতঃ পুংলিঙ্গ হয়।[৩] যথা—পূর্ব্বাহ্ণঃ।

৫৭৬। কর্ম্মধারয় সমাসে পূর্ব্বপদস্থ মহৎশব্দ স্থলে মহা হয়।[৪] যথা—মহাদেবঃ (শিব)।

১ পরবল্লিঙ্গং দ্বন্দ্ব-তৎপুরুষয়োঃ—২।৪।২৬

২ অত্যাদয়ঃ ক্রান্তাদ্যর্থে দ্বিতীয়য়া। (বার্ত্তিক)

৩ রাত্রাহ্নাহাঃ পুংসি—২।৪।২৯। দ্বন্দ্ব ও তৎপুরুষে রাত্র, অহ্ন ও অহ অন্তে থাকিলে সেই পদটী পুংলিঙ্গ হয়।

৪ আন্মহতঃ সমানাধিকরণ-জাতীয়য়োঃ—৬।৩।৪৬। সমানাধিকরণ পদ বা জাতীয়শব্দ উত্তরপদ থাকিলে মহৎশব্দের অন্ত্য বর্ণের স্থানে আ আদেশ হয়।

CENTRAL LIBRARY

৫৭৭। যে সকল স্ত্রীপ্রত্যয়ান্ত শব্দের অনুরূপ পুংলিঙ্গ শব্দও আছে তাহারা যদি কর্ম্মধারয় সমাসে পূর্ব্বপদ হয়, তাহা হইলে তাহাদিগের পুংবদ্ভাব হয়।[১] যথা—মহতী নবমী = মহানবমী (মহতী স্থলে মহৎ হইল এবং মহৎ স্থলে ৫৭৬ সূত্রানুসারে মহা হইল), এইরূপ ব্রাহ্মণভার্য্যা, কৃষ্ণচতুর্দ্দশী।

৫৭৮। তৎপুরুষ সমাসে উত্তরপদস্থ বিশেষ্য শব্দের নানারূপ পরিবর্ত্তন ঘটিয়া থাকে। তাহাদিগের মধ্যে প্রধানগুলি নিম্নে নির্দ্দেশ করা গেল—

(ক) অব্যয় ও সংখ্যাবাচক শব্দের পরে অঙ্গুলি স্থানে অঙ্গুল হয়। যথা—দ্ব্যঙ্গুলঃ = দুই অঙ্গুলি পরিমিত।

(খ) অহন্‌শব্দ স্থানে সাধারণতঃ অহ হয়। যথা—সপ্তাহঃ = সাত দিনের সমাহার। কিন্তু দিবসাংশবাচক শব্দ এবং সর্ব্ব ও অব্যয় শব্দের পরে অহ্ন হয়। যথা—পূর্ব্বাহ্ণঃ।

(গ) পথিন্ স্থানে পথ হয়। যথা—ধর্ম্মপথঃ।

(ঘ) রাজন্ স্থানে রাজ হয়।[২] যথা—মহারাজঃ।

(ঙ) রাত্রির অংশবাচক শব্দের পরে এবং সর্ব্ব, পুণ্য, সংখ্যাবাচক ও অব্যয় শব্দের পরে রাত্রি স্থানে রাত্র হয়। যথা—পূর্ব্বরাত্রঃ = রাত্রির পূর্ব্বভাগ। দ্বিরাত্রম্ = দুই রাত্রির সমাহার।

(চ) সখি স্থানে সখ হয়। যথা—প্রিয়সখঃ।

১ পুংবৎ কর্ম্মধারয়-জাতীয়দেশীয়েষু—৬।৩।৪২

২ রাজাহঃ-সখিভ্যষ্টচ্—৫।৪।৯১। তৎপুরুষ সমাসে রাজন্, অহন্ ও সখিশব্দের উত্তর টচ্ হয়।

CENTRAL LIBRARY

৫৭৯। তৎপুরুষ সমাসের পূর্ব্বপদে সু, অতি, কিম্ বা নঞ্ থাকিলে পূর্ব্বোক্ত পরিবর্ত্তনগুলি সাধারণতঃ হয় না। যথা—সুরাজন্ (প্রথমার একবচনে সুরাজা), কিংসখি (প্রথমার একবচনে কিংসখা)=মন্দ বন্ধু, অরাজা। কিন্তু অপথন্ বা অপন্থাঃ।

ময়ূরব্যংসকাদি সমাস

৫৮০। নিম্নলিখিত তৎপুরুষগুলি সাধারণ নিয়মের ব্যতিক্রম-স্থল বলিয়া গৃহীত হয়। যথা—উচ্চাবচম্ (উচ্চ ও নিম্ন অর্থাৎ নানাপ্রকার), রাজান্তরম্ (অন্য রাজা), গ্রামান্তরম্, অকিঞ্চনঃ (যাহার কিছুই নাই), চিন্মাত্রম্ (কেবল চিৎ), অহংপূর্ব্বিকা (আত্মপ্রাধান্যলাভের ইচ্ছা) [অহং পূর্ব্বমহং পূর্ব্বমিতি যস্যাং ক্রিয়ায়ামভিধীয়তে সা]। এই শ্রেণীর সমাসকে **ময়ূর-ব্যংসকাদি সমাস** বলে।

মধ্যপদলোপী সমাস

৫৮১। কোন কোন কর্ম্মধারয় সমাসের পূর্ব্বপদ অন্য একটী সমস্ত-পদের পূর্ব্বপদমাত্র। কর্ম্মধারয় সমাসে উক্ত সমস্ত-পদের উত্তরপদের লোপ হয়, এইজন্য উহাকে **উত্তরপদলোপী** অথবা **মধ্যপদলোপী** সমাস বলে। যথা—দেবানাং পূজকঃ=দেবপূজকঃ, দেবপূজকো ব্রাহ্মণঃ=দেবব্রাহ্মণঃ।

সাধারণ নিয়ম

৫৮২। অধিকাংশ স্থলে তৎপুরুষ সমাস বিকল্পে হয়, অর্থাৎ সমাস করিলেও হয়, না করিলেও হয়। যথা—নীলম্ উৎপলম্ বা

CENTRAL LIBRARY

নীলোৎপলম্, এ উভয় রূপই প্রচলিত। কিন্তু কতিপয় স্থলে তৎপুরুষ সমাস **নিত্য**, অর্থাৎ করিতেই হইবে। যথা—কৃষ্ণসর্পঃ (যখন কেউটিয়া সাপ বুঝায় তখন নিত্য-সমস্তপদ)।

৫৮৩। তৎপুরুষ সমাসের স্থল বিস্তৃত হইলেও উহার অনেক প্রতিষেধ আছে। সেগুলি প্রয়োগ দেখিয়া শিক্ষা করিতে হইবে। ইহাদের মধ্যে একটী প্রধান প্রতিষেধ এই যে, তৃ বা অক-প্রত্যয়ান্ত পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না।[১] যথা—'অপাং স্রষ্টা' এইবাক্যে অপ্‌স্রষ্টা হয় না। এইরূপ 'ওদনস্য পাচকঃ' এইবাক্যে ওদনপাচকঃ হয় না। কিন্তু এ নিয়মেরও ব্যতিক্রম দৃষ্ট হয়, যথা—দেবপূজকঃ, ভূভর্ত্তা।

বহুব্রীহি সমাস

৫৮৪। বহুব্রীহি সমাসকে সাধারণতঃ বিশেষক সমাস বা সম্বন্ধবাচক সমাস বলা যাইতে পারে।[২] কারণ ইহার দ্বারা প্রায়ই অন্যের গুণ প্রকাশ করা হয়,[৩] অধিকাংশ স্থলে ইহার পূর্ব্বপদ উত্তরপদের বিশেষণ হইয়া থাকে। যথা—পীতাম্বরঃ (বিষ্ণুঃ, = পীত বস্ত্র যাহার), দীর্ঘবাহুঃ (জনঃ, = দীর্ঘ বাহু যার), বীরপুরুষঃ (দেশঃ, = যেখানে পুরুষগণ বীর), দেবদত্তনামা

১ তৃজকাভ্যাং কর্ত্তরি—২।২।১৫। কর্ত্তৃবাচ্যে বিহিত তৃচ্ ও অক-প্রত্যয়-সিদ্ধ পদের সহিত ষষ্ঠী-তৎপুরুষ সমাস হয় না।

২ শেষো বহুব্রীহিঃ—২।২।২৩ ৩ অনেকমন্যপদার্থে—২।২।২৪

CENTRAL LIBRARY

(জনঃ, = যাহার নাম দেবদত্ত), চিন্তাপরঃ (জনঃ, = চিন্তা প্রধান যাহার), ইন্দ্রাদয়ঃ (দেবাঃ, = ইন্দ্র আদি যাঁহাদিগের), ত্রিলোচনঃ (শিবঃ, = তিন চক্ষু যাঁহার), দণ্ডহস্তঃ (জনঃ, = দণ্ড হস্তে যাহার); ত্যক্তনগরঃ (জনঃ, = যিনি নগর ত্যাগ করিয়াছেন)।

৫৮৫। বহুব্রীহি সমাসের বিগ্রহবাক্যে যদ্ এই সর্ব্বনাম শব্দটীকে প্রথমা-ভিন্ন বিভক্তিতে প্রয়োগ করিতে হয় এবং এই সমাসের অঙ্গীভূত দুই বা তদধিক পদকে সাধারণতঃ একবিভক্তিক (প্রথমান্ত) করিয়া প্রয়োগ করিতে হয়। সুতরাং উদ্ধৃত উদাহরণগুলির বিগ্রহবাক্য এইরূপ—পীতমম্বরং যস্য সঃ, দীর্ঘৌ বাহূ যস্য সঃ, বীরাঃ পুরুষাঃ যস্মিন্ সঃ, দেবদত্তো নাম যস্য সঃ, চিন্তা পরং যস্য সঃ, ইন্দ্র আদির্যেষাং তে, ত্রীণি লোচনানি যস্য সঃ, দণ্ডো হস্তে যস্য সঃ (এইস্থলে উভয়পদে প্রথমা বিভক্তি হয় নাই), ত্যক্তং নগরং যেন সঃ।

বহুব্রীহি সমাসও বিকল্পে হয়।

৫৮৬। বহুব্রীহি সমাসে অধিকাংশ স্থলে বিশেষণার্থ প্রকাশিত হয় বলিয়া উক্ত-সমাসনিষ্পন্ন পদ যে পদের বিশেষণ সেই পদের সমানলিঙ্গ হয়। যথা—দেবদত্তনামা এই উদাহরণে নামন্‌শব্দ ক্লীবলিঙ্গ হইলেও জনঃ এই পুংলিঙ্গান্ত পদের বিশেষণ বলিয়া উহাও পুংলিঙ্গ হইল। ঐরূপ রূপবদ্‌ভার্য্যঃ (যাহার ভার্য্যা রূপবতী)।

৫৮৭। কোন কোন বহুব্রীহি সমাসের বিগ্রহবাক্যে একটী ইব বসাইতে হয়। যথা—বিদ্যুৎপ্রভঃ (বিদ্যুতঃ প্রভা ইব প্রভা যস্য সঃ) = যাহার বিদ্যুতের প্রভার মত প্রভা, চন্দ্রাননা (চন্দ্র ইবাননং যস্যাঃ সা) = যাহার চন্দ্রের মত মুখ।

CENTRAL LIBRARY

৫৮৮। প্রাদির পরস্থিত কৃদন্ত পদের সহিত অন্য পদের বহুব্রীহি সমাস হইলে কৃদন্ত পদের বিকল্পে লোপ হয়। যথা—প্রপর্ণঃ বা প্রপতিতপর্ণঃ (বৃক্ষঃ,=যাহার পাতা ঝরিয়া গিয়াছে, প্রপতিতানি পর্ণানি যস্মাৎ সঃ)। নিস্তেজাঃ বা নির্গততেজাঃ (নিস্তেজস্‌শব্দের পুংলিঙ্গে প্রথমার একবচনে,=যাহার তেজঃ নাই, নির্গতং তেজো যস্মাৎ সঃ)।

৫৮৯। (ক) অব্যয়, সংখ্যাবাচক শব্দ, আসন্ন, অদূর বা অধিক-শব্দ পূর্ব্বপদে থাকিয়া সংখ্যাবাচক শব্দের সহিত যে বহুব্রীহি সমাস নিষ্পন্ন হয় তাহাতে সাধারণ নিয়মের কিছু কিছু ব্যতিক্রম লক্ষিত হয়। যথা, উপদশাঃ (প্রায় দশ, দশানাং সমীপে যে সন্তি তে), দ্বিত্রাঃ (দ্বি ও ত্রি হইতে)=দুই বা তিন, আসন্নবিংশাঃ (প্রায় বিংশতি, বিংশতেরাসন্নাঃ), ত্রিচতুরাঃ=তিন বা চারি।

(খ) দক্ষিণপূর্ব্বা (স্ত্রীলিঙ্গ,=দক্ষিণ-পূর্ব্ব দিক্); কেশাকেশি (ক্লীবলিঙ্গ,=পরস্পর কেশ ধরিয়া যুদ্ধ); দণ্ডাদণ্ডি (=পরস্পরকে দণ্ডাঘাত করিয়া যুদ্ধ) প্রভৃতিও বহুব্রীহি-মধ্যে পরিগণিত।

৫৯০। বহুব্রীহি সমাসে যদি স্ত্রীলিঙ্গ শব্দ পরে থাকে, তবে স্ত্রীপ্রত্যয়ান্ত পূর্ব্বপদের পুংবদ্‌ভাব হয়।[১] যথা—রূপবতী ভার্য্যা যস্য সঃ—রূপবদ্‌ভার্য্যঃ; চিত্রা গাবো যস্য সঃ—চিত্রগুঃ।

কিন্তু ঐ স্ত্রীপ্রত্যয়ান্ত শব্দের অনুরূপ পুংলিঙ্গ শব্দ না থাকিলে হয় না। যথা—গঙ্গাভার্য্যঃ (গঙ্গাশব্দ নিয়ত স্ত্রীলিঙ্গ)।

[১] স্ত্রিয়াঃ পুংবদ্ভাষিতপুংস্কাদনূঙ্-সমানাধিকরণে স্ত্রিয়ামপূরণী-প্রিয়াদিষু—৬।৩।৩৪

CENTRAL LIBRARY

৫৯১। উত্তরপদ ঈ বা ঊকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ হইলে অথবা ঋকারান্ত শব্দ হইলে বহুব্রীহি সমাসের অন্তে 'ক'প্রত্যয় হয়।[১] যথা—বহুনদীকঃ=যে দেশে বহু নদী আছে; সপত্নীকঃ=পত্নীর সহিত বর্ত্তমান; মৃতভর্ত্তৃকা=মৃত ভর্ত্তা যার, বিধবা। এই সমাসান্ত 'ক' অন্যান্য বহুব্রীহি সমাসে কোথাও বিকল্পে, কোথাও বা নিত্য প্রযুক্ত হয়। যথা—বহুমালঃ, বহুমালাকঃ বা বহুমালকঃ=যাহার বহু মালা আছে।

৫৯২। বহুব্রীহি সমাসের পূর্ব্বপদে মহৎশব্দ থাকিলে তাহার স্থানে মহা হয়। যথা—মহাবাহুঃ=যাহার বাহুদ্বয় মহৎ।

৫৯৩। বহুব্রীহি সমাসের পূর্ব্বপদ 'সহ' হইলে তাহার স্থানে সাধারণতঃ 'স' হয়।[২] যথা—সপুত্রঃ (সহপুত্রো বা)=পুত্রের সহিত বর্ত্তমান। কিন্তু আশীর্ব্বাদে "সহ" "সহ"ই থাকিয়া যায়। যথা—স্বস্তি রাজ্ঞে সহপুত্রায় সহামাত্যায়।

৫৯৪। বহুব্রীহি সমাসে উত্তরপদের আকৃতির কিছু কিছু পরিবর্ত্তন ঘটিয়া থাকে। তন্মধ্যে প্রধানগুলি নিম্নে প্রদর্শিত হইল—

(ক) অক্ষি স্থানে অক্ষ হয়। যথা—লোহিতাক্ষঃ=যাহার চক্ষু রক্তবর্ণ।

[১] নদ্যৃতশ্চ—৫।৪।১৫৩। নদী-সংজ্ঞক ও ঋকারান্ত শব্দের উত্তর বহুব্রীহি সমাসে ক হয়।

[২] বোপসর্জ্জনস্য—৬।৩।৮২। বহুব্রীহি সমাসে সহশব্দ স্থানে বিকল্পে স হয়।

CENTRAL LIBRARY

(খ) সু, সুরভি প্রভৃতি শব্দের উত্তর গন্ধশব্দ স্থানে গন্ধি হয়। যথা—সুগন্ধি পুষ্পম্[১] (যাহার গন্ধ ভাল)। কিন্তু সুগন্ধঃ আপণিকঃ (গন্ধদ্রব্য-বিক্রয়ী দোকানদার)।

(গ) সংখ্যাবাচক ও সুশব্দের উত্তর দন্তশব্দ স্থানে বয়স বুঝাইলে দৎ হয়। যথা—দ্বিদৎ (পুংলিঙ্গ প্রথমার একবচনে দ্বিদন্, স্ত্রীলিঙ্গে দ্বিদতী)=যাহার দুইটী দাঁত উঠিয়াছে।

(ঘ) ধনুস্‌শব্দের স্থানে ধন্বন্ হয়। যথা—শার্ঙ্গধন্বন্ (পুংলিঙ্গে শার্ঙ্গধন্বা)=শিঙের ধনু যাঁহার (বিষ্ণু)।

(ঙ) পূর্ব্বপদের পরস্থিত ধর্ম্মশব্দ স্থানে ধর্ম্মন্ হয়।[২] যথা—বিদিতধর্ম্মা (যে ধর্ম্ম জানে)।

(চ) নাসিকা স্থানে নস হয়। যথা—উন্নসঃ=উন্নত নাসিকা যাহার।

(ছ) সংখ্যাবাচক শব্দ, সুশব্দ ও অন্য কতিপয় শব্দের পরে পাদ স্থানে পাদ্ হয়।[৩] যথা—দ্বিপাদ্ (দুই পা যাহার); ব্যাঘ্রপাদ্ (ব্যাঘ্রের মত পা যাহার)। [প্রথমার একবচনে দ্বিপাৎ, ব্যাঘ্রপাৎ।]

১ গন্ধস্যেদুৎ-পূতি-সু-সুরভিভ্যঃ—৫।৪।১৩৫। উৎ, পূতি, সু ও সুরভি-শব্দের পরে গন্ধশব্দের উত্তর ইৎ হয়।

২ ধর্ম্মাদনিচ্ কেবলাৎ—৫।৪।১২৪

৩ সংখ্যা-সু-পূর্ব্বস্য—৫।৪।১৪০

CENTRAL LIBRARY

(জ) সু, দুঃ ও নঞর্থক অবর্ণের পরে প্রজা ও মেধাশব্দ স্থানে প্রজস্ ও মেধস্ হয়।[১] যথা—অপ্রজস্ (পুংলিঙ্গ প্রথমার একবচনে অপ্রজাঃ)=যাহার সন্তান নাই।

দ্বন্দ্ব সমাস

৫৯৫। দ্বন্দ্ব সমাসে এমন দুই বা তদধিক বিশেষ্যপদ থাকে, যাহাদিগকে সমাস না করিলে, চ এই সংযোজকের দ্বারা যুক্ত করিতে হয়।[২] দ্বন্দ্ব সমাস দ্বিবিধ—(১) যাহাতে সংগৃহীত পদার্থগুলি মিলিত হইলেও পরস্পর ভিন্ন বলিয়া গৃহীত হয়, তাহাকে **ইতরেতর** দ্বন্দ্ব বলে; ও (২) যাহাতে সংগৃহীত পদার্থগুলি মিলিত হইয়া একটী সমষ্টি বা সমাহার বুঝায়, তাহাকে **সমাহার** দ্বন্দ্ব বলে;[৩] এই দ্বন্দ্বে প্রত্যেক পদার্থ সমাহারের অংশমাত্র।

প্রথম পক্ষে অর্থাৎ ইতরেতর দ্বন্দ্বে দুই বা তদধিক ব্যক্তি বা বস্তু বুঝাইলে সমস্ত-পদ যথাক্রমে দ্বিবচনান্ত বা বহুবচনান্ত হয় এবং সমাসের উত্তর-পদ যে লিঙ্গের থাকে সমস্ত-পদেরও সেই লিঙ্গ

[১] নিত্যমসিচ্ প্রজামেধয়োঃ—৫।৪।১২২। নঞ্, দুঃ ও সু ইহাদের পরে প্রজা ও মেধাশব্দের উত্তর নিত্য অসিচ্ হয়।

[২] চার্থে দ্বন্দ্বঃ—২।২।২৯। চার্থে অর্থাৎ 'এবং' অর্থে দ্বন্দ্ব সমাস হয়।

[৩] সমুচ্চয়ান্বাচয়েতরেতরযোগ-সমাহারাশ্চার্থাঃ। (ভট্টোজিঃ)

CENTRAL LIBRARY

হয়।[১] যথা—রামলক্ষ্মণৌ=রাম ও লক্ষ্মণ; ব্রাহ্মণক্ষত্রিয়-বিট্‌শূদ্রাঃ=ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র; কুক্কুটময়ূর্য্যৌ (দ্বিবচনের রূপ)=কুক্কুট ও ময়ূরী।

৫৯৬। সমাহার দ্বন্দ্বে সমস্ত অর্থাৎ কৃতসমাস পদ ক্লীবলিঙ্গ প্রথমার একবচনের বিভক্তিযুক্ত পদের ন্যায় হয়।

(ক) প্রাণ্যঙ্গ বা সেনাঙ্গবাচক শব্দে, অচেতন বস্তুবাচক শব্দে, বিভিন্নলিঙ্গ নদীবাচক শব্দে, দেশবাচক শব্দে, ক্ষুদ্র-জন্তুবাচক শব্দে অথবা যাহাদের মধ্যে নিত্য বিরোধ এইরূপ প্রাণিবাচক শব্দে দ্বন্দ্ব সমাস হইলে তাহা সমাহাররূপেই গৃহীত হয়।[২] যথা—পাণিপাদম্ (পাণী চ পাদৌ চ); রথিকাশ্বারোহম্ (রথিকাশ্চ অশ্বারোহাশ্চ); গঙ্গাশোণম্ (গঙ্গা চ শোণশ্চ; কিন্তু গঙ্গাযমুনে); অহিনকুলম্ (অহিশ্চ নকুলশ্চ) (অহি ও নকুলের বিরোধ শাশ্বতিক)।

(খ) বৃক্ষ, মৃগ, তৃণ, ধান্য, ব্যঞ্জন, পশু বা পক্ষিবাচক শব্দের বিকল্পে সমাহার হয়।[৩] যথা—প্লক্ষন্যগ্রোধং বা প্লক্ষন্যগ্রোধাঃ

[১] পরবল্লিঙ্গং দ্বন্দ্ব-তৎপুরুষয়োঃ—২।৪।২৬। দ্বন্দ্ব ও তৎপুরুষে সমস্ত-পদের পরপদের ন্যায় লিঙ্গ হয়।

[২] (ক) দ্বন্দ্বশ্চ প্রাণিতূর্য্যসেনাঙ্গানাম্—২।৪।২। প্রাণ্যঙ্গ, তূর্য্যাঙ্গ ও সেনাঙ্গ-বাচক পদের সমাহার দ্বন্দ্ব হয়।

(খ) ক্ষুদ্রজন্তবঃ—২।৪।৮। ক্ষুদ্রজন্তুবাচক শব্দের সমাহার হয়।

(গ) যেষাং চ বিরোধঃ শাশ্বতিকঃ—২।৪।৯। যাহাদের বিরোধ চিরস্থায়ী তদ্বাচক শব্দের সমাহার হয়।

[৩] বিভাষা বৃক্ষ-মৃগ-তৃণ-ধান্য-ব্যঞ্জন-পশু-শকুন্যশ্ববড়ব-পূর্ব্বাপরাধরোত্তরাণাম্—২।৪।১২। বৃক্ষ, মৃগ, তৃণ প্রভৃতি বাচক শব্দের বিকল্পে সমাহার হয়।

CENTRAL LIBRARY

=প্লক্ষ ও ন্যগ্রোধ বৃক্ষ ; ব্রীহিযবং বা ব্রীহিযবাঃ ; দধিঘৃতং বা দধিঘৃতে ; গোমহিষং বা গোমহিষাঃ।

(গ) বিরুদ্ধার্থক শব্দ দ্রব্যবাচী না হইলে বিকল্পে সমাহার দ্বন্দ্ব হয়। যথা—শীতোষ্ণং বা শীতোষ্ণে। কিন্তু শীতোষ্ণে জলে (শীতোষ্ণম্ নহে)।

(ঘ) পূর্ব্ব ও অপর, উত্তর ও অধর হইতে পূর্ব্বাপরং বা পূর্ব্বাপরে, অধরোত্তরং বা অধরোত্তরে হয়।

(ঙ) ফল, সেনা, বৃক্ষ, মৃগ, পক্ষী, ক্ষুদ্রজন্তু, ধান্য বা তৃণবাচক শব্দ বহুবচন হইলেই সমাহার হয়। অতএব বদরং চ আমলকং চ বদরামলকে (বদরামলকম্ নহে); রথিকশ্চ অশ্বারোহশ্চ রথিকাশ্বারোহৌ (রথিকাশ্বারোহম্ নহে)।

(চ) অহোরাত্রঃ=দিন ও রাত্রির সমাহার। এখানে লিঙ্গ-বিষয়ক নিয়মের ব্যতিক্রম হইয়াছে।

৫৯৭। দ্বন্দ্ব সমাসে কোন্ পদ পূর্ব্বে বসিবে নিম্নে তদ্বিষয়ে কতিপয় বিশেষ সূত্র প্রদর্শিত হইল—

(ক) ইকারান্ত ও উকারান্ত শব্দ পূর্ব্বে বসে।[১] যথা—হরিহরৌ।

(খ) অকারান্ত শব্দের আদিতে স্বরবর্ণ থাকিলে তাহাও পূর্ব্বে বসে।[২] যথা—ঈশকৃষ্ণৌ। এই নিয়মের সহিত বিরোধ ঘটিলে (ক) নিয়মের প্রতিষেধ হয় ; যথা—ইন্দ্রাগ্নী।

১ দ্বন্দ্বে ঘি—২।২।৩২। দ্বন্দ্ব সমাসে ইকারান্ত ও উকারান্ত শব্দ পূর্ব্বে বসে

২ অজাদ্যদন্তম্—২।২।৩৩। অকারান্ত শব্দের আদিতে অচ্ থাকিলে সেই শব্দটী পূর্ব্বে বসে।

CENTRAL LIBRARY

(গ) অল্পতর-স্বরবিশিষ্ট শব্দ প্রথমে বসে।[১] যথা—শিব-কেশবৌ। পূর্ব্ববর্ত্তী সূত্রদ্বয়কে বাধা দিয়া এই সূত্র প্রবল হয়। যথা—বাগগ্নী=বাক্ ও অগ্নি।

(ঘ) অভ্যর্হিত অর্থাৎ অধিক-সম্মানিত ব্যক্তিবাচক পদ পূর্ব্বে বসে।[২] অতএব বর্ণের নাম ব্রাহ্মণাদি-ক্রমে বসে; ভ্রাতৃগণের নাম বয়োঽনুক্রমে বসে। যথা—যুধিষ্ঠিরার্জ্জুনৌ।

(ঙ) বহুস্থলে কোনই নিয়ম লক্ষিত হয় না।[৩] যথা—কেশশ্মশ্রু শ্মশ্রুকেশৌ বা; ধর্ম্মার্থৌ অর্থধর্ম্মৌ বা; শব্দার্থৌ অর্থশব্দৌ বা; কামার্থৌ অর্থকামৌ বা; গুণবৃদ্ধী বৃদ্ধিগুণৌ বা। কোন কোন স্থলে পূর্ব্বনিয়মের বিপর্য্যয়ই লক্ষিত হয়। যথা—উলূখলমুসলম্, শূদ্রার্য্যম্; অক্ষিভ্রুবম্।

৫৯৮। বংশগত বা বিদ্যাগত সম্বন্ধ বুঝাইলে দুইটী ঋকারান্ত শব্দের মধ্যে দ্বন্দ্ব সমাসে পূর্ব্ববর্ত্তী শব্দের ঋ স্থানে আ হয়।[৪] যথা—মাতাপিতরৌ=মাতা ও পিতা; হোতাপোতারৌ=হোতা ও পোতা। উত্তরপদে পুত্রশব্দ থাকিলেও উক্ত কার্য্য হয়; যথা—পিতাপুত্রৌ; কিন্তু পিতৃপিতামহৌ।

[১] অল্পাচ্তরম্—২।২।৩৪। অল্পস্বরবিশিষ্ট পদ পূর্ব্বে বসে।

[২] অভ্যর্হিতঞ্চ—(বা ১৪১২) (দুইয়ের মধ্যে) পূজ্যত্ব-বোধক পদের পূর্ব্বনিপাত হয়।

[৩] ধর্ম্মাদিষ্বনিয়মঃ—(বা ১৪১৮) ধর্ম্ম প্রভৃতি শব্দের প্রয়োগে কোন নিয়ম নাই।

[৪] আনঙ্ঋতো দ্বন্দ্বে—৬।৩।২৫। ঋকারান্ত শব্দ পরে থাকিলে বিদ্যাসম্বন্ধ বা বংশগতসম্বন্ধ-বাচক ঋকারান্ত শব্দের উত্তর আনঙ্ হয়।

CENTRAL LIBRARY

৫৯৯। প্রসিদ্ধ সাহচর্য্যে দেবতাদ্বন্দ্বে পূর্ব্বপদের অন্ত্যস্বর স্থানে আ হয়।[১] যথা—মিত্রাবরুণৌ, অগ্নামরুতৌ। কিন্তু বায়ুগ্নী, অগ্নিবায়ূ।

৬০০। সোম বা বরুণশব্দ উত্তরপদে থাকিলে অগ্নির 'ই' দীর্ঘ হয়। যথা—অগ্নীষোমৌ।

৬০১। দ্যৌশ্চ পৃথিবী চ এই বাক্যে দ্যাবাপৃথিব্যৌ হয়; ঐরূপ দ্যাবাভূমী।

৬০২। জায়া ও পতিশব্দে সমাস হইলে জায়াপতী হয়; উহার স্থলে দম্পতী এবং জম্পতীও বলা যায়।[২]

৬০৩। সমাহার দ্বন্দ্বের অন্তে চবর্গের কোনও বর্ণ, অথবা দ্, ষ্, বা হ্ থাকিলে উহার পরে একটি অ আইসে। যথা—ছত্রোপানহম্ (ছত্র + উপানহ্) = ছাতা ও জুতা।

সহসুপা সমাস

৬০৪। একপ্রকার সমাস আছে, যাহা পূর্ব্বোক্ত বিশেষ-সংজ্ঞাযুক্ত চারি প্রকার সমাসের অন্তর্ভুক্ত নহে। এইরূপ

১ দেবতাদ্বন্দ্বে চ—৬।৩।২৬। দেবতাবাচক শব্দের মধ্যে পূর্ব্বপদের উত্তর আনঙ্ হয়।

২ জায়াশব্দস্য জম্পত্যাবন্যতরস্যাং বা নিপাত্যতে।

CENTRAL LIBRARY

সমাসকে বিশেষ-সংজ্ঞাহীন সমাস বা সাধারণ সমাস বলিয়া গ্রহণ করা হয়। ইহার নাম সহসুপা বা সুপ্‌সুপা সমাস। "সুপ্‌সুপা বা সহসুপা"র অর্থ—সুবন্ত পদের সহিত সুবন্ত পদের সমাস। প্রায় সকল সমাসেই সুবন্তের সহিত সমাস হইলেও, যে সকল সমাসের কোন সংজ্ঞা নাই এইরূপ সমাস-সামান্য বুঝাইতেই সহসুপা ব্যবহৃত হয়।

এইরূপ সমাসের একটী উদাহরণ, যথা—ভূতপূর্ব্বঃ = পূর্ব্বং ভূতঃ (যাহা পূর্ব্বে ছিল)।

একশেষ

৬০৫। যখন একটী শব্দে দ্বিবচন বা বহুবচনের বিভক্তি যোগ করিয়া অনেক তুল্যপ্রাতিপদিকের অর্থ প্রকাশ করা যায়, সংস্কৃত ব্যাকরণে তখন তাহাকে একশেষ বলে।[১] বিভক্তির উৎপত্তির পূর্ব্বে প্রাতিপদিকাবস্থাতেই একশেষ হয়। একশেষকে সমাসের মধ্যে গণ্য করা যায় না; ইহা একটী বৃত্তি মাত্র। যথা—দুইটী রামকে বুঝাইবার জন্য দুইবার রামশব্দের প্রয়োগ না করিয়া একশেষের দ্বারা একটী প্রাতিপদিকের স্থিতি রাখিয়া তদ্দ্বারা দুইজন রামকে বুঝান যায়; ঐরূপ বহু রামকে বুঝাইতে 'রাম রাম রাম' এইরূপ বহু প্রাতিপদিকের প্রয়োগ না করিয়া একশেষের দ্বারা

১ সরূপাণামেকশেষ একবিভক্তৌ—১।২।৬৪। এক বিভক্তিতে সমানরূপ পদসমূহের মধ্যে একটীমাত্র অবশিষ্ট থাকে।

CENTRAL LIBRARY

একটীমাত্র প্রাতিপদিকের স্থিতি রাখিয়া তদ্দ্বারা বহু রামকে বুঝান যায়। রামৌ = দুই রাম ; রামাঃ = বহু রাম।

৬০৬। ভিন্নলিঙ্গের শব্দ একাকৃতি হইলে তাহাদের একশেষ হয়। এই শব্দগুলির মধ্যে একটী ক্লীবলিঙ্গ থাকিলে একশেষেও ক্লীবলিঙ্গের বিভক্তি যুক্ত হয়। উহার বচন সংখ্যানুসারে হয়, বিকল্পে একবচনও হয়। যথা—তটশ্চ তটী চ তটঞ্চ = তটানি বা তটম্ ; স চ সা চ তচ্চ = তানি বা তৎ। কিন্তু শব্দগুলি কেবল পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ হইলে, একশেষ পুংলিঙ্গ হয় ও উহার বচন সংখ্যানুসারে হইয়া থাকে।[২] যথা—হংসী চ হংসশ্চ = হংসৌ ; ব্রাহ্মণী চ ব্রাহ্মণশ্চ = ব্রাহ্মণৌ।

৬০৭। সমপ্রাতিপদিক না হইলেও কতিপয় শব্দের একশেষ হয়। যথা—ভ্রাতা চ স্বসা চ = ভ্রাতরৌ ; পুত্রশ্চ দুহিতা চ = পুত্রৌ ; মাতা চ পিতা চ = পিতরৌ (ইহাদিগের দ্বন্দ্ব সমাসও হয়, যথা—মাতাপিতরৌ) ; শ্বশ্রূশ্চ শ্বশুরশ্চ = শ্বশুরৌ (দ্বন্দ্ব সমাসে শ্বশ্রূশ্বশুরৌ)।

---

১ নপুংসকমনপুংসকেনৈকবচ্চাস্যান্যতরস্যাম্—১।২।৬৯। অনপুংসকের সহিত নপুংসকের যোগ হইলে নপুংসকলিঙ্গ শব্দটী অবশিষ্ট থাকে এবং তাহার উত্তর বিকল্পে একবচন হয়।

২ পুমান্ স্ত্রিয়া—১।২।৬৭। (কেবলমাত্র লিঙ্গজন্য বৈশিষ্ট্য স্থলে) পুংস্ত্ব-স্ত্রীত্ব-নিবন্ধন রূপের বৈলক্ষণ্য ব্যতীত সমানাকার পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গের সহিত একশেষ হইলে মাত্র পুংবাচক শব্দটী অবশিষ্ট থাকে।

CENTRAL LIBRARY

তদ্ধিত

৬০৮। ধাতুর উত্তর কৃৎপ্রত্যয় করিয়া কিরূপে নাম (শব্দ—যেমন কার্য্য, কারক ইত্যাদি) উৎপন্ন হয় পূর্ব্বে তাহা উল্লিখিত হইয়াছে। আর এক প্রকার প্রত্যয় আছে, তাহার সাহায্যে শব্দ হইতে নূতন শব্দ উদ্ভূত হইতে পারে। এই শেষোক্ত প্রত্যয়ের নাম তদ্ধিত প্রত্যয়।

৬০৯। তদ্ধিত প্রত্যয়ের দ্বারা নানা অর্থ প্রকাশিত হইতে পারে। যথা—অপত্যার্থ, উদ্ভবার্থ, বিকারার্থ, সম্বন্ধার্থ প্রভৃতি।

তদ্ধিত প্রত্যয়ের যোগে শব্দের কিছু কিছু পরিবর্ত্তন ঘটিয়া থাকে। যথা—অ, ই, এয়, য প্রভৃতি প্রত্যয় পরে থাকিলে শব্দের প্রথম স্বরের বৃদ্ধি হয় এবং কতিপয় স্থলে শব্দের শেষ স্বর হইতে আরম্ভ করিয়া অন্ত্য অংশের লোপ হয়। যথা—

(ক) বাসুদেবঃ (বসুদেবের অপত্য); ঔৎসঃ (উৎস-বংশোদ্ভূত)। এইরূপ উপগু হইতে ঔপগবঃ; ইক্ষাকু হইতে ঐক্ষাকঃ;[১] ঔর্ণঃ (ঊর্ণানির্ম্মিত); দৈবঃ (দেবসম্বন্ধী); গ্রৈষ্মঃ (গ্রীষ্মকালিক); সংবৎসর হইতে সাংবৎসরঃ (সাংবৎসরিকঃ); পৃথিবী হইতে পার্থিবঃ (পৃথিবীপতি, রাজা); মুনি হইতে মৌনম্ (নীরবতা); যুবন্ হইতে যৌবনম্; সুহৃদ্ হইতে

১ তস্যাপত্যম্—৪।১।৯২, শিবাদিভ্যোঽণ্—৪।১।১১২। শিব প্রভৃতি শব্দের উত্তর অপত্যার্থে অণ্ হয়।

CENTRAL LIBRARY

সৌহার্দ্দম্ (বন্ধুত্ব); চক্ষুস্ হইতে চাক্ষুষঃ; ব্যাকরণ হইতে বৈয়াকরণঃ (ব্যাকরণবিৎ)।

(খ) দক্ষের পুত্র—দাক্ষিঃ; ব্যাসের পুত্র—বৈয়াসকিঃ।[১]

(গ) বিনতার পুত্র—বৈনতেয়ঃ; ভগিনীর পুত্র—ভাগিনেয়ঃ।[২]

(ঘ) রাজার কর্ম্ম—রাজ্যম্; গর্গের অপত্য—গার্গ্যঃ; দেবসম্বন্ধী—দৈব্যঃ।

কোথাও আবার বৃদ্ধি হয় না, যথা—দিব্ হইতে দিব্যঃ (স্বর্গীয়); দন্ত হইতে দন্ত্যঃ; যশস্ হইতে যশস্যঃ (যশস্কর); সখি হইতে সখ্যম্ (বন্ধুত্ব)।

অন্য যে সকল তদ্ধিত-যোগে শব্দের স্বরের কোনও পরিবর্ত্তন হয় না, তন্মধ্যে যেগুলি বহুল-প্রযুক্ত, তাহাদিগের নাম নিম্নে প্রদত্ত হইল—

৬১০। ত্ব ও তা **গুণবাচক** বিশেষ্য উৎপন্ন করে[৩] যথা—গো হইতে গোত্বম্; ভীরু হইতে ভীরুতা বা ভীরুত্বম্ (কাপুরুষতা)।

৬১১। ইমন্—ইহার সাহায্যে **বর্ণবাচক** ও অন্য কতিপয় বিশেষণ হইতে **গুণবাচক** বিশেষ্য উদ্ভূত হয়।

১ অত ইঞ্—৪।১।৯৫। অপত্যার্থে অকারান্ত শব্দের উত্তর ইঞ্ হয়।

২ স্ত্রীভ্যো ঢক্—৪।১।১২০। অপত্যার্থে স্ত্রীপ্রত্যয়ান্ত শব্দের উত্তর ঢক্ হয়।

৩ তস্য ভাবস্ত্ব-তলৌ—৫।১।১১৯। ভাবার্থে ত্ব ও তল্ হয়।

CENTRAL LIBRARY

যথা—শুক্ল হইতে শুক্লিমন্ (শুক্লত্ব, পুংলিঙ্গ প্রথমার একবচনে শুক্লিমা) ; মহৎ হইতে মহিমন্ (মহত্ত্ব) ।[১]

৬১২। বৎ, মৎ, ইন্, মিন্, বিন্—ইহারা **'ইহার আছে'** এইরূপ অর্থে বিশেষণ শব্দ উৎপন্ন করে।[২] যথা—গুণবৎ (পুং ১মা একবচন—গুণবান্) যাহার গুণ আছে ; ঐরূপ বিদ্যাবৎ (বিদ্যাবান্) ; জ্যোতিষ্মৎ (যাহার জ্যোতিঃ আছে) ; ধনিন্ (যাহার ধন আছে) ; যশস্বিন্ (যাহার যশঃ আছে) ; বাগ্মিন্ (সুবক্তা ; বাচ্ হইতে) ।

৬১৩। বৎ—ইহার দ্বারা **তুল্যার্থ** অব্যয় শব্দ উৎপন্ন হয়।[৩] যথা—ব্রাহ্মণবৎ=ব্রাহ্মণের তুল্য ।

৬১৪। ময়—এই প্রত্যয় দ্বারা **বিকার** ও **প্রাচুর্য্য** এই দুই অর্থ-প্রকাশক বিশেষণ শব্দ নিষ্পন্ন হয়।[৪] যথা—কাষ্ঠময়ম্ (কাষ্ঠের বিকার) ; অন্নময়ম্ (অন্নপ্রচুর) ।

[১] পৃথ্বাদিভ্য ইমনিজ্ বা—৫।১।১২২ "তস্য ভাবঃ" এই অর্থে পৃথু প্রভৃতি শব্দের উত্তর বিকল্পে ইমনিচ্ হয় ।

[২] তদস্যাস্ত্যস্মিন্নিতি মতুপ্—৫।২।৯৪। 'তাহা ইহার আছে' এই অর্থে মতুপ্ হয়। "ভূমনিন্দাপ্রশংসাসু নিত্যযোগেঽতিশায়নে। সম্বন্ধেঽস্তিবিবক্ষায়াং ভবন্তি মতুবাদয়ঃ ॥"
অত ইনি-ঠনৌ—৫।২।১১৫। অকারান্তশব্দের উত্তর মত্বর্থে ইনি ও ঠন্ হয়।

[৩] তেন তুল্যং ক্রিয়া চেদ্বতিঃ—৫।১।১১৫। 'তাহার তুল্য ক্রিয়া' এই অর্থে বতি হয় ।

[৪] ময়ড়্ বৈতয়োর্ভাষায়ামভক্ষ্যাচ্ছাদনয়োঃ—৪।৩।১৪৩

CENTRAL LIBRARY

৬১৫। তস্—ইহার দ্বারা সাধারণতঃ **পঞ্চমী বিভক্তির** অর্থ প্রকাশিত হয়। ইহার সাহায্যে নিষ্পন্ন শব্দ সাধারণতঃ 'অব্যয় অপাদান' বলিয়া গৃহীত হয়—

যথা—আদিতঃ (আদি হইতে); গ্রামতঃ (গ্রাম হইতে); উভয়তঃ (উভয় পার্শ্ব হইতে); সর্ব্বতঃ (সকল দিক্ হইতে)।[১]

৬১৬। ত্র—ইহার দ্বারা প্রায়ই **সপ্তমী বিভক্তির** অর্থ প্রকাশিত হয়। ইহার সাহায্যে উৎপন্ন শব্দ প্রায়ই 'অব্যয় অধিকরণ' বলিয়া গৃহীত হয়।[২] যথা—সর্ব্বত্র (সকল স্থানে); অন্যত্র (অন্য স্থানে)।

পরিশিষ্ট

(ক)

লিঙ্গ-প্রকরণ (Determination of Genders)

১। সংস্কৃতে লিঙ্গ-বিভাগের কোন স্বাভাবিক নিয়ম নাই। শুধু পুরুষবাচক শব্দই পুংলিঙ্গ ও স্ত্রীবাচক শব্দই স্ত্রীলিঙ্গ হইবে এরূপ নহে। অধিকাংশ স্থলেই এই স্বাভাবিক নিয়মের ব্যতিক্রম ঘটিয়া থাকে। যথা—স্ত্রী অর্থে দারাঃ (পুং), কলত্রম্ (ক্লী) এবং ভার্য্যা (স্ত্রী)।

১ পঞ্চম্যাস্তসিল্—৫।৩।৭। পঞ্চম্যন্ত শব্দের উত্তর বিকল্পে তসিল্ হয়।

২ সপ্তম্যাস্ত্রল্—৫।৩।১০। সপ্তমীর উত্তর বিকল্পে ত্রল্ হয়।

CENTRAL LIBRARY

২। সংস্কৃতে লিঙ্গ-নির্ণয়ের নিয়মগুলি প্রধানতঃ চার ভাগে বিভক্ত করা যাইতে পারে। **প্রথম শ্রেণী**—স্ত্রী-পুরুষভেদ (Sex) অনুসারে, **দ্বিতীয় শ্রেণী**—অর্থ (Meaning) অনুসারে, **তৃতীয় শ্রেণী**—প্রত্যয় (Suffix) অনুসারে ও **চতুর্থ শ্রেণী**—অন্ত্যবর্ণ (Termination) অনুসারে।

কোন্ জাতীয় শব্দ কি লিঙ্গ প্রাপ্ত হইবে সেইগুলি উপরি উক্ত শ্রেণী অনুসারে নিম্নে দেওয়া গেল—

স্ত্রীলিঙ্গ

৩। **প্রথম শ্রেণী**—সাধারণতঃ স্ত্রীবাচক শব্দ স্ত্রীলিঙ্গ প্রাপ্ত হয়। যথা—নারী, স্ত্রী, সিংহী।

৪। **দ্বিতীয় শ্রেণী**—অর্থ (Meaning) অনুসারে।

(ক) সংহতি অর্থে হিম ও অরণ্যশব্দ স্ত্রীলিঙ্গ হয়—হিমানী, অরণ্যানী।[১]

(খ) বিংশতি হইতে নবতি পর্য্যন্ত সমুদয় সংখ্যাবাচক শব্দ স্ত্রীলিঙ্গ—বিংশতিঃ, নবতিঃ।[২]

(গ) বিদ্যুৎ, নিশা, বীণা, ভূ, নদী প্রভৃতি বাচক শব্দগুলি স্ত্রীলিঙ্গ—সৌদামিনী, রাত্রিঃ, পৃথিবী, স্রোতস্বিনী।

(ঘ) স্রক্, দিক্ প্রভৃতি বাচক শব্দগুলি স্ত্রীলিঙ্গ—মালা, আশা।

১ হিমারণ্যয়োর্মহত্ত্বে—(বা ২৪৭২)। ২ বিংশত্যাদিরানবতেঃ।

CENTRAL LIBRARY

৫। **তৃতীয় শ্রেণী**—প্রত্যয় (Suffix) অনুসারে।

(ক) তল্-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়। যথা—দেবতা, শুক্লতা, জনতা।

(খ) ক্তিন্, যুচ্, শ এবং অঙ্প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়। যথা, ক্তিন্—গতিঃ, মুক্তিঃ, ধৃতিঃ; যুচ্—বন্দনা, কারণা; শ—ইচ্ছা; অঙ্—ত্রপা, ধারা, চিন্তা।

৬। **চতুর্থ শ্রেণী**—অন্ত্যবর্ণ (Termination) অনুসারে।

(ক) একস্বর-বিশিষ্ট ঈকারান্ত ও ঊকারান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়। যথা—শ্রীঃ, ভূঃ, ভ্রূঃ, হ্রীঃ।

(খ) ঋকারান্ত মাতৃ, দুহিতৃ, স্বসৃ, পোতৃ ও ননান্দৃ শব্দ স্ত্রীলিঙ্গ।

৭। অপ্, সুমনস্, বর্ষা, অপ্সরস্, সিকতা ও সমা এই শব্দগুলি সর্ব্বদা স্ত্রীলিঙ্গ ও বহুবচনান্ত হয়।

পুংলিঙ্গ

৮। **প্রথম শ্রেণী**—সাধারণতঃ পুরুষবাচক শব্দগুলি পুংলিঙ্গ হয়। নরঃ, পুরুষঃ ইত্যাদি।

৯। **দ্বিতীয় শ্রেণী**—অর্থ (Meaning) অনুসারে।

(ক) দেবতা, অসুর, স্বর্গ, পর্ব্বত, মেঘ, কাল, অরি প্রভৃতি বাচক শব্দগুলি পুংলিঙ্গ হয়। যথা—বিষ্ণুঃ, শম্ভুঃ, দানবঃ, অদ্রিঃ, বারিবাহঃ, সময়ঃ ইত্যাদি।

(খ) কর, গণ্ড, বাহু, ওষ্ঠ, দন্ত, কণ্ঠ, কেশ প্রভৃতি বাচক শব্দগুলি পুংলিঙ্গ হয়। যথা—কিরণঃ, হস্তঃ, চিকুরঃ ইত্যাদি।

(গ) রশ্মি, দিবস, গজ প্রভৃতি বাচক শব্দগুলিও পুংলিঙ্গ।

CENTRAL LIBRARY

১০। **তৃতীয় শ্রেণী**—প্রত্যয় (Suffix) অনুসারে।

(ক) ঘঞ্ ও অল্-প্রত্যয়ান্ত শব্দসকল পুংলিঙ্গ হয়। যথা—শ্বাসঃ, বেদঃ, জয়ঃ।

(খ) কিন্তু ভয়, বর্ষ ও পদ পুংলিঙ্গ নহে।

(গ) অচ্, অথুচ্, ল্যু (অন), ইমন, ক ও কিপ্রত্যয়-নিষ্পন্ন শব্দসকল পুংলিঙ্গ হয়। যথা, অচ্—চরঃ; অথুচ্—বেপথুঃ; ল্যু—নন্দনঃ; ইমন্—গরিমা; ক—গোপঃ; কি—আধিঃ, ব্যাধিঃ, সন্ধিঃ।

১১। **চতুর্থ শ্রেণী**—অন্ত্যবর্ণ (Termination) অনুসারে।

(ক) অহ্ন ও অহ-ভাগান্ত শব্দ পুংলিঙ্গ হয়। মধ্যাহ্নঃ, সপ্তাহঃ।

(খ) সংখ্যাবাচক শব্দ পূর্ব্বপদ না হইলে রাত্র-ভাগান্ত শব্দ পুংলিঙ্গ হয়। যথা—অহোরাত্রঃ, পূর্ব্বরাত্রঃ।

(গ) অ শেষে থাকিলে ও অ এর পূর্ব্বে ক্, ষ্, ণ্, ভ্, ম্ ও র্ থাকিলে শব্দগুলি পুংলিঙ্গ হয়। যথা—অঙ্কঃ, তুষঃ, গুণঃ, গর্দ্দভঃ, গ্রামঃ, সমীরঃ।

(ঘ) অ শেষে থাকিলে ও অ এর পূর্ব্বে প্, থ্, ন্, য্, স্, ট্ থাকিলে শব্দগুলি পুংলিঙ্গ হয়। যথা—কূপঃ, নাথঃ, জনঃ, বিনয়ঃ, রসঃ, পটঃ।

(ঙ) সূর্য্য, চন্দ্র ও অয়স্‌শব্দের পর কান্তশব্দ থাকিলে শব্দটী পুংলিঙ্গ হয়। যথা—সূর্য্যকান্তঃ।

(চ) উকারান্ত ও নকারান্ত শব্দসকল পুংলিঙ্গ হয়। যথা—রাজা, প্রভুঃ, গুরুঃ ইত্যাদি।

CENTRAL LIBRARY

ক্লীবলিঙ্গ

১২। **দ্বিতীয় শ্রেণী**—অর্থ (Meaning) অনুসারে।

(ক) শত হইতে কোটি ভিন্ন সংখ্যাবাচক শব্দগুলি ক্লীবলিঙ্গ।

(খ) সমুদয় ফলজাতীয় শব্দ ক্লীবলিঙ্গ। যথা—পনসম্, আম্রম্ ইত্যাদি।

(গ) আকাশ, অরণ্য, পর্ণ, শীত, মাংস, রুধির, মুখ, অক্ষি, বল, হেম, লোহ প্রভৃতি বাচক শব্দসকল ক্লীবলিঙ্গ হয়।

১৩। **তৃতীয় শ্রেণী**—প্রত্যয় (Suffix) অনুসারে।

(ক) ভাববাচ্যে অনট্‌প্রত্যয়-নিষ্পন্ন শব্দ ক্লীবলিঙ্গ হয়। যথা—গমনম্, দানম্, স্থানম্।

(খ) ভাববাচ্যে বিহিত ক্ত-প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ হয়। যথা—হসিতম্, শয়িতম্।

(গ) ভাবার্থে ষ্ণ, ষ্ণ্য ও ত্ব-প্রত্যয়ান্ত শব্দসকল ক্লীবলিঙ্গ হয়। যথা—গৌরবম্, মাধুর্য্যম্, লঘুত্বম্ ইত্যাদি।

১৪। **চতুর্থ শ্রেণী**—অন্ত্যবর্ণ (Termination) অনুসারে।

(ক) দ্বিস্বরবিশিষ্ট অস্, ইস্, উস্ ও অন্-ভাগান্ত শব্দগুলি ক্লীবলিঙ্গ হয়। যথা—যশঃ, সর্পিঃ, হবিঃ, ধনুঃ, চর্ম্ম, বর্ম্ম।

(খ) ত্র শেষে থাকিলে ও অন্ত্য বর্ণের পূর্ব্বে স্ ও ল্ থাকিলে শব্দগুলি ক্লীবলিঙ্গ হয়। যথা—কূলম্, মূলম্, গাত্রম্, বিসম্। কিন্তু পুত্র, মন্ত্র, হংস, কাল প্রভৃতি শব্দ পুংলিঙ্গ।

(গ) সংখ্যাবাচক শব্দ পূর্ব্বে থাকিলে রাত্রিশব্দ ক্লীবলিঙ্গ হয়। যথা—দ্বিরাত্রম্

CENTRAL LIBRARY

উভয়-লিঙ্গ

১৫। কতকগুলি শব্দ আছে যাহারা **স্ত্রীলিঙ্গ** ও **পুংলিঙ্গ** উভয়ই হইয়া থাকে। তাহাদের মধ্যে বিশেষ প্রয়োজনীয় এই শব্দগুলি :—গো, মণি, যষ্টি, মুষ্টি, মসি, মরীচি।

১৬। এরূপ কতকগুলি শব্দ পাওয়া যায় যাহারা **পুংলিঙ্গ** ও **ক্লীবলিঙ্গ** এই দুই লিঙ্গই প্রাপ্ত হয়। তাহাদের মধ্যে বিশেষ প্রয়োজনীয় এইগুলি :—অঙ্গার, অন্ধকার, কটক, শূর্প, কপাল, কবচ, কাণ্ড, কিসলয়, কুঞ্জ, খিল, তিলক, ঘৃত, দ্বীপ, পুস্তক, ভূত, মৃণাল, যুগ, বজ্র, চক্র, গোময়, শূল।

(খ)

অব্যয় (Indeclinables)

১৭। সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্ব্বাসু চ বিভক্তিষু।
বচনেষু চ সর্ব্বেষু যন্ন ব্যেতি তদব্যয়ম্।

অব্যয় শব্দ সকল লিঙ্গে ও সকল বিভক্তিতে একরূপ থাকে। সুতরাং অব্যয়ের বিশেষত্ব হইতেছে—রূপের পরিবর্ত্তনের অভাব। সংস্কৃতে অব্যয় শব্দ অনেক। নিম্নে শ্রেণী অনুসারে ভাগ করিয়া তাহাদের তালিকা দেওয়া গেল।[১]

১৮। ধাতুর সহিত কৃৎপ্রত্যয় ও শব্দের উত্তর তদ্ধিত-প্রত্যয়-প্রয়োগে কতকগুলি অব্যয় শব্দ গঠিত হয়। যথা—উক্ত্বা, অগ্রতঃ, মত্তঃ, অত্র, তত্র।

১ স্বরাদি-নিপাতমব্যয়ম্—১।১।৩৭

CENTRAL LIBRARY

১৯। সংস্কৃতে অব্যয়গুলির অধিকাংশ ক্রিয়াবিশেষণ (Adverb)-রূপে ব্যবহৃত হয়।

(ক) স্থান অর্থে—ক, ইহ, ইদানীম্, তদানীম্, ক্ষণেন, সহসা, অধুনা, তর্হি, কর্হি।

(খ) প্রকার অর্থে—তথা, যথা, ইত্থম্, কথম্, ইব, এবম্।

২০। (ক) এই অব্যয়গুলি বিশেষ্যরূপে ব্যবহৃত হয় :—নাম, মিথ্যা, দিষ্ট্যা, মৃষা, আরাৎ।

(খ) নিম্নলিখিত অব্যয়গুলি বিশেষণরূপে ব্যবহৃত হয় :—উচ্চৈঃ, নীচৈঃ।

২১। কতকগুলি অব্যয় শব্দ ধাতুর পূর্ব্বে বসিয়া থাকে ; ইহাদের সংখ্যা সর্ব্বসমেত কুড়িটী। যথা—প্র, পরা, অপ, সম্, অনু, অব, নির্, দুর্, অভি, বি, অধি, সু, উৎ, অতি, নি, প্রতি, পরি, অপি, উপ, আঙ্।[১] ইহাদিগকে সাধারণতঃ **উপসর্গ** বলা হয়।

২২। উপরি উক্ত উপসর্গগুলি ভিন্ন আরও কতকগুলি অব্যয় শব্দকে প্রথমে যুক্ত হইতে দেখা যায় :—

ন স্থানে অ ও অন্—অদেবঃ, অনসূয়ঃ।

সহ স্থানে স—সনাথঃ

২৩। কতকগুলি অব্যয় অন্বিত পদের বিভক্তি নিয়মিত করে। ইহাদিগকে **কর্ম্মপ্রবচনীয়** (Preposition) বলা হয়।

১ প্র-পরাপ-সমবব-নির্দুর্বিভি-ব্যধি-সুনতি-নি-প্রতি-পর্যপয়ঃ।
উপ-আঙিতি বিংশতিরেষ শিশো উপসর্গবিধঃ কথিতঃ কবিনা।

CENTRAL LIBRARY

(ক) দ্বিতীয়া বিভক্তি—প্রতি, অনু, অভি, উপ।

(খ) পঞ্চমী বিভক্তি—অপ, আঙ্, পরি।

(গ) সপ্তমী বিভক্তি—অধি।

২৪। কতকগুলি অব্যয় বিভিন্ন বাক্যের সংযোজক (Conjunction)-রূপে ব্যবহৃত হয়; যথা—

যদি, বা, উত, ইতি, অপি, চ ইত্যাদি। তু, চ, বা ও চেৎ কোন বাক্যের প্রথমে ব্যবহৃত হয় না।

২৫। কতকগুলি হর্ষ-বিষাদাদি মনোভাবব্যঞ্জক শব্দকে অব্যয় (Interjection)-রূপে ব্যবহৃত হইতে দেখা যায়; যথা—

আ, হা, অহহ, হে, অহো, ভোঃ, রে, ধিক্, কষ্টম্, দিষ্ট্যা, হন্ত।

২৬। উপরি উক্ত অব্যয়গুলি ভিন্ন নিম্নলিখিত অব্যয়গুলি উল্লেখযোগ্য :—

কিল, খলু, হি, স্ম, ন, মা, মাস্ম।

(গ)

সমাস (Compound)

২৭। দুই বা বহু পদকে এক পদে পরিণত করা বা বাক্যকে সংক্ষেপ করার নাম সমাস। (নাম্নাং সমাসো যুক্তার্থঃ—নামসমূহের যুক্তার্থকে সমাস বলে।) পাণিনির মতে সামর্থ্য-

CENTRAL LIBRARY

থাকিলেই সমাস হয়।[১] সামর্থ্য দ্বিবিধ—একার্থীভাব ও ব্যপেক্ষা; ইহার মধ্যে একার্থীভাবেই সমাস হয়। সমাসে একপদত্ব হইয়া থাকে। সমাসবোধক বাক্যকে ব্যাসবাক্য বা বিগ্রহবাক্য বলে।

২৮। **সমাসের ভেদ**:—বৈদিক যুগে স্বরগ্রামের উচ্চারণদ্বারাই সমাস নির্ণীত হইত। বৈয়াকরণগণ সাধারণতঃ **চতুর্বিধ** সমাস স্বীকার করেন;[২] যথা—পূর্ব্বপদার্থপ্রধান, উত্তরপদার্থপ্রধান, সর্ব্বপদার্থপ্রধান ও অন্যপদার্থপ্রধান। ইহাদিগকে যথাক্রমে অব্যয়ীভাব, তৎপুরুষ, দ্বন্দ্ব ও বহুব্রীহি বলিয়া সাধারণতঃ অভিহিত করা হইয়া থাকে। কর্ম্মধারয় ও দ্বিগু সমাসকে স্বতন্ত্র সমাস বলিয়া গণনা করিলে সমাস **ষড়্‌বিধ**। কোন কোন বৈয়াকরণ কর্ম্মধারয় সমাসকে তৎপুরুষের প্রকার-বিশেষ এবং দ্বিগু সমাসকে আবার কর্ম্মধারয়ের অন্তর্গত বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।[৩] উপপদ সমাস বলিয়া একটী স্বতন্ত্র সমাস স্বীকার করিলে সমাস **সপ্তবিধ**।

১ সমর্থঃ পদবিধিঃ—২।১।১

২ শব্দশক্তি-প্রকাশিকাকার 'প্রতিযোগিতানবচ্ছেদকঃ' প্রভৃতি স্থলে মধ্য-পদপ্রধান বলিয়া পঞ্চবিধ সমাসের উল্লেখ করিয়াছেন—

"পূর্ব্বমধ্যান্ত্যসর্ব্বান্য-পদপ্রাধান্যতঃ পুনঃ।
প্রাচ্যৈঃ পঞ্চবিধঃ প্রোক্তঃ সমাসো বাভটাদিভিঃ॥"

৩ তৎপুরুষবিশেষঃ কর্ম্মধারয়স্তদ্বিশেষো দ্বিগুঃ—সিদ্ধান্তকৌমুদী।

CENTRAL LIBRARY

কেহ কেহ নিত্য ও অনিত্যভেদে [১] সমাসের **দুইটী** বিভাগ করিয়াছেন। সমাস-ঘটক পদে বিভক্তিমাত্র যোগ করিলেই যেখানে অর্থবোধ হয় তাহার নাম **অনিত্য সমাস**, যথা—নীলং চ তদুৎপলং চেতি নীলোৎপলম্ ; এবং যেখানে বিভক্তিমাত্র যোগ করিয়া অর্থবোধ হয় না তাহার নাম **নিত্য সমাস**, যথা—কৃষ্ণসর্পঃ। এখানে কৃষ্ণশ্চাসৌ সর্পশ্চেতি এইরূপ বিগ্রহ করিলে সমাসের অর্থ (ভেষজবৈদ্যাদ্যনিবার্য্যঃ সর্পবিশেষঃ) হয় না। এই জন্যই বলা হয় যে, নিত্য সমাসের সাধারণভাবে বিগ্রহ হয় না কিংবা বিগ্রহ করিতে হইলেও সমাসনিবিষ্ট পদের দ্বারা বিগ্রহ-বাক্য হয় না (অস্বপদ-বিগ্রহ)। দ্বন্দ্ব ও বহুব্রীহি ভিন্ন অন্য সমাস বহুপদ-ঘটিত হয় না।

২৯। **সমাসের নিষেধ**—অব্যয়ীভাব সমাসনিষ্পন্ন পদের অব্যয়সংজ্ঞা হয় বলিয়া তাহার সহিত অন্যপদের আর সমাস হয় না।

সমাস-ঘটক পদের মধ্যে যদি কাহারও অসমাস-নিবিষ্ট পদের সহিত সম্বন্ধ থাকে তবে সেইস্থলে সমাস হয় না। যথা—"ঋদ্ধস্য রাজ্ঞঃ মাতঙ্গাঃ" এখানে রাজ্ঞঃ পদের সহিত ঋদ্ধস্য এই পদটীর বিশেষ্য-বিশেষণভাবে সম্বন্ধ রহিয়াছে, সুতরাং ঋদ্ধপদটীকে ত্যাগ করিয়া রাজ্ঞঃ এই পদটী মাতঙ্গাঃ এই পদের সহিত সমস্ত হইতে পারিল না। সুতরাং 'ঋদ্ধস্য রাজমাতঙ্গাঃ' এইরূপ প্রয়োগ হইতে

১ বিভক্তিমাত্রপ্রক্ষেপান্নিজান্তর্গতনামসু।
স্বার্থস্যাবোধবোধাভ্যাং নিত্যানিত্যৌ সমাসকৌ॥
—শব্দশক্তি-প্রকাশিকা।

CENTRAL LIBRARY

পারে না। স্থলবিশেষে অর্থবোধ সুগম হইলে এইরূপ ক্ষেত্রেও বৈয়াকরণগণ সমাস স্বীকার করেন ;[১] যথা—দেবদত্তস্য গুরুকুলম্।

(ঘ)

কৃৎপ্রত্যয় (Primary Suffixes)[২]

৩০। ণমুল্—পৌনঃপুন্য অর্থে পূর্ব্বকালের ক্রিয়াবাচক ধাতুর উত্তর ণমুল্[৩] হয় ; ণমুল্-প্রত্যয়ান্ত পদ অব্যয়সংজ্ঞা লাভ করে ও অসমাপিকা ক্রিয়ার ন্যায় ব্যবহৃত হয় ; এই হেতু ইহাকে ক্ত্বা এর অনুরূপ প্রত্যয় বলিয়া ধরা যাইতে পারে। যথা—(পুনঃ পুনঃ স্মরতি এই অর্থে) স্মারং স্মারম্, দরিদ্রদর্শম্ (দদাতি), যাবজ্জীবম্, সমূলঘাতম্, উদরপূরম্ (ভুঙ্‌ক্তে) ইত্যাদি।

৩১। ধাতু হইতে **ভাবার্থে** অর্থাৎ **ক্রিয়াবাচক বিশেষ্য পদ**-গঠনের জন্য **ভাববাচ্যে** নিম্নলিখিত কৃৎপ্রত্যয়গুলি ব্যবহৃত হয় :—

(ক) ক্তিন্[৪]—ক্তিন্‌প্রত্যয়ের তি থাকে ও শব্দটী স্ত্রীলিঙ্গ হয়। কৃতিঃ, স্থিতিঃ, নীতিঃ, স্তুতিঃ, প্রণতিঃ।

(খ) কি[৫]—উপসর্গ ও অন্তর্ এর পরবর্ত্তী ধা-ধাতুর উত্তর কি হয়। কি-প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ হয়। বিধিঃ, আধিঃ, অন্তর্দ্ধিঃ, ব্যাধিঃ।

১ সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ।

২ কৃৎ ও তদ্ধিত-প্রত্যয়ের রূপ পাণিনি অনুসারে দেওয়া গেল, ব্রাকেটের মধ্যের রূপগুলি ব্যাকরণ-কৌমুদীর অনুযায়ী। ৩ আভীক্ষ্ণ্যে ণমুল্ চ—৩।৪।২২

৪ স্ত্রিয়াং ক্তিন্—৩।৩।৯৪ ৫ উপসর্গে ঘোঃ কিঃ—৩।৩।৯২

CENTRAL LIBRARY

(গ) ল্যুট্ (অনট্)[১]—ল্যুট্প্রত্যয়ের অন থাকে। ল্যুট্-প্রত্যয়ান্ত শব্দগুলি ক্লীবলিঙ্গ হয়। গমনম্, ভোজনম্, হসনম্, সঙ্কলনম্।

(ঘ) ঘঞ্[২]—ঘঞ্ এর অ থাকে। ঘঞ্প্রত্যয়ে উপধা লঘুস্বরের বৃদ্ধি হয় ও শব্দগুলি পুংলিঙ্গ হয়। পাকঃ, ভোগঃ, বাসঃ, হ্রাসঃ।

(ঙ) অচ্ (অল্)[৩]—ইবর্ণান্ত ধাতুর উত্তর অচ্ প্রত্যয় হয়। অচ্ এর অ থাকে। অচ্প্রত্যয়ে উপধা স্বরের গুণ হয় ও শব্দগুলি পুংলিঙ্গ হয়। চয়ঃ, লয়ঃ, জয়ঃ।

(চ) অ[৪]—অ-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়। জিজ্ঞাসা, চিকিৎসা, ভিক্ষা, দীক্ষা।

(ছ) যুচ্ (অন)—যুচ্-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়। অর্চ্চনা, গণনা, স্তুনা, ধারণা।

(জ) নঙ্—নঙ্ এর ন থাকে। যজ্ঞঃ, যাচ্ঞা, প্রশ্নঃ, যত্নঃ।

(ঝ) ক্যপ্—ক্যপ্ এর য থাকে ও ক্যপ্-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়। ব্রজ্যা, ইজ্যা।

১ ল্যুট্ চ—৩।৩।১১৫

২ ভাবে—৩।৩।১৮

৩ এরচ্—৩।৩।৫৬

৪ অ প্রত্যয়াৎ—৩।৩।১০২

CENTRAL LIBRARY

৩২। **কর্ত্তৃবাচ্যে** অর্থাৎ কর্ত্তৃরূপে ব্যবহার করা যায় এইরূপ **বিশেষ্য** ও **বিশেষণ**-গঠনে নিম্নলিখিত কৃৎপ্রত্যয়-গুলি হয় :—

(ক) ণ্বুল্[১] (ণক)—ণ্বুল্ এর স্থানে অক হয়, ও উপধা স্বরের বৃদ্ধি হয়। শব্দগুলি পুংলিঙ্গ হইয়া থাকে। কারকঃ, নায়কঃ, পাবকঃ, পাচকঃ, গায়কঃ।

(খ) তৃচ্—তৃচ্ এর তৃ থাকে। দাতা, নেতা, বেত্তা, হন্তা।

(গ) অণ্[২]—কর্ম্মবাচক পদ পূর্ব্বে থাকিলে ধাতুর উত্তর অণ্ হয়। অণ্ এর অ থাকে। কুম্ভকারঃ, কর্ম্মকারঃ, বারিবাহঃ।

(ঘ) ট[৩]—দিবা প্রভৃতি কর্ম্মবাচক পদ পূর্ব্বে থাকিলে কৃ-ধাতুর উত্তর ট হয়। ট এর অ থাকে। দিবাকরঃ, চিত্রকরঃ। অন্য ধাতুর উত্তরেও হয়। কুরুচরঃ, যশস্করঃ, পুরঃসরঃ ইত্যাদি।

(ঙ) অচ্—অচ্ এর অ থাকে। সর্পঃ, চরঃ।

(চ) ড[৪]—ড এর অ থাকে। পঙ্কজম্, মনোজঃ বা মনসিজঃ।

(ছ) ক[৫]—ক এর অ থাকে। অন্নদঃ, জলদঃ, সুহৃঃ, বিদঃ, নুদঃ, প্রিয়ঃ।

(জ) ণিন্[৬]—ণিন্ এর ইন্ থাকে। মন্ত্রী, প্রমাদী, প্রবাদী।

১ ণ্বুল্-তৃচৌ—৩।১।১৩৩ ২ কর্ম্মণ্যণ্—৩।২।১

৩ { চরেষ্টঃ—৩।২।১৬
{ কৃঞো হেতু-তাচ্ছীল্যানুলোম্যেষু—৩।২।২০

৪ সপ্তম্যাং জনের্ডঃ—৩।২।৯৭। তৎপুরুষে কৃতি বহুলম্—৬।৩।১৪

৫ { আতোঽনুপসর্গে কঃ—৩।২।৩
{ ইণ্ডপধ-জ্ঞা-প্রী-কিরঃ কঃ—৩।১।১৩৫

৬ নন্দি-গ্রহি-পচাদিভ্যো ল্য-ণিন্যচঃ—৩।১।১৩৪

CENTRAL LIBRARY

(ঝ) খচ, খশ[১]—খচ্ বা খশ্ হইলে পূর্ব্ববর্ত্তী শব্দটীর শেষে একটী ম্ যুক্ত হয়। জনমেজয়ঃ, অরুন্তুদঃ, অসূর্য্যম্পশ্যঃ, পরন্তপঃ, পণ্ডিতম্মন্যঃ, ভুজঙ্গঃ, অভ্রংলিহঃ, বিশ্বম্ভরঃ, প্রিয়ংবদঃ, বশংবদঃ।

(ঞ) ক্বিপ্—সুবন্ত পদ পূর্ব্বে থাকিলে ধাতুর উত্তর ক্বিপ্ হয়। ক্বিপ্ এর কিছুই থাকে না। সংসৎ, কর্ম্মকৃৎ, প্রস্থঃ, গোত্রভিৎ, স্বরাট্, ব্রহ্মহা, পুণ্যকৃৎ।

(ট) ইষ্ণুচ্ (ইষ্ণু)—শীল প্রভৃতি অর্থে কৃ, রুচ্ প্রভৃতি ধাতুর উত্তর ইষ্ণুচ্প্রত্যয় হয়। অলঙ্করিষ্ণুঃ, সহিষ্ণুঃ, রোচিষ্ণুঃ।

শীলাদি অর্থে নিম্নলিখিত প্রত্যয়গুলিও হইয়া থাকে :—

ষ্ণু—জিষ্ণুঃ, স্থাষ্ণুঃ, গ্লাষ্ণুঃ।

উকঞ্—কামুকঃ, স্থায়ুকঃ, ভাবুকঃ, বর্ষুকঃ, গামুকঃ।

আলুচ্—নিদ্রালুঃ, দয়ালুঃ, শ্রদ্ধালুঃ।

ঘুরচ্—ভঙ্গুরঃ, ভাস্বরঃ, মেদুরঃ।

ক্বরপ্—জিত্বরঃ, নশ্বরঃ, ইত্বরঃ, গত্বরঃ।

৩৩। **কর্ম্মবাচ্যে** নিম্নলিখিত প্রত্যয়গুলি হয় :—

(ক) খল্—ঈষৎ, সু ও দুর্ পূর্ব্বে থাকিলে ধাতুর উত্তর খল্ হয়। খল্ এর অ থাকে। ঈষৎকরঃ, সুকরঃ, দুষ্করঃ।

(খ) যুচ্ (অন)—সুদর্শনঃ, সুমর্ষণঃ, দুর্য্যোধনঃ।

৩৪। **করণবাচ্যে** নিম্নলিখিত প্রত্যয়গুলি হয় :—

(ক) ষ্ট্রন্ (ত্র)—ষ্ট্রন্প্রত্যয়ে উপধা লঘুস্বরের গুণ হয়, ষ্ট্রন্ এর ত্র থাকে। ষ্ট্রন্-প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ হয়। দাত্রম্, নেত্রম্, শস্ত্রম্, শাস্ত্রম্, স্তোত্রম্।

১ { এজেঃ খশ্—৩।২।২৮। প্রিয় বশে বদঃ খচ্—৩।২।৩৮
দ্বিষৎপরয়োস্তাপে—৩।২।৩৯
আত্মমানে খশ্ চ—৩।২।৮৩

CENTRAL LIBRARY

(খ) ইত্র - ইত্রপ্রত্যয়ে উপধা লঘুস্বরের গুণ হয়। পবিত্রম্, লবিত্রম্, বহিত্রম্, খনিত্রম্।

(গ) ল্যুট্ (অনট্)—ল্যুটের অন থাকে। নয়নম্, চরণম্, ভূষণম্।

(ঙ)

তদ্ধিত-প্রত্যয়

(Secondary Suffix)

৩৫। সংস্কৃতে প্রাতিপদিক বা শব্দের উত্তর কতকগুলি প্রত্যয় দ্বারা নূতন প্রাতিপদিক গঠিত হইতে দেখা যায়। এই-জাতীয় প্রত্যয়কে তদ্ধিত বলে।

৩৬। তদ্ধিত-প্রত্যয় অনেক অর্থে হইয়া থাকে। ইহাদের বেশীর ভাগই বিশেষ্য হইতে বিশেষণ-গঠনে ব্যবহৃত হয়, অন্যগুলি বিশেষ্য, ক্রিয়া-বিশেষণ প্রভৃতি গঠনে প্রযুক্ত হয়। ইহাদের তালিকা শ্রেণীবিভাগ অনুসারে নিম্নে প্রদত্ত হইল :—

৩৭। কতকগুলি তদ্ধিত-প্রত্যয় **বিশেষ্য**-গঠনে প্রযুক্ত হয়। ইহা বিভিন্ন অর্থে হইয়া থাকে।

৩৮। **অপত্যার্থে** এই প্রত্যয়গুলি হয় :—

ইঞ্ (বিণ্)—অকারান্ত প্রাতিপদিকের উত্তর ইঞ্ হয়।[১] শূরস্য অপত্যম্=শৌরিঃ ; দ্রৌণিঃ, দাক্ষিঃ, দাশরথিঃ, সৌমিত্রিঃ, বাহবিঃ।

[১] অত ইঞ্ ৪।১।৯৫, বাহ্বাদিভ্যশ্চ—৪।১।৯৬

CENTRAL LIBRARY

ফক্ (যায়নণ্)[১]—নাড়ায়নঃ, চারায়ণঃ, দ্রৌণায়নঃ, দাক্ষায়ণঃ।

যঞ্ (ষ্যণ্)—যঞ্ এর য থাকে।[২] বাৎস্যঃ, আগস্ত্যঃ, গার্গ্যঃ।

অঞ্ (ষ্ণ্)[৩]—অঞ্ এর অ থাকে। ঔৎসঃ।

ঢক্ (যেয়ণ্)[৪]—রাধেয়ঃ, কৌন্তেয়ঃ, বৈনতেয়ঃ।

ঠক্ (ষ্ণিকণ্)[৫]—ঠক্ এর স্থানে ইক হয়। রৈবতিকঃ, আশ্বপালিকঃ।

৩৯। **তাহা জানে অথবা তাহা পড়ে** এই অর্থে নিম্নলিখিত প্রত্যয়গুলি হয় :—[৬]

ঠক্ (ষ্ণিকণ্)—তর্কং বেত্তি=তার্কিকঃ ; এইরূপ নৈয়ায়িকঃ, আথর্ব্বণিকঃ, বৈদিকঃ।

অণ্—ব্যাকরণং বেত্তি অধীতে বা (তদধীতে তদ্বেদ)= বৈয়াকরণঃ।

৪০। **এই বিষয় অধিকার করিয়া গ্রন্থ করা হইয়াছে** (অধিকৃত্য কৃতম্) এই অর্থে নিম্নলিখিত প্রত্যয়গুলি হয় :—[৭]

১ { নড়াদিভ্যঃ ফক্—৪।১।৯৯
{ যঞিঞোশ্চ—৪।১।১০১

২ গর্গাদিভ্যো যঞ্—৪।১।১০৫

৩ উৎসাদিভ্যোঽঞ্—৪।১।৮৬

৪ স্ত্রীভ্যো ঢক্—৪।১।১২০

৫ ঠস্যেকঃ—৭।৩।৫০

৬ তদধীতে তদ্বেদ—৪।২।৫৯

৭ অধিকৃত্য কৃতে গ্রন্থে—৪।৩।৮৭

CENTRAL LIBRARY

অণ্ (ষণ্)—ভাগবতম্।

ছ (ঈয়ণ্)—কিরাতার্জ্জুনীয়ম্, রাঘবপাণ্ডবীয়ম্।

ঠক্ (ষিকণ্)—আশ্রমবাসিকম্, মহাপ্রস্থানিকম্।

৪১। **সমূহ** (Collective sense) অর্থে নিম্নলিখিত প্রত্যয়গুলি হয় :—[১]

অণ্ (ষণ্)—ভিক্ষায়াঃ সমূহঃ = ভৈক্ষম্।

যৎ (ষ্যণ্)—ব্রাহ্মণ্যম্।

তল্ —বন্ধুতা, জনতা।

৪২। **ভাবার্থক বিশেষ্য** (Abstract noun) শব্দ গঠনে নিম্নলিখিত প্রত্যয়গুলি হয় :—[২]

অঞ্ (ষণ্) —শিশোর্ভাবঃ ইতি শৈশবম্।

অণ্ —গৌরবম্, আর্জবম্, সৌরভম্।

বুঞ্ —রামণীয়কম্।

ষ্যঞ্ (ষ্যণ্) —স্থৈর্য্যম্, ধৈর্য্যম্, শৈত্যম্, জাড্যম্, সাম্যম্, বীর্য্যম্।

যক্ —সৈনাপত্যম্।

ত্ব —অমরত্বম্, পশুত্বম্, অলসত্বম্, গুরুত্বম্।

তল্ —কাতরতা, চপলতা, মূর্খতা, ভীরুতা।

ইমনিচ্ [৩] —নীলিমা, প্রথিমা, পীতিমা, গরিমা, মৃদিমা, রক্তিমা।

১ তস্য সমূহঃ—৪।২।৩৭, গ্রাম-জন-বন্ধুভ্যস্তল্—৪।২।৪৩

২ তস্য ভাবস্ত্বতলৌ—৫।১।১১৯

৩ পৃথ্বাদিভ্য ইমনিজ্বা—৫।১।১২২

CENTRAL LIBRARY

৪৩। **বিশেষণ** শব্দ গঠনে বিভিন্ন অর্থে নিম্নলিখিত তদ্ধিত প্রত্যয়গুলি হইয়া থাকে :—

৪৪। **তাহার দ্বারা উক্ত হইয়াছে** (তেন প্রোক্তম্) এই অর্থে নিম্নলিখিত প্রত্যয়গুলি হয় :—[১]

অণ্ (বণ্)—ঋষিভিঃ প্রোক্তম্ ইতি আর্ষম্।

ছ —পাণিনিনা প্রোক্তং পাণিনীয়ম্।

যক্ (ষ্যণ্)—বার্হস্পত্যম্, পারাশর্য্যম্।

৪৫। **তাহার সাহায্যে করা হইয়াছে** (তেন কৃতম্) এই অর্থে নিম্নলিখিত প্রত্যয় হয় :—

ঠক্ (ষিকণ্)—কায়েন কৃতম্ ইতি কায়িকম্; শারীরিকম্, মানসিকম্।

বুঞ্ (কণ্)—কৌলালকম্।

৪৬। **তাহার দ্বারা রঞ্জিত** (তেন রক্তম্) এই অর্থে—[২]

অণ্ (বণ্)—কষায়েণ রক্তম্ ইতি কাষায়ম্।

অঞ্ —হারিদ্রম্।

কন্ —পীতকম্।

৪৭। **সে ইহার দেবতা** (সাহস্য দেবতা) এই অর্থে নিম্নলিখিত প্রত্যয়গুলি হয় :—[৩]

অণ্ (বণ্)—শৈবঃ, বৈষ্ণবঃ, শাক্তঃ।

ঢক্ (বেয়ণ্)—আগ্নেয়ঃ।

যক্ (ষ্যণ্)—প্রাজাপত্যঃ।

১ তেন প্রোক্তম্—৪।৩।১০১ ২ তেন রক্তং রাগাৎ—৪।২।১

৩ সাহস্য দেবতা—৪।২।২৪

CENTRAL LIBRARY

৪৮। **সেখানে ইহার জন্ম বা উদ্ভব** (তত্র ভবঃ) এই অর্থে নিম্নলিখিত প্রত্যয়গুলি হয় :—[১]

অণ্ (ষণ্)—মথুরায়াং ভব ইতি মাথুরঃ, শারদঃ, মানসঃ।

ঠক্ (বিকণ্)—বাসন্তিকঃ, সামুদ্রিকঃ, মানসিকঃ।

বুঞ্ (কণ্)—আরণ্যকঃ।

যৎ (ষ্যণ্) —আদ্যম্, অন্ত্যম্, দিব্যম্, বর্গ্যম্, উদীচ্যম্।

নঞ্ (নণ্)—স্ত্রৈণম্।

স্নঞ্ —পৌংস্নম্।

৪৯। **সেখানে সাধু** (তত্র সাধুঃ) এই অর্থে নিম্নলিখিত প্রত্যয় হয় :—[২]

য —সভায়াং সাধুঃ ইতি সভ্যঃ (সভায়া যঃ)।

ণ্য —পারিষদ্যঃ।

ঠক্ (বিকণ্)—সামাজিকঃ, কাথিকঃ।

ঢঞ্ —পাথেয়ম্, আতিথেয়ম্।

৫০। **ব্যাপ্তি** অর্থে এই প্রত্যয়গুলি হয় :—

ঠঞ্ (বিকণ্)—দিনং ব্যাপ্য স্থিতং দিনেন নির্বৃত্তং বা ইতি দৈনিকম্ ; মাসিকম্, বার্ষিকম্।

ণ্য (ষ্যণ্) —চাতুর্মাস্যম্।

১ তত্র জাতঃ—৪।৩।২৫, তত্র ভবঃ—৪।৩।৫৩

২ তত্র সাধুঃ—৪।৪।৯৮

CENTRAL LIBRARY

৫১। লাভ করিতে **যোগ্য** এই অর্থে এই প্রত্যয়গুলি হয় :—[১]

ঠক্ (ষিকণ্)—শ্বৈতচ্ছত্রিকঃ, শতমর্হতি ইতি শতিকঃ, সাহস্রিকঃ।

যৎ (ষ্যণ্)—দণ্ড্যঃ, ভেদ্যঃ, অর্ঘ্যঃ, শীর্ষচ্ছেদ্যঃ।

ঘ —যজ্ঞিয়ঃ।

৫২। **তাহার ইহা** (তস্য ইদম্) এই অর্থে নিম্নলিখিত প্রত্যয়গুলি হয় :—

অণ্ (ষণ্)—বিষ্ণোঃ ইদম্ ইতি বৈষ্ণবম্ ; শৈবম্, দৈবম্।

যৎ (ষ্যণ্)—পিত্র্যম্, গব্যম্, রথ্যম্।

অঞ্ —আধ্বর্যবম্, পারিষদম্।

ঠক্ (ষিকণ্)—হালিকম্, সৈরিকম্।

ছ (ঈয়ণ্)—রৈবতকীয়ম্, জলীয়ম্, যুষ্মদীয়ম্, অস্মদীয়ম্।

৫৩। **বিকারার্থে** এই প্রত্যয়গুলি হয় :—[২]

অণ্ (ষণ্)—সুবর্ণস্য বিকারঃ ইতি সৌবর্ণঃ ; আশ্মঃ, পায়সঃ, বৈল্বঃ।

যৎ —গব্যম্, পয়স্যম্।

ময়ট্ —আম্রময়ম্, বাঙ্ময়ম্।

৫৪। **তাদর্থ্যে**[৩] এই প্রত্যয়গুলি হয়—

যৎ (ষ্যণ্)—পাদার্থমুদকম্ ইতি পাদ্যম্ ; অর্ঘ্যম্,

১ তদর্হতি—৫।১।৬৩ ২ তস্য বিকারঃ—৪।৩।১৩৪

পাদার্ঘাভ্যাং চ—৫।৪।২৫

CENTRAL LIBRARY

ছ (ঈয়ণ্) —যজ্ঞীয়ম্।

ঞ্য —আতিথ্যম্।

৫৫। **উপমা** বা সাদৃশ্য অর্থে বতিপ্রত্যয় হয়[১] :—ব্রাহ্মণেন তুল্যমধীতে ব্রাহ্মণবদধীতে। চন্দ্র ইব ইতি চন্দ্রবৎ, পুত্রবৎ, আত্মবৎ।

৫৬। **তাহা ইহার হইয়াছে** (তদস্য সঞ্জাতম্) এই অর্থে ইতচ্ প্রত্যয় হয়[২] :—তারকা অস্য সঞ্জাতা ইতি তারকিতম্, পল্লবিতম্, ফলিতম্, তরঙ্গিতম্, বিম্বিতম্, মূর্চ্ছিতম্।

৫৭। **প্রমাণার্থে** (Measure) এই সকল প্রত্যয় হয়[৩]:—

মাত্রচ্—হস্তঃ প্রমাণমস্য ইতি হস্তমাত্রম্।

দঘ্নচ্—তালদঘ্নম্, গিরিকূটদঘ্নম্।

দ্বয়সচ্—পুরুষদ্বয়সম্।

৫৮। **পূরণার্থে** (Ordinal) এই সকল প্রত্যয় হয় :—

ডট্[৪]—একাদশঃ, বিংশঃ।

মট্[৫]—নকারান্ত সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর মট্ হয়—পঞ্চমঃ, সপ্তমঃ, দশমঃ।

থুক্[৬]—চতুর্থঃ, ষষ্ঠঃ, কতিথঃ।

[১] তেন তুল্যং ক্রিয়া চেদ্বতিঃ—৫।১।১১৫

[২] তদস্য সঞ্জাতং তারকাদিভ্য ইতচ্—৫।২।৩৬

[৩] প্রমাণে দ্বয়সজ্-দঘ্নচ্-মাত্রচঃ—৫।২।৩৭

[৪] তস্য পূরণে ডট্—৫।২।৪৮ [৫] মাতাদিসংখ্যাদ্বেমট্—৫।২।৪৯

[৬] মট্-কতি-কতিপয়-চতুরাং থুক্—৫।২।৫১

CENTRAL LIBRARY

তীয়—দ্বিতীয়ঃ,[১] তৃতীয়ঃ।

তমট্—বিংশতিতমঃ, শততমঃ।

তিথুক্—গণতিথঃ, বহুতিথঃ।

৫৯। **তাহা ইহার আছে** (তদস্য অস্তি) এই অর্থে নিম্নলিখিত প্রত্যয়গুলি হয় :—[২]

মতুপ্—মতিমান্, ধীমান্, শ্রীমান্।

বতুপ্—অদন্ত প্রাতিপদিকের উত্তর মতুপ্ স্থানে বতুপ্ হয়—জ্ঞানবান, উদকবান্।

বিনি—যশস্বী, তপস্বী, স্রগ্বী, মনস্বী, মেধাবী।

ইনি—সুখী, প্রণয়ী, করী, হস্তী, পদ্মিনী, তরঙ্গিণী, তটিনী, অর্থী।

লচ্—মাংসলঃ, পৃথুলঃ। ইলচ্—পিচ্ছিলঃ।[৩]

শ—লোমশঃ, রোমশঃ।

র—মধুরঃ, মুখরঃ, পাণ্ডুরঃ।

ব—কেশবঃ, মণিবঃ, গাণ্ডিবম্।

যুস্—অহংযুঃ, শুভংযুঃ।

৬০। **ঈষদূনার্থে** এই সকল প্রত্যয় হয় :—[৪]

কল্পপ্—ঈষদূনো বিদ্বান্ ইতি বিদ্বৎকল্পঃ ; অমৃতকল্পঃ।

দেশ্য—বিদ্বদ্দেশ্যঃ।

দেশীয়র্—বিদ্বদ্দেশীয়ঃ।

[১] দ্বেস্তীয়ঃ—৫।২।৫৪

[২] তদস্যাস্ত্যস্মিন্নিতি মতুপ্—৫।২।৯৪, অস্মায়া-মেধা-স্রজো বিনিঃ—৫।২।১২১

[৩] লোমাদি-পামাদি-পিচ্ছাদিভ্যঃ শনেলচঃ—৫।২।১০০

[৪] ঈষদসমাপ্তৌ কল্পব্-দেশ্য-দেশীয়রঃ—৫।৩।৬৭

CENTRAL LIBRARY

৬১। দুই বা বহুর মধ্যে একের **উৎকর্ষ বুঝাইলে** যথাক্রমে তরপ্ ও ঈয়সুন্ এবং তমপ্ ও ইষ্ঠন্ প্রত্যয় হয়[১]। যথা, গুরুঃ—গুরুতরঃ, গরীয়ান্; গুরুতমঃ, গরিষ্ঠঃ।

৬২। কতকগুলি তদ্ধিত-প্রত্যয়ান্ত শব্দকে **ক্রিয়া-বিশেষণ**রূপে ব্যবহৃত হইতে দেখা যায়। এই জাতীয় তদ্ধিত-প্রত্যয়গুলি কি কি বিশেষ অর্থে প্রযুক্ত হয়, তাহা নিম্নে শ্রেণীবিভাগ করিয়া দেওয়া গেল —

৬৩। **সংখ্যার্থে** (ক্রিয়াভ্যাবৃত্তিগণনে) এই সকল প্রত্যয় হয় :—

কৃত্বসুচ্—পঞ্চ বারান্ ভুঙ্‌ক্তে ইতি পঞ্চকৃত্বঃ, বহুকৃত্বঃ।

সুচ্—দ্বিঃ ভুঙ্‌ক্তে, ত্রিঃ, চতুঃ।

শস্[২]—বহুশঃ, অল্পশঃ, সহস্রশঃ।

৬৪। **প্রকারার্থে** :—

থাল্[৩]—সর্ব্বথা, অন্যথা।

৬৫। **কালার্থে**—

দা, র্হিল্, দানীম্—কদা, কর্হি, যদা, যর্হি, তদানীম্[৪]।

এদ্যুস্—পূর্ব্বেদ্যুঃ, অন্যেদ্যুঃ।

১ অতিশায়নে তমবিষ্ঠনৌ—৫।৩।৫৫; দ্বিবচন-বিভজ্যোপপদে তরবীয়সুনৌ—৫।৩।৫৭

২ বহ্বল্পার্থাচ্ছস্ কারকাদন্যতরস্যাম্—৫।৪।৪২

৩ প্রকারবচনে থাল্—৫।৩।২৩

৪ সর্বৈকান্য-কিং-যত্তদঃ কালে দা—৫।৩।১৫; ইদমোর্হিল্—৫।৩।১৬

CENTRAL LIBRARY

৬৬। **স্থানার্থে** :—

অস্তাতি—পরস্তাৎ, উপরিষ্টাৎ।

অতসুচ্—দক্ষিণতঃ, উত্তরতঃ।

এনপ্—দক্ষিণেন, অধরেণ।

ত্রল্—সর্ব্বত্র, অন্যত্র, অত্র।

৬৭। উপরি উক্ত বিশিষ্ট অর্থ সকল ভিন্নও কতকগুলি তদ্ধিত-প্রত্যয় হয়, কিন্তু তাহাদের যোগে প্রাতিপদিকের অর্থের বিশেষ পরিবর্ত্তন হয় না। এই জাতীয় তদ্ধিত-প্রত্যয়কে **'স্বার্থিক'** প্রত্যয় বলে। স্বার্থিক প্রত্যয় যোগে অনেক সময়ে প্রকৃতির লিঙ্গ ও বচনের বিপর্য্যয় হয় ("ক্বচিৎ স্বার্থিকাঃ প্রকৃতিতো লিঙ্গবচনান্যতিবর্ত্তন্তে")। স্বার্থে নিম্নলিখিত প্রত্যয়-গুলি হয় :—

অণ্ (ষণ্)—বন্ধুঃ এব ইতি বান্ধবঃ ; চাণ্ডালঃ, রাক্ষসঃ।

ষ্যঞ্ (ষ্যণ্)—ত্রৈলোক্যম্, সৈন্যম্।

কন্—বালকঃ।

তল্—দেব এব দেবতা।

ধেয়—নামধেয়ম্, ভাগধেয়ম্।

তিকন্—মৃদেব ইতি মৃত্তিকা।

ছ—কুশাগ্রমিব ইতি কুশাগ্রীয়া (বুদ্ধিঃ)।

ঢ—শিলেব ইতি শিলেয়ম্।

ঠক্—বৈনয়িকঃ, সাময়িকঃ।

সমাপ্তম্